# 2144



ে বিজেপ্রলাল রায়

## निट्नल्न।

----

স্বর্গীয় পিতৃদেবের বড় সাধের শেষ ঐতিহাসিক নাটক "সিংহল বিজয়' এতদিনে প্রকাশিত হইল। বঙ্গের রাজকুমার বিজয়সিংহের সিংহল জয়ের উপাথান অবলম্বনে ইহা লিখিত। পিতৃদেব এই পুস্তক সমাহ করিয়া আল্যোপান্ত পুনরালোচনা ও সংশোধন করিতে করিতে ইহলোব তাগে করিয়াছিলেন, তাঁহার মৃত্যু-শ্বার পার্দ্ধে ইহার পৃষ্ঠা সকল ছড়াইয় পড়িয়াছিল। সেগুলি সংগ্রহ করিয়া এতদিন যত্নে তৃলিয়া রাখিয়াছিলাম সম্প্রতি মিনার্ভা থিয়েটারের নৃতন ম্যানেজার বাব্ অপরেশচক্ত মুখোপাধ্যার উহা অভিনয় করিতে উৎস্কেক হওয়ায় প্রকাশ করিলাম। অনেক পর্বেশ আন্ধ না থাকায় এত গোলমাল হইয়াছিল, যে বোধ হয় অপরেশবাব্ বছ কষ্ট স্বীকার করিয়া এইগুলি মিলাইয়া না লইলে, এই পৃত্তক প্রকাশ করা ভার হইত। সেজস্ত আমি তাঁহার নিকট বিশেষ ধ্বনী।

এখানে একটি কথা, অনাবশ্যক হইলেও কারণ বশতঃ, বলিতে বাধ্যু হইলাম। একটা গুজব উঠিয়াছে যে, এই পুস্তকের পঞ্চম অঙ্ক ৮ পিতৃ-দেবের ালখিত নহে, অন্ত কেহ লিখিয়ছে। দেকথা সর্বৈর্ব কলিত। তাঁহার স্বহন্তলিখিত পাঙুলিপি আমার নিকট রহিয়াছে। তবে তিনিপঞ্চম অঙ্ক পুনরালোচনা করিতে সময় পান নাই বলিয়া অন্তান্ত অঙ্কের লায় স্থান্দর না হইতে পারে। অন্তের দ্বারা সংশোধন করাইয়া লইয়া হয়ভ উক্ত অঙ্কের উন্নতি-সাধন করা যাইতে পারিত, কিন্ত যে নাটক তিনি

নম্পূৰ্ণ করিয়া গিলাছেন, তাহাতে অন্তের লেখা প্রবেশ করাইতে ত ইচ্ছা করি না। এমন কি, তিনি গানগুলি লিখিয়া যাইতে পারেন ন তথাপি আমি অন্তের গান ইহাতে সন্নিবেশিত না করিয়া তাঁহারই অং পুস্তকে প্রকাশিত গান সংগ্রহ করাইয়া ইহাতে সন্নিবিষ্ট করিয়া সে অফ পূর্ণ করিয়াছি। এ সম্বন্ধেও আমি শ্রীসুক্ত অপরেশবাবুর নিকট ঋ<sup>‡</sup> ৮ পিতৃদেব ছইটি মাত্র গান ইহাতে লিখিয়া গিলাছিলেন, সেই তুইটা এই ব্যাওহে স্থ্য পাও"—ইত্যাদি, এবং "কে আছে ওপারে"—ইত্যাহি অস্তান্ত গানের স্থলে কেবল মাত্র "গান" লিখিয়া গানের জন্ত স্থান ব্যাহি

পরিশেষে, মদীয় রুদ্ধ মাতামহ শ্রীপুক্ত প্রসাদদাস গোপ্তামী মহাশ্য নিকট আমার আন্তরিক ক্তঞ্জতা জ্ঞাপন করিতেছি। তিনি সবিদেপরিশ্রম ও যত্ত্ব সহকারে এই নাটকথানির "পুল্ল" সংশোধন করি দিয়াছেন, এবং অক্যাক্ত প্রকারেও অশেষক্রপ সাহায্য করিয়াছেন। তি যত্ত্ব ও সম্বরতা সহকারে "প্রুফ" সংশোধন করিয়া না দিলে, নাটকথানি এ পীছ মুদ্তিত ইইত কিনা সন্দেহ। কিম্বিক্মিতি।

বিনয়ানত – শ্রীদিলীপকুমার রায়।







দিংহবাস্থ ... বঙ্গেষর। ৫০০ নি ১ থিনি বিজয় ... জোট রাজকুমার। (প্রতীম পিক্রের)
ন্থমিত্র ... কমিট ঐ (দ্বিতীয় পক্ষের)
বিজিত ... বিজয়ের বন্ধু (রাজপুত্র)
উরবেল
অনুরোধ

মন্ত্রী, ব্রাহ্মণ, ভৈরব ডাকাত প্রভৃতি।

কালসেন ... নৃতন লচ্ছেখর।

জয়দেন ... কালদেনের প্রথম পক্ষের পুত্র।

উৎপলবর্ণ ... লঙ্কার পুরোহিত। বিশালাক্ষ ... ঐ সেনাপতি।

বিরপাক্ষ, তাপস, প্রভৃতি।

#### স্ক্রী।

কুবেণীর স্থী।

মাহারাণী ... বঙ্গেশবের দ্বিতীয় পক্ষের স্থা। স্বামা ... ঐ প্রথম পক্ষের কাহা। লীলা ... বিদ্বারের পায়ী। বস্ক্মিত্রা ... লশ্কার রাণী। কুবেণী ... বস্ক্মিত্রার কাহা।

নুর্ত্তকী, পরিচারিকা প্রভৃতি।

জুমেলিয়া



## প্রথম অঙ্ক।

## প্রথম দৃশ্য।

-:\*:-

স্থান—ব্দরাজ সিংহ্বান্তর বিচারালয়। কাল—প্রভাত।

মহারাজ সিংহবাত সিংহাসনে আসীন। সন্মুথে—একদিকে বিজয়-সিংহ, অপরদিকে অমাতাগণ, কন্মচারিগণ, এক ব্রাহ্মণ ও ব্রাহ্মণক্ঞা দিভায়মান।

সিংহবাত্ত। আহ্মণ ! এই প্রকাশ্য দরবারে আমার পুত্র বিজয়ের বিজনে তোমার অভিযোগ বাক্ত কর।

ব্রাক্ষণ। মহারাজ! ভার বিচার কর্বেন।

সিংহ। স্থায় বিচার ত্রাহ্মণ ! একথা হুগতে সম্পূর্ণরূপে রাষ্ট্র নয় কি
মন্ত্রি, যে বঙ্গেশ্বর সিংহ্বাহু বিচারে পাত্রাপাত্র ভেদ করেন না! সে
বঙ্গবাদী ও বিদেশীকে একই চক্ষে দেখে!

মন্ত্রী। সে কি ত্রাহ্মণ, একথা কি ত্রোমার অবিদিত যে মহারাজের

বিচার ঈশ্বরের বিধানের স্থায়, নির্ম্মন, নিরপেক্ষ; স্বর্গে ইন্দ্রনেব, আমহারাজ সিংহ্বান্ত পরস্পরের দিকে চেয়ে আছেন আর পরস্পর কচ্ছেন। ব্রহ্মাণ্ড তাঁদের পদতলে প'তে আছে।

সিংহ। বল আক্ষণ, রাজপুত্রের বিপক্ষে অভিযোগ নিউরে বা আমাদের পক্ষে সে কথা যতই অগ্রীতিকর হৌক্না কেন, কো কারণ নাই।

ব্রাহ্মণ। মহারাজের ভার বিচারের যশ শুল্কৌমুদীর মত স ছেলে আছে। সেই ভার বিচারের আজ প্রীফা হবে। মহারাজ

দিংছ। ব'লে যাও ব্রাহ্মণ! থাম্লে কেন—কোন ভঃ ব'লে যাও।

বাহ্মণ। মহারাজ, আপনার জ্যেষ্টপুত্র বিজয়সিংহ---

সিংহ। ব'লে যাও।

ব্রাহ্মণ। মহারাজের এই বজরাজ্য দরিংশাতল, শত্রগ্রাহন, সমৃদ্ধ জনপদ। এ স্থাথের আবাস, শান্তির লীলাভূমি। আর মহ দৃঢ় কঠোর শাসন তাকে বুক দিয়ে ঘিরে রক্ষা কর্ছে। কিন্তু—

সিংহ। কিন্তু?

মগ্রী। কিন্তু কি ব্রাহ্মণ । মহারাজের এ শাসনে 'কিন্তু' নাই। ব্রাহ্মণ। 'বিজয়সিংহের ও তাঁর সহচরদিগের অত্যাচারে রাজে বাস করা আমাদের পক্ষে অসম্ভব হ'য়ে দাঁড়াছে। ৫ রাজপথে পথিকের সম্পতিলুঠন, নিরীহ গৃহস্থের অন্তঃপুবে ৫ কুলাঙ্গনার লাজনা—এই সব অত্যাচার অস্থ হ'য়ে প'ড়েছে।-আজ নিরুপায় হ'য়ে মহারাজের কাছে এসেছি।

মন্ত্রী। ব্রাহ্মণ। তুমি কার বিপক্ষে এই গুরুতর অভিযোগ কচ্ছ জান ?

ব্রাহ্মণ। জানি। যুবরাজ বিজয়সিংহের বিপক্ষে। কিন্তু আপনিই 'আমায় অভয় দিয়েছেন।

মধী। ধদি অভিযোগ সভ্য না হয়—বঙ্গের রাজপত্তের বিপক্ষে মিথ্যা অভিযোগ আনার শান্তি কি জান বাহ্মণ ?

ব্ৰাহ্মণ। জানি। প্ৰাণদণ্ড।

মন্ত্রী। কিরূপে প্রাণদণ্ড তা জান ?

বাহ্মণ। জানি। কুকুর দিয়ে খাওয়ান।

মন্ত্রী। তথাপি তুমি নির্ভয়ে এই অভিযোগ বাক্ত কর্ত্তে সাহস কচ্ছ ব্ৰাহ্মণ ৷

বাজন। আপনিই ত অভয় দিয়েছেন।

মহী। অবশ্র-মদি অভিযোগ সভা হয়।

সিংহ। ত্রাহ্মণ। যুবরাজের বিরুদ্ধে এই অভিযোগের কোনও প্রমাণ আচে গ

ব্রাহ্মণ। আছে মহারাজ। যুবরাজ স্বলে আমারই অন্তঃপুরে প্রবেশ ক'বে, আমারই সম্পত্তি লুগুন ক'রে, আমারই যুবতী ক্যার লাঞ্জনা করেছেন।

মন্ত্রী। সভাই এ গুরুতর অপরাধ। এর সভাই স্থবিচার হওয়া উচিত ৷

সিংহ। কোথায় সে কন্তা ?

ব্রান্দ। এই দেই কন্তা। হা বিধি. কন্তার এ কলফ আজ

' कमममारक वाक कर्छ र'ल! किन्छ यथन वामन ग्राहरत पात এই কীটি, তথন--কি ব'লবো মহারাজ--লজ্জায়, অপমানে আনার মুয়ে পড ছে। এখন মনে হচ্ছে, এ কথা গোপন কলে ই ছিল ভাল

সিংহ। বিজয়সিংহ। তোমার ঝিছু বলবার আছে ?

বিজয়। কিছুনা।

সিংছ। একথা সভা গ

বিজয়। না। মিথা।

মল্লী। যুবরাজ, সভা কথা বলুন। মহারাজ নিশ্চয়ই চপ্ যুবরাজের এ উচ্ছ খল আচরণ নার্জনা কর্মেন।

সিংহ। পুনর্বার জিজাসা করি বিজয়। অভিযোগ প্রকৃত ?

বিজয়। মহারাজ। আমার মুথের পানে চেয়ে দেখুন া আমাকে কি মিথ্যাবাদী ব'লে বোধ হয় ?

সিংহ। অনেক পাষ্ড ধ্যোর মুখোদ প'রে হত্যা পর্যান্ত করে।

বিজয়। মহারাজ প্রকৃত কথাই ব'লেছেন।

সিংহ। কি প্রকৃত কথা বিজয় ?

বিজয়। যে অনেকে ধর্মের মুখোদ প'রে হত্যা করে। অ অনেকে ভাষ বিচারের নাম ক'রে নিজের হিংদা প্রবৃত্তিও চরি करत्र ।

সিংহ। তোমার গৃঢ় অভিপ্রায় কি বিজয় ?

বিজয়। আগে শুনি আপনার গৃঢ় অভিসন্ধি কি মহারাজ ?

সিংহ। আমার গঢ় অভিসন্ধি।

বিজয়। হাঁমহারাজ। কি মংলব নিয়ে ঐ সিংহাসনের উপর আ 8 1

আজ বিচার কর্ত্তে বদেছেন ? আমাকে কারাগারে নিক্ষেপ করাই যথন উদ্দেশ্য তথন কর্ম। এ বিচারের ভাগ করার প্রয়োজন কি १

সিংহ। বিচারের ভাগ। তমি কি ব'লছ বিজয় ?

বিজয়। কেন্ এ ত বোঝা খুব শক্তনয়—অতি সরল, অহতি প্রাকৃত।

সিংহ। ভূমি কি ব'লতে চাও ?

বিজয়। কিছু ব'লুতে চাই না মহারাজ। আমি যা ব'লতে চাই, তা এখানে ব'লে রাজ্যের সব পিতা লজ্জায় মুখ ফেরাবে। পুত্রগণ ভয়ে পাংশুবর্ণ হ'য়ে যাবে, আর এই ক্লত্রিম বিচারালয় বড় ছোট দেখাবে। মহারাজ! আর দে কথা গুনে দমস্ত জগৎ চেঁচিয়ে ফেসে উঠ্বে।

সিংহ। কি ব'লছ বিজয়সিংহ १

বিজয়। ই: মহারাজ। জগৎ চেঁচিয়ে হেসে উঠ্বে। সেই মিলিভ হাস্তের উচ্চরোলে তাঁদের মিলিত বাঙ্গ দৃষ্টির নীচে মহারাজকে বড় ছোট দেখাবে। আর মহারাজ-কিন্তু না। প্রকাশ কর্ম না। পিতা পুত্রের মর্যাদা না রাথুন পুত্র পিতার মর্যাদা রক্ষা কর্বে। কিছু ব'লবো না ।

সিংহ। বিজয়সিংহ। তমি কি উন্মাদ ?

বিজয়। না উন্নাদ নই। আমার অপরাধ হয়েছে। আমার প্রাণদণ্ডের আজ্ঞা হৌক। পিতার দংদারের আপদ দূর হৌক।

সিংহ। পুত্র যদি পিতার আপদ হ'রে দাঁড়ায়, সে দোষ পিতার না পুত্রের १

বিজয়। পুত্রের। দোষ পুত্রের। বিশেষতঃ যদি সে পুত্রের মা না [ 4 থাকে— আর তার জায়গায় বিমাতা অন্তঃপুরে এদে হানা দেয়। দে পুত্রের। শতবার---

সিংহ। বিজয়সিংহ। এই ব্রাহ্মণ--

বিজয়। আমায় রক্ষাকরুন মহারাজ। পিতার তুর্বল অবি। গঢ় তত্ত্বপ্তি কর্ত্তে আমায় আর উত্তেজিত কর্বেন না। শেষে অমুতাপ হবে।

সিংহ। কার १

বিজয়। উভয়ের। মন্ত্রী মহাশয়। আপনি জানী, স্থবির, প্রকৃতি। আমায় কোলে পিঠে ক'রে মাত্রুষ করেছেন। আপনি অভাগা পিতৃমাতৃহীন বালকের বিরুদ্ধে এই ষড়যঞ্জে যোগ দিয়েছেন ১

সিংহ। পিতৃহীন কি রকম বিজয় ? আমিই তোমার পিতা।

বিজয়। যে পিতা পুত্রের বিমাতাকে ঘরে এনে তার কাছে ম বিক্রম্ব ক'র্ত্তে পারে, সেইদিন থেকে সে আর তার পিতা নয়। পি মুহারাজ, আর আমায় তাক্ত কর্কেন না।

সিংহ। বিজয়সিংহ় তোমার এই উদ্ধৃত আচরণ দেখে বড তঃথিত হ'লাম।

বিজয়। বলেন কি মহারাজ। পিতার চক্ষে পুত্রের জন্ দরবিগলিত অঞ্ধারা দেখছি—না মহারাজ পাপ যা কচ্ছেনি, প্রকাশ্র করুন-এই মেহের মুখোদ ফেলে দিয়ে পুত্রের প্রতি চক্ষু রক্তবর্ণ ভজন ক'রে বলুন—"পুত্র! তোর মহা অপরাধ যে তুই মাতৃহা আমি অপরাধ স্বীকার কর্ম, আর পিতার মুতাদণ্ড মাথা পেতে ( কিন্ত - [নিম্বরে] এ ভণ্ডামি ৷ ৩: অস্ছ ৷

**5**]

মন্ত্রী। কি ব'লে যুৱরাজ। মহারাজের ভণ্ডামি।

বিজয়। মহারাজের শ্রুতির জন্ম ঐ শৃস্টি উচ্চারণ করি নাই মন্ত্রী মহাশম ! আপনি অনুগ্রহ ক'রে সে শব্দটি মহারাজের কর্ণে পৌছে দিয়েছেন, ভালই করেছেন। মহারাজ। আমি আমার অপরাধ ষীকার কচিছ। দণ্ড দিন। এই বীভংস কংসিত দশু থেকে আমায় অবাচ্ছিক দিন।

সিংহ। অপরাধ স্বীকার কচ্চ ?

বিজয়। কচিছ।

সিংহ। সৈনিকগণ। যবরাজকে কারাগারে নিক্ষেপ কর।

বিজয়। মহারাজের জয় হৌক।

## দ্বিতীয় দৃশ্য।

----:\*:----

স্থান-ব্রাজ-অন্তঃপুর। কাল-প্রাদাধ।

রাজকলা স্তরমা ও বিজয়ের পত্নী লীলা কথোপকথন করিতে করিতে আসিতেছিলেন।

লীলা। আমার কোন মতেই বিখাস হয় নাযে আমার সামী এ কাজ কর্ত্তে পারেন।

হুরমা। কি কাজ লীলা?

শীলা। রমণীর প্রতি অত্যাচার। তিনি রাজ্যে অশান্তি আন্তে

পারেন, ছর্দান্তের প্রতি অত্যাচার কর্ত্তে পারেন, কিন্তু ছর্কলের অঙ্গে হস্তক্ষেপ কর্ত্তে পারেন না।

সুরমা। কি রকমে জানলি १

লীলা। আমি জানি।

স্থরমা। অথচ তিনি তোর মুখদর্শন করেন না। তোর সঙ্গে তো তাঁর দেই একদিনের সাক্ষাৎ।

লীলা। একদিনের দাক্ষাৎ—সেই শুভদৃষ্টি।

স্থরমা। তবে কিসে জানলি যে তিনি এ কাজ কর্ত্তে পারেন না ?

লীলা। সেই এক গুভদৃষ্টিতেই জেনেছিলাম।

স্থরমা। একবার দেখেই গ

লীলা। একবার দেখেই। একবার দেখেই আমি নিজের পতি চিনে নিলাম।

স্থরমা। চিনে নিলি ?

नीना। हाँ हिटन निनाम। आर्क्स इन्ह पिपि? जूमि छाट কি যে সেই আমাদের প্রথম সাক্ষাৎ।

স্তরমা। তার আগে সাক্ষাৎ হয়েছিল १

লীলা। হয়েছিল।

স্থরমা। কবে १

नीना। श्रक्षकत्म।

স্থরমা। তুই কি পাগল লীলা? পূর্বজন্ম তিনি তোর কে ছিলেন ?

লীলা। তিনি আমার স্বামী চিলেন।

স্থরমা। অবাক করেছিন।

भीना। जा नित्न (मृत्थेहे (कम मृत्म ह'न (य होन आमाउहे, आ कारता नम ? रमरे अभे अ ननां है, रमरे उच्चन शामवर्ग, रमरे अमातिः বক্ষ, সেই গন্তীর দৃষ্টি। এর নীচে কি ক্ষুদ্র হৃদয় লুকান থাকতে পা দিদি ? প্রাকৃতি নিজ বাসস্থান খুঁজে নেয়।

স্থরমা। বাবা!—এত টান। তবু তিনি তোর পানে ফিরে চান मा।

লীলা। তাঁর সৌভাগা।

স্থরমা। সৌভাগা।

লীলা। একবার যদি এদিকে ফিরে চান, আর কি অন্ত দিকে চাইনে পার্কেন ? শুধু এই চোথ ছটোর পানে চেয়ে দেথ দেখি, আর কি দেখতে হবে না। এই চোখ জুটো—মীন, কি খঞ্জন, কি হবিণী, হঠাৎ বং তঠা কঠিন। তারপর এই নাকটা। এ রকম নাক দেখেছ কথন আর হাসি [হাসিয়া] আমরি মরি!

স্থরমা। ও বাবা। রূপের ভারি গুমর।

লীলা। এত গেল রূপের গুমর, তারপর যদি গুণের গুমর করি ভাহ'লে তুমি বুরুতে পার দিদি যে ব্যাপারখানা কি !

স্থরমা। গুণের গুমর কি রকম একটা নমুনা দে দেখি।

লীলা। দেবো १-প্রথমতঃ বিস্তা-অনায়াদে তোমার গুরুমশাই গিরি কর্তে পারি।

স্থরমা। বিভা আছে বটে, স্বীকার করি।

লীলা। কর্তেই হবে। তার পর গান-[মুর ভাঁজিয়া]

#### গীত।

ওরে আমার সাধের বীণা, ওরে আমার সাধের গান,
(তোর ঐ) কোমল ফরে বাণা ল'বে, আকুল করে আমার প্রাণ !
ধ ওতোর) শত তানে একই কথা, শত লয়ে একই বাণা,—
( তথু) নিরাশার কাতরতা, হতাশার অপমান।

কারিব আমি নুতন গানে— নুতন প্রাণে কম্পমান।

( যখন ) বীশার ক্লরে গলা দেখে, গাইতে ঘাইরে ফেলি কেলে,
( শুপু ) মিশে যার দে মনের থেলে— অ'াধির জলে অবসান ;
( কোথার) আনন্দেতে উঠ্বো নেচে, মরা মাত্র উঠ্বে বেঁচে,
( আমি ) পাই ক্লা দাগর ভেঁচে—ভাগ্যে শুধুই বিষপান !
[ কোরাস্ ]—পারো যদি জাগো বীশা, ধর আরও উচ্চ ভান,

িকেলিস্]—পারো যদি জাগোবীণা, ধর আবেও উচ্চ তান, গায়িব আমি নৃতন গানে—নৃতন আবে কম্প্রান।

( নীৰা ) পারো যদি জাগো তবে, বেজে ওঠো উচ্চ রবে, ( আজি ) নুজন হরে গাইতে হবে, আমি সঙ্গে ধরি তান :

(ছেড়ে) লে'ক লজ্জা, সমাজ ভন্ন,—বাতে, সবাই আবার মানুষ হর,

(এম্নি) গায়িতে পারি দথাময়—কর এই বরদান।

[কোরান্]—পারো বদি জাগো বীণা, ধর আরও উচ্চ তান, গায়িব আমি নূতন গানে—নূতন প্রাণে কম্পামান।

রকম গলার আওয়াজ কথনও শুনেছ ? থেন কোকিল আর বীণার াওয়াজ, আর দঙ্গে দঙ্গাওয়ার শক। এই হুরে যদি একবার ডাকি নাথ!" তা'লে ব্যাপার কি হয় বল দেখি! (পুনরায় হার ভাজিলেন।] হুরমা। তোকে আমি এত দিনেও বুঝে উঠ্তে পার্লাম না বোন। नीना। (कन?

স্থরমা। দাদার এই বিপদ্, আর তুই অনায়াদে তান ধ'রে দিলি! লীলা। তারই জন্ম ত তান ধ'রে দিলাম। নৈলে এ তান ধ'রে . দেবার কোন দরকার ছিল না।

হুরমা। তোর কোন ভাবনা হচ্ছে না ?

লীলা। না। আমি গাঁর স্ত্রী তাঁর আবার বিপদ্ ? আমি জানি যে বেথানে আমি কাছে আছি সেথানে তাঁর কোন বিপদ্ নাই। আমার গুভেছার বর্ষো আমি তাঁকে ঘিরে রেথেছি। তাঁর কোন বিপদ্ নেই দিদি।

স্থরমা। তিনি যে কারারুদ্ধ !

नीना। यक श्रवन।

স্থরমা। কিরকমে १

ণীলা। জানি নাকি রকমে। কিন্তু মুক্ত হবেন। তাঁকে কেউ ধ'রে রাধতে পার্কেনা।

হুরমা। কে ব'লে ?

লীলা। আমি জানি।

স্কুরমা। মুথে হাসি চোথে জল! তোর কোন্টা তামাসা কোন্টা ঠিকু আমি এখনও সব সময় বুঝে উঠ্তে পারি না।

লীগা। তাঁকে তারা কেন মিছে কারাকৃত্ত ক'রেছে ? তাঁর কোনও অপরাধ নাই, আর মহারাজ তাঁকে এত ভালবাদেন। পুত্রকে পিতা: এত ভালবাদে তা পূর্ব্বে কখনও শুনি নাই।

স্থ্যা। আমার কি মনে হয় জানিস্?

লীলা। কি १

স্থরমা। [ অক্ট ম্বরে ] এ সমস্ত বিমাতার চক্রান্ত।

লীলা। কেন. তিনি ত মার কাছে কোন অপরাধ করেন নি।

স্থরমা। বিমাতার কাছে পুত্রকন্তারা জন্মাবধি অপরাধী:--কিছ কর্ত্তে হয় না বোন।

লীলা। [ সহসা ] দিদি। তুমি তাঁকে রক্ষা কর্মে ?

স্থরমা। কি রকমে १ লীলা। তুমি জান।

স্থারমা। আমি ঠিক জানি না বোন। আমার বিশাস যে এ বিমাতার কীর্ন্তি। দাদার কোন অপবাধ নাই।

লীলা। আমি জানি তাঁর কোন অপরাধ নাই, এ চক্রান্তে ত্যি তাঁকে রক্ষা কর দিদি।

স্থরমা। ঐ মা আদ্ছেন, চল্ ঐদিকে ঘাই। [উভয়ের প্রস্থান] কথা কহিতে কহিতে রাণী ও মন্ত্রীর প্রবেশ।

রাণী। অত সহজে ছেড়ে দেওয়া ভাল হয়নি মন্ত্রি। কারাগার। সে ত কালির দ্রাগ---ধুলেই গেল। রাজার গরম মেজাজ নরম হ'লেই এই বন্দিত্বের আয়িংশেষ। অত সহজে ছেড়ে দেওয়া ভাল হয়নি মন্তি।

মন্ত্রী। নৈলে রাণি, আর কি প্রত্যাশা করেছিলেন ?

রাণী। আর কি প্রত্যাশা করেছিলাম ? প্রত্যাশা করেছিলাম ।যে যুবরাজের প্রাণদণ্ড হবে।

। মন্ত্রী। প্রোণদও।।

রাণী। কি, শিউরে উঠ্লে যে ?

মন্ত্রী। পিতা পুত্রের প্রাণদণ্ড দিবে ?

রাণী। তমি যে আকাশ থেকে পড়লে মন্তি।

মন্ত্রী। মহারাণি। এও আপনি ভেবেছিলেন গ

রাণী। আশ্চর্যাকি १

মন্ত্রী। রাজ্য থেকে বঞ্চিত ক'রে বন্দী ক'রেও তপ্তি হয়নি।

রাণী। না; রাজাকে কি রকম ভাব ?

মন্ত্রী। কথনও বা মেহে অধীর, কথনও বা ক্রোধে অন্ধ, কথনও বা---

রাণী। তবে এই স্নেহ আবার ফিরে আদতে কভক্ষণ । এ ক্রোং ত মেথের গর্জন-মুহূর্ত পরেই মিষ্ট অলধারা বর্ষণ করে। বুঝেছ।

মরী। ব্রেছি।

রাণী। বন্দী ক'রেছ, মন্দ কর নাই। কাজ কতক এগিয়ে রেখেছ বটে। তার পর।

মন্ত্রী। ভার পর।

রাণী। বাকিটকু ভোমায় কর্ত্তে হবে।

মন্ত্রী। কি কর্ত্তে হবে গ

রাণী। বুঝতে পাছে না মন্তি। এমন একটা কিছু, যা অন্ধকার-ভারি অন্ধকার। যে অন্ধকার ঠেলে মাতুষ এক পা এণ্ডতে পারে না-সেই অন্ধকার।

মন্ত্রী। অন্ধকার।

রাণী। তবু বুঝতে পাছে না। যেখানে সব প্রতিহিংসার, সব কাকুতির, সব বিবেচনার শেষ। যা আর নড়ে না, চোথ মেলে না, शास ना, काँए ना।

মন্ত্রী। স্পৃষ্ট ক'রে বলন মহারাণি।

রাণী। স্পষ্ট ক'রে ব'লবো তা পরি না। সে কাজ কর্তে পারি, কিন্তু দে কথা উচ্চারণ কর্ত্তে পারি না। কৈতে গেলেই কে যেন চঠাৎ এদে আমার গলা চেপে ধরে। অতি সহজ। যা কর্ত্তে গেলে হাত কাঁপে, কল্লে আর পিছু হটা যায় না। অতি সহজ, অথচ অতি ভয়কর। তবুবুঝতে পাছে না। পুরুষ ভূমি।

মন্ত্রী। পুরুষের বাবার সাধ্য নেই যে নারীর মনের মধ্যে সেঁধার।

রাণী। অথচ ভোমরা রাজ্য চালাও, মন্ত্রণা লাও, আইন তৈরি কর। কি আশ্চর্যা। শোন তবে স্পষ্ট ভাষায় বলি : এই রাজপুত্রকে কারাগারে চারিদিকে চাহিয়া 🛚 রাত্রিকালে—এই 🛭 ছব্লিকাণাতের অভিনয় 🕽

মন্ত্রী। [স্বিশ্বরে] হত্যা ।।।

রাণী। ওকি। চেঁচাও কেন গ

মন্ত্রী। [নিয়প্রে] হত্যা । ।

রাণী। বেশ উদ্রারণ কলেতি। গলায় বাধুলো নাণু ভূমিই শার্কো। পুরুষ যা পারে নারী তা পারে না। সর্বতে নারী বিষ মেশাতে ধারে, কিন্তু ত্যিতের মথে তা ধর্তে পারে না। বলির মন্ত্র আওড়াতে শারে, কিন্তু নিজের হাতে বলি দিতে পারে না। তুমিই পার্বে।

মন্ত্রী। নামহারাণি। আমি তাপার্কানা। মহারাণীর প্ররোচনায় ারল, দয়াল, উদার রাজপুত্রকে যড়্যত্র ক'রে কারাগারে নিক্ষেপ **ক'রেছি। কিন্তু** তার বেশী—না মহারাণি। আমাগ্ন কার্যা থেকে ছবসর দিন।

রাণী। না, না, তা কি হয় ? তোমাকেই এ কাজ কর্তে হবে। 186

মন্ত্ৰী। আমি পাৰ্কানা।

तानी। जन-नात्री खठः रे मृद्र, नज्जानीना, अखः भूत्र हातिनी। भूकः या वल, ठारे क'रत्र शांग्र, कथां है कन्न मां , প্রতিবাদ করে मां , চে তলে চায় না। কিন্তু এই নারী যদি একবার ফণা বিস্তার করে, তাহ' সে ভয়ত্বর, মনে রেখো। তোমার কাছে আমি আমার গুঢ় অভিপ্র প্রকাশ ক'রেছি। তোমায় এ মন্ত্রণার ভিতরে নিয়েছি: যদি এ রাজপুত্র বাঁচে, ত তুমি মর্কো। আমার হিংমার বাণ কদাপি বুখা যা না। সাবধান। এতদুর যথন গিয়েছ তথন আর বাকি থাকে কেন তারপর-তুমি রাজ্যের সর্ক্ষয় কর্ত্তা, মনে থাকে যেন।

মন্ত্রী। [করবোড়ে] দোহাই মহারাণি! আমাকে এ মহাপাতে লিপাক কেলি না।

রাণী। শিশুর মত ক্রন্দন ক'রে নিয়তি পাবে না। তোমাকেই কাজ কর্ত্তে হবে।—সন্মুথে রাজা, পশ্চাতে সর্বানাশ। বেছে নাও।

মন্ত্রী। রাজপুত্রকে হতা কর্তে হবে १

রাণী। হত্যা কর্ত্তে হবে।

মন্ত্রী। কিরকমে १

রাণী। তাও ব'লে দিতে হবে ? পশ্চাদ্দিক থেকে — ছিরিকাঘাতে অভিনয় ী

মন্ত্রী। তাপার্ক না মহারাণি। সে অতাত্ত ভীষণ। ভার সে যৌবনমন্থন, পরিচিত, বলিষ্ঠ অঙ্গ থেকে রক্ত ছুট্বে তাই দেখ্ব পাৰ্ক না।

রাণী। এত হর্মল ভূমি!

মন্ত্রী। আর কোনো উপায় বলুন মহারাণি যা—যা—যা পার্বা। রাণী। তাজান নাণ ময়ী। জানি। রাণী। কি বল দেখি ? মন্ত্ৰী। ব'লতে পাৰ্কান। রাণী। প্রয়োজন নাই। পার ? মলী। তাবেধি হয় পার্ব। রাণী। বোধ হয়, চাই না। পার্কি ? মরী। পার্বা। রাণী। মন দৃঢ় কর। বুকে হাত দিয়ে বল, পার্কে? মন্ত্রী। পার্কা। রাণী। শপথ কচছ ? মলী। শপথ কঠিছ। রাণী। কবে গ মন্ত্রী। আজ-না-কাল-না-এক সপ্তাহ সময় দিন। রাণী। সময় বড় বিখাস্থাতক মন্তি। মন্ত্রী। বিশেষচনাকর্বার---রাণী। বিবেচনা মানুষকে ভীক্ত করে। ঠাণ্ডা হ'তে দিতে নাই। মন্ত্রী। কবে এ কাজ সাধন কর্ত্তে হবে মহারাণি। রাণী। আজই রাতে। মন্ত্রী। ফ্লিবং ইতন্তত: সহকারে বিভিন্ন। প্রিস্থান বি রাণী। বিজয়কে সরাতে পার্লে—তারপর—ও কে ? কে ?

#### স্থরমার প্রবেশ।

জুর্মা। আমি জুর্মা।

রাণী। তুমি হরমা ? এতক্ষণ কোপা ছিলে ? ওকি। এক দৃষ্টে আমার পানে চেয়ে র'য়েছ যে। কোথা ছিলে ?

স্বরমা। প্রাসাদেই ছিলাম।

রাণী। কোথায় १

জরমা। অন্ত:পুরেই।

য়াণী। শোন নি १

স্থরমা। শুনেছি।

রাণী। কি ভনেছ ?

সুরমা। দাদার প্রাণদণ্ডের আদেশ হ'রেছে।

রণী। কে ব'লে १

স্থরমা। কেন ভূমি।

রাণী। কৈ. কখন १

স্থারমা। মা। বিমাতা হ'লে কি ভালবাদতে নেই ? রমণী লেহমগী -রুমণী কি কেবল নিজের গর্ভজাত সম্ভানটিকে নৈলে আর ভালবাদতে ল্পারে না १

রাণী। কে ব'লেছে গ

মুরুমা। মা. আমার আর দাদার উপর তোমার এত জাতকোধ হৈকন ? আমরা ত তোমার কাছে কোন অপরাধ করিনি মা ?

রাণী। কে ব'লেছে ক'রেছ।

স্থা। সেই কালরাত্রির কথা মনে পড়ে মা। যে দিন আমার ₹

মা বাবার হাতে দাদাকে আর আমাকে সঁপে দিয়ে বাবার হাত গুথানি খ'রে হেদে মৃত্রুরে বল্লেন 'এদের দেখ, এখন থেকে ভূমিই এদের মা।' বাবা চুপ ক'রে বৈলেন। মা আবার বল্লেন 'বল দেখুবে, আমার মত ক'রে দেখুবে ? এমনি দেখুবে যেন এরা মায়ের অভাব কথনও না বন্ধতে পারে।' বাবা আন্তে বল্লেন 'দেখবো'। তার পর মা একটা দীর্ঘনিখাদ ফেল্লেন, চটি চক্ষর অপান্ধ দিয়ে ছটি বিন্দ জল গভিয়ে গেল। ভাবে পব---

রাণী। কাঁদ্ছিদ্কেন স্থরমা ?

স্তরমা। কাঁদ্ছি কেন্দ্র ভাই আমারা জিজাদা কছে মা। ভান না ? তোমারও ত একদিন মাছিল। তুমিও ত একদিন মাহারিছে ছিলে। সেইদিনের কথা মনে আছে ?

রাণী। কে বলে তোরা মা হারিয়েছিদ ? এক মা গিয়েছে আর এক মা এরেছে। এই যে তোদের মা।

প্রমা। বল, বল, দেই কথাবল মা। বড় মধুর কথা গুনালে মা। বল, আর একবার বল। প্রাণ ভরে' বল, প্রাণ ভরে' শুনি।

রাণী। মহারাজ কোথার জানিস স্থরমা ?

ম্বর্মা। না, না, ঐ কথা আর একবার বল। বল 'আমিই তোদের মা।' বল, 'তোদের সেই মার মতই তোদের বুক দিয়ে ঘিরে রাখ্ব, অকল্যাণের ছায়। তোদের কাছে ঘেঁষতে পার্কে না।' বল, আবার বল। হয়ত ব'লতে ব'লতে তোমার হৃদয়ের হুয়ার খুলে যাবে। সতাই আমাদের मा इत् । मछाई आमात्त्र तृत्क अधिवा धर्मा वन मा। प्राक्षात्र वन ভূমিই আমাদের মা।

রাণী। আমিই তোদের মা।

স্থরমা। তবে মন্ত্রীমহাশয়কে ডাক। দাদাকে হত্যা ক'রো না।

রাণী। সে কি স্করমা।

. অরমা। ওকি মা। হঠাৎ ওঠবম শুক কেন ? ঐ চকু ছটি অনিমেষ কেন ? ঐ মুখ পাংশু কেন ?--বল দাদাকে হত্যা কর্বেনা বল হতা। কৰ্কেনা।

রাণী। আমি-মামি-বিজয়কে-হত্যা কর্বা ? কে ব'লেছে ? স্থরমা। ত্মি।

রাণী। আমাণ

হরমা। তবে এখনই মন্ত্রীর কাছে ফুদ্ ফুদ্ ক'রে কি ব'ল্ছিলে ?

রাণী। ভনেছিদ ? -

স্থরমা। ভনেছি। তার কিছু কিছু কাণে গিয়েছে।

রাণী। ও ভাই। কিটি হাসি হাসিয়া বিতর এই মন্ত্রী বড় কুট। রাজালাভের জন্ম দে চক্রান্ত ক'রেছে। বিজয়কে দে কারাগারে নিক্ষেপ কারয়েছে। তাকে কারাগারে হতা। কর্কে মনস্ত করেছিল। আমি ভান্তে পেরে তাকে ডাকিয়ে ভয় দেখিয়ে নিরস্ত কচ্চিলাম।

স্থারমা। মন্ত্রীমহাশয় দাদাকে হত্যা কর্তে চান ?

রাণী। হাঁফারমা।

স্থ্যমা। তা বাবাকে বলনা কেন ? আমি ব'লে দেবো।

রাণী। না আমিই ব'লব। বড় একটা হত্যার চক্রাস্ত ধরেছি। রাজকুমারকে-আমার বিজয়কে বাঁচিয়েছি। ভনে মহারাজ বড় খুদী হবেন। আমি ব'লব।

স্থরমা। আমিও ব'লব, তুমি যদি না বল।

রাণী। কি । আমায় সন্দেহ করিস স্থামা ?

স্তর্মা। করি। আমার মনে হয় না মা, আনি দে। লভ নতেই বিশ্বাস কর্ত্তে পার্চিছ না মা। বে মন্ত্রীমহাশয় দাদাকে হত্যা কর্বেন। এত বড় আম্পদ্ধা তাঁর হ'তে পারে না। তিনি দাদাকে কোলে পিঠে ক'রে মাত্র্য করেছেন। এত নির্ম্ম, এত ক্রুর, এত পৈশাচিক তিনি হ'তে পারেন না।

রাণী। কিন্তু আমি হ'তে পারি ?

স্থরমা। পার। তুমি যে বিমাতা। কৈকেয়ী রামকে বনে পাঠিয়েছিলেন। তুমিও হয়ত পার। বিমাতায় কি না পারে ? তবু আমরা তোমায় মা ব'লে ডেকেছি। আমাদের ভালবাদতে না পার, হত্যা ক'রো না। আমাদের বাঁচ্তে দাও। কির্যোভে জাতু পাতিলেন ]

স্থমিতের হাত ধরিয়া সিংহবাতর প্রবেশ।

সিংহ। ওকি হচ্ছে স্থরমাণ

রাণী। স্থরমা দিন দিন বড় অবাধা হচ্ছে। এমন প্রদ্ধার কথা বলে, এত গৰ্কিত, এত উদ্ধত-

সিংহ। তাই দেখছি।

স্থরমা। বাবা ? জাতু পেতে ভিক্ষা চাওয়া কি গর্কের লক্ষণ ?

রাণী। দেখছ কথার ভঞ্মা।

স্থরমা। বাবা---

সিংহ। যাও—শুন্তে চাই না।

[স্থরমার প্রস্থান ]

त्रांगी। प्रथ्रां - ह'ता गांवात छत्रीहे। प्रथ्रां ताजक्रा वरहे. কিন্তু তাই ব'লে সংমার উপর দিবারাত্র চোক রালায়! সে শুধু মহারাজ তাকে বেণী আন্ধারা দিয়েছেন ব'লে। না হ'লে-

সিংহ। ও কিছু মনে ক'রো না।—দেখ স্থমিতা কি কীর্ত্তি ক'রেছে। দেখদে।

## তৃতীয়দৃশ্য।

স্থান-লক্ষার সমুদ্রতীর। কাল-প্রভাত। বালকবর্গ ও জয়দেন তক্তলে আসীন। বালকবর্গের গীত।

আজি, বিমল নিদাঘ-প্রভাতে,

কত, গীতে, হগন্ধে শোভাতে,

আহা, যাইছে নিখিল ছাপিয়া।

व्यक्ति, विश्व मन्त श्वरन,

चन, यक्ष कृक्ष खरान.

মরি, কি গান গাতিছে পাপিয়া।

wifer. প্রভাত কিরণ মহিমোক্লল

শান্ত অনীল গগন,---

**চরণে নিলীন মধর ধর্**টী ভার.

कित्रन मुक्त मगन.

আজি কি বাধা উঠিছে কাপি' রে.

মম\_ হাৰ্য কাহার লাগি' রে.

যেন. উঠিছে কাঁপিয়া কাঁপিয়া। कप्राप्तन। कि स्नन्तता

১ম বালক। কি ফুনর গ

জয়সেন। এই গান। ভত্তে ভত্তে আমার বুম আস্ছিল।

১ম বালক। ঘুম আস্ছিল গ

জন্মনে। উপরে পাতাগুলো নড়ছিল, সমুদ্র চিক্মিক কচ্ছিল. নীৰ আকাশ ডানা ছড়িয়ে পৃথিবীতে তা দিচ্ছিল, আর আমি ভাবছিলাম, কি ভাবছিলাম ?

২য় বালক। কি ভাবছিলে १

জয়দেন। মনে হচ্ছে নাত। ভাবছিলাম—না স্বপ্ন দেথছিলাম ঘুমোজিলাম-না জেগেছিলাম ?

২য় বালক। তা বকতে পাৰ্চ্চ না গ

জয়দেন। না। আচ্ছা মীনকেতু, এখনও আমি জেগে আছি, না ঘমোড়ি গ

তয় বালক। কি বোধ হয় ?

জয়দেন। এক একবার বোধ হয় ঐ গাছগুলো দেখুছি, ভোমাদের কথা ভত্তে পাচ্ছি, এই বাতাস এসে আমার গায়ে লাগছে। নিশ্চয়ই আমি বেঁচে আছি। তারপরে কিন্তু আবার দব কল্পনায় জড়িয়ে বায়। কিছুই ঠিক দেখতে পাই না, ঠিক ধর্তে ছুঁতে পারি না, মনে হয় যে সব একটা হেঁয়ালী, একটা ছায়া, একটা স্বপ্ন।

৪র্থ বালক। তোমার মাথা থারাপ। দস্তরমত মাথার ব্যারাম ্হ'য়েছে, এর দস্তরমত চিকিৎসা দরকার।

জয়দেন। আছো যদি স্বপ্নই হবে, তবে রোজ্বই এ গাছটাকে স্বুজ २२ ]

দেখি কেন, আকাশকে রোজই নীল দেখি কেন, কোকিলের গান প্রতাহই কোকিলের গানের মত শোনায় কেন ? একদিনও ত কোকিল টিয়ার মত গায় না, একদিনও ত সমুদ্রের জল লাল দেখায় না, একদিনও ত আকাশ--

১ম বালক। কি। একদৃষ্টে উপর পানে চেয়ে রৈলে যে ? জग्रामन। पार नील, पार अभीम, पारे-आ कर्षा। ২য় বালক। কি আৰ্শ্চৰ্যা ?

জয়দেন। বদি স্বপ্ন হয়, ত এমন জ্যান্ত স্বপ্ন কথনও দেখিনি ত। ত্ব-ত্ব-ক্ছিই বুঝুতে পারিনে, কিছুই ধর্তে পারিনে, সব-সব বেন ক্ষড়িয়ে যায়। ভাবতে গেলেই ক্ষড়িয়ে যায়।

#### উৎপলবর্ণের প্রোবেশ।

তম্বালক। এই যে রাজপুরোহিত ঠাকুর।

উৎপল। কি. আমাকে ভোমাদের কোনও দরকার আছে বোধ হয়। ৪র্থ বালক। কৈ. না।

উৎপল। সে কি ? অসম্ভব। নিশ্চয়ই কোন দরকার আছে, নৈলে-কোন দরকার নাই—আমি এদিক দিয়ে এলাম কেন ? ভাবতে ভাবতে আমি অন্ত দিক দিয়েও ত যেতে পার্তাম।

১ম বালক। কি ভাবছিলেন ?

উৎপল। পূर्वकाम এদের দেখেছিলাম। কোথায় যে দেখেছিলাম সেটা বঝতে পার্চিছ না বটে, কিন্তু দেখেছিলাম।

২য় বালক। তা কে অস্বীকার কছে ? আমরা রাস্তা ঘাটে বেড়াই. আপনিও---

উৎপল। না এখানে নয়, পূর্বজন্ম। বেশ।—হ'য়েছে। একদিন আমি সকাল বেলায় উঠে তামাক থাচ্ছিলাম, আর তোমরা—তুমি ভ তার মধ্যে ছিলেই-পুকুরের ধারে বঙ্গে থাপরা নিয়ে ছি নি নি থেলছিলে-না গ

৩ য় বালক । আনজে না।

উৎপল। মিথাা কথা কও কেন বাপু ? পূর্বজন্মকার কাহিনী আমি প্রতাক্ষ দেখতে পাচ্ছি। তমি "না" বল্লেই হবে।

৪র্থ বালক। সে ছোকরাটা ছি নি নি নি খেলছিল বটে।

উৎপল। হাঁ---

৪র্থ বালক। আজে, সে আমি।

উৎপল। তুমি ?—হাঁ তুমিই বটে।—ঠিক। মনে প'ড়েছে। মেদিন শীতকালের সকাল বেলায়-ঠিক্-দেড় প্রহর আনাজ-দেই পূর্বজন্ম-

৪র্থ বালক। কিন্তু সে ত পূর্বজন্মে নয়।

উৎপল। তবে তার আগের জন্মে ।

৪র্থ বালক। আজেনা। সেত পরভ---

উৎপল। পরশু? বালফ, মিছে কথা ক'য়োনা। পরজন্মে ই'ছর হ'য়ে জন্মাবে।

তর বালক। মিছে কথা কৈলে বুঝি ইঁহুর হ'রে জন্মার ?

উংপল। হাঁ।

২য় বালক। কেন পুরোহিত মহাশয়। ইঁগুরে কি বড় মিছে কথা ক্র প

তর বালক। আর সত্য কথা কৈলে কি টিকটিকি হ'রে জনার ? ₹8]

উৎপল। কেন ? সতা কথা কৈলে টিকটিকি হ'য়ে জন্মাবে কেন। ুত্য বালক। ঐ যে টিকটিকি প'ডুলেই মা বলেন "সত্যি সভিয়।" উৎপল। তুমি ঠাটা কচ্ছ বালক ?

তম বালক। আচ্ছা ঠাটা কর্লে কি হ'মে জন্মায় পুরোহিত মহাশব প ৪র্থ বালক। তেলাপোকা হ'য়ে জনায়। তেলাপোকা হঠাৎ যদি গায়ে ওঠে ত সে বিষম ঠাটা।

৩য় বালক। আর গালাগালি দিলে গুরুরে পোকা হয়।

২য় বালক। আর চিমটি কাটলে বিছে হ'য়ে জ্লায়। না ঠাকুর 🕈 উৎপল। [করুণ ভাবে ঘাড় নাড়িয়া] তোমরা পুর্বজন্ম মান না জয়দেন। আমি মানি পুরোহিত ঠাকুর।

উৎপল। এই দেখলে। রাজার ছেলে কিনা। ঠিক ব্যেছে রাজপুত্র। কাল ভোমায় আমি সন্দেশ কিনে এনে দেবো। আ হা হয় প্রবিজন্ম তুমি আমার কে ছিলে হে ?

২য় বালক। দিভীয় পক্ষের স্ত্রী ছিলেন। নৈলে এত আদর। ১ম বালক। শুরুন, আমাদের কথা আছে।

উৎপল। আছে ? তা আমি পূর্ব্বেই জান্তাম, প্রাক্তন সংস্কার—বি বল ?

২য় বালক। কথাটা হচ্ছে এই যে, এই রাজপুত্র-স্থাপনার পর্বজনের স্ত্রী-ইহজনে একটি বন্ধ পাগল হ'য়ে জনেছেন।

উৎপল। পাগল।

৪র্থ বালক। হাঁ আপনি এখন একটা উপায় কর্ত্তে পারেন ? উৎপল। ইহজনোইনি কি করেন?

· happen

৩য় বালক। এই রকম হতাশ ভাবে ব'লে ভাবেন। ৫ম বালক। এবং সন্দেশ থান। উৎপল। ওঃ। সন্দেশ থান ? ৫ম বালক। তাথান।

উৎপল। তবে আর কোন ভাবনা নেই। হতাশ ভাবে ভাবাটা 🌯 বিদ্ধে হ'লেই দেরে যাবে 'থনি। আর সন্দেশ—তা ধান। আমার কাজ শ্ব হ'য়েছে বুঝুতে পার্ভিছ। আমি এখন বাই। ্প্রস্থান \

১ম বালক। ঠিক ব'লেছে ঠাকুর।—তমি একটা বিয়ে কর।

জয়সেন। বিয়ে কি ?

১ম বালক। বিয়ে জাননা ? এমন নিরেট রাজপুত্রও ত দেখিনি। বয়ে জাননা।

क्षप्रम्म। सा।

১ম বালক। পুরুষ জান ?

জয়দেন। জানি।

১ম বালক। কি রকম বল দেখি ?

জন্মদেন। এই রকম পোষাক পরে। ৃসীন্ন পরিচ্ছদ দেখাইয়া]

১ম বালক। আর স্তীলোক ?

২য় বলিক। যারা ঘাঘরা পরে।

িজয়সেন ইঙ্গিতে এ বাক্যের অমুমোদন করিল। ]

তম বালক। তা হ'লে প্রাণিবতান্ত সম্বন্ধে জ্ঞানের থব দৌড় হ'য়েছে ' ३'লতে হবে।

জয়সেন। অনেক শিখেছি।

29

৪র্থ বালক। শিথেছ বৈ কি। রাজপুত্র কিনা। এখন যারা পোষাব পরে আর যারা ঘাঘরা পরে, তারা যথন চিরজীবন এক সঙ্গে থাকতে চা তথন তাদের প্রেম হয়। তথন তারা বিয়ে করে।

ভয়সেন। প্রেমকি গ

৪ থ বালক। ভালবাসা।

জয়দেন। ভালবাদা কি ?

থেম বলিক। প্রেম।

১ম বালক। বুঝেছ?

জয়দেন। বুঝেছি।

১ম বালক। তোমার গুষ্টির মুগু বুঝেছ। তোমার কি কাউবে मना नर्यना काष्ट्र प्रश्रु हेण्डा इय ? जात्र महा मर्यना कथा किएज তার পানে চাইতে, তাকে স্পর্শ কর্ত্তে ইচ্ছা হয় ৭ এরকম কেউ আছে ।

জয়দেন। আছে।

১ম বালক। কে १

জয়সেন। এই রাজক্লা।

৫ম বালক। এই মরেছে। রাজকন্তার দঙ্গে তোমার বিয়ে হ'লে? হ'রেছে আর কি।

৪র্থ বালক। কেন १

eম বালক। রাজকন্তা কুবেণী ? সেই ঝটিকাকে এই বেঁধে রাখবে : সেই চাহনির বিতাৎ এই অবোধ বালক সহা কর্বে।

১ম বালক। এই রাজক্তাকে ভোমার বিরে কর্ত্তে ইচ্ছা হয় ? জয়দেন। হয়।

২য় বালক। তা হ'লে মন্দ নয়। রাজার ওপক্ষের ছেলে ও রাণীর ্ওপক্ষের মেয়ের, তাঁদের এপক্ষের ছেলেনেয়ের সঙ্গে বন্বে ভাল। ১ম বালক। তবে ভূমি রাজকন্তাকে সে কথা বলনা কেন ? জয়দেন। কি কথা?

১ম বালক। যে "আমি তোমায় বিয়ে কর্ম", ব'লতে পার্বে १ জয়দেন। পার্কো।

১ম বালক। বেশ ঐ তোমার বাবা আদ্ছেন। আমরা ধাই। বেলা ਣ'ਗ।

জয়সেন। তোমরা যাবে কেন ৪ যেও না।

গীত।

আহরা থাসা আছি---

হাক্ত পেলেই হাক্ত করি, নৃত্য পেলেই নাচি। তুলে চল্রবদন্থানি, গলগুজব কর্তে জানি : চন্দ্রমুখে আহার করি ছগ্ধ-সর-চাঁচি। আবার হান্ত পেলেই হান্ত করি, নতা পেলেই নাচি। দাঁড়িরে যদি থাকতে পারি, চল্তে ফির্ডে বেলায় ভারি: বদতে পেলে দাঁড়াইনাক, গুতে পেলেই বাঁচি, আবার হাস্ত পেলেই হাস্ত করি, নৃত্য পেলেই নাচি।

ি সকলের প্রস্থান ও লফাধিপতি কালসেন তাঁহার মহিষী বস্তমিতার সহিত গল্প করিতে করিতে

প্রবেশ করিলেন।

বস্থমিতা। রাজপুত্র জয়দেন—আমার মনে হয় একট, অর্থাৎ মাথা থারাপ।

₹२५ ]

কালদেন। তোমার তাই মনে হর বহুমিতা। পাগল ?
বহুমিতা। না পাগল নর তবে—তবে কি এক রকম। একদৃষ্টে
আকাশের পানে চেরে থাকে, গান শুস্তে শুস্তে চোথ্ বুজে ঢোলে, আর
রাজকভার পানে হাঁ ক'রে চেয়ে থাকে।

কালদেন। তাথাকে দেখিছি। কুবেণীর প্রতি অস্তরক্ত বোধ হয়। বস্ত্মিত্রা। তোমারও তাবোধ হয় ? কিন্তু তা কথনও মুধ ফুটে কলেনাকেন ?

কালদেন। আমিও তাই ভাবি। বলে না কেন ? আরে আমাকেই বা আজ ব'ল্তে গেল কেন !

[ উভয়ে কিঞ্চিদ্ধে অগ্রসর হইলেন।] কালসেন। জয়সেনের সঙ্গে কুবেণীর বিয়ে দিলে কি রক্ম হয় প

বস্থমিতা। আমি ত তাই ভাব্ছিলাম। কিন্তু— কালসেন। তবে তাই হবে। এ বিবাহ হবে। দিন স্থিয় কর।

## চতুর্থ দৃশ্য।

স্থান—দম্যাদের বন-প্রাপ্তণ। কাল—রাতি। অগ্নি প্রজ্ঞানিত। দম্যাদল আগুন পোহাইতেছিল।

#### ভৈরবের প্রবেশ।

১ম দক্ষা। এই যে সন্দার ! আমরা তৈরি হ'য়ে ব'সে আছি। ২য় দক্ষা। আজ কোন্দিকে যাবি সন্দার ? ভৈরব। আজ আর কোন দিকে যাব না। আজ ছুটি !

मकला। मिक ममात्र!

ভৈরব। ডাকাতি ত রোজই কর্ছিদ্? ছুটি ত রোজই নেই।

তম্বদহা। ছুটি নিমে কি কর্ম সন্দার ?

ভৈরব। তাঁকে ভাব্, তাঁর কাছে হাত যোড় কর্! তাঁর পা ধ'রে কাঁদ।

sর্পস্থা। কার কথা কইছিদ্ দর্দার।

ভৈরব। [উপরে হাত দিয়া] ঐ তার কাছে।

৪র্মস্থা। কে সে?

ভেরব। তার নাম নেই, তার রূপ নেই—সে ছনিয়ার কিছু না, সেই ছনিয়ার সব।

১ম দহা। কে সে ?

ভৈরব। জানিনা।

২য় দস্তা। সন্দার তোর মাথা থারাপ হয়েছে।

ভৈরব। মাথা থাক্লেই মাঝে মাঝে থারাপ হয়। যাদের মাথা নেই ভাদের থারাপ হবার কোনই ভাবনা নেই।

১ম দয়া। কি বল্ছিদ্দৰ আজে ?

ভৈরব। আমিই জানি না।—দেখ্ আমি ডাকাতি করা ছেড়ে দেবো।

সকলে। সে কি সদার!

ভৈরব। ছেড়ে দেবো।

২য় দকা। ছেড়ে দিবি ?

ভৈরব। ছেড়েদেবো: তোরাও ছেড়েদে। লুট করা থারাপ ৪র্থদিয়া। কে বলে থারাপ ?

[ ভৈরব উপরে দেখাইলেন।]

৫ম দহা। লুট কর্বনা ত খাব কেমন ক'রে সন্দার ?

ভৈরব। কেন চাষ কর্ম্বে—

তম দহয়। চাষ কর্ম স্কার । এ হাত ছথানা একবার দেথ্ দেখি স্কার । এ লোহার ডাণ্ডা ছটো কি চাষ কর্মার জন্ত তৈরি হ'য়েছে গু দেগুদেখি এই হাত ছটো।

ভৈরব। বস্তা বৈবি।

৩য় দস্মা। বস্তা বয় পীঠ। মার থায় পীঠ, তাই পীঠ পিছন দিকে 👔 খাত চটো থাক্তে বস্তা বৈৰ সন্ধার!

ভৈরব। কিন্তু এই লুট—

১ম দহা। লুট কে না কচ্ছে ? দোকানী লুট কচ্ছে থদেরকে ।
বাজা লুট কচ্ছে প্রজাকে, মাহুষ লুট কচ্ছে জানোয়ার ওলোকে।
জানোয়ার ওলো লুট কচ্ছে ছোট জানোয়ারকে। ছনিয়াতে লুট কে না
কচ্ছে সদ্ধার ? লাঠি যার মাটি তার।

ভৈরব। আছে।, এখন যা। ভাব্তে দে। ২য় দয়য়। আজে কোন্দিকে যাবি সদ্দার— ভৈরব। ভাব্তে দে।

[ দহাদিগের প্রস্থান ]

ভৈরব। তাইত ! বলেছে ও ঠিক ! বলেছে ও ঠিক্। লুট কে না কচ্ছেৰ্ !— জোর যার মূলুক তার। ভয়ের উপর ছনিয়া চলেছে। ংত পাতার উপর—না। হাত পাত্লে সমূল মুক্তা দের না, ড্ব্তে হয়।
হাত পাত্লে মাটি শহা দের না, চষ্তে হয়। লুট করা ধারাপ ?—কে
বলে ?—ঐ যে {বকে আঘাত করিয়া } এথান থেকে কে ব'লে উঠুছে
—লুট করা ধারাপ। কে তুই ভেতর থেকে মাঝে মাঝে চেঁচিয়ে উঠিস্।
দ'রে যা। দূর হ'।

সাত্তর স্থরমা।

ভৈবৰ। কে তুই ? স্থরমা। একি ! ভৈরব দাদা—

ভৈরব। কে তুই! রাজকভা না? দেখ্ত ভাল ক'রে,ভূল দেখছি নাকি!

হুরমা। নাভৈরব দাদা! ভুল দেখ্ছ না। আমি হুরমা।

ভৈরব। স্থায় !—সভিচ ? দিদি !—দিদি আমার [ হাত বাড়াইয়া অগ্রসার হইয়া পিছাইয়া ] না, না, এ হাতে তোকে ছোঁব না। এ হাত রক্তমাথা !

স্থরমা। সে কি ভৈরব দাদা ?

ভৈরব। তুই রাজকন্তা আরে আমি—ডাকাত।

স্থরমা। তুমি ডাকাত ?

ভৈরব। ডাকাতের সদ্ধার।

স্থরমা। সে কি ভৈরব দাদা! তুমি ডাকাত?

ভৈরব। তৃই কি ভেবেছিলি ? ভেবেছিলি যে আমি ঋষি ? বনে , এনেছি তপ কর্ত্তে !— ভৈরব তোদের পুরোনো চাকর। তোর বাপের , বভ, রাগ্লে যার জ্ঞান থাক্ত না ; তোর বাপকে ছুরী মার্ত্তে গিয়েছিল ; ুত্ব }

দে কি চাকরি ছেড়ে একদিনে ঋষি হ'য়ে যাবে ? যাক, তুই এখানে এশি কেমন ক'রে গ

স্থরমা। আমি ত এখানে আসিনি, আমি কালীর মন্দিরে পুজো দিতে এসেচিলাম।

ভৈরব। ঐ ভাঙ্গামন্দিরে গ

স্থরমা। ঐ কালীর মন্দিরে। তারপর মনে হ'ল তোমার গলা ভনলাম। অনেক দিন পরে তোমার গলা ভনলাম। আর লুকিয়ে থাকৃতে পাল্মিনা। ভবিলাম একবার তোমায় দেখে যাই।

ভৈরব। তাবেশ করেছিস দিদি। অনেক দিন তোকে দেখিনি। আর তোকে দেখেই বা কি হবে ? আর কোলে ত নিতে পাব না।

স্থরমা। কেন १

ভৈরব। আমি যে ডাকাত।

স্থবনা। সভ্যি ভূমি ডাকাত ? না-মিছা কথা।

ভৈরব। এজ ডাকাতের নাম গুনিছিদ ?

স্তর্মা। ই।।

ভৈরব। আমিই সেই ব্রজ ডাকাত। কি । হাঁ ক'রে চেয়ে বৈলি যে। এখন হঠাৎ পূজা দিতে এইছিলি কেন শুনি দিদি।

স্থবমা। দাদার মঙ্গল-কামনায় পূজা দিতে এসেছিলাম।

ভৈরব। কেন, তোর দাদার কি হয়েছে ?

স্তরমা। বাবা তাঁকে কারাগারে নিক্ষেপ করেছেন। মা তাঁকে বিষ থাইয়ে মার্কেন। তাই পূজা দিতে এদেছিলান। আমার যে দার কেউ নেই ভৈরব দাদা। তাই মা কালীর কাছে ছটে এয়েছি।

ভৈরব। ও ! বুঝেছি। বিজয় কারাগারে ?

স্থরমা। হাঁ ভৈরব দাদা।

ভৈরব। ক'দিন ধ'রে সেখানে আছে ?

সুর্মা। আজ ছদিন। আজ ছপুরে মা তাকে বিধ থাওয়াবার মন্ত্রণা কচ্চিলেন।

ভৈরব। মা বলিদনে স্থরমা। অমন ভাল কথাটার অপমান করিসনে। মাবলিসনে। বল শয়তানী। বিষ থাওয়াবে ?

সুরুমা। হাঁভেরব দাদা।

ভৈরব। ঠিক। মাত্রধ্যাওয়ার: সংমা বিষ থাওয়ায়। ঠিক: স্তর্মা। তাই কালীমায়ের কাছে পজা দিতে এসেছিলাম। বাবার কাছে বলতে গেলাম। বাবা তাড়িয়ে দিলেন। আমার যে আর কেউ নেই ভৈরব দাদা।

ভৈরব। কেউ নেই १

স্তরমা। কেউ নেই ভৈরব দাদা।

ভৈরব। কোন ভয় নেই দিদি। আমি আছি।—মৃত্যুঞ্জয়! একজন দম্ভার প্রবেশ।

ভৈরব। সবভাক।

দিস্থার প্রসান ]

ভৈরব। আমি আছি দিদি! আমি বেঁচে থাক্তে তোর শয়তানী মা বিজয়ের কাছেও ঘেঁষ তে পার্কো না।

मञ्जागरनेत्र श्रादिम् ।

দক্ষাগণ। কি সন্দার।

08 ]

ভৈরব। জিজ্ঞাসা কর্চিছলি না আজ কোন দিকে বেরোবি ?

সকলে। হাঁ সদার।

ভৈরব। ঠিক করেছি। সন্ধার সময় সব তৈরি থাকিস।

সকলে। বেশ।

প্রিস্তান করিল

ভৈরব। ভয় পাচ্ছিদ হুরমা। কোন ভয় নেই। এদের দর্দাং আমি। বিজয়ের জন্ম কোন ভয় নেই দিদি! আমি তাকে বাঁচাব বাঁচিরে আবার তোর হাতে ফিরিয়ে দেবো। তারপর ছঃখ হ'লো আমার কাছে আসিম। তোর চোথের জল মুছিয়ে দেবো। বাড়ী কিরে যা। কোন ভর নেই। যাবার আগে আর একবার বকে ধরি [মুরমাকে বক্ষে ধরিয়া] তোদের পুরোনো চাকর আমি। তারপর বাড়ীতে কালদাপিনী এল। আর দেখানে রৈতে পালমি না। চোথে দৈল না। গায়ে জোর ছিল। ডাকাতের সন্ধার হ'লাম। তবে তোর আর বিজয়ের আমি সেই চাকরই আছি দিদি। যথন মনে প'ড বে আমার কাছে আসিদ। টাকা দিতে পার্ব্ব না, ভাল থেতে দিতে পার্ব্ব না—যা বাড়ীতে পাদ। কিন্ত আদর দিব—যা বাড়ীতে আর পাদনে। চল, ভোকে প্রছে দিয়ে আসি।

# পঞ্চন দৃশ্য।

#### \*\*\*

স্থান-কারাগার। কাল-ব্যাত্রি শৃঙ্খলিত বিজয়সিংহ আসীন।

সমূথে মন্ত্রী পানপাত্রহত্তে দণ্ডারমান; পার্ছে প্রহরী।

বিজয়। মন্ত্রী মহাশয়। এই সর্কাং থাবার জন্ত আমাকে বারবার ব্রার্থ অনুরোধ কচ্ছেন কেন ? এ সর্ব্বতের সঙ্গে কি গুড় উদ্দেশ্য মেশান আছে বলুন ত।

মন্ত্রী। সে কি কুমার।

বিজয়। এত বিষ নয়?

মন্ত্রী। না, না। তাকি হ'তে পারে।

বিজয়। নহিলে এতক্ষণ আপনি এক হতভাগ্য বন্দার স্ঞ নিক্ষণ কালক্ষেপ কচ্ছেনি কেন ? আর মাঝে মাঝেই আমাকে ঐ সকাং পান কর্ত্তে বলছেন কেন বলুন দেখি। এ কি বিষ্

মন্ত্রী। না. না. তাকি হ'তে পারে?

বিজয়। হ'তে বেশ পারে। আমি রাজ্যের সর্জনাশ, প্রাদাদ দর্প, পুরপথে মুক্ত বাান্ত। আমি পিতার আপদ, আর ভূমি ভার মগ্রী। হ'তে পার্বের না কেন মন্ত্রী মহাশন্ন, দোজা উত্তর দাও, এ কি বিষ ?

মন্ত্ৰী। না. বিষ নয়।

বিজয়। ও কি! আশপাশে চাইছ কেন মন্ত্ৰী মহাশয়! সোভা আমার পানে চাও। [হন্ত ধরিলেন] 00]

মগ্রী। যুবরাজা।

বিজয়। নির্ভীক উত্তর। তুমি রাজার যোগ্য মন্ত্রী বটে। তুমি নির্ভীক, প্রত্যুৎপরমতি। তুমি রাজ্য চালাবে ভাল। বেশ সোজা চাও [হাত ধরিলেন] আমি রাজপুত্র ভূলে বাও, আমি এদেশের ভাবি রাজা দে কগা ভূলে যাও! গুধু মনে কর যে তুমি আমার কোলে পীঠে করেছ, চ্পন করেছ, বক্ষে ধরেছ। গুধু মনে কর যে, আমি পিতার থেটে ব্রিক্ত, গুধু মনে কর, আমার জননী নাই। এইবার বল দেখি— এ ত বিষ নহে প

মন্ত্রী। এ সন্দেহ কেন যুবরাজ ?

বিজয়। বল[সজে সজে হত ধরিয়া] ওকি ! চন্কালে কেন ? বস একি বিষ ?

महो। ना प्रदास ।

বিজয়। তবে ভূমি অর্ফোক পান কর। [পাত্র মন্ত্রীর মুখের কাছে । ধ্রিলেন]

ময়ী। আমি!

বিজয়। [বিষণাত্র রাথিয়া] ও কি ! সহসা ভগ্নর, ভীত দৃষ্টি,
বিকম্পিত কলেবর। কেন মন্ত্রী ? না, না, তুমি বাঁচ; দীর্ঘজীবী হও;
নূপতির অবাধিত অন্ত্রাহ ভোগ কর। তুমি কেন মর্কে ? না—দাও
বিষ। আমি পান কচ্ছি। কিনের ভয় ? যথন পিতা পুত্রের মৃত্যুকামনার
বিষ পাঠাতে পারে, আর পুরাতন ভৃত্য সে গরল-আধার সরল অধরে
অনারাসে ধর্তে পারে, তথন সংসারে কি না সস্তব !—হে ব্রহ্মাওপতি !
না—কাকে ডাক্ছি ?—দাও বিষ। মন্ত্রী মহাশর! তোমার সমুধে

আমি প্রাণত্যাগ কছি । সে সংবাদ রাজার কাছে নিয়ে বাও, প্রঝার পাবে। তাঁকে ব'লো, যে জীবনে আমি তাঁকে বড় ভালবাস্তাম, এত ভালবাসা কোন পুত্র কোন পিতাকে বাসে নাই; আর মরণে তাঁরই নাম—কি আর ব'ল্ব—জয় হোক্ মন্ত্রী মহাশয়! [বিবণাত প্রহণ] রাজরাজেশ্বর হও। এই বিব পান কর্ছি! পোন করিতে উত্তত }

মন্ত্রী। পান ক'রো না [সজোরে বিষপাত্র বিজয়ের হত্ত হইতে ফেলিয়া দিলেন ]

বিজয়। ও কি কলে ?

মন্ত্ৰী। ও বিষ।

বিজয়। না ও অমৃত। পিতা যদি পুতের অধরে বিষ দেয়, ড দেবিষ অমৃত। আমি চিরদিন পিতৃভক্ত পুত্র। পিতার কথার কথন অবাধা হইনি। নিয়ে এস নৃতন বিষ। রাজ-অন্তঃপুরে তার অভাব নেই। নিয়ে এস আমি অপেকা কঠিছ।

মন্ত্রী। [করবোড়ে] ক্ষমাকর যুবরাজ।

বিজয়। কর্ব। নিয়ে এস হলাহল। কি সাহসে তুমি পিতা স্মার পুত্রের মাঝে এসে দাঁড়াও। আমার পিতার স্মাজা—নিয়ে এস বিষ।

মন্ত্রী। স্থির হও যুবরাজ। এ বিষ মহারাজ পাঠান নি। তিনি এর বিলু-বিদর্গও জানেন না।

বিজয়। সে কি !--মিথ্যা কথা।

মন্ত্রী। স্বর্গে সাক্ষী দেবগণ। তোমার পিতা ক্রোধান্ধ বটে—ক্রুর নন; ক্রোধে তাঁর কাছে লুগু নিখিল জগৎ, কিছু তিনি শরতানীর কাছ ঘেঁষেও কখন যান নাই। তিনি দেন নাই বিয়। বিজয়। কে দিয়েছে তবে ? মল্লী। মহারাণী।

বিজয়। [উদ্ভান্ত ভাবে] আর তুমি !

মন্ত্রী। প্রতিশ্রত-মাংসথগু-প্রলুক কুরুর।—মনুষাত্ব বিক্রন্ত্র করেছি।

বিজয়। [সভয়ে] কি করেছি! কি করেছি।

মন্ত্রী। কি করেছ যুবরাজ প

বিজয়। অর্গে দেবগণ! আমি মহাপাপী, আমায় কমা কর। ক্ষমা কর যে, পিতাকে এ দোষে দোষী করেছি। আর এমন বাপ-পুত্রস্লেহ-বিগলিত-স্তনধারসম। মেঘ কেটে যাবে। বাবা। ক্ষমা কর যে, স্বপ্নেও ভেবেছি যে এও সম্ভব। আমি হ'লাম কি-মন্ত্রী মহাশ্র !

মন্ত্রী। না, না, আমার পানে ওরকম ক'রে চেয়োনা। আমি তোমার মার্জনা চাই না। তার পথ রাখি নি। এ পাপের প্রায়শ্চিত্ত এক—এই [খীয় বক্ষে ছুরিকাঘাত করিয়া পতন ]

मरेमनिक यहातानीत अरवण।

রাণী। কি কর্লে সূর্য!

মন্ত্রী। পালাও। পালাও রাণী।

রাণী। এর শেষ না ক'রে নর।— দৈনিক। বধ কর।

মন্ত্রী। থক্রার।

রাণী। আমি রাজী আমি আজা কর্চিচ। - বধ কর।

মন্ত্রী। উঠিতে চেষ্টা করিয়া পুনরায় পতন ী সাবধান।

রাণী। কি । অচল অনড় পাষাণ প্রতিমার মত দাঁড়িয়ে ! দৈনিকগণ এ অভিন আমার। বধ কর।

1

[ দৈনিকগণ মৃক্ত তরবারি লইয়া বিজয়ের দিকে অগ্রদর হইল।]

বিজর। আমায় হত্যা ক'রো না। তার আগে একবার পিতার সঙ্গে সাক্ষাৎ কর্ত্তে দাও।—একবার তাঁর চরণ ধ'রে মার্জনা চাইব। একবার—

রাণী। সৈভাগণ অগ্রসর হও!

বিজয়। সৈনিকগণ ় তোমরা সৈনিক। জ্ঞান নও, বধ কর্ত্তে তাও ত আমায় শৃঙ্গলমূক কর, হাতে তরোয়াল দাও, তার পর শত দৈনিক এক সঙ্গে আমার বিপক্ষে দাঁড়াও। যুদ্ধে বধ কর। হত্যা ক'রে না, মুক্ত ক'রে দাও।

রাণী। তুমি অপরাধী ! বিচার-বন্ধনে তোমার যুক্তকর মুক্ত করে কার সাধা ! অপরাধী তুমি, লও দণ্ড—প্রাণদণ্ড দিলাম তোমার।

#### স্থার প্রবেশ।

স্থরমা। তুমি দণ্ড দেবার কে মহারাণি ?

রাণী। আমি রাজী।

স্থরমা। যে রাজা সে বিচার করে।

রাণী। উদ্ধৃত বালিকা !-- যাও।

স্থরমা। না, আমি দাদাকে হত্যা কর্তে দেবো না। তুমি খদি রাণী—আমি রাজকল্লা।

রাণী। ও কি শক !— সৈতগণ ! যদি আমার আক্তা পালন না কর—আবার কোলাংল—আমার জান—ও কি শক ! বধ কর— বধ কর। [নেপথো কোলাংল] স্করনা। [তরবারি খুলিয়া] সৈত্তগণ ! আনায় বধ না ক'রে দাদাে স্পর্শ কর্ত্তে পার্কেনা।—ঐ ভৈরবের কণ্ঠ, আর ভয় নাই।

রাণী। তবে আমায় এ কাঞ্চ কর্ত্তে হ'ল। তরবারি আমায় দা থি অগ্রসর হইলেন ]

বিজয়। আর ভয় নাই দাদা—ভৈরব, ভৈরব ় এথানে, এখানে

मञ्चाननगर टिल्जरवद व्यादिश ।

ভৈরব। কৈ ?—এই যে ! রাণি !— রাণী। ভৈরব।

ভৈরব। ভাই ত! তারা ভাইয়ের হাও গুথানি পেংছে।— সভাই ত—খুলে দে।

[দস্যাদল শৃঙ্খল মোচন করিতে উন্নত।]

ভৈরব। থবর্ণার সিপাহী সব! এক পা এগিয়েছিস্ কি গিয়েছিস্ ব্রহ্ম ডাকাতের নাম ওনেছিস্? আমি সেই ব্রহ্ম ডাকাত, ঠিক সোজ ভ'য়ে দাঁড়িয়ে থাক্!

द्रांगी। जूरे अथारन मञ्जा ?

তৈরব। কোন ভয় নাই রাণী! আমি কারো কিছু স্ট কর্থে আদিনি। আমি চাকরি ছেড়েছি, ডাকাত হইছি; কিন্তু স্থরমা আই বিজয়ের সেই ভাইই আছি। মনে রাথিস্ রাণী। আয় দিদি, আয় দাদা— আমার সঙ্গে আয়। কোন ভয় নাই।

# দ্বিতীয় অঙ্ক।

# প্রথম দৃশ্য।

#### **→}**~**;**~{<

# স্থান-- স্থামদেশের রাজগৃহ-প্রাঙ্গণ। কাল--প্রভাত। বিজয়, ভৈরব ও দস্যাগণ।

বিজয়। বজুগণ তোমরা আমায় মুক্ত করেছ। তোমাদের সাহায়ে ্থামি শ্রামদেশ জয় করেছি। এখন তোমরা দেশে ফিরে যাও। যাও ভরব। এদের দেশে ফিরিয়ে নিয়ে যাও।

ভৈরব। কেন, দেশে ফিরে যাব কেন ?

বিজয়। তোমরা আর এখানে কি কর্বে ?

ভৈরব। যা করিনা কেন, সে থোঁছে তোমার দরকার কি ?

বিজয়। দেশে ফিরে যাও।

ভৈরব। তোর কথায় ?

বিজয়। কেন ভৈরব আবে ফদেশ ছেড়ে আমার সঙ্গে বিদেশে বিদেশে ঘূর্বে ?

ভৈরব। আমাদের খুদী, ভোর তাতে কি ? বিজয়। তোমাদের সাহায়ে আর দরকার নাই।

ভৈরব। বেশ বল্লি, আমাদের আর দরকার কি ? আমরা ি ঢেঁডা জুতো যে পুরোনো হ'লেই ফেলে দিতে হবে ? আমাদের **আ** দরকার কি। নেমকহারাম বেটা! সাধে কি তোর বাপ তোকে মে ভাডিয়ে দিয়েছে। বেশ করেছে।

বিজয়। আমারও তাই বোধ হয় ভৈরব।

ভৈরব। কি বোধ হয় ?

বিজয়। তৈরব, আগে কথন দেশ ছাড়িনি। বৃঝিনি যে দেশ বি জিনিষ। ভারতাম যে দেশ শুদ্ধ মাটি আর আকাশ। কিন্তু এখ বুৰেছি যে জন্মভূমি মাতুষ, সে কথা কয়, হাসে, কাঁদে, বুকে জড়িং ধরে। তার চেয়েও বেণী। জন্মভূমি দাক্ষাৎ মা, গর্ভে ধরে, স্তন্ত দের বকে জড়িয়ে ধরে। সেই দেশ ছেড়েছ তুমি আমার জন্ত। দেত ফিবে যাও ভৈবৰ।

ভৈরব। তবে তই চল।

বিজয়। দেশে আমার স্থান নাই। দেশের রাজা আমার প্রাট विमुখ।

ভৈরব। দেশের রাজপুত্র ভূই, ভোকে আমরা রাজা কর্বা। ভাবিস কি ? আমার এই হাজার ডাকাত তোর জন্ত প্রাণ দেবে। কি বলিস্ নে ভাই সব १

দস্থাগণ। আমরা যুবরাজের জন্ম প্রাণ দেব।

বিজয়। নাভৈরব, সে কি কথা ? দেশে ফিরে যাও।

ভৈত্ত। দেশে ফিরে যাত। কিন্তু তোকে সঙ্গে নিয়ে যাব তোকে বাজা কর্ম। তার পর প্রাণ চার আমাদের ডাকাত ব'লে ঘুণ করিদ, আমাদের ছেড়ে দিদ। চ'লে যাবো। তার আগে নয়। কি इंजिम मव १

দহাগণ। তার আগে নয়।

বিজয়। কিন্ত—

ভৈরব। বিজয় । মিছে কেন বক্ছিদ। তোর মা নেই। জোর বাপ নেই। আছে এক বড়ো পুরোনো চাকর। এক চাকর। কিন্তু তার শরীরে শক্তি আছে। মনে তেজ আছে। আর বৃক্তে ভালবাসা আছে—যাতোর নেই। সে চাকর বটে কিন্তু সে মানুষ।

বিজয়। কিন্ত ভৈরব---

ভৈরব। আমি আর কোন কথা শুন্তে চাই না। ভোর কথা ভ ভন্লাম। আমরা তোরে ছাড়্ব না। বাস্-চল লাঠিয়াল সব।

দিস্থাসহ প্রেস্থান }

বিজয়। এত স্নেহ। এক পুরোনো চাকর। তার এত স্নেহ। শার নিজের বাপ !-- যাক, সে কথা ভাব্ব না, পাগল হ'য়ে য়াব। | পাদচারণ ]

## বিজিতের প্রবেশ।

বিজিত। এই যে বিজয়। এখানে একা কি কছে ?—ও কি। চোখে জল।

বিজয়। নাকিছন।

বিজিত। দৈয় প্রস্তুত বিজয়। এখন তুমি প্রস্তুত ?

বিজয়। বিজিত ভাই। দরকার নেই। ভেবে দেখুলাম--দরকার নেই।

88]

বিজিত। কি দরকার নেই ?

বিজয়। পিতার সহিত যুদ্ধে। যাই হৌক তিনি পিতা।

বিজিত। পিতা! যে পিতা—কি আশ্চর্যা যুবরাজ। বাৰ ছেলের .প্রতি বিরূপ হয় ? যে বাপের কাজ ছেলে মানুষ ক'রে ভোলা, নিজের ম্বথ, শান্তি, স্বাধীনতা, ছেলের ভবিয়াতের পায়ে বলি দেওয়া। সেই বাপ যথন ছেলের বিপক্ষে দাঁড়ায়, সে কি অস্বাভাবিক ব্যাপার বল দেখি বিজয়।

বিজয়। বাবার অভাবই ঐ রকম। নিমেষের অদর্শনে তিনি আমার হুন্ত ভেবে আকুল। কখনও বা তিনি ঝড়ের মত অন্ধ হন। আবার ক্থনও বা বৃষ্টির ভাষ স্নেহে গ'লে যান। তাঁর স্বভাবই ঐ।

বিজিত। কিন্তু চেলের বিপক্ষে—

বিজয়। না. না. ছেলের বিপক্ষে তিনি কথন নন। বিজয় ব'লতে িনি অভান।

বিশ্বিত। তবে এই কারাগারে নিক্ষেপ-এই-

বিজয়। বিমাতা তাঁকে ঐ রকম করেছেন। তিনি ওরকম কথনও নন বিজিত।

বিভিত। দেই তোমার বিমাতার কবল থেকে তোমার বাবাকে মুক্ত কর্মার জন্মই এই যদ্ধ।

বিজয়। সন্তানকে শাসন কর্মার অধিকার পিতার আছে। কিন্ত পিতাকে শাসন কর্ত্বার অধিকার---

বিজিত। এত শাসন নয়। এ পিতাকে বাঁচান, বাাধিমুক্ত করা— এই পূর্ণচক্রকে রাহুর গ্রাস থেকে উদ্ধার করা।

বিষয়। তিনি কুপিত হয়েছিলেন। নিজের উপর প্রভুত্ব ছিল না-তাই, নহিলে তিনি মেহবান, বিজিত-বড় মেহবান।

বিজিত। তাহ'তে পারে।

বিজয়। তা হ'তে পারে শুরু নগ্ন বন্ধু, তাই ঠিক্। একদিন আমি অভিমানবলে আহার করিনি। প্রামাদ পরিত্যাগ ক'রে নদীতটে দেবদার-মূলে ব'লে আছি, শুন্ত প্রেক্ষণে নদীর তরঞ্গক্রীড়া দেখুছি, আকাশে বকের ঝাঁক উড়ে যাচ্ছিল, হুর্যোর কিরণ নদীবক্ষে নৃত্য কচ্ছিল, দূরে পর্বতশ্রেণী পাহারা দিচ্ছিল-আমি চেয়ে চেয়ে তাই দেখছি। হঠাৎ পিছন দিক থেকে এক কোমল করম্পর্শ অনুভব কর্লাম—সে আমার বাবার করম্পর্শ। আমার গণ্ডদেশে এক কোমল চুম্বন এসে ছড়িয়ে প'ড়্ল-সে আমার বাবার দাদর চুম্বন। আমি ফিরে চাইলাম। অভিমান-কম্পিত স্বরে ডাক্লাম 'বাবা'! বাবা অমনি আমায় জড়িয়ে ধ'রে বল্লেন 'বিজয় ফিরে আয়, আমি বলিছিলাম অন্তায় হ'য়েছে-- ফিরে আয়।' আর কি আমি থাকতে পারি বিজিত, কেঁদে উঠলাম। বাবা কেঁদে উঠবেন। তথন আমরা--দেই সমুদ্রতীরে, সেই মধ্যাক্তে, সেই দেবদারু-চ্ছায়ে, সেই-কি ব'লব বিজিত-যেন আমরা আর পিতাপুত্র নেই. আমরা ছই বন্ধু, ছই থেলার দাথী, খেলার ঝগড়া মেটাতে বদেছি। সেই মিলিত অঞ্জলে আমাদের বিচ্ছেদ—

বিজিত। এখন আর তাভেবে কি হবে ? যুদ্ধে বেরিয়েছি যুদ্ধ শেষ ক'রে তথন দে কথা ভনব।

বিজয়। শোন বিজিত।

বিজিত। শোন্বার অবকাশ নেই।

[প্রস্থান]

## জনৈক ব্যক্তির প্রবেশ।

বিজয়। তুমি বাঙ্গাণী-

১ম ব্যক্তি। হাঁ আমি বালালী। আপনি পাপনিও বি বাঙ্গালী ?

বিজয়। হাঁ আমি বাঙ্গালী—আমার—আপনার নিবাস সিংহপুরে ? ১ম বাক্তি। না মহাশয়, রাজধানীতেই আমার বাস নয়। আমার নিবাস নবছীপে।

বিজয়। মহারাজ কেমন আছেন ?

১ম ব্যক্তি। বেশ আছেন।

বিজয়। আরেরাজপুত্র ৪

১ম বাজিন। নির্বাসিত।

বিজয়। নির্বাদিত নয়। জোটপুত্র বিদ্রোহী। আর কনিট পুত্র ? ষ্বরাজ গ

১ম বাজিন। ভানি না।

প্রস্থান ]

বিজয় ৷ বিদেশে স্থদেশীর মুখ এত প্রিয়—যার সঙ্গে কথা কইতে ষ্মবক্সা কর্ত্তাম, তাকে ডেকে কথা কই। তার একটা কথায় কত কবিই. কত দলীত, কত অর্থ। ঐ একটি বালালী।

## দ্বিতীয় ব্যক্তির প্রবেশ।

বিজয়। মহাশয় বাজালী গ ২য় বাজিক। হাঁ। বিজয়। নিবাস ?

২য় বাক্তি। সিংহপুরে।

বিজয়। মহারাজের সংবাদ জানেন ?

২য় বাক্তি। জানি।

বিজয়। তিনি হুত্ব?

২য় ব্যক্তি। দেখে ত তাই বোধ হ'ল।

বিজয়। আপনার দঙ্গে তাঁর সাক্ষাৎ হয়েছিল? তিনি তাঁর জাষ্ঠপুত্র বিজয়সিংহের কথা কিছু বলেছিলেন ?

২য় বাক্তি। না। মহাশয় আমি আসি।

[প্রস্থান ]

ততীয় ব্যক্তির প্রবেশ।

বিজয়। এই যে একজন বাঙ্গালী—দাড়াও।—তুমি দিংহপুর হ'তে আসছ ?

তর ব্যক্তি। আজে না আমি কাণী থেকে আদৃছি।

বিজয়। মহাশয়ের বাঙ্গালী পোষাক যে ?

৩য় বাজি। আমার হুর্ভাগা।

বিজয়। ছভাগা।

তর ব্যক্তি। হুর্ভাগ্য বৈ কি। আমাদের দেশের লোক একটু সভ্য হ'লেই বাঙ্গালীর চাল্চলন অনুকরণ করে।—তুমি কে ?

বিজয়। আমি একজন বাঙ্গালী।

৩য় ব্যক্তি। তোমাদের রাজা দিংহবাত ?

বিজয়। হামহাশয়।

তম ব্যক্তি। যিনি রাণীর বশ হ'মে নিজের ছেলেকে নির্বাসিত করেছেন গ

86]

বিজয়। তিনি নির্বাসিত করেন নাই। তর বাক্তি। বন্দী করেছিলেন। সেই নীচ, নরাধম, পশুর-বিজয়। সাবধান।

ু তয় ব্যক্তি। চোথ রাঙ্গাচ্ছ ? কিংবা তুমি প্রবাসী। সিংহ্বাছর কীর্ত্তি শোন নাই। সেই ব্রক্তপিপাস্থ, প্রবাতী-

বিজয়। [তাহার গলদেশ ধরিয়া] সাবধান। ু বাক্তি। ছেড়ে দাও।

বিজয়। না. না. মার্জনা কর বিদেশী। আমার অস্তায় হ'রেছে। তয় ব্যক্তি। শুধু অভায় হ'য়েছে ? বেশ একটু অভায় হ'য়েছে। াক্, এবার আপনাকে মাফ কলাম। কিন্তু ফের যদি মহাশয় ঐ রকম দরেন, ত আর মাফ কর্ব না জানবেন। আমার মেজাজ বড় রুক্ষ।

[প্রস্থান]

বিজয়। পিতার অখ্যাতি—আর আমিই তার কারণ। পিতা। মাজ অপরিচিতের কাছে আপনার নিন্দাবাদ শুন্ছি, আর সে নিন্দাবাদ ারের মত এখানে বিধ্ছে। এখন বুঝ্তে পাচ্ছি পিতা, যে আপনাকে দামি কত কত ভালবাসি, কত ভালবাসি।

## বিজ্ঞিতের প্রবেশ।

বিঞ্চিত। মহারাজ দৈর প্রস্তত। ' বিজয়। সৰু বিদায় দাও বিজিত। বিজিত। সে কি মহারাজ। বিজয়। আমি বিজোহ কর্ম না।

বিজিত। রাজ্যে ফিরে যাবেন না ? বিজয় নীরব রহিলেন ব

বিজিত। গৃহহীন প্রতাড়িত হ'য়ে চিরদিন বিদেশে যাপন কর্বেন 🌡 বিজয়। না, আমি পিতার কাছে ফিরে যাব। আমি গিয়ে তাঁঃ পা জড়িয়ে ধর্ম-তিনি গ'লে যাবেন। জানি তিনি গ'লে যাবেন।

বিজিত। কিন্তু সে অঞ্জল আবার তোমার বিমাতার নিখানে উত্তপ্ত হ'মে উষ্ণ বাষ্প হ'মে উঠ্বে। যুবরাজ। যুক্তকর ফ্লেহ ও ভিক্ষার শাকার ধারণ করে। তোমার পিতাকে দেখাও, যে তাঁর স্নেহদান ভিক্ষাদান নয়-এ ন্তায়া অধিকার। নৈলে-

উর্বেল ও অমুরোধের প্রবেশ।

বিজয়। কি সংবাদ উরবেল-ও ভেরীধ্বনি।

উরবেল। বিপক্ষশিবির: বঙ্গরাজ সিংহবাত আদেশ প্রচার কচ্ছেন বিজয়। স্তা। স্তা। কি আদেশ । মহারাজ আমায় ক্ষ করেছেন ? তাঁর বক্ষে আবার আমায় ডাক্ছেন ?

অফুরোধ। নাযুবরাজ।

বিজয়। তবে १

অফুরোধ। মহারাজের আদেশ যে, যে যুবরাজের ছিল্লমুগু নিয়ে গিং মহারাজকে দেখাতে পার্কে, সে সহস্র স্বর্ণমূলা পারিতোধিক পাবে।

বিজিত। কি বিজয়। নীরব রৈলে যে १

বিজয়। এতদূর!—বিজিত আমার মাথা ঘুছে।

বিজিত। বিজয় দৃঢ় হও। এ দৌর্বল্য তোমায় সাজে না। ত বীর। বক্রবাহন অজ্জুনের বিরুদ্ধে যুদ্ধ করেছিলেন। যুদ্ধে জ্ঞাতিত্ব নেই 40

বিজয়। ঠিক্ বংশছ বিজিত।
বিজিত। ঐ শুন ত্রীধবনি। যুবরাজ যুক্তে অগ্রসর হৌন।
বিজয়। যুক্তে অগ্রসর হও। কার্য্য চাই, কার্য্য চাই। না হ'লে
নজের বেদনার ভারে নিজে হয়ে প'ড্ব। আয়ে পারি না। সৈঞা

# দ্বিতীয় দৃশ্য।

\_\_\_(\*)\_\_\_\_

স্থান---লঙ্কা, সমুদ্রতীর। কাল----ও কুবেণীও স্থীগণ। স্থীগণের গীত ।

যাছে ভেদে সাদা দাদা নীবদ সাঁবের কিবনমাবা।
উড়্ছে যেন বিবশোভার গুলুরক্লিন জয়-পতাকা।
আয় লো মোরা সঙ্গে ডেনে, চ'লে যাই ঐ পরীর দেশে;
মলয় হাওরার গা চেলে দেই, নীল আকাশে মেলিরে পাথা।
দেখুনা কেমন দেখুতে মালুব, দেখুনা কেমন দেখুতে ধরা।
কীবনটা কি গুধুই ভাবা, গুধুই নীরম কাব্য করা ?
কি হবে রে দেমব জেনে, নে রে জীবন ভোগ ক'রে নে,
নৈলে ক্লগং গুধুই ধুলো, জীবন গুধুই বিচে ধাকা।

কুবেণী। সন্ধ্যার কিরণ আদি' চুম্বিছে ধরণী তরঙ্গিত নীলদিন্ধ কাঁপিছে আলোকে জুমেশিয়া। সতাস্থি।

কুবেণী। সমুদ্রশীকরম্বিগ্ধ বহিছে বাতাস

শিহরিয়াকলেবর।

জুমেলিয়া। স্থন্ব বাতাস!

কুবেণী। স্থনর । স্থনর স্থি ? বিষাক্ত বাতাস।

জুমেলিয়া। কেন স্থি।

কুবেণী। না, না ভ্ৰম! এ বাতাস নহে, এ বাতাস নহে স্থি-

জ্মেলিয়া। তবে ?

কুবেণী। কণ্টকিত শৃত্য স্থল, অলক্ষ্যে বিস্তৃত

বুশ্চিক-দংশন-জালা।

জুমেলিয়া। কি আশ্চর্যাস্থি।

কুবেণী। কেন, কি আপ্চর্যা সথি ?

জুমেলিয়া। হতাশ প্রণয়ে

শুনি এইরূপ হয়; দাম্পতা কলছে

এইরপ হয় শুনি: অন্তিমে পাপীর

এইরপ হয় শুনি। কিন্তু স্থে, সুথে

কনকপালফে শুয়ে রাজভোগ দেবি' নিঘর্মার এইরূপ হয়—সে সঞ্জনি

এ প্রথম দেখ্লাম। এ নৃতন ব্যাপার।

কুবেণী। নুতন ব্যাপার বটে।

বালিকা বয়সে হেন অফুভব আমি

কখনও করি নাই। একি অন্থিরতা-

একি ব্যাকুলতা—সথি বুক্তে না পারি। কলে কলে থেন বা নিখাস রোধ হ'রে আসে সথি।

জুমেলিয়া। কাহারে কি ভালবাদিয়াছ ?
কুবেণী। আমি ভালবাদিব ! দে ধাতু দিয়ে গড়েন নি কভু
বিধাতা আমারে,। ভালবাদিব কাহারে ?
কে আছে জগতে, পারে এ ভালবাদার
বহিতে উদ্দাম ভার ? কে আছে জগতে,

সহিতে পারিবে তার প্রবল ঝটকা গ

জুমেণিয়া। কেহ নাই ?

কুবেণী। কেহনাই।

জুমেলিয়া। অসীম জগতে

কেং নাহি পারে ভালবাদিতে কাহাকে ?

কুবেণী। অসীন জগতে । এরে বল কি জগং ।

এই এক কুদু দ্বীপ । এই দ্বীপটুকু,
তরঙ্গপ্রাচীরে দেরা এই কারাগার,
ইহারে জগং বল তুমি । ধিক স্থি।

জুমেলিয়া। কি হেতু? আর কি চাও?

কুবৈণী। কি চাই শুনিবে ?
আমি চাই ছুটে বেতে অবারিত গতি
অসীম অনন্ত মুক্ত ব্যাপ্তির উপর দিয়া
অমন্ত কিরণে। চাই চলিয়া যাইতে

দলিয়া চরণতলে ঐ ঘন নীল
প্রদারিত উদ্বেলিত ক্ষীত সঙ্কৃচিত
প্রখাদিত সমৃদ্রের তরঙ্গগর্জন।
আমি চাই দেখিতে কি আছে পরপারে—
কি গুপ্ত দৌন্দর্যা রাশি, বিচিত্র সঙ্গীত,
বিশাল আলোক ছন্দ, মৃহ গন্ধবহ—
কিন্ত হার! সে বাসনা মরে গুমরিয়া
নিভ্ত অন্তরে।

জুমেলিয়া। ঐ রাজপুত্র আসে।

কুবেণী। কে আসে ?

জুমেলিয়া। কুমার।

कूरवनी। अञ्चरमन ?

জুমেলিয়া। জয়সেন।

কুবেণী। আহ্বক, আসিতে দাও, উন্মাদ প্রলাপ তার

ভাল লাগে। রাজপুত্র নিরীহ সরল।

জুমেলিয়া। তুমি সর্ব্বনাশ তার করিয়াছ সথি! কবেণী। কেন, আমি কি করেছি ?

कुर्यका। एक, जान (क कट्या कुर्मालवा। याहा कतिवात,

ঐ রূপ আঁকিয়াছ \_চিত্তপটে তার।

২ সথী। তদবধি তার চক্ষে নিদ্রা নাই আর—

৩ সথী। কুধা নাই, তৃফা নাই, কর্ম নাই ভার,

পাগলের মত চাহে, উন্মাদের মত

কথা কহে, বাতুলের মত সদা হাসে, রমণীর মত কাঁদে।

কুবেণী। কেন সহচরী ?

হংগো। তেন নহচর। 

s স্থী। হতভাগ্য পুরুষের স্থভাব স্থজনি !

যদি কোন রমণীর— অবশ্য যুবতী—

যুবতীর নাসা হয় তিলফুল সম

চকু হয় নীলপদা-পলাশ-সলাশ

আজামুলম্বিত ঘন কুঞ্চিত চিকুর
পক্বিম্ব সম রক্ত সরস অধর

আর ধাবি কোথা ! তায় দেখিয়া স্বজনি

বায়ুবেগে যেন তার ঘূণিত মন্তক
ঘন ঘন হংকম্প, উন্মন্ত ইইতে
সমুভত—বিমুদ্ভিত।

কুবেণী। বুঝিতে পারি না

কি হেতু তাহার এই অবস্থা সঞ্জনি !

১ সথী। তুমিই কারণ তার---

কুবেণী। আমিই কারণ ? কি প্রকার ?

২ সথী। তুমি হায় করিয়াছ তার সর্কনাশ সথি !

কুবেণী। আমি १

৩ সথী। রূপবিদ্ধ করি' তাহাকে-বেচারী।

৪ স্থী। আহা—নেহাইৎ বেচারী

কুবেণী। কি বলিলে জুমেলিয়া । এই জয়দেন— ভালবাদে আমারে দে।---

১ সথী। ভালবাসে সথি---

কুবেণী। কুগ্রহ তাহার তবে অতি সল্লিকট।

১ স্থী। কি হেতু?

কুবেণী। পতন্ব যবে চাহে ঝাঁপ দিতে জ্বত্ত অন্ত্ৰে, তার কি ঘটে স্বজনি ?

১ সথী। মরণ १

कूरवर्गी। মরণ স্থি। ভবনে রমণী আছে যারা, চায় শুদ্ধ-

#### जग्रामानद्र श्रावन ।

কুবেণী। কি সংবাদ জয়দেন ?

জয়দেন। একটা খ্রামাপাথী ঐ গাছে ব'দে ছিল।

কুবেণী। ছিল নাকি ? তারপর কি কল ? শিষ দিল না ?

জয়দেন। উড়েগেল।

কবেণী। বেশ করেছে। আর কোনও সংবাদ আছে জয়সেন 🔊

জন্মন। আমি গান গাইতে জানি।

কুবেণী। জান ? একটা গাও দেখি।

জয়সেন একটি গীত আরম্ভ করিতেই কুবেণী ভাহাকে থামাইর' কহিলেন "তোমার শ্বর বেশ মিয়—"

জন্মন। ( সাগ্রহে ) মিষ্ট ? আমার গান শেখাবে ?

কুবেণী। শেথাব। তুমি পড়াগুনো কথন কিছু করনি কেন ?

জয়দেন। আমি তোমার কাছে শিথ্ব।

কুবেণী। আমি কি তোমার গুরুমহাশর ?

জয়দেন। তুমি আমায়—তুমি আমায় ভালবাদ না ?

কুবেণী। বাসি বৈকি। আর ভূমি?

জয়দেন। আমি ? কুবেণী ! জান কি---

কুবেণী। কি ?

জয়দেন। তুমি আমার কুবেণী। ভাষার প্রকাশ কর্ত্তে পার্চিছ না। আমি তোমার পানে চাইলে—তার উপরে অশিক্ষিত। কিন্তু শিথিরে নিও কুবেণী। তোমার কাছে—কুবেণী তুমি আমার বিয়ে কর্ব্বে ?

[কুবেণী উচ্চ হাস্ত করিলেন]

কুবেণী। তোমার বিষে কর্ম আমি ? জয়দেন এ থেয়াল তোমার মনে এল কোথা থেকে ? ওকি কাঁদ্ছ কেন ভাই ? এস চোথের জল মুছিয়ে দিই। যাও বাড়ী যাও, ছোট ভাইটি আমার। আমি বিষে কর্মার জন্ম তৈরি হই নাই।

কালদেন ও বস্থমিত্রার প্রবেশ। বস্থমিত্রা। কুবেণী এথানে ? আমি সমস্ত দিবদ অবেষণ করিতেছি তোমারে প্রাসাদে। কুবেণী। কেন মা ? কাশসেন। কুবেণী! তুমি রাজার নন্দিনী, নিতাস্ত বালিকা নহ; সাজেনা তোমারে এই হীন আচরণ—

কুবেণী। [উঠিয়া] হীন আচরণ ! মহাবাল—

কালসেন। অকস্মাৎ একি ! উঠিলে যে
দলিতফ্ণিনীসম ফণা বিস্তারিয়া ?
হীন আচরণ আমি কহি পুনরার।
বয়স্থা কুমারী তুমি, ছাড়িয়া প্রাসাদ
ভ্রম অবারিতগতি কান্তারে, প্রাস্তরে,
সাগ্রুইসকতে, বনে, পর্ব্বত-শিবরে।

কুবেণী। এইমাত্র । সত্য কথা, তাহাতেও আমি
তৃপ্ত নহি মহারাজ ! দেহের বন্ধন
বাঁধিয়া রেখেছে মর্জো, দৈহিক দৌর্জলা
আমারে করেছে বন্ধী। নহিলে ভূপতি !
আমি চ'লে যেতে চাই, দলি' পদতলে
ত মহানীল সিন্ধু, ভেসে যেতে চাই,
পক্ষ বিস্তারিয়া ঐ দূর নীলাকাশে—
যতক্ষণ চক্ষে মম এ ক্স পৃথিবী
নাহি ল্পু হ'রে যায়। ছুটে যেতে চাই,
নক্ষত্রমপ্তল হ'তে নক্ষত্রমপ্তলে;
জীবন হইতে মৃত্যু, মরণ হইতে

জীবনে: আবার জন্ম হ'তে জনান্তরে; জান কিহে মহারাজ! নিয়ত আমার জীবন, হ্রদয়, প্রাণ-নিয়ত আমার-দগ্ধ হ'য়ে যায় খেতদীপ্ত বহ্নিসম তীব্ৰ আকাজ্যায়, নিতা ক্ষয় হ'য়ে যাই, कान कि, कान कि ? ना, ना, ज्यि कि कानित्द ?

কালসেন। স্তব্ধ হও। আসি নাই শুনিতে হেখায় ভোমার প্রলাপ।

কুবেণী। তবে १

বস্থমিত্রা। কহিতে তোমার

কর্ত্তবা তোমার ক্যা---

কুবেণী। কর্ত্তব্য আমার।

ব্রিয়াছি পিতা। কহ কর্ত্তবা আমার ব্রিয়াছ যদি। আমি কিছু ব্রিনাই।

বস্থমিতা। কুবেণী বিবাহ কর।

কুবেণী। বিবাহণ বিবাহণ

বন্ধনের উপরে বন্ধন। সাধ করি' মূপকাঠে গলদেশ বাড়াইয়া দিতে অধন পশুর মত। ক্ষমা কর মাতা। বদ্ধ আছি কারাগারে, তত্তপরি বেড়ি

দিও না চরণে বাঁধি' দিও না জননি।

কালদেন। কি কহিছ রাজকরা।

কুবেণী। তুমি বুঝিবে না। কালসেন। শুন ক্যা! তোমারই মঙ্গল কামনায় কহি আমি, কর পরিণয়। কুবেণী। কি কারণ ?

> মহারাজ ! কি করেছি আমি— কোন মহা অপরাধ প

কালসেন। কর পরিণয়। করিয়াছি পাতা স্থির। কুবেণী। [চমকিয়া]পাতা স্থির! কে দে পাতা? কালসেন। স্থবরাজ।—ওকি?

হাস কেন গ

কুবেণী। জন্মসেনে বিবাহ করিব ?

আমি রাজক্সা। এ ত পরম কৌতৃক— কানসেন। কৌতৃক কুবেণী— কুবেণী। অতি, অতি হাস্তকর। কালসেন। কি হেতৃ কুবেণী ?

কুবেণী। চেরে দেখ মহারাজ !
আমার মুখের পানে, আর তারপর—
তোমার পুত্রের পানে। তারপর যদি
কহিতে গঞীর ভাবে পার মহারাজ !
'এই জয়সেনে কর বিবাহ কুবেণী'

—বিবাহ করিব—সত্য বিবাহ করিব।

--একি হাস্তকর কথা।

কালদেন। কিনে হাস্তকর ?

জয়দেন এ লন্ধার ভাবী অধিপতি—

কুবেণী। যেইরূপ অধিপতি তুমি মহারাজ?

বস্থমিতা। ছি কুবেণী। কি কহিছ? ইনি পিতাতব।

কুবেণী। কি স্বত্বে জননি ?

বস্থমিতা। ধীরে ধীরে কথা কহ।

কুবেণী। পিতা কি পুত্রের দঙ্গে আপন কন্তার

বিবাহ প্রস্তাব করে ? ইনি পিতা মম !

এই ক্ষুদ্ৰ জীব, এই পথের ভিক্*ক* !

পথের কর্দম হ'তে তুলিয়া যাহারে

বদায়েছ তব পার্শ্বে—ইনি পিতা মম !!!

হইতে পারেন তিনি নরপতি তব

কিল নয় মম পিতা-- হয় নাজননী।

কালদেন। আমার ক্ষমতা তুচ্ছ করিছ কুবেণী?

কুবেণী। ইহাই প্রকৃত কথা। এক পিতা চিনি—

যাঁহার আদেশ ভুলে লইতাম শিরে

क्रेश्वरत्रत्र व्याख्या नग, यात्र উপদেশ

কৌস্তভ-রত্নের সম রাথিতাম হৃদে :

ক্ষেহের আহ্বানে যাঁর ছুটিয়া যাইয়া

ধরিতাম পদ্যগ, যাঁর অঞ্ছিল

আমার বর্ধার রাত্তি, ছিল হাস্ত থার

শরতের রঞ্জিত প্রভাত, ছিল থার

জ্ঞানগৰ্ভবাণী — সম সমূদ্ৰ সঙ্গীত;
ভূইস্বর মিইতর — বসন্তের নব
পল্লবিত মূহ্তম মর্মারের মত।
ক্রচ্ বাণী বজ্ঞাঘাত; সেই পিতা চিনি —
সেই এক পিতা চিনি। তিনি স্বর্গে। আর —
অন্ত পিতা চিনিনাক; মানিব নাকভূ।

কালদেন। চিন, নাহি চিন বালা, করিতে হইবে— পালন আদেশ তার।

কুবেণী। তার পূর্বের রাজা আমার গলায় দড়ি দিব।

কালসেন। অত্যত্তম !

বস্থমিত্রা! কন্তা তব অবাধ্য, ম্পদ্ধীয় টানিয়া আনিছে রাণী মৃত্যু আপনার।

বস্থমিতা। ক্ষান্ত হও মধারাজ ! আমি বুঝাইব — অবোধ কলার প্রভু!

কুবেণী। মা! আজি প্রথম

শুনিলাম এই রাজ-ভিকুকের কাছে
কাতর কম্পিত এই কাকুতি ভোমার।
তবে কি সতাই তুমি দাসী এ প্রাসাদে,
আর প্রভূ এই তব নৃতন ভূপতি ?
—কি! নীরব রহিলে যে ?—ওহো বুঝিয়াছি,—
বুঝিলাম কর্ত্তব্য আপন।

বন্ধমিতা। বুঝিয়াছ—

ব্রিয়াছ প্রাণাধিকা চুহিতা আমার গ

কুবেণী। থাকুক—উচ্ছ্াদে কাজ নাই মহারাণী !
বুঝিয়াছি কওঁবা আপন। এতদিন
জানিতাম তুমি রাঞী। আজ বুঝিলাম,
গিরাছে দে পদ তব। আজ তুমি দাসী
আপন প্রাসাদে। তবে রাঞী ব'লে ডাকি,
ভদ্ধ সৌজতের জন্ত-শৃত্য স্থোধন।

কালসেন। ব্রিয়াছ—
পালন করিতে হবে আদেশ আমার ?
কুবেণী। না—ভা বৃঝি নাই, তবে বৃঝিয়াছি স্থির,
এথানে আমার স্থান নাই!

ভানিলাম কর্ত্তবা আপন।

বহুমিতা। সেকি কভা!

কুবেণী। পিতৃহীনা আমি মাতা, ভাবিয়াছিলাম মাতা আছে, তাঁর ক্রোড়ে পাইব আশ্রম, তাঁর বক্ষে দিক্ত মূথ লুকারে কাঁদিব। ভাবিয়াছিলাম, তবু আছে একজন আমার সংসারে, পারি কহিতে যাহারে নিভ্তে প্রাণের কথা। দেখিলাম নাই, কেহ নাই সংসারে আমার। পিতা নাই— ছিল মাতা, তাও নাই। জানো কি জননী—
জানো কি ? না, তুমি কি জানিবে ? এও তাল
বাসিতে না কভু, ভালবাসিতে শিখনি—
কৌমার্য্যে হারাওনি একদঙ্গে পিতা মাতা।
বিলাসে জনম তব, বিলাসে বর্দ্ধিতা,
বিলাসে বিবাহ তব, বিলাসে বিধবা,
বিলাসের আদরিনী তুমি, কি বুঝিবে এ মুহুর্ত্তে
জানার মর্মের ব্যথা।

বস্থমিতা। কুদ্ধ হইও না— কুবেণী। না, না কুদ্ধ হইব না;

উদ্ধতের প্রতি ক্রোধ সম্ভবে জননী!
ক্রোধ না সম্ভবে অতি পতিতের প্রতি।
তোমার উপরে ক্রোধ—জানো কি জননী!
তোমার এ দাস্ত দেখিতেছি, মন্ত্রমুগ্ধ
উচ্চফণা ফণিনীর ধ্লাবলুঞ্জিত
দেখিতেছি এই শির, আর মরিতেছি
মর্দ্মে ধর্মা গুমরিয়া।

কালসেন। কি করিলে স্থির ?
পালিবে কি পালিবে না আদেশ আমার ?
কুবেণী। তোমার আদেশে মহারাজ। পদাঘাত করি।
তোমার আদেশ। কমা কর মহারাজ।
কিন্তু কেন বুথা কর উত্তেজিত মম

শৃঙ্খলিত ক্রোধের শার্দ্দে। মানিব না
তোমার আদেশ কভু; যাহা ইচ্ছা কর।
কালদেন। রাখিব তোমারে বন্দী করিয়া বালিকা।
কুবেণী। আমারে করিবে বন্দী! [হাস্ত] শুনিয়াছ কভু
কেহ বাঁধিয়াছে দিল্ল-তরঙ্গ নর্তনে,
কেহ করিয়াছে বন্দী দীপ্তি দামিনীর
প্রান্ধ মেঘের রোল—ঝকার গর্জনে 
লকার রাজীর পতি! তোমার এ আন্দালন
তুচ্ছ জান করি। কিন্তু রহিব না আমি
আগুলিয়া ক্রোধভরে তোমার দম্পৎ—
তোমার স্থের পথ। দেখিবে না আর
কুবেণীর ক্রগুছায়া লকার প্রাসাদে।
বস্থমিত্রা। দে কি কন্তা? কোথা যাবে?
কুবেণী। কোথার জানি না! কিন্তু কোথা নহে জানি—

বস্থমিত্রা। দে কি বংগে!
কুবেণী। জননী বিদায় তবে।
বস্থমিত্রা। দে কি কুবেণী; আমারে
ছাড়িয়া কোণায় যাবে অবোধ বালিকা?

গৃহে চল বালা—
কুবেণী। গৃহ, গৃহ নহে আর
ফেইথানে মেহ নাই। জন্মভূমি নহে

জন্মভূমি—আর: ষেইথানে স্নেহ নাই, যেইখানে স্নেহ নাই, মাতা নহে মাতা। —জননী। বিদায় দাও।

**প্রি**স্থান ী

# তৃতীয় দৃশ্য।

স্থান-কারাগার। কাল-মধ্যাহ্ন। সিংহবাছ ও অনুরোধ।

সিংহবান্ত। আমি কার বন্দী বলে ?

অফুরোধ। মহারাজ বিজয়সিংহের।

দিংহবাভ। মহারাজ বিজয়দিংহ। কোথাকার মহারাজ গ

অনুরোধ। বঙ্গদেশের মহারাজ।

সিংহবাত। বঙ্গদেশের মহারাজ ত আমি।

অমুরোধ। আছ্রে—

সিংহবান্ত। বল "মহারাজ।" বঙ্গদেশের মহারাজ একা আমি ব্রহ্মাণ্ডের উপরে এক ঈথর—ছই ঈথর নাই। আকাশে এক ক্র্যা: বাজ্যের এক রাজা। গৃহের কর্তা একজন, তল্পন হয় না। যতদিন জীবিত আছি, বঙ্গদেশের রাজা একা আমি।

অন্তরোধ। আর বিজয়সিংহ १

সিংহবাছ। দস্তা। যে এই সোণার বঙ্গভূমি লুঠ করে' নিয়েছে. ৬৬ ]

আমার রাজ্য কেড়ে নিয়েছে। কিন্তু মাণিক—এ চুরি গেলেও সেই मानिक, मानिक हे थारक ! व्यामि পরাজিত হই, পদচাত হই, वन्ती हहे. যা'ই হই-যত দিন বেঁচে আছি, একা আমি মহারাজ। বিজয়সিংহ নয়, মনে রেখ।

অনুরোধ। বিজয়সিংহ আপনার পুত্র।

সিংহবান্ত। বাপ বেঁচে থাকতে মহারাজের পুত্র মহারাজ হয় না.— যুবরাজ হয়। মহারাজ আমি।

অনুরোধ। উত্তম, পদবীর বিচার কর্ত্তে এখানে আসি নাই। মহারাজ বিজয়সিংহ বলে' পার্মিয়েছেন—

সিংহবান্ত। বল যুবরাজ বিজয়সিংহ।

অনুরোধ। তিনি বলে' পাঠিয়েছেন---

সিংহবান্ত। আগে বল যুবরাজ বিজয়সিংহ বলে' পাঠিয়েছেন; নৈলে, চলে' যাও। আমি তোমার কোন কথা শুন্তে চাই না। চলে' যাও---অহুরোধ। আজ্ঞে আমি ভৃত্য মাত্র।

সিংহবাত। আমার কাছে কেউ নাই যে এই ব্যক্তিকে কার্মনা শেখার ? মহারাদ্দের দঙ্গে কথা কৈতে, আগে জাতু পেতে মহারাজ বলে' ञ्चक कर्ल्ड इष्त । वल भश्रदाख, युवदाख विकासिनः स्टियन कर्द्य পাঠিমেছেন যে—ভারপর বলে' যাও।

অনুরোধ। উত্তম, যুবরাজ বিজয়সিংহ বলে' পাঠিয়েছেন যে, তিনি একবার মহারাজের সাক্ষাৎ চান। যদি মহারাজ দল্লা করে' একবার---রাজসভায় আসেন---

সিংহবাহু। রাজসভায় ?

অমুরোধ। অর্থাৎ যুবরাজের কাছে আদেন।

সিংহবাত। কে যাবে ? কার কাছে ? মহারাজ যাবে,—যুবরাজের কাছে ?—বলগে যুবরাঞ্জকে, যে এরকম দস্তর নাই। তার কিছু আবেদন থাকে. এখানে এসে প্রকাশ করুক।

অমুরোধ। এ কারাগার---

সিংহবাত। আমি যেখানে থাকি সেখানেই আমার রাজত্ব। এই কারাগারই এখন আমার রাজ্য। আর এই সিন্দুক [বসিয়া] আমার সিংহাসন। এথানে বসে' আমি তার নিবেদন গুনবো।

অনুরোধ। তবে মহারাজ এইথানেই তাঁর সঙ্গে দাক্ষাৎ কর্মেন ? সিংহবান্ত। এইথানেই।—যাও!—না—যাও, তাকে এথানে পাঠিয়ে দাও। আমি তার বক্তব্য গুনবো।

অনুরোধ। যে আজো মহারাজ।

(প্রস্থান )

সিংহ্থান্থ। এতদুর দর্প হয়েছে তার! এত দন্ত! [কুদ্ধভাবে পরিক্রমণ ী

#### স্থরমার প্রবেশ।

সিংহবাছ। কে। স্থরমা। আমি স্থরমা। সিংহবাত। সুরুষা কে १ স্তর্মা। আপনার ক্লা স্তর্মা। দিংহবার । ও:-এখানে কি প্রয়োজন ?

স্তরমা। কলা পিতার কাছে কি বিনা প্রয়োজনে আদে না ?

সিংহবাছ। তোমায় তারা বন্দী করেনি ?

স্থরমা। ভাই ভগীকে বন্দী কর্বে।

সিংহবাছ। না! শুধু পুত্র পিতাকে বন্দী কর্বে। এই মানব ধর্ম শাস্ত্রে লেখে—না ৭

স্থরমা। আপনি বন্দী १

সিংহবাত। এই দেখ স্বরমা। তারা আমার পারে শেকল পরিয়ে দিয়েছে, হাত বেঁধে দিয়েছে। অশ্রুগদগদস্বরে হাত বেঁধে দিয়েছে. এই দেখ ।

#### বাণীর প্রেবেশ।

রাণী। কাঁদছ ? মেয়ের গলা ধরে শিশুর মত কাঁদছ মহারাজ। ছেলে বাপের উপর চোথ রাঙায় আর বাপ কাঁদে—এই আমি প্রথম দেখলাম।

স্থবমা। কার কুমন্ত্রণায় এই রক্ম হয়েছে মা ?

রাণী। আমার গ

অরমা। নিশ্চয়ই'; দাদা আমার তেমন দাদা নয়-বাবা বলে অজ্ঞান। তমি বাপকে ছেলের পর করেছ, ছেলেকে বাপের বিরুদ্ধে উত্তেজিত করে' তুলেছ, ছটো স্নেহার্দ্র হৃদয়কে আগুন করে' তুলেছ। ধক্ত ভূমি।

রাণী। মায়ের প্রতি ক্যার উপযুক্ত উক্তি বটে, উচিত আচরণ বটে। ছদ্দিনে স্থক জা সাম্বনা দেয়, ভর্পনা করে না।

অর্মা। সান্তনা।—তাই দিতে এসেছিলাম, আমার সহবেদনার অশ্রজনে পিতার হান্যের ক্ষত ধুয়ে নিয়ে স্নেহের প্রলেপ নিতে এসেছিলাম,

কন্ত বঙ্গের মহারাজের--আমার পর্ম গ্রেহাস্পদ পিতার হাত বাঁধা দেখে মামার নিজের অশ্রু শুকিরে গেছে। বাবা—ভোমার এ অপমান!

রাণী। এই পুত্র বলতে মহারাজ চিরদিন যে অজ্ঞান! রাজ্যের ভতরে তার হর্দান্ত উপদ্রবে রাজ্যকে অরাজক করে' তারপর—রাজ্যের াহিরে গিয়ে সেই অরাজক রাজ্যকে ভেঙে চুরে ভাসিয়ে দিতে বসেছে। এপুতে নাশক্ত গ

সিংহবান্ত। কথা কোরোনা রাণী।

রাণী। কেন কৈব না---

সিংহবান্ত। চুপ।

হুরমা। বাবা।

সিংহবান্ত। চুপ স্করমা। আমার মধ্যে রক্তন্সোত টগবগ করে' ফুটছে. থাথায় আগুন ছুটেছে। আমি বিজয়ের কৈফিয়ৎ চেয়ে পাঠিয়েছি।

রাণী। সে কৈফিয়ৎ দেবে। সে এতক্ষণ দস্তা-পরিবৃত হ'য়ে রাজ-সংহাসনে বসে' বিজয়ের অট্টহাস্থ ধ্বনিতে সভাগৃহ ধ্বনিত কছে : সে পিতৃহত্যার মন্ত্রণা কচ্ছে।

স্থরমা। অসম্ভব।

রাণী। বাজার দিকে অঙ্গলি নির্দেশ করিয়া। এ সম্ভব বিবেচনা করেছিলে ? তোমার পিতার হাতে রজ্জু, পায়ে শিকল-এ সম্ভব ভেবেছিলে স্থরমা।

স্তরমা। মা ভূমি আবার কি মন্ত্রণা কচ্ছ ? আর কি সর্ধনাশ কর্ব্বে ? রাণী। আমি ত সর্বনাশই কর্চি। আর তোমার গুণনিধি ভাই রাজ্যের ইষ্টদেব, পুণ্যের কল্পতক-

সিংহবান্ত। চুপ্--বিজয়সিংহ আদৃছে।

অমুরোধ ও উরবেলের সহিত বিজয়সিংহের প্রবেশ।

স্তরমা। দাদা। দাদা। একি ?

বিজয়। কি হুরমা ? দাঁড়াও।—বাবা—[প্রণাম]

রাণী। উত্তম অভিনয়।

বিজয়। কে মহারাণী। মহারাণী মহারাজার কক্ষে কেন অনুরোধ ? মহারাণীকে কক্ষাস্তরে নিয়ে যাও উরবেল।

উরবেল। আন্তন মহারাণী।

স্থরমা। দাঁড়াও। দাদা। এসব কি ? তোমার দ্বারা এও বি সভব ?

বিজয়। কি সম্ভব নয় স্থারমা ? যে একটা তঃখাচ্ছন্ন পরিবারের শনি হ'য়ে প্রবেশ করে, যে মাতৃহীন অভাগা পুত্রের কাছে থেকে তার বাপকে ছিনিয়ে নেয়, পুত্রের অন্ধকারে সেই এক দীপ, তাও নির্বাণ করে', তাকে অন্ধ করে' দেয়, যে বাপকে ছেলের পর করে, তার প্রতি কি অন্তার আচরণ হয়েছে ভগ্নী।

স্তর্মা। কিন্ত--

বিজয়। দাঁড়াও।—হাঁ সমূচিত আচরণ এখনও হয় নি। দেখুবে। পরে দেখবে-এখনও হয় নি।

স্থরমা। কিন্তু মহারাজের প্রতি १---

বিজয়। বিদ্রোহ করেছি ? কেননা দেখেছি ভিক্ষা নিম্ফল।

স্থরমা। কিন্তু তাঁকে এই কারাগারে নিক্ষেপ করে' তাঁর হাতে পাছে শিকল পরানো।---

বিজয়। [সাতিবিশ্বয়ে] সে কি ! [নিরীক্ষণ করিয়া]তাইত। কে বাবার হাত বেঁধে দিয়েছে—অনুরোধ ?

অফুরোধ। আমি ব্রেছিলাম যুবরাজের আজাক্রমে সে কাজ र्वाष्ट्र ।

বিজয়। আমি আজা দেবো বাবাকে বাঁধতে। অনুরোধ। এতদিনে আমায় চিন নি ?

অনুরোধ। যুবরাজ এ আজ্ঞা দেন নি ?

বিজয়। আমি আজা দিয়েছিলাম, রাণীকে বাধ্তে। বাবা! কোন মহাভ্রমে এ কাজ হয়েছে। আমি নিজে এ বন্ধন খুলে দিচ্ছি। উক্তবং কার্য্য বিভী মহারাণীকে পরিয়ে দাও স্করমা !

স্থরমা। সেকি দাদা ?

বিজয়। তুমি বাবাকেও জানো দাদাকেও জানো। যা গোঁ তা কর্বই। দাও পরিয়ে দাও।

সুরমা। এ কাজ আমাদারা হবে না।

বিজয়। তবে আমাকেই এ কাজ কর্ত্তে হোলো বিন্ধন পরাইয়া দিলেন বিথানেই শান্তির শেষ নয় মহারাণী ৷ কাল প্রজাবর্গ সমকে মহারাণীর মন্তক মুগুন করে' সহরের বাহির করে' দেওয়া হবে। নিয়ে যাও মহারাণীকে। অনুরোধ মহারাণীকে লইয়া গেল ]

বিজয়। এখন, বাবা আমার নিবেদন আছে।

সিংহবান্ত। বন্দী অবস্থায় আবেদন শোনা দস্তর আছে কি বিজয়-সিংহ १

विक्रम। महाबाक वनी नन। महाबाक शृद्धि यक्तभ मूळ हिलन, 192]

আঞ্জ তেমনি মুক্ত। শুদ্ধ মহারাণীর সমক্ষে যাবার অধিকা নাই।

সিংহবান্ত। কার আজায় ?

বিজয়। আমার আভায়।

সিংহবাত। আমার চক্ষের সম্মুখে তোমার হুকুম খাটাচ্ছ বালক। স্পর্কা বটে ! যে পিতার হাত পা বাঁধ্তে পারে, সে কি না পারে গ

বিজয়। আমার আজায় কি জ্ঞাতসারে এ কাজ হয় নি। আমায় বিখাদ করুন মহারাজ।

मिश्रवाद्य। <होक ना <होक, <p> करे कथा !

বিজয়। আনায় মার্জনাকরন।

সিংহবাত। তারপর १

বিজয়। আমার আবেদন শুরুন।

সিংহবাছ। বঙ্গের মহারাজ সিংহাসনে বসে' আবেদন শোনে।

বিজয়। উত্তম, তবে তাই শুনবেন। বঙ্গের সিংহাসন অধিকার করে' বসি নাই-রাজ্যে আমার স্পৃহা নাই। শুদ্ধ এক অধিকার চাহি। সে অধিকার থেকে কেউ আমায় বঞ্চিত কর্ত্তে পাবে না। মহারাজ নিজেও নয়।

সিংহবাত। বিজয়সিংহ, তুমি রাজদ্রোহী। তার বিচার কর্ম। তারপর তোমার আবেদন শুনবো।

বিজয়। উত্তম, বিজিত। মহারাজ মুক্ত ও স্বেচ্ছাগতি। প্রণাম মহারাজ। (প্রস্থান )

সিংহবাছ। সেই দর্প! সেই অভিমান! আমার পত্তর গলে'

াছে। আমার হৃদর গলে' যাছে—আমার পুত্র বটে ! হরমা ! কন্তা यांगांत्र ।

স্থরমা। বাবা। দাদা মহৎ, তাঁকে ক্ষমা করুন। সিংহবাত। রাগ জল হ'য়ে গেল-জল হ'য়ে গেল।

# চতুথ দুশা।

--:\*:---

কাল্সেন ও বিরূপাক কথোপকথন করিতেছিলেন।

কালদেন। কুবেণীর কোন সন্ধান পাও নাই ?

বিরূপাক। নামহারাজ।

কালসেন। থোঁজ করেছ ?

বিরূপাক। করেছি। নগরে, প্রান্তরে, পর্বতে, গ্রামে, অরুণ্যে, সর্বতে থোঁজ করেছি।

কাল্সেন। যাও।—না, শোন। হারীতকে সপরিবারে ধরে আন।

বিরূপাক। যে আজে মহারাজ।

কালদেন। তাকে সপরিবারে শূলে দেবো। তার গচ্ছিত সম্পত্তির সন্ধান এবার দেখ কিনা দেখি। যাও ধরে নিয়ে এস।

বিরূপাক। যে আজ্ঞা। [প্রস্থান]

कालरमन। असारमञ्जू म्लाइ क्लंडिंग क्लंडिंग क्लंडिंग 18 ]

কর্ব। আম পুড়িয়ে ছারথার ক'রে দেবো। চরম রাজত্ব কর্চিছ। কে ? জয়দেন १

উদল্রাস্ত ভাবে জয়দেনের প্রবেশ।

कांगरमन। खर्रमन। এ दिन।

জয়দেন। তাইত মহারাজ। বদলে আসি। (গমনোগুত)

কালসেন। দাঁড়াও—শোন জন্মসেন। তোমার দিন দিন পাণ্ডর মুখ, শীর্ণ তত্ত্ব, অপাঞ্চে কালিমা—তোমার হয়েছে কি প

ब्बरमन। देक ! कि श्रव्यक्त ?

কালদেন। থেতে পাওনা ?

জয়সেন। পাই বৈ কি ? মহারাজ। কুবেণীর সন্ধান পেয়েছি।

কালদেন। সেকি। কোথায় কুবেণী ?

জন্মেন। জলধির তলে।

কালসেন। সে কি १

জয়দেন। দেখেছি। কাল সন্ধাবেলায় সমুদ্রের কূলে দাঁড়িয়ে ছিলাম-- তাকে দেখলাম।

### দরে বহুমিতার প্রবেশ।

কালদেন। সেকি।

জন্মদন। কুবেণী সিন্ধু থেকে ক্র্যোর মত উঠ্ল। তারপর সমুদ্রের ভপর দিয়ে হেঁটে এসে আমার হাত ধল, আমার পানে আনেক ক্ষণ চেয়ে রৈল। তারপর ধীরে ধীরে গিয়ে জলধির জলে আবার মিলিয়ে গেল। তারপর আকাশ পানে চাইলাম। দেখানে দেখলাম, উচ্ছল কনক বেশে ভৃষিত কুবেণী-শেষে আকাশে মিশে গেল।

কালদেন। কি বল্ছ জয়দেন। প্রলাপ বােকো না।

জয়দেন। সত্য দেখলাম।

কালসেন। যাও বেশ পরিবর্ত্তন করে' এম।

জয়সেন। মহারাজ। স্পষ্ট দেখুলাম।

কালসেন। যাও জয়সেন।

किश्रामन धीरत धीरत श्रीका कात्रण ।

কালসেন। গুনলে বস্থমিতা?

বস্থমিতা। [অগ্রদর হইয়া আদিয়া] কুমার উদ্ভাত্ত-প্রেমে !

কালদেন। অসন্তব।

বস্থমিতা। অসম্ভব নয় প্রিয়তম। তুমি প্রেমের গতি বুক্বে কি-যে কথন ভালবাসে নি।

প্রেম গোম্পদের বারি

নহে মহারাজ, প্রেম গৈরিক নির্বর।

প্রেম নছে ক্ষণিকের প্রমোদ উল্লাস,

প্রেম নিজা কর্জোবার জীর্থ দবশন।

কালসেন। বটে, তমি আমায় সেই রকম ভালবাদ ?

বস্থমিতা। বাদি নাণ বাদি। নৈলে তোমায় আমার সর্জ্ঞ অপ্ৰ কৰে পাৰ্বাম না।

কালসেন। বটে !-- কি দিয়েছ ?

বস্তমিতা। ডিভেজিত ভাবে ] কি দিয়েছি জানো না। প্রাণ, মন, দেহ, আআ, লোকলজ্জা, ধর্মভর, বিভব, সম্পৎ, স্বর্ণলঙ্কা,—সব তোমার পারে ঢেলে দিয়েছি। তার পর আবার জিজ্ঞানা কছে কি দিয়েছ ? 95]

কাল্সেন। এত।

বস্থমিতা। তার পর-এই সামার জাতির উপর-এই তুমি রাজ্য কর্চ্ছ, তাদের পদতলে দলিত কর্চ্ছ, তাদের ঘন আর্ত্তনাদ—একটা স্বাতির আর্ত্তনাদ, আমি কান পেতে শুন্ছি, তাদের জননী আমি—দেই আর্ত্তনাদ ভনছি. শিশুর চক্ষে জননীর প্রতি দেই সজল নিফল যাজা দেখুছি. আর কিছ কর্ত্তে পার্চিত না। সে ছঃথ—যে জননী, সেই বুঝে।

কালদেন। কেন আমার হাতে এ রাজ্য দিয়েছিলে রাণী ?

বস্থমিত্রা। কেন গ কেন গ কেন গ তাই আনি বারবার ত জিজ্ঞাদা করি,—প্রভাতে সন্ধ্যায় আপনাকে সেই কথা জিজ্ঞাদ অমনি হৃদয় থেকে একটা আত্মগ্রানির বৃদ্ধ উপর দি গলা টিপে ধরে। নিশীথে ক্বফ আকাশের পানে চেয়ে জিজ্ঞা কেন ? অমনি বিশ্ব জুড়ে অট্ট হাহাধ্বনি উঠে, আর বুকের মধ্যে সমুদ্র চেউ থেলে যায়। তুমিও জিজ্ঞাসা কছে কেন !!

কালসেন। এত যদি অনুতাপ হয় ত, রাজ্য ফিরে নাও, ফিবে নাও।

বম্মিতা। তাকি যার মহারাজ ! রমণী যা একবার দের,—তা কি আর ফিরে নেওয়া যায় মহারাজ। সে যা হারায় জন্মের মত হারায়।

কালসেন। সেটাহছে কি ?

বস্থমিতা। ধর্ম। আমি ধর্ম হারিয়েছি ! ধিক্, শত ধিক্ আমাকে। কালদেন। অনুতাপ হচ্ছে ?

বস্থমিত্রা। প্রথম যৌবনে একাকিনী অসহায়া যুবতী বিধবা,—অঙ্গে कारक जतन योजन ছूटि गाएक, अधर्रात मन्डद मछ, कामना मिन्द्रा পানে জালাময়, অর্দ্ধেক উন্মাদ আমি-একসংস্থ সব হারিয়ে বদে' আছি। তারপর---

কালসেন। তারপর १

বস্থমিতা। এখন আর বলে' কি হবে মহারাজ। তারপর আমার এক সম্পত্তি—আমার শেষ সম্পত্তি বলতে অলস জিহবা জড়িয়ে আসে— আমার একমাত্র সন্তান আমার মৃত পতির একমাত্র স্মৃতিচিহ্ন ;—শেষরত্ন, মুমূর্ব হরিনাম—দেই ক্যাও আমার কামের অনলে আহুতি দিয়েছি !— ওঃ ি খাম মুছিলেন ]

কালদেন। স্থন্দর! নিজের পাপের এমন বিস্তৃত ব্যাখ্যান—মুখস্থ পাঠের মত এমন আবৃত্তি পূর্ব্বে কথন গুনি নি।

বস্থমিতা। দব গেছে। দব নাও। গুধু মহারাজ। আমার ক্যা ফিরে দাও! এক ক্তা নিয়ে বৈধব্য সমুদ্রে ভাস্লাম ;— তারপর কূল পেলাম--ভুজন্ববিষ্টিত ক্রে গহরবদমুল অরণ্য। সে ক্যাটাকে সাপে কামড়াল, ছটফট করে' সে মারা গেল, আমি তাই দাঁড়িয়ে দেখুলাম।

কালদেন। অনুতাপ হচ্ছে ?

বস্থমিতা। না, না-কি বল্ছি ! উন্নাদিনী ! যা গিয়েছে যাক। ত্মি থাক। তোমার ভ্রঙ্গপিছিল গলদেশ জড়িয়ে থাকি। শুক্ত চেয়ে তাওভাল, তাওভাল ! [ ক্ৰন্ন ]

কালসেন। কাঁদ, চির্দিন কাঁদ। এ জ্বানে এ রোদন আর থাম্বে না। তুমি কিছু ওনেছ প্রেম্বদী ?

বহুমিতা। কিছুনা। লঙ্কা সমুদ্রের জলে ডুবে যাক্, এস নাথ! আমরা প্রেমের ভরে আকাশে বিচরণ করি। যা হবার ভা হবে। 94]

কালদেন। কি বলছ প্রিয়ে ?

বস্থমিতা। ডুব্তে বদেছি, ডুব্ব, তুমিও ডুব্বে, আমিও ডুব্ব। এত জাতির রক্তের উষ্ণ চেউয়ে ছন্জনেই ভুব্ব। এস ভুবি। এস এই সম্পদের পর্বভশিথর থেকে হাত ধরাধরি করে' নাচ্তে নাচ্তে গভীর গহবের নেমে যাই। যাক লঙ্কা-রসাতলে যাক।

### উৎপলবর্ণের প্রবেশ।

কালসেন। কি সংবাদ পুরোহিত ?

উৎপল। মহারাজ। আজ আনি পুরোহিতরূপে তোমার কাছে আসিনি।

কালসেন। তবে ? কি রূপে এসেছ ?

উৎপল। জাতির প্রতিভূরণে আজ প্রজাদের দীন আবেদন জানাতে এসেচি।

কালসেন। কি আবেদন ?

উৎপল। তোমার স্বেচ্ছাচার সম্বরণ কর। রাজ্যের পিতার মত রাজা শাসন কর। রাজোর আর নিজের সর্বনাশ ক'র না।

কালসেন। কেন? আমি করেছি কি?

উৎপল। তুমি রাজ্যে দস্তার অধম বাবহার করেছ, লগ্ধার ললনার প্রতি ব্যভিচার করেছ, শিশুপূর্ণ তরণী নিমজ্জিত করে' মজা দেখেছ: আর নগরে আগুন লাগিয়ে দিয়ে, সেই দুশু দেথে হাততালি দিয়ে প্রেতের স্থায় নৃত্য করেছ।

কালদেন। মিথ্যা কথা।

উৎপল। সাবধান মহারাজ! সময় থাক্তে এর প্রতিকার কর; নৈলে এর প্রতিকার ভগবান কর্মেন।

কালসেন। কি বলছ উন্মাদ!

উৎপল। না আমি উন্মাদ নই, আমি তথু কালের পৃষ্ঠায় নিয়তির অক্ষর প'ড়ে যাচ্ছি, ভোমাদের যার বর্ণপরিচয় হয়নি সাবধান, এইটক বলে' যাচ্ছি, আর বেশী বলবো না।

## প্ৰথম দুশ্য।

#### 43-43-44-44-

স্থান-বঙ্গের রাজসভাস্থান। কাল-প্রভাত।

বিজয়সিংহ সিংহবাত্তর হাত ধরিয়া সিংহাসনে বসিয়া আছেন।

বিজয়। মহারাজ। এই আপনার সিংহাসনে বস্তুন। আমি বঙ্গের সিংহাসন অধিকার কর্মার জন্ম এ যদ্ধ করি নাই। আমি সিংহাসন চাই না। শুদ্ধ আমি আপনার জদয়ে নিজের সিংহাসন দাবী করি। সে সিংহাসন আমার। তা থেকে কেউ আমার বঞ্চিত কর্ত্তে পারে না-মহারাজ নিজেও না।

সিংহবান্ত। তুমি দাবী কর বিজয়সিংভু—আশ্চর্যা তোমার দম্ভ। এথনও সেই দর্পিত দৃষ্টি, স্ফীত বক্ষ, উদ্ধৃত শির !

বিজয়। আমি আপনারই ত পুত্র।

সিংহবান্ত। আমার পুত্র বটে---

বিজয়। হাঁ আপনারই পুত্র। নৈলে, এই বাহুতে এত বল কোধা থেকে এল ? অন্তরে এই দর্প, এত মেহ কোথা থেকে এল মহারাজ। আপনার পত্র না হ'লে রাজ্যের স্র্ব্যয় কর্তা হ'য়ে সে রাজ্য আপনার প্রাদ দান করে' আপনার মেহভিক্ষা করি ?

দিংহবাত। দান। বিজয়দিংহ। আমি দিংহাদন এই মুহুর্ত্তে ত্যাগ কর্চিছ। পারি, ত এই বাছবলে উদ্ধার কর্ম। নহিলে বনে যাব। পুত্রের দান।

বিজয়। পুত্রের অর্ঘা। মহারাজ। সিংহাসনে বস্তন।

সিংহবাত। কদাপি না।

বিজয়। মিনতি করি [করযোড়ে]।

সিংহবাত। পুত্রের দান শিরে বহন কর্ব্বে সিংহবাত ?

বিজয়। পুত্রের অর্ঘ্য কোন পিতা চরণে ঠেলে না।

সিংহবান্ত। তার পূর্বে মৃত্যু শ্রেষঃ। দান !

বিজয়। পুত্রের দান কি ভূচ্ছ মহারাজ। পিতা যে পুত্রের জন্মদান করে, আনৈশ্ব অরবস্তু দান করে, সেহদান করে, পুত্রের শিক্ষাদান করে, সে সব কি পুত্র ভিক্ষাদান স্বরূপ গ্রহণ করে মহারাজ ! দে দকল কি তার প্রাপ্য নয় ? আবার বৃদ্ধ মরণোমুথ পিতাকে যথন পুত্র আহার, আশ্রর, শক্তি, ভক্তি দান করে—সেই বা কি ভিকা দান ? এ প্রকৃতির সামাতাজ্ঞ পরিশোধ। মহারাজ এ পুত্রের দান-দেবতা যেমন ভক্তের পূজাঞ্জলি গ্রহণ করে—তত্রপ আপনিও গ্রহণ করুন। সিংহাসনে বস্থন।

দিংহবাত। তার পূর্বে প্রতিজ্ঞা কর যে, আমার আজ্ঞা রাজার আজা বলে' গ্রহণ কর্মে।

विक्रम । निक्रम । जित्रिनि या माथाम करत्र' वहन कर्रार्छ, হানমে ধারণ করেছি, আজ তা পেশীর বল হয়েছে বলে'--রক্তের তেভ হয়েছে বলে' কি ছুড়ে ফেলে দেব ? দিতে পারি। বিজয়সিংহ চির-निन्हे **आ**शनाद श्रका, जित्रमिन्हे आशनाद श्रुज, जित्रमिन्हे आशनाद ভুতা।

সিংহবাছ। তবে শোন বিজ্ঞাসিংহ। তোমার বিপক্ষে যে গুরুতঃ অভিযোগ তার কৈফিয়ৎ চাই।

বিজয়। কিলের কৈফিয়ৎ মহারাজ।

সিংহবান্থ। তুমি রাজদণ্ড দণ্ডিত হ'য়ে কারাগার ভেঙে পালিমেছ তার পর, এ রাজ্যের প্রজা হ'য়ে এই রাজ্যের রাজ্যর বিরুদ্ধে কলিম্বের পঙ্গপাল নিয়ে বিদ্রোহের ডঙ্কা বাজিয়ে এই রাজ্য আক্রমণ করেছ। এ 'গুরুতর অপরাধ। এর উত্তর চাই।

বিজয়। এর কৈফিয়ৎ দিব। কিন্তু ভার পূর্বে পুত্র একবাঃ পিতার সহিত সাকাৎ ভিকা করে।

সিংহবাছ। ভার অর্থ গ

বিজয়। তার অর্থ এই যে, এই মন্ত্রী, এই ভৃত্যদের, এই পারিষদ বর্গদের বিদায় দিন। এই ঘরে একবার নিভতে পিতা প্রত্যের সাক্ষাং হৌক্। কর্যোড়ে মহারাজ বলে' ডাক্বার পূর্বে একবার তোমার शनां छि छाड़िय शाला उत्र छेना शान दिश्य अकवात 'वावा' वरन' छाकि। আপনার প্রাণে আমার রাজা, আমার অধিকার আমি বুঝে নেই, ঐ व्यमातिक वत्क এकवात প्रात्वत डेव्ह्रारम, व्याव्यक्त मूथ नुकिस काँमि, ভার পর কৈফিয়ৎ দিব।

সিংহবাছ। ভণ্ড তপশ্বী-

বিজয়। না আমি ভণ্ড নই। আমি উদ্ধৃত হ'তে পারি, মুচ হ'তে পারি, নরহস্তাহ'তে পারি। শুধু আমি ভণ্ড নই। রাজা। আমি তোমায়ে বড ভালবাসি।

শিংহবান্ত। তার প্রমাণ যথেষ্ট দিয়েছ। এখন কৈফিয়াৎ দাও. রাজদ্রেতে গুরুতর অপরাধ।

বিজয়। এ গুরুতর অপরাধ স্বীকার করি।

সিংহবাছ। তার উত্তর গ

বিজয়। মহারাজের ক্ষমা ভিক্ষা করি।

সিংহবাত। ক্ষমা। রাজার বিভারে ক্ষমা নাই।

বিজয়। তবে কার বিচারে ক্ষমা আছে মহারাজ। অশক্তের ক্ষমার মল্য কি ? যে অভ্যাচারের প্রতিশোধ নিতে পারে না. সে ক্ষমা করুক বা না করুক, সংসারের কি যায় আসে ? যে শান্তি দিতে পারে, যে আততামীর পদাঘাতের ঋণ সেই আততামীর স্বক্ত দিয়ে ধৌত করে' দিতে পারে, সে যদি সেই পদাঘাত ক্ষমা করে, সেইখানেই ক্ষমার व्यापालन-(महेशाति क्याप्र भाराचा। महाबाख ग्रंशन मुख्यापद হস্তপদে কারাগারে ছিলেন: তথন আমি মহারাজের ক্ষমা চাই নাই। মহারাজ এখন আবার বাঙ্গলার সিংহাসনে, এখন ইচ্ছা কলে আমার শিরক্তেদের আজা দিতে পারেন। এখনই ত মহারাজের ক্ষমার সময়, ক্ষার ক্ষতা।

সকলে। সাধ বিজয়সিংহ।

সিংহবাছ। বিজয়সিংহ! আমি ক্ষমা জানি না। আমি পুর্ফেই िन ভোমার মৃত্যুদণ্ড দিয়েছিলাম। সে দণ্ড প্রত্যাহার কর্ণাম। কিন্ত আমি তোমার দেশ থেকে ভির্নির্কাসন দংখ দিলাম।

বিজয়। দণ্ড মাথা পেতে নিচ্ছি পিতা। আরু মহারাজের রাজে: বিজয়সিংহের নাম কেউ শুন্তে পাবে না। আমি যাচ্ছি, আপনায় ছেড়ে. দেশ ছেড়ে. জন্মের মত যাচ্ছি—তবে তার আগে একবার আমার তেমনি করে' বক্ষে টেনে নিন, যেমন আগে নিতেন, আমায় স্নেহ-গদগদস্বরে তেমনি করে', বিজয় বলে' ডাকুন, যেমন আগে ডাকতেন-একবার, একবাৰ—বাবা—

সিংহবাত। দূর হও ভণ্ড।

বিজয়। বাবা পিদধারণী।

সিংহবান্ত। আমি তোমায় বিষচকে দেখি, দর হও।

[পদাঘাত ও প্রস্থান ]

বিজয়। এতদুর। শেষে মহারাণী ভোমারই জয়। আমারই পরাজয়, উ: কি পরাজয়। পিতার স্নেহতিক্ষা করে'—তারপর পদাঘাত। আমার অগাধ মেহের এই প্রতিদান—জগদীশ। এ হৃদরে এত স্নেহ দিয়েছিলে কেন ? পিতার পদাঘাত। পিতার পদাঘাত।। উ: — সর্বাদে অগ্নিরষ্টি হচ্চে, মাথা বুচ্ছে —িক পরাজয় !— কি পরাজয় ! উ:—ভগবতি বস্ত্ররে। হিধাহও। একি। মাথামুছে । একি। মিচ্ছিতী

উরবেল। যুবরাজ। যুবরাজ। হো অমুরোধ। জল নিয়ে এলো। যুবরাজ মর্চ্ছিত। জল নিয়ে এসো-শীঘ।

[অফুরোধের প্রস্থান ]

বিজিত। যুবরাজ!

### জ্ব লইয়া অনুরোধের প্রবে**শ।**

বিজিত। [মুথে জল দিয়া] যুবরাজ!

ভৈরবের প্রবেশ।

ভৈরব। কৈ---আমার বিজয় কৈ ?

বিজিত। মূর্চিছত।

ভৈরব। মৃত্র্গিয়েছে ? বিজয়—দাদা।

বিজয়। বাবা! বাবা! [চারিদিকে পর্যাবেক্ষণ] বাবা কৈ ?

ভৈরব। বাবা! কোথায় তোর বাবা ? তোর দাদা আছে, বাপ নাই! তুই আমার দাদা, আমি তোর দাদা; সংসারে বাবা কেউ নেই।

নাই! তুই আমার দাদা, আমি তোর দাদা; সংসারে বাবা কেওঁ নেই।
বিজয়। [উঠিয়া] ভৈরব! ভৈরব! কেন এদে আবার দাদা বলে
ভাক্লে? আমার হেন স্থমপ্প ভোষে গেল। বাবা যেন প্লেছে গলে
গিরে আমার বাবা বলে' ভাক্ছেন, আর অর্গে যেন বাণা বেজে উঠ্লো,
মর্ত্তাভূমে অর্গের আলোক ছেরে গেল! তারপর, তারপর—

বিজিত। বিজয়।

ভৈরব। ভাই তুই বীর! এত অধীর হওয়া কি তোর সাঞ্চে ?

বিজয়। না তৈরব! তবে দেশ ছেড়ে ঘাই। পদেশ আমার ! প্রিয় জন্মভূমি! এখন একা তৃমিই আমার মা। তোমাকেও ছেড়ে বেতে হ'ল!—তবে বিদার দাও মা। বৃথাই তোমার ছরস্ত ছেলেকে তোমার আকাশ, তোমার বাতাস, তোমার ফলমূল, তোমার মিইরস দিয়ে মামুষ করে' তুলেছিলে। কিছু কর্ত্তে পালাম না। আজে আমি পিতৃমাতৃহীন, গৃহহীন, লক্ষাহীন যুবক। আমার কেউ নেই। বিদার দাও মা!

ভৈরব। দেশ ছেড়ে যাবে কেন বিজয় ? বহিছািরে পঞ্চসহস্র

তরবারি তোমার এক ইঞ্চিতের অপেক্ষা কচ্ছে। বল-আজা দাও. এই রাজ্য তোলপাড় করে' দিয়ে, ভূমিসাৎ করে' দিয়ে চলে' যাই। তার উন্মাদ রাজাকে বন্দী করে' রেথে দেই। তুমি আবার নৃতন রাজা স্থাপন কর। দেশ ছেডে যাবে কেন বিজয় ?

বিজয়। নাভৈরব। পিতাসাক্ষাৎ দেবতা।

বিজিত। এই পিতা?

বিজয়। সম্ভান পিতা বেছে নিতে পারে না বিজিত। চল বিজিত রাজা ছেডে যাই।

ভৈরব। রাজা ছেড়ে থেতে যাবি কেন রে বিজয়। আয় আমার কুড়ে ঘরে রেখে দেখো—কেউ টের পাবে না। আমার বুকের মধ্যে রেথে দেবো-কেউ টের পাবে না।

বিজয়। নাভৈরব। পিতা সাক্ষাৎ দেবতা। আমি দেশ ছেডে যাবো। বন্ধগণ। বিদায় দাও।

বিজিত। বিদায় দিব ? না বিজয়। তোমাকে বিদায় দেব না। তুমি এখানে থাকতে না চাও, আমি তোমায় ছাড়্ব না। তুমি যেখানে যাবে. আমি সঙ্গে যাবো।

বিরপাক। আমরা তোমায় ছাড়বনা। বিশালাক। সামরা কেউ তোমাকে ছাড়ব না। বিজয়। আমার সঙ্গে যাবে। বিশালাক। যাব ভাই। বিজয়। আনি কোথায় চলেচি জানো ? বিরপাক। (যথানে হয়, কিছু যার আসে না।

বিজয়। আমি যেথানে চলেছি, দেখানে মান্ত্র নাই, আনন্দ নাই, মৃত্যুত্রর নাই। যেথানে কেউ হাসে না, কাঁদে না, ভালবাসে না। ও:— সংসারে কি বিশাল ভ্রম! কি ভ্রমানক শক্তির অপচয়! মান্ত্রথ! কাকে বিখাস কর্ম— যথন বাপ ছেলেকে পদাঘাত করে— সে ছেলে, যে পেই বাপের স্নেহের জন্ত পাগল। সংসারে সব চৌর। সব পর্যতের মত বার্থমগ্র, সমুদ্রের মত স্বেছাচারী, আকাশের মত উদাসীন, ঈশরের মত কঠিন। স্থায়, মমতা, ভক্তি, বিশ্বাস কিছু নাই। তবে চল স্বাই, সমুদ্রে তরী ভাসিয়ে দেই।

## वर्षे पृष्ण।

ন্থান--বঙ্গরাজপ্রাসাদ। সুরুষা ও লীলা।

স্থরমা। ওনেছ বোন্?

লীলা। শুনেছি।

সুরমা। খদেশ থেকে চিরনির্কাদন। এত বড় দও!--

লীলা। তার আর অভায় কি হয়েছে ? তিনি বিদ্রোহ করেছিলেন, মহারাজ বিদ্যোহীর দণ্ড দিয়েছেন। অভায় কিছু হয় নি।

সরমা। সে কি বলিদ গীলা !--এত স্নেহের বিনিময়ে-

লীলা। রাজার বিচারে স্নেহের স্থান নাই। পাত্রাপাত্তের ভেল নাই। এই ত বিচার। হুরমা। সেকি। তুইখুব সম্ভই হয়েছিস্?

লীলা। অত্যন্ত। এমন কি. এ সময়ে যুবরান্তের স্ত্রীর যদি নাচা প্রথা থাক্ত, ত হয় ত আমি নাচ্তাম।

স্থরমা। তুই যে বলেছিলি যে,—তুই কাছে থাকৃতে কেউ ভার কিছু কর্তে পার্কে না।

লীলা। তাবলেছিলামই ত।

ম্বর্মা। কিন্তু এ নির্বাসন দণ্ড থেকে ত তাকে রক্ষা কর্ত্তে भागि त्न १

লীলা। না. তা পার্লাম না। কিন্তু-আমি কিন্তু বলিনি-কেউ গাঁহাকে নির্বাসন কর্ত্তে পার্ব্বে না। আমি বলিছিলাম যে, কেউ তাঁকে রে রাখ্তে পার্কেনা। তাকেউ পাল ?

হুরমা। তুই যেন দেখাত্রিস যে, এই নির্বাসন দণ্ডে তুই খুক शी।

দীলা। খুদীই ত---

স্থরমা। এ নির্বাসন দণ্ড ভাল হয়েছে ?

লীলা। মন্দ কি।---

স্থরমা। তোকে আমি বুঝ্লাম না।

শীলা। কাল বুঝাবে।

[প্রস্থান]

সুরমা। কি আশ্চর্যা প্রকৃতি।

স্থমিত্রের প্রবেশ।

স্থমিতা। দিদি। দাদা কোথার ?

স্থরমা। দাদা দেশ ছেডে যাচ্ছেন।

স্থমিত। কোথার ?

স্থরমা। জানি না। স্থমিত্র। কাল থেকে দাদাকে দেখ্য পাবিনে, দাদা জন্মের মত দেশ ছেডে যাচ্ছেন।

স্থমিত। আমিও সঙ্গে বাবো।

স্থরমা। অবোধ বালক। কিছু জানে না, যে তাকে এ রাজ্যে রাজা কর্বার জন্মই এই মন্ত্রণা।

স্থমিত। আমি এ রাজ্যের রাজা হব না, যদি দাদা দেশ হ'তে যায় আমি মাকে গিমে বল্ছি। [প্রস্থানোগত]

স্থরমা। তোর মা সেই কথা ভন্লেন আর কি !

श्चमित्र । ७८ए इरत । म्लंहे कथा वनि लान निनि । व्याम मारहः চেয়ে দাদাকে ভালবাদি।

স্থারমা। ঐ যে বাবা আবে বিমাতা আসছেন। কি মন্ত্রণা কছেনি শুনি।

### সিংহবার্ভ ও রাণীর প্রবেশ।

সিংহবাছ। পূর্বেই জাস্তাম।

বাণী। বিদোত কর্ত্নে পারে।

সিংহবান্ত। তা পারে। অর্দ্ধেক প্রজা ত ক্ষেপেছে।

রাণী। বিজ্ঞোহ কর্কেবলে' বোধ হয় १

সিংহবাছ। বোধ किছু इस ना बाबी।—किन्তु এक है। कथा ठिक दर् চোখ রাঙ্গানিতে আমি ভয় পাই না। তবে---

রাণী। তবে १

সিংহবাছ। না---সে কথা যাক্। যথন দণ্ড দিয়েছি--- দিয়েছি; হবার হবে।

বিজয়সিংহের প্রবেশ।

বিজয়। প্রণাম হই মহারাজ !

সিংহবাত। কে ? বিজয়।

বিজয়। [অগ্রসর হইয়া] হাঁবাবা, আমি।

সিংহ্বাজ। কবে যাচ্ছ १

বিজয়। এই দণ্ডেই। তরণী প্রস্তত। প্রস্থানোগত ]

স্মিত। আমি তোমার যেতে দেব না দাদা । পথ আগলাইলেন। বঙ্গর চলিয়া গেলেন

স্থরমা। বাবা। আপনি কি করেছেন ?

দিংহবান্ত। কি করেছি ?

স্থুরমা। এই নির্কাসন দণ্ড প্রত্যাহার করুন।

সিংহবান্ত। প্রভ্যাহার কর্ম ?

স্থমিত। দাদাকে ফিরিয়ে আনো বাবা। নৈলে—

স্ব্রমা। এখনও দাদা দেশে আছেন। কাল স্ক্রায় আর তাঁকে ুঁজে পাবেন না। মাথা খুঁড্লেও পাবেন না,—এখনও সময় আছে। তে প্রভাহার ক্রন।

সিংহবাছ। এখনও সময় আছে।

রাণী। কি বল্ছ স্থরমা ? এ বিচার; পিতা পুত্রের কলহ নয়। এখান থেকে চলে 'যাও। স্তরমা। কাল তাকে মাথা খুঁজ্বেও আর পাবেন না। দাদা বড় অভিমানী। আর সে ফিরে আস্বে না। চিরজীবন কাঁদ্তে হবে। চিরজীবন অমৃতাপ কর্ত্তে হবে। চিরজীবন—

রাণী। চলে' যাও বালিকা!

স্থরমা। মা! রাজ্য নাও---প্রাসাদ নাও---স্থর্গ নাও। দাদাকে ফিরিয়ে দাও। তিনি রাজ্য চান না।

রাণী। উদ্ধত বালিকা! চলে' যাও এথান থেকে।

হুরমা। বাবা !

সিংহবান্থ। [ধীরে] যাও।—এদিকে এস।

[ হৃমিতের হাত ধরিয়া ধীরে প্রস্থান।

রাণী তাহার অন্তবর্তিনী হইলেন।]

স্তঃনা। [জান্ন পাতিয়া]পরমেখর ! দয়াময় ! দাদাকে ফিরিয়ে নাও। দাদাকে ফিরিয়ে দাও।

বালকবেশিনী লীলার প্রবেশ।

লীলা। দেখ দেখি কেমন দেখাচেছ দিদি!

হুরমা। এ আবার-ক।

লীলা। দেখাছে কেমন ?

স্তরুমা। লীলা। একি তোর ছেলেমান্ধি কর্মার সময় १

লীলা। এদ দিদি কথা আছে।

### সপ্তম দৃশা।

#### **→>→> <←<←**

# স্থান—বিজয়সিংহের শিবির। কাল—প্রভাত।

বিজিত, উরুবেল ও অমুরোধ।

বিজ্ঞিত। মহারাজ বিজয়কে দেশে থেকে নির্বাসিত করেছেন।

উরুবেল। হাঁ, যুবরাজ।

বিজিত। মাথা থারাপ।--এ পরিবারের সব পাগল।

অমুরোধ। কুমার মহারাজের পারে ধরে' মার্জনা ভিক্ষা করেছিলেন।

বিজিত। বিজয় ?

ष्मश्रुरत्राथ। हैं।, युवत्राक।

বিজিত। বুঝ্তে পার্লাম না!—এত গর্কী, এত অভিমানী পুত্র—

অমুরোধ। কুমারের সেই অশ্রুগদাদ প্রার্থনায় সভার একজনও ছিল না যে কাঁদেনি।

বিজিত। বিজয় এখন কি কর্বে ?

উরবেল। তিনি দেশ ছেড়ে চলে' যাবেন।

বিজিত। কোথায়?

उक्रत्वन । जानि ना।

বিঞ্জিত। কবে १

উরবেল। আরেই।

বিজিত। মাথা থারাপ।

অহুরোধ। প্রস্থারা কিন্তু তাঁকে যেতে দিতে চায় না।

বিজিত। তারা কি বলে ?

অহুরোধ। বলে—"বিদ্রোহ কর্ব", তারা বলছে "বঙ্গের মহারাজ সিংহবাত নয়। বঙ্গের মহারাজ কুমার বিজয়সিংহ।"

বিজিত। তাতে বিজয় কিছু বলছে ?

অনুরোধ। কুমার তাদের বোঝাচ্ছেন।

বিজিত। মাথা থারাপ।

অনুরোধ। ঐ যে কুমার আস্ছেন।

বিজিত। তাইত। তারই ত গলা।

অনুরোধ। সঙ্গে প্রজাবর্গ। কুমার তাদের বোঝাচ্ছেন।

বিজিত। এই যে বিজয়।

বিজয়ের প্রবেশ।

বিজয়। এই যে বিজিত।

বিজিত। তমি নাকি দেশ ছেডে যাচ্ছ বিজয়।

বিজয়। ই', বিজিত।

বিজিত। তমি ক্ষেপেছ १

বিজয়। কেন বিজিত ? মহাগ্রাজ আমাকে নির্বাদন দণ্ড দিয়েছেন। দেশে থাকবার আর আমার অধিকার কি ?

বিজিত। মহারাজ যথন তাঁর ভার্যাার অধীন, তথন মহারাজ আর মহারাজ নহেন।

বিজয়। তার উপরে তিনি পিতা।

বিজিত। যে পিতা এমন স্নেহময় পুত্রকে ত্যাক্ষা পুত্র করেছেন !

বিজয়। পিতা চিরদিনই পিতা।

### বালকবেশিনী গীলার প্রবেশ।

বিজিত। একে আবার ?

বালক। আমি একজন পিতৃমাতৃহীন বালক।

বিজয়। এথানে কি চাও ?

বালক। আমায় একটা চাকরি দিতে পারেন ?

বৈজয়। ত্যি চাক্রি কর্মে १

বালক। তা ছাড়া ত আমার কোন উপায় দেখুছি না। তবে চাকরিই করি।

বিজয়। কার ?

বালক। এই ধরুন যে আপনার---

বিজয়। আমি কে বল দেখি?

বালক। মাতৃষ। তার চেয়ে বেশী চাইনে: তার চেয়েও কম হ'লে, তোমার চাকরি কর্তাম না। আপনি--আপনি ত মানুষ ?

বিজয়। না—আমি নিতান্ত হতভাগা।

বালক। আমিও তাই। তা হ'লে আপনার কাছেই ঠিক পোষাবে।

বিজয়। তুমি এই বয়সে চাকরি খঁজতে বেরিয়েছ ?

বাণক। আজে ঠিক ধরেছেন।

বিজয়। তুমি কি জানো ?

বালক। আমি এমন একটা বিভা জানি, যাতে আপনি থুগী না হ'মে থাকতে পার্কেন না।—একেবারে ব্রহ্মান্ত।

বিজিত। বটে! সে কি বিভাগ

বালক। খোসামোদ।

বিজিত। খোদামোদ কর্তে পারো ?

বালক। খুব।

বিজিত। কি রকম । একটা নমুনা দেখাও দেখি বালক ?

বালক। দেখ্বেন ? আছো, ধরুন প্রথমতঃ আপনি ত খুব বিত্রী দেগতে-

বিজিত। খুব খিঞী।

বালক। অভান্ত।

বিঞ্জিত। কে বল্লে?

वानक। मकरमञ्चलात।

বিজিত। এই রকম করে' বুঝি তুমি খোসামোদ কর্মে !

বালক। আগে শেষ পর্যান্ত শুরুন। আপনি ত বেশ লোক মহাশয়। ভদুতা জানেন না ?

বিজিত। বেশ খোসামোদ কচ্ছ ত বালক।

বালক। খোসামোদ আমি থব কর্তে পারি। আপনি কবিতা লেখেন গ

বিজিত। লিখি।

বালক। সেগুলো কিছুই হয় না।

বিজিত। কেমন করে' জানলে ?

বালক। আপনার চেহারা দেখেই বোঝা যাচ্ছে। ঐ চেহারায় কথন কবিতা হয় ৪

বিজিত। এ চেহারায় বুঝি কবিতা লেখা চলে না ?

বালক। আছো, আপনি যথন যুদ্ধ করেন, তথন তরোয়ালের কোন क्रिकेटे! धरत्रन १

বিজিত। দামাটটা।

বালক। কোন বিশেষত্ব নেই। প্রতিভার কোন লক্ষণ পাওয়া गटक ना।

বিজিত। কেন ?

বালক। তলোয়ারের দামাট ত সকলেই ধরে। আপনি যথন লেখেন, তথন কলমের কোন্ দিক্ দিয়া লেখেন ?

বিজিত। আগা দিয়ে।

বালক। যে দিকটা কালিতে ভোবান গ

বিজিত। হাঁ

বালক। কোন বিশেষত্ব নেই। আপনি অত্যন্ত সাধারণ ব্যক্তি। ্এই দেখন আপনার কোনই গুণ নেই ত। এখন খোদামোদের জোরে আপনাকে কি করে' তুল্তে পারি দেখুন। প্রথমতঃ, যদি বলি যে আপনি দেখতে চমংকার। আপনি কিছতে বিশ্বাসই কর্মেন না। টক করে' একটা উদ্দেশ্য ধরে' ফেলবেন। আমি কি রকম করে' আরম্ভ কর্ম জানেন ?

বিজিত। কিরকম করে' ?

বালক। প্রথমতঃ ক্রমাগত আপনার মুথের দিকে চেয়ে থাক্তে हरत। आश्री आभाव मिरक ठाइँटनई ट्रांथ नामार्ट हरत। जात्रभत्र, আর একজনকে দিয়ে আপনার কাছে বলাতে হবে বে, আমি বল্ছিলাম ্যে আপনি দেখুতে নবকার্ত্তিকটি। এ রকম উত্তরসাধক যত জোটাতে পারি -তত্ই আমার জয়।

বিজিত৷ ওরা কারা আদে ? 266

বিজয়। আবার। মেলালোক।

্ প্রজাবর্গের প্রবেশ।

বিজিত। এরা কারা বিজয় १

বিজয়। রাজ্যের প্রজা।

১ম প্রজা। আমেরা তোমার ছাড়ছিনে, তুমি ঘাই বল।

বর প্রজা। আমাদের ছেড়ে তুই যাবি কোথার রাজা।

৩য় প্রস্তা। তৃই এখানে থাক্। দেখি কার বাবার সাধ্যি যে, তোকে দেশ থেকে ভাডায়।

বিজয়। প্রজাগণ।

৪র্থ প্রজা। আমরা ছেড়ে দেবো না।

৫ম প্রজা। যাবি কোথা ?

২য় প্রজা। আমরা তোকে রাজা কর্ব।

্ম প্রজা। তুমিই বঙ্গের মহারাজ। আমরা অভারাজা মানি না।

বিজয়। ভাই সব। পিতার আজ্ঞা-

৩র প্রজা। আমরা জানিনে।

৪র্থ প্রস্তা। আমরা তোকে যেতে দেবোনা। সোজা কথা।

বিজয়। এ রাজার আজ্ঞা-

थम अका। जुरेरे आमात्तत त्राका। आमता अग्र ताका मानि ना—

সকলে। জয় মহারাজ বিজয়সিংহের জয়---

বিজয়। বন্ধাণ! আমার কথা শোন—তারপর ভোমাদের ঘা ইচ্ছা তাই ক'র।

৫ম প্রেকা। আফা, শোন শোন।

বিজয়। ভাই সব। ভগবান রামচন্দ্র পিতৃ-আজ্ঞায় বনে গিয়ে-ছিলেন। পুরু পিতার জরা নিজে যেচে নিয়েছিলেন। পিতার আজ্ঞা-সে ভার হউক, অভার হউক, পিতার আজ্ঞার বিচার কর্মার অধিকার পুত্রের নাই। পুত্র পিতার আজ্ঞা ঘাড় পেতে নেবে। এই সংসারের নিয়ম। পুত্র পিতার উপর যে দিন বিচার কর্ত্তে বসবে—দেদিন সূর্যা পশ্চিম দিকে উঠবে, সংসার উল্টে যাবে, মাতুষ আবার পশুছো দিকে অগ্রসর হবে ; গৃহে অশান্তি, রাজ্যে অরাজকতা, উচ্চুঙ্খল অহঙ্কারে সংসার ছেলে যাবে। পিতা পরম গুরু। যিনি আমাদের এই সুন্র সংসারে এনেছেন, যাঁর জন্ম ঐ নীল আকাশ, ঐ প্রভাতের অরুণচ্ছটা, মামুষের স্থগীর মুখমগুল দেখতে পাচ্ছি, থার প্রসাদে মারের মধুর গ্লেং অফুভব করি: যিনি শৈশবে পালক, যৌবনে শিক্ষক, তুঃখে বন্ধু, পীডাঃ বৈত্য, বিপদে সহায়, দৈত্তে আশ্রয়: বার্দ্ধকো বার স্নেহমুখচ্ছবি আর **एनथा** लाहे ना, यङ्गिन चाह्नन,—िर्जिन खास्त रहोन, मस रहोन, ততদিন-তিনি পরম গুরু, তাঁর আজ্ঞা-ঈখরের আজ্ঞা। পিতার আজ্ঞাপালন কর্ব। তা কর্তে যদি চক্ষে জল আসে, কেঁদে পৃথিবী ভাসিয়ে দেবো—যদি বৃক শতথান হ'য়ে ভেঙ্গে যায়—যাক। পিতৃ-আজা অবহেলা কর্ম না,-পাপ হবে। তোমরা আমার পিতৃ-আজ্ঞা অবহেলা কর্ত্তে বোলো না, তোমাদেরও পাপ হবে।

১ম প্রজা। ঠিক বলেছেন যুবরাজ। পাপ হবে, পাপ হবে। ২য় প্রজা। তবে আমরা তোমার সঙ্গে দেশ ছেডে যাবো---বিজয়। সেকি। তর প্রজা। আমরা তোমার ছাড়বোনা।

বিজয়। তোমরা কোথায় যাবে ?

৪র্থ প্রজা। যেথানে তুমি যাবে রাজা!

বিজয়। আমি রাজানই।

৪র্থ প্রজা। আমেরাঅভারাজামানি না। এথানে না হৌক, চল. অন্ত কোন থানে চল, দেখানে নতন রাজ্য তৈরি কর্ম, তোকে দেখানকার রাজা কর্বা।

বিজয়। কিন্ত--

৫ম প্রজা। আমরা ভন্বোনা। কোন কথা ভন্বোনা। আমরাও তোর সঙ্গে যাবো রাজা।

বিজয়। বিজিত। তুমি এদের বোঝাও।

বিজিত। আমার মনে হছে, আমিও তোমার দঙ্গে গাবো!

বিজয়। সেকি।

অমুরোধ ও উরবেল। আমরাও যাবো!

বিজয়। তোমরাকি বলছ সব !

वानक। এদের কথা ভন্বেন না, যুবরাজ। এরা ষড়য়য় করেছে।

প্রজাবর্ণ। আমরা—তোমায় ছাড়বো না। আমরা দলে থাবো— বালক। কিন্তু তোমাদের স্ত্রীরা যদি ঐ বায়না ধরে, যে আমরা

তোমাদের ছাড়বোনা। তাহ'লে?

বিজয়। স্ত্রীপত্র ছেডে কোথায় যাবে ?

বালক। হাঁ, যুবরাজ যেন জীর কোন ধার ধারেন না, কিন্তু তোমরা ত জীর ধার ধারে।।

১ম প্রজা। ভারাও দকে যাবে !

২য় প্রজা। আমরা সপরিবাবে যাবো।

বালক। এ ভাল কথা। তবে যুবরাজ আর আপত্তি কলে চলছে না।

বিজয়। তবে তাই চল। কিন্ত--

বালক। আর এতে কিন্ত নেই---

বিজিত। রাজ্যের প্রজাবর্গ রাজ্যের যুবরাজ্বকে এত ভালবাদে, এ কথন দেখিনি, শুনিনি! বিজয় তুমি সতাই মহারাজ; তুমি মাসুষেত্র ছনমরাজ্যের রাজা। এত বড় রাজ্য কার আছে ?

বালক। তবে এসো ভাই দব—সমূদ্রে তরী ভাসিয়ে দেই।

# অঠম দৃশ্য।

#### +>+>+

স্থান-শৃত্ত সমুদ্রতীর।

সিংহবাত। ঐ জাহাজ যাচ্ছে—বিজয় ! বিজয় ! ফিরে আয় বাবা,— ফিরে আয়।

द्रश्व। नाना! नाना!

[ জাহাজ অদুখ্য হইল। ]

# তৃতীয় অঙ্ক।

\*\*

প্রথম দুশা।

---:\*:---

স্থান—সমুদ্রবক্ষে তরণী। কাল—প্রত্যুষ।
তরণীর সম্মুখে কুবেণী একাকিনী।

কুবেণী। আন্দোলিত বারিধির নিগন্তবিতত
অগাধ ভীষণ এই লবণাধুরাশি;—
প্রক্রতির কি প্রকাণ্ড অপচন্ন! তবু—
নাবিকের প্রবেশ।

কুবেণী। আমরা কি কুমারিকা অন্তরীপ ছাড়িয়ে এলাম নাবিক ?

নাবিক। বুঝ্তে পার্চিছ না।

কুবেণী। কি বোধ হয় ?

নাবিক। ছাড়িয়ে আদ্বার ত কথা নয়। দেতৃবন্ধ ধ'রে ক্রনাগত ত উত্তরম্বে চ'লে এসেছি। কুমারিকা ছাড়িয়ে আদ্বার ত কথা নয়।

কুবেণী। তবে এতদিনে কুল পাচ্ছিনা কেন ?

নাবিক। বৃষ্তে পাচ্ছিনে—এ দিকে থাবার আর জল ফুরিয়ে এল। কুবেণী। তাইত। আচছা ও পারে ধারা আছে, তারা ধক্ষ না রাক্ষণ ?

নাবিক। না তারা মানুষ।

কুবেণী। মানুষ ? মানুষ কি রকম দেখতে নাবিক ?

নাবিক। আমাদেরই মত মা। তবে চেহারার কিছু প্রভেদ व्याटि ।

কুবেণী। আমি দেই মাতুষ দেখুব। নাবিক কুলে চল।

নাবিক। তাইত বরাবরই আমার উদ্দেশ্য। কিন্তু কৃষ ্পাচ্ছিনে যে।

কুবেণী। মেঘ ক'রে আস্ছে।

নাবিক। হাঁ। ঝড় উঠবে বোধ হয়—দেখি।

[কক্ষান্তরে প্রস্থান]

কুবেণী। বাতাস উঠেছে। কাল মেথের ছায়া সমুদ্রের বুকের উপর এসে পড়েছে। কি বিরাট্! কি ভীম ! কি স্থলর ৷ উঃ ৷ চেউ উঠ্ছে দেখ। যেন এক একটা ছোট পাহাড়। আবার নেমে যাছে। কি ভীম তাণ্ডব নৃত্য়। কে আছগো ওপারে ? ঐ মাঝিরা গাইছে। সঙ্গে আমিও গাই---

### গীত।

কে আছ ওপারে গো, কে আছ দাও না সাতা। অকৃত্য এ সিদ্ধ মাঝে আমি যে দিশেহারা। উঠিছে চারিদিকে সমুদ্র বঞ্চনা, পভীর প্রয়'দ' প্রদারি' কোট কণা অলিছে বিদ্যাৎ-থেলিছে অনলকণা-স্বিছে অশ্বি-নামিছে মুবলধারা ॥

বাহবা। কি গান। কি দঙ্গীত। প্রাণ নেচে উঠ্ছে। "কে আছ গো এপারে"—উত্তর দাও। ওকি। মাঝিরা চীৎকার কচ্ছে কেন দ

# নাবিকের পুনরার প্রবেশ।

কুবেণী। কি নাবিক। তোমরা চীৎকার কর্ছিলে কেন ?

নাবিক। ভূমি চেঁচাচ্ছিলে কেন মা ? ভন্ন পেয়েছ ?

কুবেণী। ভয় ? কিদের জন্ম নাবিক ! তুমি চীৎকার কর্চিছলে না ?

নাবিক। একি ! জাহাজ ঘুচ্ছে কেন ?

কবেণী। ঘচ্ছে কেন १

নাবিক। বুঝ্তে পার্চিছ না-এ ঘূর্ণি ঝঞা! একি হ'ল মা?

কুবেণী। কি হ'ল ?

নাবিক। এই সমুদ্রের মাঝথানে ঘূর্ণিতে প'ড়ে গেলাম। বুঝি বা এবার-কপালে কি আছে ? কে জানে। [ ক্ৰত প্ৰস্থান ]

কবেণী। কি ভীম তরঙ্গরাশি চারিদিকে ঐ করিছে তাওব নৃত্য, ভীষণ কল্লোল। —বেন কোট ফণী, কোট ফণা বিস্তারিয়া,

বেষ্টিয়া নিশ্বাদে তারে, করিছে গর্জন।

নাবিকের পুনঃ প্রবেশ।

নাবিক। মা।মা।

कूरवर्गे। कि नाविक १

নাবিক। বুঝি আর রক্ষা নাই-ভগবানের নাম কর মা। যিনি এই অকুল সমুদ্রের কাণ্ডারী--তাঁকে ডাক।

কুবেণী। তাইত ডাকছিলাম।

নাবিক। কাকে ?

কুবেণী। ওপারে যে আছে তাকে। তাকে ডাক্ছিলাম-বদি অপার থেকে কেউ উত্তর দেয়।

নাবিক। ওপার থেকে কে উত্তর দেবে গ

কুবেণী। यनि কেউ দেয়। यनि দিত, তা' হ'লে কি রকম একটা ব্যাপার হ'য়ে যেত নাবিক। এপার থেকে ওপারে ডাক্ছে, ওপার থেকে এপারে ডাকছে, মধ্যে প্রকাণ্ড টেউ ব'রে যাছে ! পরস্পর শুন্তে পাছে. কিন্তু কেউ এক পা এগোতে পাছে না। আর একদিন ডেকেছিলাম মনে আছে ? দেদিন ডেকেছিলাম এপার থেকে—

[নেপথ্যে মাঝিদিগের চীৎকার ]

মাবিক। ঐ আবার! আমি যাই। ্প্রসান ী

কুবেণী। কে আছ ওপারে গো—আজ ডাক্ছি সমুদ্রের মাঝখান থেকে। এই অন্ধকারে, এই গভীরে, এই অকৃলে, এই বিপদে, এই বারিরাশির উব্মিত গর্জনে, এই মৃত্যুর মত পরিত্যক্ত ভীষণ নির্জ্জনে —ডাকছি কে আছ গো ওপারে ? উত্তর দাও।

নাবিক। নৌকা ডোবে মা।

ক্ৰেণী। ডোবে যদি ডুবুক।

নাবিক। মৃত্যু সমূথে !

কুবেণী। বেশ। এই ত চাই। কুবেণী--এক সামাগ্ত বালিকার मळ-पदत्रत सर्पा विष्ठानात উপরে শুলে, ছোট, ভূচ্ছ, সাধারণ মরণ মর্কে ! তার চেমে, এই উনার আকাশের নীচে, উনার সমুদ্রের বক্ষে, এই প্রকাপ্ত 3 . 8 ]

নর্ত্তনে হল্তে হল্তে, এই প্রলয় দঙ্গীত ভন্তে ভন্তে, গান গাই গাইতে মর্বে। আমিও গাই---

কে আছ ওপারে গো. কে আছ দাও না সাডা।

কেউ নেই ওপারে, নৈলে ডাক শুনে আসতই।

নাবিক। ঐ দরে আর একথানা জাহাজ বুঝি! হাঁ তাইত ভাহাজই ত।

কুবেণী। তবে আমার ডাক শুনুতে পেয়েছে। ঐ আসছে। আমার বর আস্ছে—আমার নিতে। নিশ্চর আমার বর—গ্লায় মাল হাতে মালা, চন্দনচচ্চিত ললাটে, পীতবাদে, নুপুর-ঝন্ধারে-- ঐ আম বর আসছে।

নাবিক। আরো কাছে, আরো কাছে।

[ নেপথ্যে—মাঝিরা। সামাল, সামাল।]

নাবিক। নৌকা ভোবে—স্বার একট কাছে, আর একট কাছে। কবেণী। ঐ যে। ঐ যে। ঐ যে আমার বর। ঐ জাহাজে माञ्चलत्र छेलत्र व्यक् ठातिनिक टिप्स प्रश्राह—धरे निटक-धरे निट চেয়েছে, আর ভয় নেই। বর এয়েছে, বর এয়েছে, বাভি বাজা, শাঁথে

[ নেপণো—সামাল সামাল ]

দুরে বিজয়। ভয় নেই—

কুবেণী। ঐ আমার বর এয়েছে—তার ডাক শুনেছি।

[ঝম্প প্রদান]

নাবিক। মা। কি কলিমা।

[ पृत्त विकश्निःश् व्यभन्न काशक श्रदेख ममूटम अन्भ पिरमन । ]

# দ্বিতীয় দৃখ।

# স্থান—সমুদ্রবক্ষে বিজয়ের তরণী। কাল— প্রত্যাধ। উরবেল একাকী।

উর্বেল। বড়ের বেগ বাড়্ছেই। সমস্ত সমুদ্রটাকে যেন তোলপাড় রে তুলেছে। আর রক্ষা নাই, চারিদিকে মেঘ—উ:।

### অনুরোধের প্রবেশ।

ष्यपूरवाध । डेक्सरवल ! डेक्सरवल ! विकासिश्ह काथात्र ?

উরবেল। কেন? ঐ ঘরে।

অমুরোধ। ঘরে ত নেই---

উরবেল। অসম্ভব।

অনুরোধ। না, এসে দেখ।

উরবেল। সেকি?

অহুরোধ। কোথাও তাঁকে খুঁজে পাচিছ না।

[উভয়ের ক্রত প্রস্থান]

বিজিত ও অস্থান্ত দৈন্তগণের প্রবেশ।

বিজিত। কোথাওখুঁজে পেলে না ?

देशकारा देक ना।

বিজিত। ভাল ক'রে দেখ। তম তম ক'রে দেখ। জাহাজের তোক কোণ, প্রত্যেক গর্ত্ত, প্রত্যেক খোপ খুঁজে দেখ। তাতেও দুনা পাও, তবে জাহাজের তলদেশ চিরে দেখ। বিজয়কে চাই।

প্রথম দৈতা। দব জারগার খুঁজেছি, আর কোথার খুঁজ্বো ? বিজিত। উদ্ধৃত সৈনিক। যাও, আজ্ঞাপালন কর। নৈলে এ তরবারি দেখছ গ

দৈনিক। তরবারির ভয় কি দেখাছে বিজিত १। তরবারি নিদ্ধাশন অন্তান্ত দৈনিক। থবদার। তিরবারি নিফাশন]

দ্বিতীর দৈতা। আমরা দব জারগার খুঁজেছি মহাশর।

বিজিত। দব জারগার খুঁজেছ, তবে এদ আমার দঙ্গে, দমুদ্রের জ্ব খুঁজি [তরবারি ফেলিয়া দিয়া বেগে প্রস্থানোগ্রত] ওকি ! ঐ ১ বিজ্ঞার স্বর ৷ ঐ ত সমদের জলের ভেতর থেকে আওয়াজ বেরোচ্ছে গেছে, বিজয় সমুদ্রের জলে ডুবে গেছে। কে আমার সঙ্গে সমুদ্রে জলে ঝাঁপ দেবে এন। [উদ্ভান্ত ভাবে নিদ্রামণ]

ততীয় দৈনিক। দর্জনাশ। বিজিত কেপে গিয়েছে—ধর, ধর-প্ৰতাৎ গমন ী

চতুর্থ সৈনিক। ঐ যে মহারাজের শ্বর! ঐ আবার। এ কি ভৌতি ব্যাপার। ঐ যে আবার—

[উদভান্ত বিজিতকে ধরিয়া অমুরোধ ও উরবেলের প্রবেশ।]

অনুরোধ। ক্ষিপ্ত হয়োনা বিজিত। এই অন্ধকার, এই প্রবং ঝটকায় অতল সমূদ্রে ঝাঁপ দিতে যাচছ বিজয়কে খুঁজুতে!

বিভিত। আমি তার স্বর গুনেছি—সমুদ্রের নীচে থেকে ডাক্ছে ঐ শোন—আমি তাকে রক্ষা কর্ম, ছেড়ে দাও। [ছাড়াইবার চেষ্টা

উक्रदिन। छै:। कि शर्कन। कि श्रेष्ठ। स्रोक्ष कि धानरम প্রভাত। ছি: বিজিত, কথা শোন।

বিজিত। ছাড় ভীরু, কাপুরুষ বিদ্রোহী! ঐ বে শুন্ছ না? এত উচ্চ শ্বর শুনতে পাচ্ছনা ?

সিকলে গুলু হইয়া দাঁডাইল। ী

নেপথ্য। দড়ি ফেল। শীগগীর।

অনুরোধ। ঐ যে---

উরবেল। ঐ ত !--নাবিক !--[ প্রস্থানোগুত ] চল, চল।

[ সকলের প্রস্থান ]

সিক্ত বসনে বিজয় ও দৈনিকগণের প্রবেশ। স্বন্ধে এক সিক্ত কর্যা—অজ্ঞান অবস্থায়।

বিজয়। বন্ধুগণ । দেহ উদ্ধার করেছি। কিন্তু বুঝি মরে গেছে। मकला। (क व।

বিজয়। স্থির হও। শোন ! এ বেচারীর জাহাজ জলমগ্র হয়েছে। াঝিরা সব মরেছে।

সকলে। সেকি! সেকি।

বিজয়। চেঁচিও না ! দাড়াও। শেষ পর্যান্ত শোন। তাদের মধ্যে বঁচেছে একজন-এই মেয়েটা। বেঁচে আছে কি না জানি না। তবে ার শরীর উদ্ধার করেছি। আর কাউকে উদ্ধার কর্ত্তে পার্লাম না।

বিজিত। তমি তবে এতক্ষণ---

বিজয়। বল্ছি, দাঁড়াও। আমি মাস্তলের উপর উঠে সমুদ্রের ঐ নান্দোলিত বারিরাশির ঘর্ষণে উথিত বিহাজ্জাল দেথ্ছিলাম- আর তার ান্তীর গর্জন ওনছিলাম। তার পরে সেই গর্জন ছাপিয়ে আর্ত্ত চীৎকার । খনলাম । দুরে জাহাজ থেকে সেই চীংকার আসছিল। আমি—তাড়া-\* 0 1

তাডি নেমে চার জন মাঝি ডেকে নিয়ে এই জাহাজের একথানি নৌক ক'রে সেই জাহাজের দিকে ভাস্লাম, কিন্তু অর্দ্ধ পথে যেতে খেতে ৫ জাহাজ জলমগ্ন হ'ল। চক্ষে শুলা দেখলাম। সমুদ্র আমার চারিদিকে ঘরে ঘরে করতালি দিয়ে অটুহাস্ত কর্ত্তে লাগল। তারপর একটা কি যেন নৌকায় এমে ঠেকল। তুলে দেখি, এই নারীর দেহ, মৃত কি জীবিত বঝ তে পাল মি না।

্কেছ কেছ দেই শরীর পরীক্ষা করিয়া কহিল 'বেঁচে আছে'. কেছ কেহ কহিল 'না ম'রে গিয়েছে।' ]

বিজিত। বেঁচে আছে বিজয় । ঐ যে চোথের পাতা নডুছে। বিজয়। দেখ, তোমরা ওকে বাঁচাও। কার কাছে ওকে রেখে ঘাই : বালক। আমার কাছে রেখে যাও যুবরাজ। আমি শুক্রায়া ক'রে তাকে বাঁচাব। — ঠিক বাঁচাব। আমার মত শুশ্রুষা কেউ কর্ত্তে পার্বে না

বিজয়। তমি বালক।

বালক। এও বালিকা। আপনি যান যুবরাজ, ভিজা কাপ্ বদলান। তোমরা স্বাই যাও।

বিজয়। কিন্ত---

বালক। কোন চিন্তা নাই যুবরাজ, আমায় বিখাস করন।-- যান [ কুবেণী ও বালক ভিন্ন সকলের প্রস্থান ]

বালক। সুন্দরী। অপূর্ব সুন্দরী। ঘনকৃষ্ণ-সলিলসিক্ত কেশদার বটের জটার মত পৃষ্ঠ বেয়ে জাতুর নীচে এসে পড়েছে। দর্পণস্কচ ললাট—যেন ভৃত্যে প্রভূমম আদেশ কচ্ছে। দীর্ঘ নেত্রছটি সায়াঃ পদাপলাশের মত মুদে রয়েছে। তার ভিতরে কি দৃষ্টি নিহিত আদে

চ বল্তে পারে। সমূরত সরল নাসা! তার নীচে অধর রাজী
পিতি হাস্তকে আচ্ছাদন ক'রে রয়েছে। তার নীচে চিবুক—অংধাপাত্র সম
। বিগলিত হাস্ত ধর্কার জন্ত যেন উন্তত রয়েছে। উন্নত বিজম গ্রীবার
ার দর্শিত ভলিমা এখনও প্রকট। গৌরতজ্পানি, কৃঞ্চিত সিক্ত
সনের তলে জলদজড়িত প্রভাবের মত তরে আছে। ঐ স্থা
ঠ্ছে, তার অ্পক্ররাশি ঐ সমূদজলে ছড়িয়ে প'ড্ল। চোথ মেলেছে।
গ্য উঠেছে, আর কি চোথ ছটি বুমিয়ে থাক্তে পারে ?

কুবেণী। আমি কোথায় ?

বালক। নিরাপদ ভূমি ভগী।

কুবেণী। ভূমি কে ?

বালক। কোন চিস্তা নাই। উঠ্তে পার্ব্ধে ? [ কুবেণী উঠিলেন।]

বালক। এগ।

কুবেণী। কোথায়-- १

বালক। আমার দঙ্গে। কোন চিস্তা নাই। এস। [উভয়ের প্রস্থান]

# ভূতীয় দৃশ্য।

স্থান—বঙ্গরাজ সিংহবাত্তর প্রাসাদ-ভবন। কাল—প্রভাত। সিংহবাত ও স্থরমা দুখায়মান।

সিংহবাস্ত। বিজয়ের কোনই সংবাদ পেলে না স্থরমা ? স্থরমা। না বাবা !

সিংহবাছ। "না বাবা।" রোজ ঐ এক উত্তর "না বাবা"--ন তোমার দোষ কি ? দোষ আমার।—যাও স্থমিত্রকে এখানে ডেকে দাও সুরমা। বাবা।

সিংহবাছ। কিঠোর করে বিষয়। স্থিমার প্রসাম বি সিংহবান্ত। যাক, পরম স্নেহবান পুত্রকে দেশত্যাগী ক'রে পরমানদে

আছি। পুত্র অবনত শিরে দোষ স্বীকার ক'রে, মার্জনা চেয়েছিল-দিই নাই। মেহভিক্ষা করেছিল—দিই নাই। বাড়ী থেকে কুকু ভাড়া ক'রে বিদায় দিয়েছি। জ্রোধ কি বিষম শক্ত! কি অন্ধ! ঐ গা। অন্ধকারের চেয়েও অন্ধ—বিজয়। বিজয়!

স্থমিত্রের প্রবেশ।

স্থমিত। বাবা।

সিংহবাহু। কে গুমুত্র প

স্থমিত। আমায় ডেকেছিলেন ?

সিংহবাত। ডেকেছিলাম—হাঁ ডেকেছিলাম, কিন্তু—না, যা ফিরে যা স্থমিত। বাবা।

সিংহবান্ত। ফিরে যা।

[ স্থমিত্র নারবে অবনতমুথে রহিল ]

সিংহবাছ। না, না—ভোরই বা কি অপরাধ ? তুই কি কর্মি ?-ওরে পশু। ভিতরে আবার গর্জাচ্ছিদ্ ? থেমে যা।—না স্থমিত। তোঃ কোন অপুরাধ নাই। দোষ আমার। স্থমিত। বিজয় তোকে ভাশবাসত।

স্থমিত। বাদতেন বাবা। তিনি আমায় বড় ভালবাদ্তেন।

সিংহবাত। আমাকেও বাসত। তেমন ভাল বুঝি কোন ছেলে কোন

নিপকে বাসেনি—হেন পুত্রকে আমি নির্মাসিত করেছি—সেই স্থলার. দিই মহৎ, সেই উন্নত ললাট, সেই শৌর্যা—বিক্ষারিত বক্ষ—সেই উদার! হন পুত্রকে-বিজয়। বিজয়।

🖥 স্থমিতা। বাবা! [হাত ধরিলেন]

ৈ সিংহবাছ। না, তুই কি কৰ্ষিণ তোর দোষ নাই [ অৰ্দ্ধ স্থগত ] ষ্ঠার পরিবর্ত্তে এই ভীক্ন, এই চকিতদৃষ্টি, এই নারী-কোমল, লোল বাংসপিত, এই অসার। না—তোর দোষ কি. দোষ আমার, আমার, থামার। বিকে করাঘাত।

স্থমিত। ওকি কচ্ছেনি বাবা।

সিংহবাছ। স'রে যা,—না, না, ওকি কচ্ছি ? না, না, রাজকুমার ! ভাষার ভরোয়াল কৈ ?

স্থমিতা। এই যে।

সিংহবাত। বা'র কর।

স্থিমিত্র বাহির করিলেন। ]

সিংহবাছ। আয়ু, তুরোয়াল থেলা শিখাই: শিখাইতে লাগিলেন l াই রকম ক'রে মাথা রক্ষা কর্ত্তে হয়—এই থোঁচ দিতে দিতে মাথা রক্ষা ্রুর্তে হ'লে, এই রকম ক'রে ঘ্রে যেতে হয়, ঘোর। না—হ'ল না। এই, গ্রপর----

স্থমিত্র। পারকাকর্তেহয় কি রক্ম ক'রে বাবা

় সিংহবান্ত। পারক্ষা কর্ত্তে হবে না। পা হুখানা আছে, একথানা াগলে ক্ষতি নেই : কিন্তু মাথা মোটে একটা। বিপক্ষের প্রধান লক্ষ্যু ট্র ভোর মাথাটার দিকে।

3251

স্মিতা। মাথাটার দিকে १

সিংহবান্ত। হাঁ, ঐ মাথাটা। পা গেলে কাঠের পা হর : কিন্তু মাথা গেলে কাঠের মাথা হয় না। মাথা বাঁচিয়ে ভারপর আরু সব-

স্থমিত্ত। বিপক্ষকে আক্রমণ কর্তে হয় ত এমনি ক'রে ?

সিংহবান্ত। হাঁ, কিন্তু নিজের মাথা বাঁচিয়ে।

স্থমিত। বাবা! আপনি যে সেদিন বল্লেন, কে আত্মরকা এই রকম ক'রে কর্তে হবে, যাতে আত্মরক্ষা থেকেই সহজে আক্রমণ করা যায়।

সিংহ্বাহ। সে সব ভূল শিখিয়েছি, তা সব ভূলে যা। নতুন রকম শেখাচিচ। এই---এই---

সুরুমার প্রবেশ।

সুরুমা। বাবা। বাবা।

সিংহবান্থ। তারপর, তরোয়াল—এই—

স্তরমা। বাবা। দাদার সংবাদ পেয়েছি।

স্থমিত। বাবা। দিদি কি বলছে শোন।

স্থরমা। দাদাজীবিত।

স্থমিত। শোন বাবা। দাদা জীবিত।

সিংহবাছ। মিথ্যা কথা।

সুরুমা। নাবাবা। মিথা কথানয়। তিনি---

সিংহবান্ত। বেরো বলছি।

[মুর্মার প্রস্থান]

निःश्वाद्य। पात्रा—मांडिख देवनि **य**।

ক্ষমিতা। বাবা---

मिःश्वाह । त्याता । याथा वां दिन्त वध कर्स ।

স্মিত্র। কর বধ। [তরবারি ফেলিয়া দিলেন]

সিংহবাছ। কি !—ভেবেছিস্ পার্স্কনা ? পার্স্কনা ? সে আমার পায়ে ধ'রে মার্জ্জনা চেয়েছিল। আমি তাকে পদাঘাতে দ্র করেছি—বাপ হ'য়ে !—ওের বোকা ছেলে ! আমি কে জানিস্ ? আমি সিংহবাছ। সিংহ আমার বাপ। সিংহ সন্তানের রক্ত পান করে জানিস্ ? নে তরোয়াল নে, বীরের মত বুদ্ধ কর্তে কর্তে কর্তে মন্।

স্মিত্র। [করযোড়ে] বাবা!

সিংহ। চোপ্রও, আমার মন গলাবি ভেবেছিদ্? সেও বাব ব'লে ডেকেছিল,—কিছু কর্তে পারে নি। আমার নাম সিংহবাছ—নে তরোয়াল নে।

মন্ত্রীর প্রবেশ।

মগ্রী। মহারাজ !

সিংহবান্ত। মন্ত্ৰী!

মন্ত্রী। মহারাজ [অভিবাদন]

দিংহবান্ত। ভিষক্ ডাকো, যুবরাজের বিকার হ'য়েছে। মৃত্যুর বেশ বিলম্ব নেই [কঠোর ম্বরে ] যাও। [মন্ত্রীর প্রস্থান ]

স্থমিত্র। ভগবান্! এত দেহমর পিতা, এত দেহমর ! তাঁকে কিও ক'রো না। দাদাকে ফিরিয়ে দাও—আমার অভিমানী, মহৎ, উদার দাদাকে ফিরিয়ে দাও। বড় অভিমানী—কিন্তু বড় মেহমর। ভগবান্! [ক্লকঠে] বাবা! আমায় বধ কর, কিন্তু জ্ঞান হারিও না। [সিংহ্বান্ত্র গলদেশ ধরিয়া] বধ কর্তে চাও বাবা!

সিংহবাছ। [তরবারি ফেলিরা দিয়া] আয় কোলে আরে, বাছা! >>৪]

আচা! কি শীতল স্পর্শ! আমার পশুপ্রবৃত্তি জল হ'রে গেল! ওরে জাবাধ বালক! আমার ভিতরে কি হ'চ্ছে জানিস্—তাকে পদাবাত ক'রে তাড়িয়ে দিয়েছি—ও হো হো হো ক্রিন্দন) আর একদিন ছিল, যথন তার—তার নিমিষের অদর্শনে মনে হোত, বুঝি বাছা আমার নাই—ক্রণিকের বিচ্ছেদের পর পুন্মিননে মনে হোত, যেন এ হারানো ধন ফিরেপ্রাম। সে ত শুর্ছেলে ছিল না, সে যে আমার খেলার সাথী, আমার প্রাণের প্রাণ, আমার ইহজীবনের সব। তাকে আমি কুকুর ভাড়া করেছি। ও হো হো হো—

#### সেনাপতির প্রবেশ।

দেনাপতি। মহারাজ! ভৈরব ডাকাত ধরা প'ড়েছে।

সিংহবাত। শুলে দাও।—না, সে বিজয়কে বাঁচিয়েছিল। তাকে: পেট ভ'রে থাইয়ে ছেড়ে দাও।

সেনাপতি। সে একবার মহারাজের সাক্ষাৎ চায়।

সিংহবাত । সাক্ষাৎ চায় ?--কেন ?

সেনাপতি। কিছু বল্তে চায়---

সিংহবাহু। কি বিষয়ে ?

দেনাপতি। মহারাণীর সম্বন্ধে-

সিংহবান্ত। দরকার নাই---

সেনাপতি। বিজয়সিংহের বিষয়ে—

সিংহবাত। চল। প্রস্থান]

স্থমিত । বাবার এ রকম হ'ল কেন, এ রকম হ'ল কেন? [ফালুপাতিয়া]ভগবান্! বাবাকে রকা কর। দানকে ফিরিয়ে দাও—

#### রাণীর প্রবেশ।

হুমিতা। মা!—মা!

রাণী। স্থমিত। মহারাজ কোথায় ?

স্থমিত। জানি নাত মা!—মা! বাবা কি রকম হ'য়ে গিয়েছেন—

রাণী। তিনি এখানেই ত ছিলেন ?

স্থানিত্র। ছিলেন। তারপর—ভৈরব ডাকাত এসেছে ব'লে মগ্রী।ছাশ্ম তাঁকে ডেকে নিম্নে গেলেন, ও কি মা!—ও রকম ক'রে চেয়ে।
য়েছে কেন মা!

রাণী। ভারপর ?

স্থমিত্র। তারপর বাবা হঠাৎ তাঁর সঙ্গে চ'লে গেলেন।

রাণী। সর্কাশ।-

সুমিতা। কিমাণ

রাণী। তিনি কতক্ষণ হ'ল এখান থেকে গিয়েছেন ?

স্থমিত। এই কভক্ষণ।—মা। বাবা কেন এমন হ'লেন ?

রাণী। জানিনা।

্জত প্ৰহান

স্মিত। আশ্চর্যা!

মন্ত্রী ও ভিষকের প্রবেশ।

মলী। রাজকুমার! মহারাজ কোণার?

স্থমিত। মন্ত্রীমহাশর ! বাবা হঠাৎ এ রকম হ'লেন কেন, আপনি কিছু জানেন ?

ভিষক। রাজকুমার। হাত দেখি ? [পরীকা]

ক্ষিত্র। কেন ? [হাত বাড়াইলেন। ভিষক্ নাড়ী দেখিলেন] ১১৬] ভিষক্। জিভা

স্থমিতা। জিভ দেখাইলেন।

ভিষক। তাইত !

মন্ত্রী। কি দেখ্লেন ?

ভিষক। অবস্থা থারাপ।

মন্ত্ৰী। কেন। কেন মহাশয় ?

ভিষক। আর কেন। [ করুণ ভাবে মাথা নাড়িলেন ] রাজকুমার তোমার অবস্থা থারাপ।

স্থিত। কেন ?

ভিষক। রাত্রে ঘুম হয় না ভাল-না ?

ক্রমিত্র। চমৎকার ঘুম হয়।

ভিষক। কিন্তুযদি ঘুম ভাঙে, তথন ত ঘুম হয় না? আর-আর ক্ধা---?

সুমিত্র। আজে, কুধা বেশ হয়।

ভিষক। বেশ ত হবেই। কিন্তু যথন কুধা হয়—তথন থেতে हेक्ट्रा इग्न ?

স্থমিত। তাহয়।

ভিষক। থারাপ। কুধা হ'লে থেতে ইচ্ছে হওয়াটা—উ'ছ-খারাপ। আর একবার নাড়ীটা দেখি। [পরীকা] ত'-বাপুথে ভোমার বিকার।

স্থমিত। বিকার।--সে কি । ভিষক। বিকার !- জর-বিকার। স্থমিত্র। কৈ। আমি ত বুঝতে পার্চিছনে।

ভিষক। ঐ ত খারাপ।—আরে বাপু, বুরুতেই যদি পার্কে, তা হ'লে ত দোলাজর। কিন্তু ঐ যে বৃক্তে পাছেনা, ঐ ত থারাপ।

কুমিত্র। আছে আমার জর হ'ল।

ভিষক। বাপুছে। আমি চিকিৎসক, আমি বল্ছি তোমার জর। তমি ত এ শাস্ত্র পড়নি।

স্থমিত। কিন্ত--

ভিষক। তর্ক ক'রো না-তোমার জর-বিকার। শোও গে যাও। ঔমধের ব্যবস্থা আমি কর্চিছ। তুমি শোও গে যাও।

নেপথো সিংহবাছ। [ ক্রন্ধ স্বরে ] রাণী কোথায়, ডাক তাঁকে। মন্ত্রী। ঐ যে মহারাজ আদছেন।

ক্রদ্ধভাবে সিংহবাছর প্রবেশ।

সিংহবাত। এ কি। ভিষক এথানে। রাজ অন্তঃপুরে ? ভিষক। মহারাজের অনুমান ঠিক। কুমারের বিকার হয়েছে।

সিংহবাছ। বাতৃল। বাতৃল।

ভিষক। বাতৃণই বটে-কুমার আবোল তাবোল বকছেন। সিংহবান্ত। আবোল তাবোল তুমি বক্ছ মূর্থ।

মন্ত্ৰী। ভিষক কি উন্মাদ ক্ষেছে ?

ভিষক। মহারাজ।

সিংহবাছ। বা'র ক'রে দাও।

মন্ত্ৰী। মহারাজ।

সিংহবাত। আগে একে বা'র ক'রে দাও, তারপর কথা ক'য়ো। 226 ]

ভিষক। আমি ঔষধের---

সিংহবার । বেরোও

[ভিষকের প্রস্থান ]

মন্ত্রী। মহারাজ কিন্তু ভিষককে-

সিংহবাছ। এরা আমায় পাগল না ক'রে ছাড়বে না, বেরোও বুদ্ধ-[মন্ত্রীর প্রস্থান]

দিংহবাত। আর তুমি দাঁড়িয়ে রৈলে যে ? ভেবেছ রাজ্য পাবে ? তা পাচ্ছ না। তার আগে, রাজ্য ভেলে, চুরে, পুড়িয়ে, ভন্ম ক'রে দিয়ে, নেই ভক্ম রাণীর মুখে ছড়িয়ে দেবো।—না—না, রাণী কোথায় ? রাণী কোথায় ? দৌবারিক।

## দৌবারিকের প্রবেশ।

সি'হবাছ। রাণীকে থবর দেও, বল এই মুহুর্তে আমি তার সাকাৎ িদৌবারিকের প্রস্থান 1 চাই, এই মুহুর্তে।

সিংহবাত। আজ রাণীর রাজ্য গেল। রাণী গেল, রাজা গেল, রাজপুত্র গেল-আজ আমি আর তই পুত্র-একি। আমার প্রুপ্রকৃতি আবার ছেগে উঠছে—ছন্ধার দিছে—না কোন ভন্ন নেই পুল্র । দাঁডাও. আমি স্থির হ'রে নেই। বিচার কর্ম। পিরিক্রমণী আমি এ ড ভাবিনি। কিন্তু কেন যে ভাবিনি তা জানিনে-এই যে রাণী!

### রাণীর প্রবেশ।

সিংহবাত। দাঁডাও রাণী। আমার সমুধে দাঁড়াও। হাত যোড় ক'রে দাঁড়াও।

স্থমিত। বাবা।

সিংহবাছ। চুপ; রাণী। এতদিন পরে সমস্ত চক্রান্ত, কথা ক'মে উঠেছে, রণভুরীর শব্দে চেঁচিয়ে উঠেছে।

রাণী। চক্রাস্ত।

সিংহবাছ। জান না ? পাপ এমন স্থন্তর মুখোস পর্ত্তে পারে। আশ-চর্যা। পাপীয়দী।—না ভুল হচ্ছে—ধীরভাবে বিচার কর্ব। ধীর ভাব-- যতদূর সন্তব। বিধাতঃ। এই কর, যেন দণ্ড দেবার আগে আমি কেপে না যাই—দৌবারিক।

# দৌবাবিকের প্রবেশ।

সিংহবাহু। জল্লাদকে ডাক। ্দোবারিকের প্রস্থান ? সিংহবান্ত। আজ তোমায় কুকুর দিয়ে—না ধীরভাবে বিচার কর্ম। রাণী। দাঁড়াও, হাত যোড় কর, কম্পিত হও। তোমার বিপক্ষে কি অভিযোগ উপস্থিত হয়েছে জান ?

রাণী। আমার বিপক্ষে।

সিংহবাছ। হাঁ তোমার বিপক্ষে। রোস, স্থির হ'য়ে নিই [পরিক্রমণ] এ কখনও ভাবিনি: কিন্তু ভাবিনি কেন তা জানি না। রাণী। দাঁডাও, আমার সমুধে অপরাধীর মত হাত যোড় ক'রে দাঁড়াও। [ সপদদাপে ] ্দাড়াও। [রাণী উক্তবৎ দাড়াইলেন]

সিংহবাছ। শোন, আমার পুত্র বিজয়সিংহের বিকল্পে তোমার বড যন্ত্র প্রমাণ হয়েছে। তুমি এই অভিযোগ আনিয়েছিলে—

রাণী। সাশ্চর্য্যে আমি।

সিংহবাহ। একেবারে আকাশ থেকে প'ড়্লে যে ? রাণী। আমি কুমার বিজয়সিংহের বিরুদ্ধে ষড় যন্ত্র করেছি ? >20]

সিংহবাছ। হাঁ রাণী।

রাণী। প্রমাণ १

সিংহবাছ। প্রমাণ চাও ? প্রহরী। বান্ধণকে ডাক-[ব্রাহ্মণ প্রবেশ করিল।]

সিংহবাছ। প্রমাণ এই ব্রাহ্মণ। ব্রাহ্মণ। কে তোমায় এ অভিযো আন্তে বলেছিল গ

ব্ৰাহ্মণ। মন্ত্ৰী।

সিংহবাহু। মন্ত্রী কার মন্ত্রণায় এ অভিযোগ এনেছিল জান ?

ব্রাহ্মণ। জানি--

সিংহবান্ত। কার প্ররোচনায় ?

বাকাণ। মহারাণীর।

সিংহবান্ত। প্রমাণ শুনলে রাণী।

রাণী। উত্তম। এই এক দরিদ্র ভিক্ষক—মহারাজ। প্রাকৃতিং ঠোন। আমি এর বিন্দু বিদর্গ জানি না।

সিংহবান্থ।— দাঁড়াও, আরও আছে। তারপর, তুমি যুবরাজকে হতা কর্মার জন্ম মন্ত্রীকে নিযক্ত করেছিলে।

রাণী। কিরক্মক'রে १

সিংহবার । বিষ দিয়ে।

ৱাণী। তারও কি প্রমাণ---

সিংহ্বাত। এই দরিদ্র ভিক্তক নয়, তার প্রমাণ মন্ত্রী; মৃত্য শ্যায় সে আমার কাছে তা স্বীকার ক'রে গিয়েছে। আমি কিন্তু তথা ভা' বিশ্বাস করিনি-কি। মুখ যে পাথরের মত হ'রে গেল।

রাণী। তারপর १

নিংহবান্ত। তারপর তুমি নিজে যুবরান্তকে হত্যা কর্ত্তে গিরেছিলে, বির প্রমাণ—এই ডাকাত—ভৈত্তব।

#### ভৈরবের প্রবেশ।

সিংহবাত। তার প্রমাণ এই ভৈরব [ ভৈরবকে সন্মুথে ধরিলেন ]
রাণী। উত্তম! বঙ্গের মহারাণীর বিপক্ষে অভিযোগ—মহারাজের
শ্রহত্যার চেষ্টা; তার সাক্ষী—এক ভিক্ষ্ক, এক বিখাস্থাতক মন্ত্রী,

যার এক ডাকাত !—এই বৃদ্ধি নিয়ে তুমি একটা রাজ্য শাসন কর—
অবজ্ঞার ফিরিলেন ]

সিংহবান্থ। দাঁড়াও। আমার কথা শেষ হয় নি। শোন; আমি রচার করি শোন—রাহ্মণ! তোমার কন্যা গিয়েছে, আমার পুত্র গিয়েছে, —আমরা সমতঃথী। কিন্তু বঙ্গের যুববাজের বিপক্ষে মিথাা অভিযোগ নানার শান্তি কি জান 

কাণ্ড কেন বাহ্মণ। তোমার রাজ্য থেকে নির্বাগিত কর্লাম। মন্ত্রী শান্তির বিবরে। আর ভৈরব ডাকাত! তুমি আমার পুত্রকে রক্ষা করেছ, 

মি আজ থেকে আমার রাজ্যের সেনাপতি।

তৈরব। মহারাজ মার্জনা কর্বোন—আমি মহারাজের হত্তে কোন ুরস্কার নেবো না, শপণ করেছি।

সিংহবাছ। শেরপ তোমার ইচ্ছা—আর মহারাণী! বঙ্গের যুবরাজের প্রাণনাশের ষড়যন্ত্রের শান্তি কি জান ?

রাণী। প্রাণদণ্ড!

দিংহবাত। জ্লাদ। জ্লাদের প্রবেশ বাণীকে বধা ভূমিতে নিরে যাও। যাও, আমার আজ্ঞা।— জিল্লাদ রাণীকে বাঁধিল।

মুমিত। বাবা।

সিংহবান্ত। স্থমিতা।

স্থমিত। বাবা। মাকে মেরো না।

সিংহবাছ। আছো, তবে তোমার প্রাণদণ্ডের বিনিময়ে এই দণ্ড দিলাম।—জল্লাদ। তপ্ত লোহশলাকা দিয়ে এই নারীকে অন্ধ ক'রে পুরপথে ছেড়ে দাও।—না আর একবার আমার কাছে নিয়ে এদো।— একবার দেথৰ কি চেহারা হয়।—নিয়ে যাও।

[রাণীকে লইয়া জলাদ প্রস্থানোগুত]

সিংহবাস্থ। আর শোন। তার আগে ওর—জিভ কেটে দিবি। জিভ থাকতে স্ত্ৰীলোককে বিশ্বাস নেই।—সে এত মিথাা কথা কৈতে ্রারে।—যাও, নিয়ে যাও।—রাণী। তুমি আমার প্রিয়তন পুত্রকে আমার পর ক'রে দিয়েছ, আমার চোথ থাক্তে আমায় অন্ধ করেছ, আমি যদি বিনিয়ায়---

স্থমিত। বাবা। বাবা। মাকে মার্জনা কর, মার্জনা কর।

সিংহৰান্ত। কি ৭ পুত্র ৭ তোকে এই রাজ্যের রাজা ক'রে যাবো ভেবেছিদ ? তা মনেও করিদ না। ঐ রাক্ষদীর গর্ভে মারুষ জন্মার না. রাজা ত দুরের কথা। তোকেও ওর সঙ্গে নির্বাসিত কর্বা বেরো বেটা !

স্থাতি। বাবা। কোধে কিপ্ত হবেন না।

সিংহবাছ। ক্রোধে! না, না, কর্ডিছ কি ? না--কিছু না--কিছ ও: !-- যাকে পথের কর্দ্দম হ'তে তুলে এনে, গোলাব জলে সান করিয়ে. সিংহাসনে আমার পাশে বসিয়েছিলাম, তার এই উচিত প্রতিদান বটে। ঠিক শান্তি দিয়েছি।

स्थित । के या चार्तनाम कर्त्ह्न । या-या । [ मोज्या निकां छ ] রাজা। এ—এ—আহা হা। বেচারী। ওরে, অন্ধ ক'রে দিস না—অন্ধ ক'রে দিদ না। [দৌড়িয়া যাইতে উপ্তত হইয়াই সহসা নিবুত হইয়া না. যেমন কর্ম তেমনি ফল।—আশ্চর্যা। না. আর না। পদাখাতে ঘম ভেঙ্গে গিয়েছে।

অন্ধ রাণীকে লইয়া জল্লাদের প্রবেশ।

সিংহবাত। অন্ধ ক'রে দিয়েছিদ ? [ দেখিয়া সভয়ে মুখ ফিরাইয়া ও কি। এ কে গ এ কি রাণী।—কি ভয়ানক।—ছ:খ। কোন ছঃথ নাই। এখন আমরা ছজনাই অন্ধ—আমি চোথ থাকতে অন্ধ. আর তুমি।—হাঃ, হাঃ, হাঃ, বেশ হয়েছে। বেশ হয়েছে।—পিশাচী। শয়তানী! (কেশ ধরিলেন)

স্তর্মার প্রবেশ।

স্থারমা। বাবা। বাবা। কি কছেনি ।

সিংহ্যান্ত। কেন্ । কি কঠিছ । ছিডিয়া দিলেন ।

স্থরমা। এও কি আপনার ঘারা সম্ভব বাবা।

ি সিংহ্বান্থ লজ্জায় অধানুথ হইলেন ]

স্থরমা। বাবা। এখন নিফল ক্রোধ ক'রে কি হবে ? পুত্র ভ আরু ফিরে পাবেন না।

সিংহবাছ। কি অভায় করেছি ? রাজা আমি, বিচার করেছি। ভাকেও পুত্র ব'লে রেয়াৎ করিনি, একে রাণী ব'লে রেয়াৎ কর্মণ আমি **>**28 ]

মহারাজ সিংহবাত—বিনা দোষে পুত্রকে নির্বাসিত করেছি। নিরে যাও এই পিশাচীকে—দেশ থেকে নির্বাসিত ক'রে দাও।

স্থরমা। তা'হলে আমিও চলাম বাবা! সিংহবাত। যা না. কে তোকে ধ'রে রাথতে গ

স্থরমা। এস মা অভাগিনী! আৰু তোমার সব অপরাধ ক্ষমা কর্লমি। আজ আমি তোমার মা হ'লাম। এসো মা! [পিতাকে প্রণাম করিয়া রাণীকে লইয়া প্রস্থান ]

শিংহবাছ। বাস, বাস। পুত্র গোল, কভা গোল, স্ত্রী গোল। রাজ্য বাক্। আরে কেন ? আমিও বাই। বম্ ভোলানাথ!

# চতুর্থ দৃষ্য।

--:\*:---

স্থান---লঙ্কার উপকৃত। কাল---সন্ধা। বিজয় একাকী।

বালক সমুদ্রতীরে গান গাহিতেছিল। বিজয় দূরে অর্দ্রপায়ন অবস্থায় তাহাই শুনিতেছিলেন।

গান।

বরষা আইল ওই ঘন ঘোর মেঘে
দশদিক ভিমিরে আঁধারি।
আকুল বেদনা আর হৃদয় আবেগে
রাখিতে—রাখিতে নাহি পারি ৪

চমকে চপলা, চিত চমকে, স্থন খন
প্রজনে কাঁপে ছিয়া স্থিরে—
ঝর ঝয় অবিরল ঝয়ে জলধারা,
ঝয় ঝয় চোঝে বহে বায়ি ॥
স্থন অঁথের ওই খনাহয়া আমে,
বিবাদে হলয় আসে ছেয়ে,
বাতাস মিশায়ে বায় সজল বাতাসে
শ্ভ-নয়নে রহি চেয়ে—
কত না নিহিত ব্যথা, নিহিত যাতনা কত,
হলয়ে জাগিয়ে উঠে স্থিরে—
মরম ভেদিয়া উঠে গভীর নিয়াশা,
ধিক ধিক জনম আমায়ি॥

বিজয়। কি আশ্চর্য্য!

[ গাইতে গাইতে লীলা বিজয়ের কাছে আসিলেন।]

বিজয়। বালক ! এত কিশোর বয়সে কি ছঃথ তোমার ? এই তরণ বয়সে তুমি কি কাউকে ভালবেসেছ ?

লীলা। কে বল্লে ? আমার ছঃখ! আমার অপার ফণ।

বিজয়। তবে ছঃখের গান গাইছিলে যে-

শীলা। ছঃখের গানের মত মিষ্ট গান আছে ?

বিজয়। ঠিক বলেছ ভাই।

নীনা। আছো, তুমি কি ভাব্ছিলে ভাই ?

विकश्र। विश्लय किছू नश्र।

শীলা। আমার মনে হচ্ছে, যে বিশেষ কিছু।

>રહ ]

বিজয়া কেন গ

লীলা। আমি চিরকাল দেখে এসেছি যে, যথনই কোন যুবা পুরু মামুষ, 'কি ভাবছিলে'র উত্তরে বলে, 'এঁয়া-এমন বিশেষ কিছু নয়' তথনই তারা বিশেষ কিছুই ভারছে।

বিজয়। কে বলে ? কখন না।

লীলা। অত রাগ কেন? বলেই ত ১য়—'এই স্ত্রীর কর্থা ভাবছিলাম': তা ভাবলে কেউ তোমায় দোষ দিতে পাৰ্ত না: কিংবা— "ভাব্ছিলাম—পশু চার পায়ে হাঁটে, আর মালুষ ছ পায়ে হাঁটে কেন" দে সমস্তাটার মীমাংসা এতদিন কেউ কর্ত্তে পারেনি—কিন্ত-"না—তা— এমন কি—হাঁ—তা বিশেষ বিছ—এঁয়া" এর একটা নিগত অর্থ আছে

বিজয়। তুমি এখন যাও।

লীলা। তুমি কি ভাবছিলে—আমি বলবো ?

বিজয়। কি ? বল দেখি।

লীলা। তুমি ভাব্ছিলে, যে চুই আর চুইয়ে চার হয় কেন ? কথন [বিজয় হাসিলেন।] পাঁচ হয় না কেন গ

লীলা। তার উত্তর কি বলবো ?

বিজয়। [ সহাস্তে ] কি ?

লীলা। তার উত্তর—তিরকাল তাই হ'য়ে এসেছে, অন্ত রকম হবার যো নেই. কি কর্বে বল।

বিজয়। না। (হাসিলেন।)

লীলা। এটা কিন্তু কাঠ হাসি।—কেমন ধরেছি কি না ?—আফা বন্ধু। তুমি এত গন্তীর কেন?

বিজয়। আমি কি অত্যন্তই গভীর ?

লীলা। ভয়ানক। সংসারে এসে এত গম্ভীর! যে সংসারের দিকে—চেম্নে দেথি—একটু যদি ভাবি—অমনি ভন্নানক হাসি পান্ন।

বিজয়। খুব বেশা হাসি পায় নাকি ?

লীলা। ভয়ানক। আমার মনে হয়, মানুষ পরস্পরের পানে চেয়ে ্রদথেও কি রকম ক'রে গন্তীর হ'য়ে থাকে।

বিজয়। গন্তীর হ'য়ে থাকা কি ভারি শক্ত ।

লীলা। ভারি শক্ত। এ যে ভয়ানক বেশী জোরে হাসবার বিষয়। বিজয়। কিরকমণ

লীলা। এই দেথ বরু! মাত্র্য কাপড় চোপড় জড়িয়ে থাড়া হ'মে দাঁড়িমে, মাথা উচু ক'রে দেখায় যে, দে মারুষ। কিন্তু ভিতরে সে পশু।

বিজয়। পশুকেন १

লীলা। নগ্ৰবস্থায় চার পায়ে হাঁট্লেই দে প্রু! দ্বিতীয়তঃ, যা নিকট, যা ধ্রুব, যা মৃষ্টিগত, যা সহজ, তা ছেড়ে, যা দুর, যা অজ্ঞের, যা অম্পষ্ট, তারই পিছনে ছটেছে। তাই, সে ঘরের লক্ষীকে ছেড়ে, পরের লক্ষীর দিকে ধেয়ে যায়, দীপ ছেড়ে জোনাকি ধর্ত্তে ছোটে। তাই, দে এমন হন্দর, সরল, প্রত্যক্ষ জগৎ ছেড়ে, অবোধ্য, অন্ধকার, নিগৃঢ় ঈশ্বরতত্ত্ব নিয়ে মাথা ঘামায়। ঐ আকাশের পিছনে কি আছে, মৃত্যুর পরপারে কি আছে—সেই চিরন্তন "কি ?" আর "কেন"র পিছনে ছুটেছে, যা— জানুবার যো নাই।

বিজয়। বালক ! তুমি কে ? আমি সতা সতাই আশ্চর্যা হই যে— 255]

লীলা। আশ্চর্য্য হ'বার কথা বটে !

বিজয়। যে-তুমি এই কিশোর বয়সে বাড়ী ছেড়ে একদল গুহহীন ভাকাতের সঙ্গে সঙ্গে ঘুচ্ছ (কন १--আ-চর্য্য।

লীলা। আশ্চর্য্য বটে----

বিজয়। কেন ঘুছে ?

লীলা। কৌতৃহল মাত্র।

বিজয়। মিথাকথা।

লীলা। ঠিক বলেছ – মিথ্যা কথা। বন্ধু তুমি অন্তর্যামী।

বিজয়। কিলে ?

লীলা। কিংবা মিথাা কথা তোমার এত পরিচিত, যে দেখলেই তাকে চিন্তে পার। তোমার সঙ্গে কথা কহতে ভয় হয়।

বিজয়। কেন গ

লীলা। পাছে সভা কথাগুলি মিথাা হ'য়ে যায়।—একে মিথাা কথা কহা অভ্যাদ আমার—ভার উপরে—ঐ শোন যুঘু ডাকে।

বিজয়। তুমি এক প্রহেলিকা।

नीमा। किंक दुःबा ।

বিজয়। কি বুঝেছি ?

. লীলা। যে আমি এক প্রহেলিকা- ঠিক- এত বৃদ্ধি!

বিজয়। যে হেতৃ বুঝেছি যে তুমি প্রহেলিকা ?

লীলা। তাই কয় জন জানে? মানবজীবনই ধে এক মহা প্রহেলিকা। কে কাকে জানে বনু ? কডটুকু জানে ? আপনাকেই বা কে জানে ? তথাপি মাতুষ, কে সং, অসং, সরল, উলার, কুট, তাই বিচার

কর্তে বসে—আম্পর্ক। বটে ! জান কি বন্ধু যে, সম্পদে যে সাধু, দারিলো হেন কত "সাধু" চৌর হয়, আর কত শত চৌর প্রাচুর্য্যে "সাধু" নামে থাত হ'তে পার্ত্ত ! জান কি হে বন্ধু—যাকে আজ অবজ্ঞা কর, যার সম্প্রেক্ষা কৈতে খ্ণা কর—সে যদি তোমার প্রভূ হ'রে বসে, তবে তার সম্প্রেক্ষা কথা কৈবার জন্ম তুমি লালামিত হ'তে ? তথু আমি প্রহেলিকা । না মনুদ্যুজীবনই এক প্রহেলিকা—এ বিশ্বদংসারই এক মহা প্রহেলিকা । মুর্গ্ ভাবে ব্রেছি—জানী ভাবে কিছু ব্যি নাই—তাই সে জানী।

বিজয়। এসব কোণায় শিখ্লে বালক ?

শীলা। [মন্তকে হাত দিয়া] এইখানে— তুমি যে উত্রোভর বিস্থিত হছে! বাও নিজের কাজ কর। এক বালকের প্রলাপ শুনে, আলতে এ দীপ্ত প্রভাত কাটিরে দিছে! লজ্জা করে নাং কর্ম কর, নহিলে এ দীর্য জীবন কাট্বে কিলে ? কর্ম কর্মার যা আছে, তার পক্ষে এ জীবন অতি কুদ, যে কর্মানা করে, তার পক্ষে এ জীবন অতি দীর্য। যাও বীধ

[ প্রস্থান ]

বিজয়। কি আশ্চর্যা । এত কুদ্র বালক—সংগারের কিছু স্কানে না—
কিন্তু এত প্রাঞ্জ । কথন কখন তার কথোপকথন কুদ্র তটিনীর তরল
কলোবের মত জলস-মধুর । আর কথন কখন তার সরল বিজ্ঞান মধ্রে
গিল্পে আঘাত করে—হদ্দের নিহিত ঝকারকে গিল্পে আলোড়িত করে।
মাঝে মাঝে মনে হয়, যে সে প্রাণের কোন নিহিত বাথা গোপন ক'রে
আছে । তার হাসি হাসি মুখ, নত চকু, বিকম্পিত শ্বর । তথাপি তার
সক্ষে কথাবার্তীয় জনেক শান্তি পাই।

### অনুরোধের প্রবেশ।

অফুরোধ। মহারাজ !

বিজর। [চমকিয়া]কে—অনুরোধ! কি সংবাদ?

অনুরোধ। বন্দীর প্রতি কি আজা হয়েছে ?

বিজয়। বনী! কোন্বনী?

অনুরোধ। মেত্রার মহারাজ।

বিজয়। ওঃ! তাকে মুক্ত ক'রে দাও।

অনুরোধ। যে আজো।

বিজয়। স্থন্দর স্থনীল ঐ প্রগাঢ় আকাশ,

স্বৰুর এ শৈণতট—নিস্তব্ধ নির্জ্জন,

কিন্তু, এ গ্রন্থে এক অশান্তি গভীর।

হ্বলর দে মুখখানি ! কি মহিমাময় !

উরবেল ও বিজিতের প্রবেশ।

বিজিত। বিজয় ! ভূমি এ স্থান পরিত্যাগ কর্মার আদেশ দিয়েছ ?

বিজয়। দিয়েছি।

বিক্সিত। আবার কোথার যাবে १

विकय । कानि ना. भाग जुरम मा ३, रश्थारन शिरव भि ।

বিভিত। বিজয়। ভোমার মাথার ঠিক নাই।

বিজয়। আমারও তাই বোধ হয়।

বিজিত। কি বোধ হয় ?

বিজয়। যে আমার মাণার ঠিক নাই।

বিজিত। সেটা বুৰেছ ? তা হ'লে একেবারে মাথার ঠিক নাই বলি

[ >0>

বিজয়। আর ভাল লাগে না।

বিজিত। কোথা যাবে বিজয় ? দেখ, এই ফুলর রাজ্য—একটা শান্তিময় শ্রামল ফুলর রাজ্য—এমন রাজ্যের রাজা হ'রে বস্তে পার। না আধারার ভূটতে চলেছ।

বিষয়। এত শান্তি, এত সৌন্দর্যা, এত সেবা, সহু হচ্ছে না—তাই যেতে চাই বন্ধু।

বিজিত। কোথায় ?

বিজয়। বেথানে অরাজক, অত্যাচার, উচ্চ্ অল, উৎপীড়ন, প্রাণঘাতী ক্রোধ। বেথানকার রাজা—'কে আমার অংশ কেড়ে থেতে এলো ?' ব'লে মার্স্তে ধেয়ে আদে, বেথানে অগ্নিবর্ণ চক্ষু আর উত্তত তরবারি আর সরল শক্ষতা। ঢাকাঢাকি নাই, ধূর্ত্ততা মাথামাধি নাই, দোজা সরল শক্ষতা পাই।

বিজিত। কিন্তু দশদিন এক জায়গায় স্থির থাক্তে পার না ?

विषय । शांति (क्यन क'रत वसू ?

বিজিত। আমি পারি কেমন ক'রে বিজয় ?

বিজয়। তুমি! হঁ—তুমি কথন নিজের বাপকে ক্রমে ক্রমে 
অপরিচিতের ভার, শেবে শক্রর মত বাবহার কর্ত্তে দেখেছ ? বাপের কোনে 
উঠ্তে গেলে, বাপ তোমার কথন লাখি মেরেছে ? যে তোমার হাতে ক'রে 
মাহ্র্য করেছে, সে কি তোমার অধ্রে বিষ্ণাত্ত ধ্রেছে? তুমি কি—না 
আমার এ জীবন-সমৃত্ত মহন ক'রে কি হবে ? গরল উঠ্বে বৈ ত নয়। 
১০২

বিজিত। চাকা ঘুরে যেতে পারে।

বিজয়। ভাগোর দয়ার উপর নির্ভর ক'রে থাক্বার লোক বিজয়সিংহ নয়।

বিজিত। তবে কি কর্বে প

বিজয়। নৃতন দেশ আবিকার কর্বা, নৃতন রাজ্য স্থাপন কর্বা, নৃতন ধর্ম প্রচার করে।

বিজিত। কি ধর্ম ?

বিজয়। যে—সংসারে ভাই নাই, বাপ নাই, মা নাই। সব মারা। দব ভ্রান্তি। দব মিথা।। দব খেততপ্ত মন্তিক্ষের ধুমায়িত কল্পনা। সংসার মারা, স্বজন মারা, স্লেহ মারা, ভক্তি মারা।

বিজিত। তবে সব স্তাপ

বিজয়। নিচুরতা, মিথাবাদ, ধাপ্পাবাজি, শয়তানী। পরমেশ্বর বৃদি থাকেন--থাকুন। অনন্ত নিদ্রায় অভিভূত থাকুন। তাঁর সঙ্গে আমার কোন সম্বন্ধ নাই।

বিজিত। আমরা কি এক উন্মাদের পিছনে ছুটেছি!

বিজয়। তাই কি তোমার বোধ হয় ?

বিজিত। তাইত বোধ হচ্ছে।

বিজয়। তবে তোমরা বাড়ী ফিরে যাও।

বিজিত। যাব, তোমাকে নিয়ে।

বিজয়। পার্বেনা।

বিজিত। চেষ্টাত করি।

বিজয়। নিজল প্রয়াস। আগে ভেবেছিলাম আর লোকালমে

মুথ দেখাব না। অকৃল গভীর সমুদ্রে ভরী ভাসিরে দিয়ে—চ'লে যাই—বেথানে বাতাস ও চেউরে তাডিয়ে নিয়ে যায়। তার পর ভোমরা আমার সঙ্গ নিলে।—কেন নিলে,—ভগবান জানেন।

বিজিত। আমরা তোমার ভালবাদি ব'লে।-

বিজয়। তোমার তাই বোধ হয় ?

বিজিত। বোধহয় কি রকম।

বিজয়। আনার ত তাঠিক বিখাস হয় না।

বিজিত। আমার ব'রে গেল।

বিজয়। আছো—এরা না হয় গৃহতীন দৃহা; এরা আমার শক্তির পরিচর পেরেছে—নুটের আশার আমার পশ্চাৎ নিরেছে। কিন্তু তুমি— রাজপুত্র তুমি—না, এ বেশ একটু গট্কা।

বিজিত। তা হোক। এখান থেকে আজই যেতে হবে ?

विक्रम । हैं।

বিভিত। কিন্ত-

বিজয়। দোহাই বিজিত ! আপত্তি ক'রোনা, আমি আর থাক্ডে পার্কানা। যাও প্রস্তুত হও গো! [বিজিতের প্রস্থান]

বিশ্বর। উন্তাল সমুদ্র করে প্রবল আঘাত মেহুরার শৈলতটে মেহমন্দ্রসম; উঠিছে সে মেহুরার ঘন আর্ত্তনাদ, তথাপি সিদ্ধুর অন্ধ অন্থির হৃদরে দ্বা নাই, অনুকম্পা নাই—কি অসীদ, কি অন্থির, কি গঞ্জীর, ঐ পারাবার।

208]



# অলক্ষ্যে কুবেণীর প্রবেশ।

বিজয়। কে!— 9:!

ক্রেণী। বঙ্গ-ঘ্ররাজ। করিতেছ পরিত্যাগ মেচুরার শৈলতট ?

বিজয়। সত্যকথাদেবি !

কুবেণী। কোথার যাইবে ?

বিজয়। কোন লকা নাই দেবি!

তরণী ভাষায়ে দিব অক্ল সাগরে।

তারপর তরঙ্গ ও বায়ু যেথা ল'য়ে যায়।

কুবেণী। কোথায় যাইব আমি ?

বিজয়। যথা অভিলায।

কুবেণী। যাইতে ছাড়িয়া মোরে পারিবে কুমার ?

বিজয়। কেন পারিব না দেবি ?

কুবেণী। পারিবে না ভূমি।

আমি ভালবাসিয়াছি তোমারে কুমার!

নীরব কি হেতু ? আমি ছাড়িয়া দিব না

তোমারে কুমার আর। পাইয়াছি খুঁ জি

নিজ অধিকার আজ।

বিজয়। বিবাহিত আমি।

কুবেণী। না, তাহার নহ তৃমি, তৃমি যে আমার—

বৃষিগাম দে মুহূর্তে, যে মুহূর্তে আমি দেখিলাম তোমারে কুমার।

আমারে ছাড়িরা বাবে ? সাধ্য কি তোমার !

বিষয়। বিবাহিত আমি দেবি।

কবেণী। চেয়ে দেখ দেখি

আমার এ মুখপানে। শুধু একবার ভাল ক'রে চেয়ে দেখ। তার পর তুমি

পার যদি, যেও যুবরাজ। চেয়ে দেখ।

বিজয় ৷ অনিকাস্থকারী তুমি, হেন রূপ কভ দেখি নাই--কিন্ত দেবি।

কুবেণী। আর 'কিন্তু' নাই।-

আর চিন্তা নাই। তমি আমার—আমার। বাথানি কন্তার রূপ—বিবাহপ্রস্তাবে— কহিতেন মাতা গর্কে—কলারত তার অতল স্থলরী বিখে। স্বজন বান্ধবী উন্মন্ত, আনন্দে অন্ধ, করিত বন্দনা, হই নাই উদ্বেশিত। কেন আজ তবে. শুনিয়া ভোমার মুথে রূপের ব্যাখ্যান, আনন্দে অধীর আমি ? শোন প্রিয়তম। এ রূপ তোমারে আমি ভিক্ষাদান করি।

লহ. ধন্য হও।

বিজয়। দেবি! বিবাহিত আমি।

कृरवनी। कशिशाहि এकवात्र, यशा हेम्हा छव যাও। দেখি সাধ্য তব। বিভেদও হলাইলেন 1

বিজয়। কে তুমি স্থলরী?

कृरवनी। পরিচয়ে প্রয়োজন ? যাও দেখি বীর! বিজয়। উত্তম, বিদায় দাও, দেখি---

कृदवी। मावधान।

অন্ধকার কবিও না তব অহমারে

তব ভবিষ্যৎ।

বিজয়। দেবি। যেই অন্ধকার মম বর্ত্তমান, তার চেয়ে গাচতর অন্ধকার অসন্তব।---

কুবেণী। কি ছঃথ তোমার १

বিজয়। নহিলে ভাসায়ে দেই মুমু বর্তমান লবণান্থ পারাবারে ?

কুবেণী। বিজয়। তোমার

কি ছঃখ আমারে বল। -- করিব মোচন।

বিজয়। সাধানাই বন্ধতব।

কুবেণী। তথাপি, তথাপি---

কি তুঃথ আমারে বল: বল প্রিয়তম !

বিজয়। শুনিবে বান্ধবী ?

কুবেণী। কহ।

বিজয়। দেশ-নির্বাসিত

আমি ৷ আর—আর সেই নির্মাসনদাতা— প্রিয়তম পিতা মম—গাঁহারে—জগতে এত ভালবাসি নাই জীবনে কাহারে---

সেই পিতা—সেই পিতা।—না, না, কাজ নাই, পিতা তিনি বটে, কিন্তু তিনি মহারাজ, করেছেন প্রবিচার। কোন দোষ নাই. দব দোষ--অপরাধ--আমার, আমার। কুবেলী। ব্যাহাছি, ব্রিয়াছি। আর যুবরাজ। আমাদের ভবিষাৎ জড়িত গোপনে একসঙ্গে। এ জীবনে অভেগ আমরা। কুবেণী আমার নাম। ভূত লক্ষের পিতা মোর। পিতৃহীন আমি প্রিয়তম। ভ্ননী বিবাহ করি' নব লক্ষেশ্রে হয়েছেন সন্তানের পর। বল দেখি. দে কি ছাথ সন্তানের, যথন-- যথন জননী জননী নহে আর ৷ তারপর. এই নব লভেশ্বর : নির্বাসিত আমি। এই রাজকন্তা আমি, পিতৃ-মাতৃহীনা, কিশোরী-বিশাল বিশ্বে কেছ নাছি মোর। পিতা নাই. মাতা নাই. গৃহ নাই ! তুমি সমুদ্রের গ্রাস হ'তে করিলে উদ্ধার। এস নাথ। কর মম রাজ্যের উদ্ধার, সিংহাসন ফিরে দাও। ফিরে দাও দেব। আমার পৈতৃক স্বত্ব, জন্ম-অধিকার।

### পঞ্চন দৃশ্য।

#### 43-43-64-64

### স্থান-লক।। উৎপলবর্ণ ও ভাপস।

উৎপলবর্ণ। সেই একই পুরাণো কথা—শুদ্ধ নৃতন আকারে মানবজীবন চক্রের মত খুরে যাচছে! যা ঘটেছে, তাই আবার নৃষ্ ক'রে ঘটছে, আবার ঘটুবে। তাই মাঝে মাঝে জনান্তর হ'তে ভা ঘটনার চুই একটা সঙ্কেত পাই। স্মৃতির নীরব তন্ত্র বেন্ধে ওঠে। পু জন্মের নিবিড কাহিনী স্বপাবেশে ভেসে আসে। তারপর মোহে আনস্তে আবার ঘৃমিয়ে---

তাপদ। তা বুঝেছি পুরোহিত। কিম এ ম্বর্ণিকা যকের মানুষের কথনও হবে না।

উৎপল: যক্ষের আগে এ স্বর্ণাকরা রাক্ষ্যের ছিল, তাপ্স।

তাপস। তবু আমি বিখাস কর্তে পারি নামে, এ দ্বীপ মারুষ এর্টে ভার কর্বের।

উৎপল। বিশ্বাস শীঘ্রই কর্তে হবে। যে কয় কর্মে, সে এসেছে তাপস। কে?

উংপল। বিজয়সিংহ। আমি তার গভীর বিজয়ভেরী শুনেছি। ভাপদ। অসম্ভব।

উৎপল। এসেছে। আজই এক অন্তত ব্যাপার দেথ্বে। সাতশ্য সৈতা নিয়ে থিজয় লয়াজয় কর্বো।

তাপদ। সাতশত মাত্র সৈত্ত নিয়ে! অসম্ভব—উৎপলবর্ণ। উৎপল! যথন ভিতর কয় হ'য়ে যায়, তথন স্থামক-পর্বভশকত 202 াসের এক মৃত্ নিখাদে ভূমিদাৎ হয়।—ঐ দেখ আদ্ছে। অস্তরালে n [উভয়ের অন্তরালে গমন ]

কথা কভিতে কভিতে অফুরোধ ও উরবেলের প্রবেশ। অফুরোধ। আমাদের দেশ থেকে যে বিশেষ ভকাৎ, তা ত বোধ क ना ।

উর্বেল। কৈ। সেই নীল আকাশ, সেই চ্যা ধানকেত, সেই চপালা।

অফুরোধ। গরুগুলোঠিক গরু।

खेकारवल। त्वाथ कति इथ अपन ।

অনুরোধ। উ:। লভার বিষয়ে কতই শুনেছিলাম—যে তার মাঠে ানা ফলে, গাছে হীরে ঝোলে।—এ সবই ত আমাদের দেশের মত।

উরবেল। তবে একট বেশী জম্বলে।

অব্দরোধ। আর বেশ ঠাতা।

উরবেল। ভারি নিস্তর।

অফুরোধ। মারাময়। যেন থাক্তে থাক্তে ঘুম আদে !

উরবেল। কিন্তু বেজায় জলকট। ত্'ক্রোশের মধ্যে একটা সরোবর नहें।

অনুরোধ। এরা বোধ হয় জল খায় না।

'উরবেল। ভাইত। এরা সব ফেরে না কেন ?

অনুরোধ। চল এগিরে দেখি! [উভরে নিজান্ত ]

উৎপলবর্ণ ও তাপদ বাহির হইয়া আদিলেন। ভাপদ। এদের কথা কিছুই বোঝা গেল না।

>8 . ]

উৎপল। একে প্রাকৃত ভাষা বলে।

তাপদ। তুমি এ ভাষাজান ?

উৎপল। कानि।

তাপদ। এরাই লক্ষা জয় কর্মে १

উংপল। অধিকল।

তাপদ। অসম্ব।

(প্রস্থান )

উৎপল। [ভাপদের পানে চাহিয়া]বেচারী। পূর্বজন্মের কিছু জানে না-এ বিজয় আসছে।

> িবালকের সহিত বিজয় পদ্চিক্ত লক্ষ্য করিতে করিতে প্রবেশ করিলেন। ]

বিজয়। তাদেওই পদচিক। ঠিক। কিন্তু এইখানে যে শেষ আর ত দেখতে পাচ্ছি না।

বালক। ভাইত।

বিজয়। এর মানে কি বালক १

বালক। এই গনেই কেউ তাদের হত্যা করেছে, কিংবা-

বিজয়। 'কিংবা' কি १

উৎপল। এসেছ বিজয় ?

বিজয়। কে আপনি গ

উৎপল। একি। তোমাকে যে চিনি বিজয়সিংহ!

বিজয়। সে কি। আপনি আমার নাম জানলেন কেমন ক'রে ?

উৎপল। নাম !--তোমার নাড়ী নক্ষত্র সব জানি।

বিজয়। আপনি আমায় চেনেন १

উৎপল। বেশ চিন। ঠিক সেই গর্বিত শিরঃসঞ্চালন, সেই স্তাকৃণ উদাদ দৃষ্টি।—ঠিক দেই বটে।

বিজয়। আপনি আমায় পূর্বে দেখেছেন ?

উৎপল। দেখেছি।

বিজয়। কোথায় १

উৎপল। পূর্বজনো। ভূমি আনায় কিছু চিন্তে পার্ছে না ?—ি কি ! াশ্চর্যা ভাবে আমার মুখপানে চেয়ে রয়েছ যে। চিত্তে পাচ্ছ না ৪

বিজয়। না।

উৎপল। কিন্তু আমার বেশ মনে আছে। বেশ মনে পড়ে—তুমি ক বণিকের পুত্র ছিলে, আর আমি এক গৃহস্তপুত্র ছিলাম। বাণিজ্যে তামার আদক্তি ছিল না, আনারও দংসারে ম্পু হা ছিল না। আমরা है अভिन्नश्वत वक् हिलाम। - किছू मत्न परड़ ना ?

ি বিক্য। না।

ু উৎপল। আমরা হজনে দিনের মধ্যে পরস্পরকে একবার না দেখুলে াকতে পার্তাম না। একদিন মনে আছে, আমরা ছলনে নীলাচলমূলে বিড়াচিছলাম, তুমি দেশ দেশায়ুরের কথা আমায় শোনাচিছলে, আমি ভামায় কত জন্ম জন্মান্তরের বার্তা শোনাচ্ছিলাম। বেড়াতে বেড়াতে सा। र'रव এলো। आमि वलाम-'ठन वाड़ी शह।' जुमि वरल-'आल াদ উঠক ।' তার পর অন্ধকার হ'লে এলো; পরে চাঁদ উঠ্লো; তথন বামরা বাড়ী ফির্লাম—কিন্তু এক অপরিচিত পথ দিয়ে।—মনে পড়ে না ?

विका। देक ?

উৎপন। তার পর, একটা জঙ্গলে এসে পড়লাম। একটা বাঘের .8२ ]

ডাক গুনলাম। আমি ভয় পেলাম। তুমি কিছুমাত্র বিচলিত না হ'য়ে পূর্ববং গল্প কর্ত্তে কর্তে চলে। তার পর—

বিজয়। তার পর १

উৎপল। একটা বাঘ বনের মধো থেকে বেরিয়ে আমায় আক্রমণ কল। তুমি ক্ষিপ্রহন্তে তরবারি খুলে তার গলায় বলিয়ে দিলে; বাং আমার ছেডে তোমার আক্রমণ কল'। এখনও মনে পডে—ব্যান্তের দেই উন্মন্ত গৰ্জন, তোমার দেই স্থির রক্তাক্ত দেহ, কাতর দৃষ্টি, মৃত্যু-

বিজয়। আমার মৃত্যা

উৎপল। ঠিক মনে আছে।

বালক। সভাই এ মায়ার দেশ, সবই অদ্ভত।

উৎপল। এ বালকটি কে ? পূর্বজন্মে দেখেছি ব'লে ত মনে হচ্ছে না।

বিজয়। পূর্বজন্মের কথা আপনার এত মুখস্থ ?

উৎপল। পরীকাদিতে পারি।

বালক। যাকৃ--দে বিষয়ে আপনাকে পরীক্ষা কর্মার লোকের অভাব। আপাতত: এ জন্ম আপনি কে ?

উৎপল। আচার্যা।

वानक। তা दिन दावा गाष्ट्र।--- এ कान पन १

্টৎপল। লকা। এ নগরের নাম তামপর্ণী।

বালক। রাবণ তবে এই লঞ্চার রাজা ছিলেন ?

উৎপল। হাঁ বালক !--পুর্বজন্ম তুমি কি ছিলে বল দেখি ?

বালক। পূর্বজন্মে আমি হতাশ-প্রণায়নী ছিলাম।

উৎপল। বটে। বটে -- কাকে ভালবাসতে ?

উৎপল। বেশ চিনি। ঠিক দেই গর্বিত শির:দঞ্চালন, সেই ষ্টাকুল উনাস দৃষ্টি ।—ঠিক্ সেই বটে।

বিজয়। আপনি আমায় পূর্বে দেখেছেন ?

উৎপল। দেখেছি।

বিজয়। কোথায় ?

উৎপল। পুর্বজন্ম। তুমি আমায় কিছু চিন্তে পাছে না १—কি ! 🌬 শ্রহর্ষা ভাবে আমার মুখপানে চেয়ে রয়েছ যে ! চিন্তে পাছর্ না প

বিজয়। না।

উৎপল। কিন্তু আমার বেশ মনে আছে। বেশ মনে পড়ে—তমি ্ক বণিকের পুত্র ছিলে, আর আমি এক গৃহস্তপুত্র ছিলাম। বাণিজ্যে ্ঠামার আনস্তিক ছিল না, আমারও সংগারে স্পৃহ। ছিল না। আমরা ই অভিনহদয় বন্ধু ছিলাম।--কিছু মনে পড়ে না ?

বিজয়≀ নাা

উৎপল। আমরা চুজনে দিনের মধ্যে পরস্পরকে একবার না দেখ লে াকতে পার্তাম না। একদিন মনে আছে, আমরা ছঞ্জনে নীলাচলমূলে ্রিকাচিছিলাম, তুমি দেশ দেশান্তরের কথা আমায় শোনাচ্ছিলে, আমি তামায় কত জন্ম জনাস্তরের বার্তা শোনাচ্ছিলাম। বেড়াতে বেড়াতে सा। र'रत्र थरला। जामि वल्लाम—'हन वाड़ी शाहे।' जुमि वरल्ल—'जारत ाम উঠক ।' তার পর অন্ধকার হ'লে এলো; পরে চাঁদ উঠ্লো; তথন বামরা বাড়ী ফির্লাম-কিন্ত এক অপরিচিত পথ দিয়ে।-মনে পড়ে না ?

विकय। देक १

উৎপল। তার পর, একটা জঙ্গলে এদে পড়্লাম। একটা বাবের 82 ]

ডাক গুনলাম। আমি ভয় পেলাম। তুমি কিছুমাত্র বিচলিত না হ'লে, পূর্ববং গল কর্ত্তে কর্তে চলে। ভার পর—

বিজয়। তার পর १

উৎপল। একটা বাঘ বনের মধ্যে থেকে বেরিয়ে আমায় আক্রমণ কর্ল। তুমি ক্ষিপ্রহন্তে তরবারি খুলে তার গলায় বদিয়ে দিলে: বাঘ আমার ছেডে তোমার আক্রমণ কল। এখনও মনে পডে—বাজের দেই উন্মন্ত গৰ্জন, তোমার দেই স্থির রক্তাক্ত দেহ, কাতর দৃষ্টি, মৃত্য-

বিজয়। আমার মৃতান

উৎপল। ঠিক মনে আছে।

বালক। সভাই এ মায়ার দেশ, সবই অন্তত।

উৎপল। এ বালকটি কে ? পূর্বজন্ত্রে দেখেছি ব'লে ত মনে হচ্ছে না।

বিজয়। পূর্বজন্মের কথা আপনার এত মুখস্থ ?

উৎপল। পরীকাদিতে পারি।

বালক। যাক-সে বিষয়ে আপনাকে পত্নীক্ষা কর্ব্বার লোকের অভাব। আপাতত: এ জন্মে আপনি কে ?

উৎপল। আচার্যা।

বালক। তা বেশ বোঝা যাচছে।--এ কোন দেশ ?

উৎপল। লক্ষা। এ নগরের নাম তামপণী।

বালক। রাবণ তবে এই লঞ্চার রাজা ছিলেন ?

উৎপল। হাঁ বালক । —পূর্ত্তজন্ম তুমি কি ছিলে বল দেখি ?

বালক। পূৰ্বজন্ম আমি হতাশ-প্ৰণন্ধিনী ছিলাম।

উৎপল। বটে। বটে -- কাকে ভালবাদতে ?

বালক। এই বিজয়সিংহকে। বন্ধু তোমার মনে নেই ? সেই বে-।কটি ছোট বাহ্মণের মেয়ে ছিল। গুলার প্রাসাদ তৈর ক'রে <del>ভেলে</del> ফলতো, থাবার পেলে ভৌমাকে অর্দ্ধেক এনে দিত।

উৎপল। দিত নাকি?

বালক। না দিয়ে থেত না। বিজয়কে যথন তাঁর বাপ বেড ার্ছেন—

বিজয়। কি। আমায় বেত মার্তেন ?

বালক। আমি সে আঘাত পিঠ পেতে,নিতাম। উঃ। এখনও ার বেদনা কিছু কিছু অনুভব কর্ছি যেন। তারপর, বিজয়ের বাপ যথন বৈজয়কে ভাডিয়ে দিলেন ---

বিজয়: পূর্বজন্মেও আমার বাপ আমার তাড়িয়ে দিয়েছিলেন ?

বালক। আমি তাঁর সঙ্গে দঙ্গে ফিন্তাম। বিজয় আমায় দেখত না।

উৎপল। বিজয়কে তোমার প্রেম-

বালক। না---

উৎপল। ঠিক।

বালক। "ঠিক" কি ?

উৎপল। তুমিই বটে !

বালক। এখন চিস্তে পাছেইন १

উৎপল। না তোমায় কখন দেখিনি। তথে

বালক। ভবে १---

উৎপল। বিজয় তোমার কথা আমার কথন কথন বল্ত।

বালক। বলতেন ? বাঁচ লাম।

উৎপল। বিজয় তে'মায় ভালবাদ্তো।

বালক। বাদ্তেন ? আহা ! দে কথাটা যদি পূর্বজন্ম জান্তাম !

বিজয়। তোমরা ছ'জনে একটা ষড়যন্ত্র ক'রেছ নাকি ? মহাশয়! সে সব পূর্বজন্মে আমি যা-ই ছিলাম তাতে আপাততঃ কিছু যাছে আস্ছে না। এখন আমার সঙ্গীরা কোথায় বল্তে পারেন ? তাঁরা এই দিকেই এসেছিলেন।

উংপল। ক'জন?

বিজয়। সাত শজন।

উৎপল। ঠিক।

বালক। পূর্বজনার সঙ্গে মিলে গেল নাকি ?

উংপল। রোদ, তোমার মায়ার অভেত ক'রে দেই। [হত্তে স্তবন্ধন]

वालक। व्यावात्र-वार्थरगः

উৎপল। মন্ত্র পড়িয়া বিজয়ের গায়ে জল ছিটাইয়া দিলেন।

বিজয়। ও আবার কি ?

উংপল। তুমি লকাজয় কর্বে।

বিজয়। একি । আমায় উন্মাদ পেলেন নাকি ? [কঠোর করে] আমার দঙ্গীর। কোথায় ? শীঘ্র বলুন। নইলে—[তরবারি নিছাশন করিলেন] উৎপল। অত উৎকট নয় ভাই। তরবারির বাবহার কর্তে দবে —কিন্তু এখন নয়।—তোমার সঞ্চীদের বন্দী ক'রে রেখেছে।

বিজয়। কে?

উৎপল। লক্ষার অধিপতি।

বিজয়। কিরকমে?

উৎপল। মায়াবলে। এই বক্ষ মায়াবলে অজেয়। কিন্তু বক্ষ কঞা

कूरवनी তার মায়াবলে তাদের উদ্ধার করেছে। আমি মায়াবল জানি না কিন্তু মায়াবল প্রতিরোধ কর্ত্তে জানি। ঐ দেখ, তোমার সঙ্গীরা আদছে। বিজ্ঞার সঙ্গিগণের প্রবেশ।

সঞ্চিগণ। জয় যুবরাজ বিজয়সিংহের জয়।

উৎপল। তুমি এই সাত শ সেনা নিয়েই লক্ষাজয় কর্মে। পূর্বেও এইরূপ হয়েছিল। এবারও হবে। তুমি লক্ষার রাজা হবে, কুবেণী লক্ষার রাজী হবে। যাও বিজয় ! যুদ্ধের জন্ম প্রস্তুত হওগে, বিজয় ও বালক ভিন্ন সকলে নিজ্ঞান্ত। কাল যদ্ধ।

লীলা। বন্ধ। আমার কিন্ত ভারি হাসি পাছিল।

বিজয়। কেন?

লীলা। একটা কথা মনে ক'রে।

বিজয়। সেটাহছে কি?

বালক। দেটা হচ্ছে যুদ্ধ।

বিজয়। যুদ্ধ হাস্তকর ?

বালক। হাজকর নয় ? একটা গরু ঘাস থাছে, পাশের জমিট আবে একটা গরু ঘাদ খাছে। এ গরুটা তাই দেখল। আব দৈল না দেবলে, আমি নিজের ঘাদ থাব না, ওর ঘাদ থাব। কেন ? না ও ঘা বেশী মিষ্টি। ও গরুটা যদি বলে, তবে তোমার ঘাস আমি থাই ? न আমি এ-ও থাব, ও-ও থাব। ছটোই থাব। তুমি থেতে পাবে না শুদ্ধ আমি বাঁচি। তোমার বাঁচার ত কোন দরকার নাই।

বিভয়। ঠিক বলেছ বালক।

বালক। তবে আমার গুলা টিপে ধর।

286

বিজয়। কেন গ

বালক। তোমার জোর বেশী। অপ্রিয় সত্য কথা বলবার আমার অধিকার কি १

বিজয়। সভা, বালক! কে তুমি? আপন মনে কি ব'লে যাও— যেন পাগলের পাগলামি! কিন্তু তা ত নয়। এর ভিত্রে একরাশ মানে। -- কে ভূমি বালক ? [হন্ত ধরিলেন]

িবালক স্প্রিইবং হাত স্রাইয়া লইলেন

বিজয়। কি. লেগেছে গ

বালক। লেগেছে, বড় লেগেছে, কিন্তু হাতে নয়—ি বক্ষে হাত দিয়া এখানে, এখানে। কেন আমায় তমি স্পূৰ্ণ কর্লে ? কি কর্লে। কি কর্লে।

বিজয়। কেন. কি করেছি !

বালক। আর ত পারি না। এই নির্জন সমুদ্রতীর, এই মধুর সন্ধা, আকাশে ঐ চাঁদ উঠছে।—প্রিয়তম !—প্রাণাধিক !—না, না—রাজাধিরাজ। আমার কোন বাদনা নাই। ক্ষা কর। প্রিস্থান ]

বিজয়। কি আশ্চর্যা।

# স্ঠ দৃশ্য।

স্থান-লকার প্রাসাদ। কাল-সন্ধ্যা। কালসেন ও জয়সেন।

কাল্সেন ৷ যুদ্ধের সংবাদ কি, জয়সেন ! জয়দেন। জানি না পিতা!

কালসেন। তুমি যুদ্ধক্ষেত্র থেকে আস্ছ না ?

জয়দেন। না. পিতা।

কালদেন। তবে এতক্ষণ কোথায় ছিলে ?

জয়দেন। প্রাসাদশিখরে।

কালদেন। প্রাসাদশিখরে ! -- সেখানে কি কর্চিলে ?

জয়দেন। যুদ্ধ দেখুছিলাম।

কালদেন। যুদ্ধ দেখ্ছিলে !—ও কি ! কাঁপ্ছ কেন ?

জয়দেন। পিতা। এ সমরে আমাদের পরাজয় নিশ্চিত।

কালসেন। কে বল্লে १

জন্দেন। বিজন্দিংহ দেবরাজ ইল্রের মত যুদ্ধ কল্ফে। ল্কার দৈত্ত তাকে আক্রমণ কর্ত্তে যাচ্ছে, আর তার শরাঘাতে ভাগ্নের মত উড়ে যাচ্ছে। বিজয়সিংহ সাক্ষাৎ কালান্তক ধম। হেন ভীষণ মূর্ত্তি কথন দেখিনি। সে কি ভয়ানক। লঙার পরাজয় হবে।

কালদেন। তাই কাঁপ্ছ ? ভীর ! তুচ্ছ মামুষের সঙ্গে যুদ্ধে যক্ষের পরাজয় হবে ! কি প্রলাপ বক্ছ ? ভুচ্ছ মানুষের দলে ।---

উৎপলবর্ণের প্রবেশ।

উৎপল। স্বরং ভগবান মাহুষেরই আকারে লক্ষাধামে এসেছিলেন মহারাজ ৷

কালদেন। কিন্তু বঙ্গের বিজয়সিংহ ভগবান নয়।

উৎপল। মহারাজ কালদেনও শমনজয়ী দশানন নয় ---রাজপুত্র জয়সেনও ইন্দ্রজিৎ মেঘনাদ নধ।

কালদেন। কিন্তু সাত শ সৈত্র— 186

উৎপল। মহারাজ। যথন কালপূর্ণ হয়, তথন সব অসম্ভবই সম্ভ হয়। অস্কার যক্ষের রাজত্বের পরমায় শেষ হয়েছে—মাতুষের যুগ এসেছে কালদেন। কে বলে ? উৎপল। আমি দেখেছি। কালদেন। কি দেখেছ পুরোহিত ? উৎপল। এই ভবিষ্যদাণী। কালদেন। দেখেছ ? কোথায় ? উৎপল। অনল অকরে লেখা। কালদেন। কোণায় ? উৎপল। আকাশের ঘন আন্তরণে। ঐ শোন মাত্রবের জয়ধ্বনি। ও কি লছেশ্বর। কেন পাংগু ভয়ে ? द्रका नाह-मावशान। (প্রস্থান ) কালদেন। আবার ও মানুষের জয়ধ্বনি। - একি গ দেখি অফকার। কেন কম্পিত চরণ। আবার, আবার ঐ সমুচ্চ নিনাদ--মানুষের জন্বধ্বনি।—কে আছু কোথান ? বৃক্ষাকর, বৃক্ষাকর। নেপথ্যে বহুমিত্রা। পালাও। পালাও।

বস্থমিতার প্রবেশ।

কালসেন। কে—কে তৃমি ? বস্থমিতা। চল, চল—পলাইয়া যাই। কালসেন। কোথায় १

বস্থমিতা। সমুদ্রে, ঘন গহনে, পর্বতে: যেখানে হয়, পালাই।

कानसम् । शानारवा ।

বস্থমিতা। হাঁ, চল পালাই।

কালদেন। রক্ষা কর বিরূপাক।

বস্থমিতা। কারো সাধ্য নাই যে, তোমায় এ সম্ভটে রক্ষা করে মহারাজ।

কালদেন। কেন ? স্পষ্ট ক'রে বল। ওকি। বারবার বিপক্ষের জয়-

বনি ! ওকি বহুমিতা ৷ পাষাণ-প্রতিমার মত স্থিরমূর্ত্তি—নি:র্গমেষ নেত্রে চয়ে রয়েছ কেন ? বস্থমিতা।

বস্থমিতা। মহারাজ। পালাই চল। নইলে রক্ষা নাই।

কাল্সেন। কেন ? স্পষ্ট ক'রে বল।

বম্বমিতা। কুবেণীকে মনে পড়ে মহারাজ।

কাল্সেন। সে ও ম'বে গিয়েছে।

বস্থমিতা। মরে নাই মহারাজ। কাল রাত্রিকালে তাকে দেখেছি।

কালসেন। কোথার?

বস্থমিতা। স্বপ্নে। দেখলাম, সে বিজয়সিংছের পাশে দাঁডিয়ে। পরিধানে রণবেশ; স্বর্ণ উষ্টীধের নীচে আলুলায়িত কেশদান, দীপ্ত বদনমণ্ডল, অপাঙ্গে গভীর কালিমা। দে বল্লে, "মা পালিয়ে এসো।" আমি যাইতে চাইলাম না। অমনি সে নিমেষে আকাশের সঙ্গে मिनिएस (जान । किन्छ विकास माँ। छिएस देवन । हन शाना है।

कालरमन। एष नाजी द च्या

বস্থমিতা। শুধু স্বপ্ন নয়, তারপর ঘুম থেকে উঠে আমি ভাবুছি->4. ]

কু তলে দেখি সন্মুখে কুবেণী। আমি তাকে অভিন্নে ধর্লাম। আমার াত ধ'রে বল্ল "মা চ'লে এস।" আমি বলাম, "না, যাব না।" অনেক াধল, আমি তব গেলাম না। তারপর—তারপর সে চ'লে গেল।

কালসেন। ভূমি গোপনে তার দঙ্গে সাক্ষাৎ করেছ ? বহুমিত্রা। করেছি। কি । তোমার মুথ হঠাৎ দাদা হ'রে গেল ধন ? এস, এস পালাই।

িহাত ধরিলেন ]

কালসেন। [ধীরে হাত ছাড়াইয়া] বস্থতি। এ তোমার কাঞ্চ। বত্তমিত্রা। কি আমার কাজ ?

কালদেন। তুমি এই বৈরীদল লঞ্চায় ডেকে এনেছ।—ওকি! াবার বিপক্ষের জন্বধ্বনি। ত্মি-তবে-

বহুমিতা। না, না, আমি নই। আমার ক্লা।

কালদেন। একই কথা। আমি পালাব না। আমি মর্ত্তে বদেছি. ৰ্বা কিন্তু তুমিও মৰ্কো।

বস্থমিতা। সে কি।--

কালসেন। তোমায় হত্যা কর্বা। তিরবারি খুলিয়া বহুমিতার লদেশ ধরিয়া ভূপাতিত করিয়া ] প্রস্তুত হও।

বস্থমিতা। হত্যা ক'রো না-আমি নির্দোধী।

কালদেন। দোষী কি নির্দোষী তা বিচার কর্মার অবসর নাই। বে—[ভরবারি উঠাইয়া]

বস্থমিতা। রক্ষা কর। রক্ষা কর। কে আছ কোথার--রক্ষা কর। কালদেন। এই কর্ছি। [তরবারি ছারা পুনঃ পুনঃ আঘাত ]

```
রণবেশে বিজয়সিংহ ও কুবেণীর প্রবেশ।
```

কবেণী। এই যে এখানে, মহারাজ। মহারাণী কোথার ?

কাল্সেন। মহারাণী। কোথাকার মহারাণী ?

कुरवि। नकात्र कननी।

কালসেন। কেন १

কুবেণী। যেন তাঁর আর্ত্তপর ওনলাম।

কালদেন। তনেছ १

কুবেণী। শুনেছি-কে যেন বল্ল, "হত্যা ক'রোনা, রক্ষা কর।" সেই স্বর। মহারাণী কোথায় ?

কালসেন। ঐথানে। ঐ কোণে। ঐ স্থির মাংসপিও।

কুবেণী। (অগ্রসর হইরা) মা। মাউত্তর নাই যে। মা। একি ৪ রক্ত

কাল্সেন। সব বাকা স্তব্ধ হয়েছে।

কুবেণী। কি করেছ মহারাজ।

কালসেন। হত্যা করেছি।

কুবেণী। হত্যা করেছ ? তুমি---

কাল্সেন। আমি হত্যা করেছি।

বিজয়। [অগ্রসর হইয়া] লক্ষের । তুমি নারীহত্যা করেছ ?। অস্ত্র বা'র কর।

কালদেন। কে তুমি ?

বিজয়। আমি বিজয়সিংছ। যুদ্ধ ক'রে মর-কাপুরুব।

িউভয়ের যদ্ধ ও কালসেনের পতন।

কুবেণী। বিশ্বমিত্রার উপর পড়িয়া বিশ্বনী। জননী।

>42

# চতুর্থ অঙ্ক।

**4>4>4** 

## প্রথম দৃশ্য।

-:\*:-

স্থান---লঙ্কার একটি বিজন প্রাস্তর। কাল---সন্ধ্যা। বিরূপাক্ষ ও বিশালাক্ষ।

বিজ্ঞপাক্ষ। বিজয়সিংহ তা হ'লে রাজা হ'য়ে বদেছেন ? বিশালাক্ষ। বদেছেন বৈ কি।

বিরূপাক। যথন এই বিজয়ী বীর লভার সিংহাদনে বদ্লে তথন লভার অধিবাদীরা কি ভাবে তা নিলে ?

বিশালাক্ষ। বিজয়সিংহ লকার সেই পুরাতন মণিথচিত হুর্ণ সিংহাস। বস্লেন। তাঁর অফুচরবর্গ উচ্চ হুরে ব'লে উঠ্ল—"জয় লকাধিপতি বিজয়সিংহের জয়।" অমনি প্রাসাদমঞ্চে জয়বাত্য বেজে উঠ্ল। ছুর্গশিং বিজয় ভুলপতাকা উড়িয়ে দিল। সভাসদৃগণ জয়ধ্বনি কর্ল।

বিরূপাক। প্রজাগণ সে জয়ধ্বনিতে যোগ দের নি ?
বিশালাক। দিয়েছিল।
বিরূপাক। ঘরে ঘরে শত্মধ্বনি হর নি ?
বিশালাক। হয়েছিল।

বিরূপাক্ষ। পুরোহিতবর্গ উপস্থিত ছিল १

বিশালাক। ছিল।

বিরূপাক্ষ। কেউ কিছ বলেছিল १

বিশালাক। একজন তরুণ তাপুস বলেছিল। সে বলেছিল—"জয় ারাজ জন্মদেনের জন্ম।"

বিরূপাক। সভাগ কে সে ভাপস १

বিশালাক। জানি না।

াবিরপাক্ষ। ধন্ত তাপদ। তা'তে কেউ কিছু বলেছিল গু

্বিশালাক্ষ। না। বঙ্গের বিজয়সিংহ একবার তার পানে চেয়ে থেছিলেন। অমনি তাঁর দীপ্ত মুখমগুল সহসা গন্তীর হ'ল। তার পর র্মবং তিনি তাঁর প্রিয় অনুচরদের দঙ্গে কথাবার্তা কৈতে লাগ্লেন।

বিরূপাক। তারপর আর কিছু ?

বিশালাক্ষ। আজ প্রভাতে রাজ্ঞী কবেণীর সঙ্গে বিজয়সিংহের বিবাহ रब शिखरू ।

বিরূপাক্ষ। [গম্ভীর ভাবে ] হুঁ।

বিশালাক্ষ। রাজকুমার জ্বদেন সে বিবাহে এসে বাধা দেন। রাজী াকে কারাগারে নিক্ষেপ করেছেন।

বিরূপাক্ষ। কি অপরাধে १

বিশালাক্ষ। জন্মদন উন্মন্তবং বিবাহ-সভার বিজয়সিংহকে হত্যা ্রে যান। রাজী উন্মান ব'লে তাকে রুদ্ধ করেছেন।

বিরূপাক। উত্তম। তারপর १

বিশালাক। আজ রাত্রিকালে রাজদম্পতীর বিবাহ-উৎসব।

48]

বিরূপাক্ষ। হুঁ। এখন কি কর্বেঠিক করেছ বিশালাক্ষ।

বিশালাক্ষ। কি আবার কর্ব ?

বিরূপাক। এই শক্রর সেনাপত্য কর্বে ?

বিশালাক। কেন কর্জনা ? যথন লফা স্বাধীন ছিল, যুদ্ধ করেছি। লকাজয়ের পর, আর বিবাদ করা পাপ।

বিরূপাক্ষ। এক বাঙ্গালীর দাসত্ব কর্ব্বে—লঙ্কার অধিবাসী! মানুষের দাস্ত কর্ব্বে—থক্ষ!

বিশালাক্ষ। মানুব। কিন্তু মানুবের মত মানুষ। এই বিজয়সিং**হকে** দেখে তোমার ভক্তি হয় না ?

বিরূপাক্ষ। কি বল্লে বিশালাক্ষণ ভক্তি। কথাটা বেশ উচ্চারণ কলেত। মালুষকে ভক্তি।

বিশালাক্ষ। বিরূপাক্ষ বুথা এই আক্লালন। যক্ষের যুগ গিয়েছে। এখন মালুষের যুগ এসেছে। অবশু, সে মালুষের মত মালুষ যদি হয়।

বিরূপাক। সেনাপতি! যদি যক্ষের যুগ গিয়ে থাকে, ত আমিও তার সঙ্গে যাব! জ্যোৎসার বিলয়ে, নিলজ্জ কলঞ্চী চাঁদের মত, আকাশে ভরে পাংশু হ'রে, দাঁড়িয়ে সুর্যোর দিকে চেয়ে থাক্ব না।

বিশালাক্ষ। রাজ্যশাসন কর্ত্তে অক্ষম, অত্যাচারী কালসেনের উচ্চুন্থল রাজ্য ত থাবেই। বিজয়সিংহ কেবল বিধাতার তুকুম তামিল করেছে। তার জয় কৌক্।

বিরূপাক্ষ। উত্তম ! আরু থেকে আমি তোমার শক্ত ! বিশালাক্ষ। বিবেচনা কর বিরূপাক্ষ ! [হাত ধরিলেন] বিরূপাক্ষ। যাও [হস্ত ছাড়াইরা ক্রত প্রস্থান।]

বিশালাক্ষ। বুথা আক্লালন, বিরূপাক্ষ! নৃতনের কাছে পুরাতন টেকে না,—কি রাজ্যে, কি শিল্পে, কি ধর্মে। আকাশে মেগ ছেয়ে এদেছে। অথচ বৃষ্টি নাই, বাতাদের একটা উচ্ছাদও নাই। কি গ্রীয় !

কথা কহিতে কহিতে উৎপল ও তরুণতাপদের প্রবেশ।

তাপদ। তবে তুমি এই বঙ্গের বিজয়সিংহকে এই লঙ্কায় টেনে এনেছ পুরোহিত।

উৎপল। আমি নয়—ভাগা।

তাপদ। ভাগা ?-মিথা কথা। ভাগা ? মানুষ আপনার ভাগা আপনি গডে।

উৎপল। তোমার তাই বিখাদ ? অহলার চির্দিন অহলার করে যে, সে একা নিজে নিজের ভবিষ্যৎ গঠন করে। কিন্তু সে এই গ্রুতীর ভিতর আছে। বাইরে যাবার সাধ্য নাই। এ বিজয়সিংহ এ অবস্থায় চিরদিন এসেছিল, আজ এসেছে, চির্দিন আসবে।

তাপদ। আর তৃষি তাকে বরণ ক'রে এনে ঘরে তুল্বে ?

উৎপল। আমি ভাগ্যের অধীন।

ভাপদ। ভাগ্যের অধীন। নাবিখাদ্যাতক।

উৎপদ। হাঁ, আমি বিশ্বাস্থাতক। কিন্তু এই ভাগা।--আমি কি কর্ব বল ? আমি জাস্তাম যে, আমি বিশ্বাস্থাতক হব। বিজয় ল্ভাজয়, কর্বে। তুমি নিক্ষণ আক্ষালন কর্বে। এ পলাটলিপি আমি যে পড়েছি। যা যা হছে, সব--জাস্তাম।

তাপদ। আরি যা যা হবে ?

উৎপল। সবজানি।

>64

তাপদ। জান, যে তোমার মৃত্যু তোমার দলুথে ?

উৎপল। বহুদুরে। আমার কাজ এখনও শেষ হয় নি। বহুদুরে—

তাপস। না. এই দণ্ডে।

উৎপল। বছদুরে --

তাপদ। তবে এই মৃহুর্তে। এই দেখ- গলদেশ ধরিয়া কৃষ্ণি হইতে ছুরি বাহির করিয়া উৎপলবর্ণকে বধ করিতে উন্নত হইলেন। তৎক্ষণাৎ বিশালাক্ষ আসিয়া তাপদের হাত ধরিয়া কহিলেন "দাবধান।" ी

তাপদ। কে তমি ?

বিশালাক্ষ। পুরোহিত হত্যা ক'রোনা। [হস্ত হইতে ছুরিকা সবলে কাড়িয়া লইয়া দূরে ছুঁড়িয়া ফেলিয়া দিলেন ]

তাপদ। ভোষায় মার্তে পালীম না।

উৎপল। তা পূর্বেই জাস্তাম! [সকলের প্রস্থান]

# দ্বিতীয় দৃশ্য।

#### 43-63-64-64

श्रान-नका। वानकर्दाभिने नीना उक्रविनी।

বালক। কি ভাব্চ মহারাণী!

কবেণী। গাচ ভবিষ্যং।

বালক। তা আর ভেবে কি হবে মহারাণী! এই গাঢ় ভবিষ্যৎ-

[ >49

গাঢ় অন্ধকারে ! সে অন্ধকারে কেউ প্রবেশ কর্তে পারে না। তবু, আশ্চর্যা মহারাণী! মাত্র ভবিত্তং ভেবে আকুল।-- ৩ধুসময় অপবায়।

কুবেণী। নহিলে আর কি ভাব্ব ? অতীত ?

दानक। मन्त्र कि!

কুবেণী। যা অহাত তা অহাত।

বালক। তথাপি ভবিষ্যতের চেম্নে সে ভাল গুরুমহাশয়। অভীত তব্ কিছু শিক্ষা দিতে পারে!

কুবেণী। অতীত বিজ্ঞান। কিন্তু ভবিষ্যুৎ কবিত্ব।

বালক। অভীত মাতা, ভবিত্যং পত্নী । অভীত করণার মত ক্ষেত্রে সরল বেইনে গলাটি জড়িয়ে ধ'রে কাঁদে, নীর্ষে আশীর্কাদ বর্ষণ ক'রে কাঁদে, আর ভবিত্যং শুধু চায়, শুদ্ধ দাবী করে —

কুবেণী। অতীতের স্থাতির মূল্য আছে। এ অতীত পতিতের নিকটে মধ্য-হায়রে সেদিন।

বালক। সে দিন চিরকালই হায়রে সেদিন। মান্ত্য বর্ত্তমান স্থাথের মধ্যে চিরকালই অতীতের দিকে তাকিয়ে বলে হায়রে সেদিন। অকৃতজ্ঞ মান্ত্র।

কুবেণী। কেন ?

বালক। চিরদিন অন্থোগ করা তার স্বভাব। নিজের নিয়ে কেউ স্ববী নয়। বর্ত্তমান তার পক্ষে যথেষ্ঠ নয়। বিগত শৈশব চিরকালই— "হায়রে দেদিন।" আমি ত মনে করি, শৈশব একবারেই স্থের নয়।

কুবেণী। কেন ?

বালক। রোজ রোজ নৃতন পড়া মুথস্থ করা বড় স্থের ব'লে ত ১৫৮] কবেণী। তোমার গুরুমহাশয় তোমায় মার্তেন গ

বালক। উ:-ভাইতেই ত দেশ ছেড়ে পালালাম।

কুবেণী। আর তোমার বাবা ?

বালক। তিনি মার্ত্তিন না—চোথ রালাতেন।

কুবেণী। আছা —ভোমার মা আছেন ?

বালক। না

কুবেণী। বিয়ে হয়নি १

वानक। ३'रब्रिइन (वांध इत्र, ठिक मरन रनरे।

কুবেণী। কিছু মনে নেই গ

वालक। किছ मन (नहे।

কবেণী। আৰ্চৰ্যাত।

বালক। ভারি আশ্চর্যা।

কুবেণী। বিজয়সিংহের দঙ্গে তোমার কতদিন থেকে আলাপ ?

বালক। পূর্বজনাথেকে। পূর্বজনো আমি তাঁর দ্রী ছিলাম।

কুবেণী। স্ত্রীছিলে १

বালক। স্ত্ৰীছিলাম।

কুবেণী। পূর্বজন্ম তিনি তোমায় ভালবাস্তেন ?

বালক। তিনি আমার মুখদর্শন কর্তেন না।

কুবেণী: কেন গ

বালক। বোধ হয় আমি দেখতে থারাপ ব'লে।

কবেণী। না-তুমি ত দেখতে বেশ।

বালক। মন্দ কি।

কুবেণী। না। এই বিজয়সিংহ ভালবাসতে জানেন না। ালবাসা কাকে বলে, তা তিনি জানেন না।

বালক। কেন ? তিনি ত তোমার বেশ পোষ মেনেছেন।

কুবেণী। তিনি যাত্ৰমন্ত্ৰে আমার বশ। এই যাত্ৰমণ্ডে ঠাকে

ালাচিত। ভালবাদা নহে।

বালক। চালাচ্চত।

কুবেণী। তাতে তৃপ্তি হয় না।

বালক। কেন ?

কুবেণী। এ অন্তরের কুধা। ভালবাদা দম্বন্ধে তুমি কি জান্ত্রে বালক ।

বালক। আমি কতক লানি।

কুবেণী। তুমি !

বালক। পথীকা ক'রে নেন।

কুবেণী। বল দেখি ভালবাসা কি ?

বালক। ভালধাসা গ্রকম আছে।

কুবেণী। কি রকম १

বালক। এক ভালবাদা আছে, যা দর্মদা প্রিয়জনকৈ আপনার ক'রে নিতে চায়—যে সাহচার্যা, প্রতিপক্ষ প্রণয় সহ্ কর্ত্তে পারে না ; যে

প্রেম, তার পুভাকোমল ক্ষীণ বাহুর বন্ধনে একটা জগংকে আঁকড়ে

कूरवर्गे। ठिक वलाइ वालक। व्यामात्र मिरे (श्रम-मर्नाशामी, অধীর, অসহ, অন্তির প্রেম। বিখে আর কিছু জানি না, মানি না-চাই না- তথু তাকেই চাই। ঐ চাদ, ঐ সমুদ্র, এই উৎসবসজ্জা-এ সব চোথের সামনে দিয়ে ছবির মত ভেসে যাছে। মস্তিকে এক চিন্তা, হৃদয়ে এক ভাব, ফীবনে এক লক্ষ্য, ইহকালে এক মুখ-ভার ভালবাসা ।

বালক। জানি, তুমি প্রতিদানের জন্ম ব্যাকুল। কিন্তু আর এক ভালবাসা আছে জেনো মহারাণী! যা নিত্য বিশ্বের কল্যাণে আপনাকে জাগিয়ে তোলে, যা আপনাকে বিশ্বময় ছড়িয়ে দের; স্থী ক'রে সুখী হয়। তার ভালবাদা এক কণা পাই, ত আপনাকে ধন্ত জ্ঞান করি. কিন্তু যদি না পাই, ক্ষতি নাই-কারণ দে ভালবাসার আশা করি না। সেই রকম ভালবাদা একবার বাদ দেখি মহারাণী। দেখুবে, যে আর ্ভয় নাই, ধিধা নাই, উদ্বেগ নাই, চিস্তা নাই।

কুবেণী। সেকথার কথা।

বালক। যদি তাই হয়, তবু সেই মল জপ কর। কামনাহীন প্রেম । জপ করে।

কুবেণী। তথু কামনাহীন প্রেম । একটা কথা-শব্দ মাত্র।

वालक। यनि छाइ इम्र, छ्यू छात्र कि मूला नाहे ? कथा-- भक--ধ্বনি মাত্র—কাণের ভিতরে নিতা যেতে যেতে যদি বা কথন কোন শুভ मुहुर्क व्यक्तद्रद्र दाद्र त्थाना (भाष मिथान व्यव्य कर्द्र। व्यामान्द्र দেশের লোক নিত্য হরিনাম জপ করে—গুদ্ধ জপ করে। মনে হয়, তার
মধ্যে গুঢ় অর্থ আছে। হয়ত বা দেই নিরাকার, নিতা, নিরঞ্জন, দেই
হরিনাম, কথন্ কোন্ স্থোগে আকার ধারণ ক'রে, হয়ত বা দেই শব্দেই
একথানি স্থায়ের বীণা বেজে ওঠে—নিশ্চয় এ রকম হ'য়েছে, নৈলে তার।
করে কেন।

কুবেণী। বালক! ভূমি কে?

বালক। ঐটেই এতদিনে বৃক্তে পারি নি মহারাণী! আপনি কে, তা কতকটা বৃক্তে পারি—কিন্তু আমি কে, দেইটে বৃক্তে পার্লেম না। আমি কে ? এ সংগারে এদেছি কেন ? কেনই বা দেশ ছেড়ে বিদেশে মুরে বেড়াচছি ? কি চাই ? কেন ভালবাদি ? ভাল না বাদ্লেই বা তার কি আদৃত যেত ? দে কি আমায় কথন বৃক্তে পার্কে ?

কুবেণী। কে দে? কাকে তুমি ভালবাদ বালক!

বালক। ছিছিছি! কি বলেছি, কি বলেছি! মহারাণী। সে তোমার! আমার কেউ নয়! কেউ নয়!

[প্রস্থান]

### धोरत धोरत विकस्त्रत व्यत्य ।

কুবেণী। ঐ আমার প্রিয়তন আস্ছেন [দৌড়িয়া গিয়া] এস এস আমার প্রাণেথর—নাথ—বল্লভ—সর্কায়—কি ব'লে তোমার ডাক্ব, তাজানি না—তুমি আমায় ভালবাস ?

বিজয়। এখানে বালকটি এখনি ছিল না?

কুবেণী। সে চিঝা কেন নাথ! যে ছিল, সে ছিল—তুমি এসেছ, আর কেও নাই। কেবল তুমি আর আমি আছি,—আর কেউ নাই, ১৬২]

किছ नारे, ठल पूर्वा नारे, नक्ष्व व्याकान नारे, मागद पर्वा नारे; कानन প্রান্তর নাই। কেবল ভূমি আর আমি। ছুইটি জগং—ছুইটি বাসনা— ছুইটি চেতনা, ছুইটি স্ঠি, ছুইটি প্রলয়, ছুইটি স্বর্গ, ছুইটি নরক।

বিজয়। কুবেণী। তুমি কি উন্মান ?

কুবেণী। উন্মাদ! আমি তোমার প্রেমোনাদ! বিজয়। আমি ভোমায় বড় ভালবাদি, বড় ভালবাদি।

বিজয়। সেত অনেকবার বলেছ।

কুবেণী। তৃপ্তি হয় নি। আর কিছু বলতে চাইনে, পারি না, আর কিছু মধুর লাগে না। আর যা কিছু জান্তাম, তা ভূলে গেছি। আমার অভিধানে আজ ঐ এক শন্দ আছে—"ভালবাদি" "ভালবাদি"। সে শন্দে কত যে মধু, কত যে মাধুৰী, কত নিবিড় আনন্দ, কত ভাব, কত ছন্দ, কত নব নব নিহিত নিগুঢ় অর্থ, কত রত্বধন, ধর্ম, অর্থ, কাম, মোক্ষা, শান্তি, কত পুণ্যরাশি, কত জনাজনাত্তর—নাথ। পৃথিবীতে আর কি আছে ? ঐ শক্টি কেড়ে নাও। দেখ দেখি, পুথিবীতে আরু কি থাকে ? ছাই আর ভন্ম।

বিজয়। কুবেণী। তুমি এত উদাম প্রবৃত্তি —এত অন্বির। তুমি এক প্রহেলিকা।

কুবেণী। কেন গ

বিজয়। যেদিন আমার দঙ্গে প্রথম কথা কইলে, আমায় কি বলেছিলে মনে আছে ?

কুবেণী। কি বলেছিলাম ?

বিৰুষ। রাজ্ঞীর মত ঘাড় বেঁকিয়ে তর্জনী হেলিয়ে বলেছিলে "আমি 1 200

তোমায় এই রূপ দান কর্ছি-ভিক্ষক। ভিক্ষা নাও"। আর আজ তোমার এত কাতর নিবেদন। ভিক্সকের মত দীন প্রার্থনা।

কুবেণী। তোমার সব দিয়েই ত আমি ভিথারিণী হ'রেছি। একদিন গর্ব্ব ক'রে বলেছিলাম 'আমি বিবাহ কর্বা। কাকে ? আমার সমতৃল্য জগতে কে আছে, যাকে আমি বিবাহ কর্ত্তে পারি।' তারপর তোমায় দেখ্লাম। মনে হ'ল, যে এই সেই। যাকে সেই দেখে-ছিলাম—নিদাঘের ভীম রৌদ্রে, শরতের রঞ্জিত প্রভাতে, প্রারুটের নব কলধরে। এ দেই, যার স্বর শুনেছি-জলধি নির্ঘোষে, মুরজমক্তে, মেঘের গর্জনে, উল্লাসের উচ্চছাল্ডে, ভক্তের কীর্তনে। এ সেই, যাকে হৃদরে অফুডব করেছি-সত্যের আলোকে, সরল বিশ্বাসে, তাগীর সন্নাসে। তোমায় দেখুলাম—চিন্লাম—তোমায় একক্ষেপে আমার সব দিলাম।

বিজয়। কেন দিলে ? কে চেয়েছিল ?

क्रदेंगी। (कन निवास ? कार्निना।-- व्याम्ठर्श वरहे। (कन निवास ! —সেই আমি আর এই আমি।

বিজয়। কি ভাবছ কুবেণী প

कूरवनी। वानाकारनहे उन्नाम अवृद्धि हिनाम। वरन, अर्वछ. বৈকতে, অন্থির বাসনায় অবারিতগতি ছুটে বেড়াভাম। যেন কেউ ভাঙদ মেরে চালাচ্ছে। ক্রোধে মত, স্থাথে দৃপ্ত, বাদনায় অন্ধ, ছংথে জালানয়, আনন্দে অধীর। এই কুবেণীর পুটবাাপী ইতিহাস ভারপর --

বিজয়। ভারপর—

कुरवर्गी। ना. ना, व्यामि डिक्नानान कविनि। व्यामाव ब्राङ्गारक ब्राह्मकः 268 ]

দিরেছিলাম। অশাস্ত বাঘিনী কোন্ যাত্মক্রে নিজের প্রভৃ চিনে নিল, ট আর হয়ে তার চরণতলে লুঠিয়ে পড়ে' গেল। উছেল প্রবৃত্তির ছর্কার উচ্চ্বাদ নিবৃত্ত হ'ল। এই কুন্ধ সমুদ্র কটিকার পর শান্ত হ'য়ে হর্ঘোই, অচিনা কর্তেবিদল। কি কলে ? কি কলে বিভয়!

বিজয়। কি করেছি ?

কুবেণী। সব দিয়েছি ! রূপ, যৌবন, সদেশ, সিংহাসন, ভূত গরিমার ।
শ্বতি—বাপ মা—আত্ম পরিজন—সব দিয়েছি ! এক ক্ষেপে সব দিয়েছি !
রাজপুত্রী আমি, দাসী হ'য়েছি। আর আমিই না মাতাকে ভংসনা
করেছিলাম !—জননী ! জননী ! ক্ষমা কর । ক্ষমা কর ।

[করজোড়ে জানু পাতিয়া বসিলেন]

বিজয়। কুবেণী! যদি আমাকেপ হয়, সব ফিরে নাও। আমামি চ'লে যাই।

কুবেণী। না, না; যেও না, যেও না। 'যাব' বলো না,—
ছেড়ে দিতে পার্কান। আমি তোমার যেতে দেব না। নাও, নাও,
সব নাও। যা আছে তা নাও, যা নেই, তার জন্ত ক্ষমা করো। এ কি
ছার রূপ! যদি এ রূপ শতগুণ হ'ত, ত অর্থাসম তোমার চরণে ঢেলে
দিতাম। আর এ দ্বীপ বড় কুলু! তোমার উপযুক্ত নর। আর ক্রোধ
নাই, অভিমান নাই. হুংথ নাই, হুথ নাই, ইছ্ছা নাই, কুধা নাই!—এক
অনস্ক উল্লাস—অনস্ত ক্রন্দন—অনস্ত নরক।

विक्रम । नत्रक !

কুবেণী। কি বল্ছি। শুনোনা— শুনোনা। আমি আবল প্রকাপ বক্ছি। আমার মাথা থারাপ হ'রেছে। বিকার! বিকার! আনক চি৬৫ াহ।-সব দিয়েছি। আরও থাকত, ত আরও দিতাম। আমার ্রভালবাসা কুধিতের গ্রাস—থান্ত এসে সে কুধার কণ্ঠবোধ করে। আমি উন্নত্ত'ছেছি। ভলোনা। আমি গাই শোন।

বিজয়। গাও প্রিয়ে।

কুবেণী। তার আগে, আমার তৃষিত অধরে তোমার চুম্বন স্থধা াাও, আমি পান ক'রে—অমর হই। দেশ যাক: পিতা মাতা যাক, মামি যাই।--এখন আমি গান গাই।

বিজয়। গান কর, গান কর, থেমো না; আমায় চিন্তার হাত ্থকে উদ্ধার কর।

কুবেণী। কিসের চিন্তা १

বিজয়। তা তুমি কি বুঝ্বে ? এ তোমার স্বদেশ। তার ক্রোড়েই 'দোল থাচছ। কিন্তু আমি আমার ম্বদেশ ছেডে—

কুবেণী। স্থদেশকে এতদিনে ভুলতে পার্লে না ?

বিজয়। স্থদেশ কি ভোলা যায়। স্থাথ তংখে, বিপদে সম্পদে, व्यात्माटक अञ्चकादत्र, शोत्रदव मञ्चनात्र, यदम्य हित्रमिनहे यदम्य ।

কুবেণী। এ স্থদেশ তোমার নির্বাসিত ক'রেছে।

বিজয়। স্থদেশের তিরস্কার-শে জননার তিরস্কার-তাও মিই।

কুবেণী। এ ল্বাপুরী তোমার ভাল লাগুল না । এর এত স্লেহ, এত স্থপ্তি, এত সৌন্দর্যা, ভাব লাগব না।

বিজয়। কুবেণী। আমি তোমার দ্বীপের নিন্দা করি না। এ অপুর্ব দ্বীপ। ফলে ফুলে, প্রান্তরে পর্বতে, উপত্যকায় উপবনে—এ অপুর্ব দেশ। এ যেন এক মারার পুরী। গভীর জ্বাধি এর প্রাকার বেষ্টন 1000

ক'রে ক্রন্ধ ভুজলমের মত পাহারা দিছে। এর প্রনে লবল্লতার স্থান্ধ ভেসে আস্ছে; এর আকাশ চিরমিগ্রোক্ষণ; এখানে চির বসস্ত বিরাম কচ্চে। কিন্ত--

কুবেণী। কিন্তু ?—

বিজয়। কিন্ত বিমাতা পরম স্নেহবতী হ'লেও বিমাতা।--কুবেণী। শৈশবেই সামি মাতৃহারা। জননীর মেহ ঠিক আজ মনে নাই। তবু যেন মাঝে মাঝে তাঁর সেই মৃত্র সকরুণ স্নেহ-উচ্চ্লিত ঘুম পাড়ানিয়া গান মনে পড়ে; এই অতীত বর্ষগুলির কুলাটিকা দিয়া দুরাগত বংশী-ধ্বনির মত ভেলে আলো। মা শৈশবে ছেভে গেলেন। সেই অবধি এই জনাভ্মিই আমার মা। সেইদিন থেকে---

কুবেণী। কি। বলতে বলতে থেমে গেলে যে।

বিজয়। আমার মত ছ:থী জগতে আর কেউ আছে কি কুবেণী! ছই মা-ই হারিষেছি। জানো কি কুবেণী। গভীর নিশীথে যথন তুমি স্থাপ নিদ্রিত, যথন ভোমার ঐ গৌরতফুথানি—দাগরদৈকতে জ্যোৎসার মত তত্র শ্যাপরে ছড়িয়ে রয়েছে, যথন দুরে থেকে বাঁশীর গান স্থারিখীন প্রাণে ভেদে আদে, তথন আমি হন্মামঞ্চে গিয়ে আলদের উপর বাছর ভর দিয়ে, ঐ অশান্ত দিগন্ত-বিতত ক্রঞ্সমুদ্রের পানে চেয়ে দেখেছি: আর আমার চিত্তপটের উপর দিয়ে বাঙ্গালার মধুর ছবি মধুর স্বপ্লের মত ভেদে গিয়েছে: --বালালার সেই খ্রামল কেত্র, বালালার সেই धुमुद्र नहीं : दाकालाद्र (महे नील निर्माल चाकाल, (महे हीश द्रीज, महे অমিথ মলয়প্রন হিলোল, সেই কোকিলের ঝকার, বাঙ্গালা মাঝির দেই গান, যেন অত্নতৰ ক'রেছি, আর চক্ষে কুড বর্ত্তমান দুপ্ত হ'বে

গিয়েছে। খদেশ কি ভোলা যায় ক্বেণী । আর এ কেন খদেশ—যার পবনে মুগন্ধ, নিকুঞ্জে দলীত, বৃক্ষে অমৃত, নির্বরে জননীর স্তনধার; গগনে দেবতার আশীর্কাদ; সেই ক্রমকের ধান্তভরা প্রাদণ, সতীর মুখভরা হাদি, মাতার বুকভরা স্লেহ, পিতার—

কুবেণী। কি! সহসা অধোম্থ কি হেতু নাথ?

বিজয়। না, গান গাও,—নৃত্য কর, কোলাহলে বর্তমান ডুবিয়ে দাও।—

कूरवरी। नृष्ठा कर नर्खकीवृन्ह!

বিজয়। দাও হয়ো! [সহচয়ী হয়ো তাঁহার অংধরে ধরিল। বিজয়পানকরিলেন] তুমি গাও প্রিয়তমে!

[কুবেণী গাইলেন]

বিজয়। না, গান গাও! কোলাহলে বর্তমান ভুবিল্লে দাও। তুমি গাও প্রিয়তমে!

বাও হে হ'ব পাও বেধানে সেই ঠাঁট, আমার এ ছ:ৰ আমি দিতে তো পারি না;
( তুমি ) রচিলে হ'বে নাথ, পুরিবে সব সাধ, নিরাণা কতু ( বলি ) ললাট বিরে—
তখনই এই বুকে আসিও ফিরে, তখনই এই বুকে আসিও ফিরে।
হচত দিতে পারে অপর কেছ, আমার চেরে যদি মধুব মেছ,
মিটলে সব দাধ, ভালিতে অবসাধ, প্রাণের নিরাণার গভীর ছ:বে—
যদি বা প্রাণ চার এস এ বুকে;

এ হদি—বাও চলি চরণে দলি' ভার, অথবা তুলে ধর আমার বলি' ভার, রবে সে চিরদিন, ভোমারি পরাধীন, বধনি মনে পড়ে অভাগিনীরে— ভখনি এই বুকে আসিও ফিরে ঃ

ত্ত্বান অহ বৃদ্দে আন্তর্ভাবর তেই গানের মধ্যে বিজয় নিজিত হইলেন।

কুবেণী। নীরব যে নাথ!— খুমিয়ে প'ড়েছেন! বহ বহ—স্থম স্থান্ধ গন্ধবহ। প্রিয়তমের শ্রান্তি দূর কর। বিজয়। বিজয়সিংছ দ্য়িত ! বলভ ! কেন এত ভালবাস্লাম !—[নিরীক্ষণ ] প্রদীপ নিভি দেই [নির্বাণ] একি এ অন্তত। প্রদীপের রক্তিম আভায় এমন ভ চক্রকররাশি সমারত ছিল ৷ জ্যোৎসা ঘরের মধ্যে এসে যেন মাসুষে পায়ে ধ'রে সাধ্ছে— ঐ বাইরের সৌলর্ফ্যের উৎসব দেখ্বার জ্ঞা সমু উলুক্ত উদার গরিমায় যেন ছল্ছে। উপরে সচক্র শর্মরী। কি স্থলার

### জুমেলিয়ার প্রবেশ।

জুমেলিয়া। মহারাণী।

কুবেণী। কি জুমেলিয়া? কি হ'য়েছে?

জুমেলিয়া। নীচে দরোজা থুলে রেখে এসেছিলে ?

কুবেণী। কেন গ

জ্মেলিয়া। প্রাসাদে শক্র প্রবেশ ক'রেছে।

কুবেণী। কে বল্লে।

জুমেলিয়া। আমি তোমার শয়নকক্ষের পাশে অকুট কণ্ঠধনি, আ সতর্ক পদশব্দ শুনেছি।

কুবেণী। তুমি সেখানে কি কৰ্চ্ছিলে?

জুমেলিয়া। ঘুমোচ্ছিলাম। তারপর হঠাৎ জেগে উঠে শব্দ শুন্লাম বেন ধরাতল পাশ ফিরে ভলো, বাতাস যেন কথা ক'য়ে উঠ্ল। তারপর-

কবেণী। চল দেখি-পার্শ্বরক্ষীরা কোথায়?

জুমেলিয়া। এই কক্ষের বাহিরে!

িউভয়ের প্রস্থান

#### ধীরে ধীরে বালকের প্রবেশ।

বালক। একা রেখে কোথায় গেলে রাণী। ততক্ষণ আমি তাঁকে া কর্ব। [বিজ্ঞের নিকট অগ্রসর হইরা] গাচ নিদ্রিত। চাঁদের লো মুখের উপর এসে পড়েছে। কি স্থন্দর !- একবার জন্মের সাধ-। শুধু চেয়ে দেখি। [অবলোকন]।

দূরে কুবেণী ও জুমেলিয়ার প্রবেশ।

কুৰেণী। ও তোমার কল্পনা। যাও, স্থাথ নিদ্রা যাও গে।---বালক। একবার কি দোষণ-জামারও ত তিনি। একবার-বিজয়সিংহকে চুম্বন ]

কুবেণী। কে তুমি ?

বালক। (জাতু পাতিয়া) কমা করো। ক্ষমা করো। অভায় 'রেছি। কিন্তুপালমি না। অভাগিনী আমি—হিন্তবয় দিয়া মুখ াকিলেন ]

কবেণী। সঙ্গে এস!

ডিভয়ের প্রসান ]

### পঞ্চৈনিক্ষত বিরূপাক্ষের প্রবেশ।

বিরূপাক্ষ। [ থমকিয়া দাঁড়াইয়া ] এই যে, এথানে।—গাঢ় নিদ্রিত। । কাকী। -- এত সহজ হবে, তা কথন ভাবিনি। -- নিডিত। এ কুদ্র নিরীহ ्वक, मगरद्र व्यरक्षत्र वीद-वान्धर्या ! कि निष्णमः ! ७५ नीदर्य वक्षत्र्वा নংখাদে প্রখাদে আন্দোলিত হচ্ছে! কি গাঢ় নিদ্রিত! না, এ সুপ্ত इरकामन म्हा अञ्चापां कर्स्ड भार्स ना। या कथन कीवरन कतिन। मागारे। विकामित्रः। वीववत्। छेठ।

বিজয়। [উঠিয়া] পিতা। একি। কোথা আমি ? এ ত পিতা নছে। এ ত জনাভূমি নহে !— স্বপ্ন! স্বপ্ন!—কে ভূমি দৈনিক !

বিরূপাক। বিরূপাক।

বিজয়। কি চাও ?

বিরপাক। অন্ত লও। যুদ্ধ কর--

বিজয়। কেন ?

বিরূপাক্ষ। তোমায় বধ কর্ম-কিংবা মর্ম। এই ভিকা চাই। আবেকিছুনা।

বিজয়। কি হেড গ

বিরূপাক্ষ। হেতুর প্রয়োজন নাই। তোমায় হত্যা কর্তে এদেছি। তারপর দেখুলাম, তুমি স্থপ্ত শিশুসম অসহায়, তার উপর লঙ্কার আকাশের জ্যোৎসা এসে পড়েছে। লঙ্কার বাতাসে তোমার বিকম্পিত গুলারিত কৃষ্ণ অলকগুছে। হত্যা কর্ত্তে পার্লাম না। চিরদিন যুদ্ধ ক'রেছি। হতা। কথন করিনি। পার্লাম না। অস্ত্রনাও বীর। নিজের তরবারি দান ও নিজে অপর এক দৈনিকের অন্তগ্রহণ ]

বিজয়। উত্মা প্রস্তুত আমি।

্উভয়ের যুদ্ধ ; বিরূপাক্ষের পতন।

বিত্রপাক্ষ। উদ্ধার কর্ত্তে পার্লাম না। জননী বিদায়।

ত্রন্তা স্রন্তবাদা কুবেণীর প্রবেশ।

কুবেণী। একি। একি। নাথ।

विकय । शिरत कृरवनीरक नताहेश ] विक्रभाक ! वीतवत ! वूरवहि, তোমার জিনিষ আমি ফিরিয়ে দেবো।

বিরূপাক। সে কি।

বিজয়। এতক্ষণ আমি কি দেখছিলাম জান—আমার জন্মভূমি ার তার পাশে দাঁড়িয়ে আমার পিতা। আর গৃহাস্তরালে মুক্ত গবাকে কল নয়ন ছুটি। এতদিনে তোমার জিনিষ তোমার ফিরে দেবো বীর।

বিরূপাক। তবে এ আমার স্থমৃত্যু।

বিজয়। আমায় কমা কর বীর! কমা কর কুবেণী!— ক্ষা দুর প্রমেশ!

বিক্লপাক্ষ। বাঙ্গালী বীর! এত মহৎ তুমি!

# তৃতীয় দৃশ্য।

## বনমধ্যে সিংহ্বান্থ ও স্থমিত।

সিংহবাত। এ নিবিড় জঙ্গলের যে আর শেষ নাই। স্থমিত। মাথে মাথে কেবল জলা আর নদী।

সিংহবাস্ত। বন্ধ বরাহ আহার, আর এই নোনা জলে সান, বৃক্ষভলে শ্রন—এ মন্দ নয়— স্থমিত !

ক্সমিতা। বাবা!

সিংহবাস্থ। রাত্তে চারিদিকে আগুন জেলে শুয়ে থাকি—ভার বাছিরে বস্তু পশুর গর্জন, উপরে বৃক্ষপত্তের দীর্ঘাস, আর সব ছাপিরে—অন্তরে এক অসীম ক্রন্সন—এর মাঝধানে এই দেহথানি বিছিয়ে শুয়ে থাকি। ভাতেও নিজা ভ হয়!

স্থমিত। বাবা । রাত্রে মাঝে মাঝে আমার বড় ভর করে; তোমার করে না ? যথন সিংহের ডাক ভনি---

সিংহবাস্থ। ওরে বেটা। সিংহের ডাক ওনে ভর করিস গ সিংহ-রাশিতে আমার জন্ম, সিংহ আমার বাপ, সেই সিংহ বধ ক'রে আমার রাজা। জানিদ রে বেটা।

স্থমিত। দেকি বাবা।

সিংহবান্ত। এই বন্ত সৌন্দর্যোর মধ্যে শৈশব কাটিয়েছি -- বন্তপশুদের রাজত্বে আমি নির্ভয়ে বুক ফুলিয়ে বেড়িয়েছি, বন্ত জাতিদের দঙ্গে তীর ধুকুক নিয়ে লডেছি। আমার আবার ভয়। এই চেহারা দেখছিস প সিংহের মত না ?

স্থমিত্র। বাবা। এথানে কিসের রক্ত ?

সিংহবাছ। ছ'রক্ত। মেষরক্ত, সিংহ তার ঘাড় মট্কেছে। রক্ত! রক্ত। আ'মথাব। আমিথাব।

জুমিত্র। বাবা।

সিংহবান্ত। থাব--রক্ত থাব।

স্থমিত। ওকি বাবা। আমার ভর কচ্ছে।

সিংহবাছ। সিংহ বাাছ নিজের সন্তান থায় জানিস্ ?

সুমিতা। শুনেছি বাবা—

সিংহবান্ত। আমারও ভাই থেতে ইচ্ছে করে। এক বেটাকে থেঙ্গেছি। তোকেও-মাঝে মাঝে ভাবি-দেই পেটের মধ্যে পূরি। আজ আমার-

সুমিতা। আজ কি বাবা! বাবা! বাবা! অমন ক'রে আমার পানে চাইচেন কেন বাবা গ

সিংহবাছ। আজ এই ঘোর বনের মধ্যে, এই কুদ্র কাস্তারের রক্তাক্ত জমির উপর.-এই ভয়ানক নির্জ্জনে, আমার মধ্যে সেই বস্ত জন্ত লাফিয়ে উঠেছে: আমার কিনে পেয়েছে। আমি আছ তোকে থাব, থাব। নে. তরোয়াল নে-যুদ্ধ কর।

স্থমিত। সেকি বাবা।

সিংহবার । বাবা, বাবা, করিদনে। আমার মধ্যে মাহুষ যা, তা পেটের মধ্যে মাধা গুঁজে আছে। আজ দে পাশব ক্ষুধা জেগে উঠেছে। (महे: त्रक- त्रक ठाहे, त्रक ठाहे। ज्यामान (दत्र कत्। युक्त क'रत्र मत বেটা। স্বর্গে যাবি। তিরবারি উভোলন ]

স্থমিত। মেরোনা, মেরোনা বাবা। দিংহবাছর গলদেশ জড়াইয়া ধরিল ।

ি সিংহবাহুর হস্ত হইতে তরবারি ঋণিত হইল। ]

मिः हवाछ । ना दा ना । এই কোমলম্পূর্লে যে সব গলে' জল ह'য়ে গেল। আবার অতুকম্পায় আমার মধ্যে মাতুষ জেগে উঠেছে। ত্রেছের স্পর্শ এত শীতল :—মামুষের মধ্যে মানুষের এত শব্দি । আররে বাপ— আমার বক্ষে আরু, আমার প্রাণ শীতল হৌক।

স্থমিত। বাবা! বাবা আমার!

সিংহবাত। গলে' গেল,---গলে' গেল। প্রাণ আমার স্লেহে গলে' গেল। তোর ঐ চোথের জলে আমার পত্তত্ব সব ভেনে গিয়েছে !

সুমিত্র। ও কিলের শকা

সিংহবাছ। তাইত !— ৪— দ্মার চীৎকার। বনের মধ্যে দ্মারা কি ডাকাতি করে--ফল মূল ? >98 ]

श्रमित। व बावात । काष्ट्र ।-- व (य, वह नितक बान्रह । সিংহবাহু। আমুক।

### मञ्जामालात ।

১ম দহা। ওরে এথানে মানুষ।

২য় দহা। তাইত !

১ম দহা। [অএসর হটয়া] কে তোমরা?

হিংহবাছ। তোমরা কা'রা ?

২য় দস্য। আমরা ডাকাত।

সিংহবাহু। দাঁডাও। বিচার কর্ম।

১ম দয়া। কে ভমি গ

সিংহবাছ। আমি এদেশের রাজা : ডাকাতির শান্তি কি জানিস ?

২য় দয়া। বেটা পাগল।

সিংহবান্ত। না. থেতে নেবো না। আমার রাজ্যে ডাকাতি। শান্তি দিব।-- স্থমিত। পুত্র।--পাকড়াও।

স্থিমিত তরবারি লইয়া দম্বাদের আক্রমণ কংলেন।

১ম দফা। বারে।

[যুদ্ধ। এইজন দহার পতন ]

সিংহবান্ত। সাবাস পুত্র।— এমন পুত্র যার সে সতাই রাজা। ধতা পুত্র। প্রাণে মেরো না। আহত কর: বন্দী কর: আমি রাজা---বিচার কর্ম্ব।

প্রিক দম্বাদের সহিত স্থমিত্রের যন্ত্রী

সিংহবাছ। সাবাস।

[ দফারা স্থমিত্রকে বেরিল। ]

সিংহবাত। স'রে দাঁড়া। যুদ্ধ দেখতে দে।

স্থমিতা। ভিতর হইতে বিবা।

সিংহবান্ত। এই যে বাচ্ছি বাবা ! [ তরবারি নিক্ষাশন করিয়া ব্যাহের যথো প্রবেশ।--- মভাতা দম্রার পতন ও যথন সেই স্থান কতক পরিষ্ঠার **হইল, দেখা গেল যে, স্থমিত্র ভূপতিত, পার্যে জাতু পাতিয়া সিংহবাছ** ]

স্থমিত। বাবা। আমি মরি।

সিংহবাত। বিষম আহত হয়েছ পুত্ৰ।

১ম দ্রা। একেও দাবাড় কর-

২য় দফ্রা। বেশ কথা

হুমিত। বাবা! বাবা! ডাকাতরা তোমার আক্রমণ কর্তে আদৃছে, নিজেকে রক্ষা কর।

সিংহবাছ। তুই চ'লে গেলে, আর আমার জীবনে প্রয়েজন কি ?-বংস আমার [ স্থামিত্রকে জড়াইয়া ধরিলেন। ]

িদস্থার। স্থমিত্রকে ছাড়িয়া সিংহবাত্তকে আক্রমণ করিল। ]

সিংহবাছ। আয় তোরা। দেখি একবার—এ সিংহবান্ততে এখনও কত শক্তি আছে। যুদ্ধ কর-

স্থমিত্র। বাবা। বাবা। সাবধান। আমি আস্ছি। তিরবারির উপর ভর দিয়া উঠিয়া সিংহবাছর দিকে অগ্রসর হইলেন। ]

১ম দহা। এ আমবার ওঠে যে।

২য় দফা। দে ওকে সাবাড় ক'রে।

্ উভরে স্থমিত্রের উপরে তরবারি উঠাইল। ]

চিতার্থ দক্ত।

স্থমিত্র। বাবা। বাবা।

সিংহবাস্ত। এই যে আসছি বাবা। [ দৌড়িতে গিয়া পদখলিত হইয়া পতিত ও তরবারিচাত হইলেন। সিংহবাত গড়াইয়া গিয়া স্থমিত্রকে জডাইয়া ধরিলেন।]

স্থমিত। বাবাকে বধ ক'রোনা, বাবাকে বধ ক'রোনা। বাবা। আমায় চেডে দাও।

দিম্বারা তাহাকে বধ করিতে উন্নত হইলে, ভৈরব আদিয়া হস্ত উত্তোলন করিয়া কহিল, "সবুর !" উন্নত থড়া গুলি সেইরূপই রহিল। ]

ভৈরব। স্থমিত্রের গলা ভনলাম না १—কে ৪ মহারাজ। প্রণাম। আমি ভৈরব ডাকাত।

স্থমিত। ভৈরব দাদা।

टिज्यव। आंभाग्र माना वरन' एउटक हिम, आंत्र छग्र स्नरे। छारे मव ! उत्त्रायान नामा । - अत्नत्र कुँ एक्य निरम् हन ।

# চতুর্পুশু।

\*\*\*

স্থান---লঙ্কার কারাগার।

### वालकरवर्ग नीना।

বালক। সে দিন প্রথমে—প্রথমদিন—ক্ষীণ মুহুর্ত্তে, অতর্কিতে, নিজের প্রভূত হারিয়েছিলাম। আমার সাধনাকে কামনায় পঞ্চিল করেছিলাম। তার শান্তি জগদীখর দিয়েছেন। তোমার জন্ন হোক্-একি! পার্ধে আবার এক কক্ষা-এ কে १

দার খুলিয়া জুমেলিয়ার প্রবেশ।

জুমেলিয়া। এ কে আবার! তুমি কে ? বালক। আমিও তাই ভাবছিলাম। জুমেলিয়া। তুমি ধে নারী। তুমি এখানে কেন ? বালক। তাইত। জুমেলিয়া। তোমাকে তারা বন্দী করেছে ? বালক। সেই বৃক্ষ ত এখন বৃক্ছি। জুমেলিয়া। আগে বুক্তে পার নি? বালক। কেউ ভ তা পূর্বে বলে নি। জুমেলিয়া। প্রহরী কি বল্ল ?

বালক। প্রথমে এসেই আমার হাতে হাতকড়ি লাগিয়ে দিল স্থামি প্রথমে ভাব্লাম, যে বৃঝি বিশ্নে দিতে নিয়ে যাচ্ছে।

জুমেলিয়া। ভাবলে বিয়ে দিতে নিয়ে যাচ্ছে ! — হাতকড়ি দিয়ে ? বালক। তার আর আশ্চর্য্য কি। এও হাতকড়ি, সেও হাতকড়ি তবে এ হাতকড়ি খোলে, আর সে হাতকড়ি জীবনে খোলে না।—এই ভদাৎ।

জুমেলিয়া। বটে! তারপর?

বালক। তারপর আমায় বরাবর এইথানে নিয়ে এল। এনে আমার বল্লে, যে তুমি আপাততঃ এইখানে বাদ কর। আমি জিজান 596 }

কর্লাম, কেন আমি অন্তত্ত বাস কর্লে কি কারও আপত্তি আছে ? তা বলে. 'আছে'। তথন বুঝ্লাম আমি বন্দী!

জুমেলিয়া। তবে তুমি বনী।

वालक। स्म विषय दाध हम न्यात मत्नह ताहै।

জুমেলিয়া। না।

বালক। বাঁচা গেল।

জুমেলিয়া। কেন ?

বালক। আমার অবস্থাটা জানবার জন্ম আমার একটু ভাবনা হয়েছিল। এখন নির্ভাবনা হওয়া গেল।

জুমেলিয়া। তোমায় তারা বন্দী কর্ল কেন?

বালক। সেইটে এখনও কেউ বুঝিয়ে দেয় নি।

জুমেলিয়া। কেন, জান না?

বালক। না।

জুমেলিয়া। কেন-বোধ হয়?

বালক। বোধ হয় আমার চেহারা থারাপ ব'লে।

জুমেলিয়া। তোমার চেহারা ত বেশ।

বালক। আপনার তাই বোধ হয় ?

জুমেলিয়া। হাঁ, আমার ত তাই বোধ হয়-

वानक। (मथून, এই वनी व्यवश (मय इ'लाई, व्यापनाद व्यामाद বাড়ীতে নিমন্ত্রণ রৈল।

क्रानिया। (कन ?

বালক। আমার চেহারাখানা ভাল ওনে আমার বড়:আনন্দ

হচ্ছে। কার নাহর ? অংগচ, এর জন্ম আমার নিজের কোন বাহাদ্রি নেই। আমি মৃক্ত হ'লেই, আপনি বরাবর আমার বাড়ী যাবেন,— বিজিতপুরে—সমূদ্রের ধারে তেতালা বাড়ী—নীল রং। আপনি এখানকার ব্যবস্থা সব জানেন বোধ হয়, লকার এটা কারাগার ?

জুমেলিয়া। হা।

বালক। বেশ কারাগার ত। এ দ্বীপে সবই অভুত,—সবই মাগ্রাময়—হাঁ,—এথানে এরা থেতে দেয় কি রকম ?

জুমেলিয়া। यन्त्र नग्ना

বালক। নেংড়া আম দেয় ত ? সেটা নৈলে আমার বড় অন্থবিধা হবে। সকালে উঠেই আমার পাঁচটা নেংডা আম চাই।

জুমেলিয়া। বোজ!

বালক। রোজ—তা কি গ্রীম কি শীত! অভ্যাস হয়ে গিয়েছে। জুমেলিরা। শীতকালে নেংড়া আম কোথা থেকে পেতে ?

বালক।--কি কর্মণ অভ্যাস।

জুমেলিয়া। বালিকা! তোমার মাথা থারাপ হয়েছে।

বালক। শুনে স্থী হ'লাম।

জ্মেলিয়া। স্থী হ'লে!—কেন?

বালক। তা'লে এতদিনে বৃত্লাম, বে আমার মাথাটা আছে। নৈবে খারাপ হবে কোথা থেকে।

জুমেণিরা। তোমার কি বিখাস ছিল, যে তোমার নাথা নেই ? বালক। সেই রকম বিখাস ছিল।—আপনার চেহারা ত বেশ। জুমেলিরা। তোমার কি তাই মনে হয় ?

```
জুমেলিয়া। না।
```

বালক। জানেন না ? আমি শিথিয়ে দেবো'থনি।

জুমেলিয়া। তৃমি মহুয়া?

বালক। দস্তরমত। আপনি বোধ হয় যক্ষ १

জুমেলিয়া। আমি যক্ষ।

বালক। তা'হলে আরো ভালো। আপনার কাছে অনেক শেখা যাবে।---আজ্ঞা, আপনারা হাত দিয়েই থান গ

জ্বেলিয়া। হাঁ।

বালক। বেশ করেন। তারপর--আপনারা লখা হ'য়েই শোন্ १ জুমেলিয়া। তাভই বৈ কি 1

বালক। ও প্রথাও ঠিক।—স্বপ্ন দেখেন ?

জুমেলিয়া। দেখি।

বালক। আর দেখুবেন না।—বেশ থেতে ত ?

জুমেলিয়া। কি ?

বালক। এই আথে। লছার আথে বেশ হয়; কিন্তু সব চেয়ে ভাল এই নেংড়া, যা আনার থাওয়া অভ্যাস—এ বেশ কারাগার ত ?

জুমেলিয়া। কেন ?

वानक। दक्रम जनकातान भागा योटक !-- अ चरत्र ठारिनिटक है क्ल १

জুমেनिया। ठातिनित्करे कन ! বালক। ও গুলি কি ?

```
[চতুর্ধৃভা।
চতুৰ্থ আছ 📢
                     সিংহল বিজয়।
   জুমেলিয়া। বাতাস আস্বার ফোকোর!
   বালক। বেশ ত। ঐ আকাশ দেখা যাছে। না ?
   জুমেनिया। है।
   বালক। এখান দিয়ে বৃঝি বাহিরে যাবার পথ ?
   জুমেলিয়া। হাঁ।
   বালক। আর এঁরা বুঝি পাহারা ?
   জুমেলিয়া। হা।
   বালক। বেশ ত বন্দোবস্ত।--আপনি এথানে হঠাৎ এলেন কেন ?
   জুমেলিয়া। আমাদের মহারাণী আদৃছেন।
   বালক। তিনি কোথায় ?
   জুমেলিয়া। আদ্ছেন।—ঐ যে, আমি তবে আদি। [প্রস্থান]
                     কুবেণীর প্রবেশ।
   লীলা। এই যে মহারাণী।
   क्रिवी। कि व्यान्ध्यां। এই कृष, क्षीन, मामान बीव। এর अन
--বালিকা৷ তুমি মন্ত্ৰভান প
   লীলা। মহারাণী।
   कृरवनी। कि मर्ख जूबि विकाशक वन करत्र ह, वन।
   লীলা। বশ করেছি ?
   कृरवनी। वन अथम राष्ट्रकत्री। महिल- এই ছुत्रिका त्रथ्छ ?
   লীলা। আমি কিছু বুঝতে পার্ছি না, মহারাণী!
   কুবেণী। নেকী দেজো না, তুমি সব জান; সত্য কহ---প্রশ্ন
কবি।
```

>> ]

লীলা। করুন।

কুবেণী। তুমি বিজয়সিংহের অনুরাগিণী ?

লীলা। স্বচক্ষে দেখেছেন। আর জিজাসা কছে ন কেন?

কুবেণী। বিজয়সিংহ তোমার অনুরাগী?

লীলা। কে বলে ?

কুবেণী। তুমি জান না ?

গীলা। আমি জানি না, কিন্তু—না, অসম্ভব। আমি যে নারী, তা পর্যান্ত তিনি অবগত নন।

क्रवनी। भिशावानिमी!

লীলা। মহারাণী ! আমি বরং হাতে হাত দিয়ে তোমাদের বিবাহ দিয়েছি। আমার কৌস্তভরত্ব নিজের বক্ষ থেকে ছিঁড়ে নিয়ে তোমার বক্ষ পরিয়ে দিয়েছি।—আর কি চাও ? তোমাদের ক্রীড়া কৌতুকে হাজপরিহাসে, আমি হেসেছি—যথম শরীরের মধ্যে রক্তের তপ্তশ্রোভ ব'হে গিয়েছে। তোমাদের মিলম সন্তোগ দাঁড়ায়ে দেখেছি—মাথা ঘুরে প'ড়ে যাই নি। আর কি চাও ?

কুবেণী। আর কি চাই ? আমি আমার বিজয়সিংহকে চাই। শীলা। পেয়েছ ত।

কুবেণী। পেরেছি! তাকে আমি যাহমন্তে মুগ্ধ ক'রে রেথে দিরেছি।
আমি ছলে তাকে অধিকার ক'রে রেথে দিরেছি। কিন্তু আমি তাকে
পাই নি। তুমি তার হাদর অধিকার ক'লে ব'দে আছ—রাক্ষনী!
একথানি শৃষ্ঠা, প্রথা, প্রোণহীন আলিখন নিমে কি কর্বাং দে তোমার,
নামার নয়।

লীলা। মহারাণী ! আমি সত্য বল্ছি—ভগবান্ সাক্ষী, তিনি এখনও দানেন না, যে আমি নারী।

কুবেণী। আবার মিথ্যা কথা ? ছলবেশিনী গণিকা!

শীলা। {ধীর-গভীরে ] মহারাণী! আমি তাঁর গণিকা নই।

কুবেণী। তবে ?

লীলা। আমি কুলবধ্।

কুবেণী। তুমি তাঁর স্ত্রী?

লীলা। আমি তাঁর স্ত্রী।

কুবেণী। কুলবধু! তুমি কি তবে বিজয়সিংহের সঙ্গে—

লীলা। বেরিয়ে এসেছি।

কুবেণী। তুমি তাঁর প্রণয়িনী?

লীলা। তার চেম্বে একটু বেশী।

कू (वनी। (वनी?

শীলা। আমি তাঁর স্ত্রী। আমি যে বাঁধা মাহিনার চাকর। আমি কি তাঁকে ছাড়তে পারি ?

কুবেণী। [ইতন্তত: করিয়া] মিথ্যা কথা।

নীলা। রাণী! আমার মুথের পানে চাও দেখি। আমায় মিথা।
বাদিনী ব'লে মনে হয় ? গণিকা যদি হ'তাম ত, লাজ্তি, দেশনির্কাসিত,
পিতৃপদাহত এক দরিদ্র হতভাগোর সঙ্গে, দীনতঃখী বেশে, দেশে দেশে
ঘুরে বেড়াতাম ? গণিকা—যথম গাড়ী উপর দিকে ওঠে, তথম দে সেই
গাড়ী ধ'রে থাকে, নীচের দিকে যথম নামে, তথম ণাফিরে পড়ে। গণিকা
শুধু সম্পদে সহচয়ী—বিপদে ময়।

কুবেণী। তুমি তাঁর স্ত্রী, অথচ তিনি ভোমায় ছন্মবেশে চিনেন নিঃ একি হ'তে পারে গ

লীলা। তিনি কদাপি বিবাহিত স্ত্রীর মুখাবলোকন প্র্যাস্ত করেন নি'; কবেণী। কেন १

লীলা। স্ত্রীলোকের প্রতি তাঁর বিদেষ। তাই আমি বালকবে ধ'রে তাঁর অফুসরণ করেছি।

कुरवनी। छाइ एत एहरफ़, जुमि कुनवध- एत एहरफ़, इनारवरन विराहर: ঘুরে বেড়াচ্ছ।

লীলা। মহারাণী। সতীর কাছে তার স্বামীই ঘর, স্বামীই সর্বস্থ<sup>া</sup> भीका श्रीदामहत्स्वद महा वनवामिनी हहाहित्यन। नातीव मद्रप निर्दे তাই।—নহিলে, যে তাকে দেখতে পারে না, তার হাতে পায়ে ধ'ে कीवनधात्रण क'रतः। धिकः।

কুবেণী। বালিকা। ত্মি আমায় ভালবাদ ?

লীলা। বাসি।

কুবেণী। কেন?

লীলা। আমার বিজয় যে তোমার ভালবাদেন, আমি ভাল না বে থাকৃতে পারি ?

কুবেণী। তবে তোমায় এক কাজ কর্ত্তে হবে।

লীলা। কি।

কুবেণী। তুমি দেশে ফিরে যাও।

শীলা। কেন মহারাণী।

कूरवर्गी। आत ज्ञि विक्रम्निः रहत्र मूथमर्गन कर्छ शास्त्र ना ।

িলীলা। মহারাণী ় তবে কি দেখ্ব ? জগতে আমার কি দেখ্বার ্ছে ? সেই যে—শত-ইন্বিনিন্তি মান মুখখানি, কে যেন স্থা নিংড়ে তে চেলে দিয়েছে, সেই যোগীর সাধনার ধন, সেই এই বিশ্বসৌন্দর্য্যের ারা সৌন্দর্যা—তা দেখতে পাব না ্ হ'তে পারে রাণী ৷ তুমিও ত সে ব্যানি দেখেছ। এখন আর না দেখে থাক্তে পার ? সত্য বল। পার ? কুবেণী। আমি পারি কি না, তোমার জানার প্রয়োজন নাই।

গমায় এই কাজ কর্ত্তে হবে।

লীলা। আমি পার্কনা।

কবেণী। কর্ত্তে হবে, নৈলে---

লীলা। আমায়বধকর।

কুবেণী। না, তোমায় অন্ধ ক'রে দেবো। প্রতিজ্ঞা কর-

লীলা। সে প্রতিজ্ঞা কর্ম কেমন ক'রে, মহারাণী। যে প্রতিজ্ঞা খতে পার্ব্ব না - দে প্রতিজ্ঞা কর্ত্তে পার্ব্ব না।

কুবেণী। নৈলে তোমায় অন্ধ ক'রে দেবো, জেনো বালিকা।

লীলা। না, না, আমার অন্ধ ক'রে দিও না মহারাণী। আমার পূর্ণ ্কলান্স ক'রে দাও.—শুদ্ধ আমার অন্ধ ক'রে! না। শুদ্ধ তাঁকে থেতে দাও। বিধাতা। আমার সমস্ত অঙ্গ —তোমার বিরাট কারখানার লিয়ে, শুদ্ধ হু'টি চকু তৈরি ক'রে দাও। অনন্ত—অনন্ত যুগ তাঁকে নয়ন 'ৱে দেখি।

কুবেণী। তুমিই বলেছিলে না. যে—দেখার ভালবাসা ভালবাসা নয়। ালবাসা কিছু চার না,—দিয়েই স্থী! দেখি, তুমি সেই ভালবাস্তে পার হ না।

লীলা। বলেছিলাম। কিন্তু পারি কৈ ? সেই আমার দাধনা, কিন্তু। আমি অবলা। ঈশ্বরের কাছে দিবারাত্তি এই বর চাই যে, সেই ভাল-বাদা আমায় শেখাও দয়াময় !--কিন্তু হৃদয়ে দে বল নাই।

কুবেণী। নারী। বুখা বাক্যে সময় অপবায় কর্ত্তে পারি না। এই প্রতিজ্ঞা কর।

লীলা। পার্কানা।

কুবেণী। এই তোমার স্থির সংকল্প ৪

লীলা। না-পারি না, তা কর্ম কি ক'রে মহারাণী প

कुरवर्गी। भात्र कि ना प्रचृष्ट् । याउ, मीश्र लोहमनाका निस्त्र, এসো ।

## রক্ষিণীর প্রস্থান ও দীপ্ত লোহশলাকা দইয়া প্রবেশ।

কুবেণী। তবে প্রস্ত হও।

লীলা। মহারাণী। মার্জনা কর। আমায় অন্ধ ক'রে দিও না । আমার সর্বস্থ তোমার হাতে সঁপে দিয়েছি। শুধু তাকে দেব্বার অধিকার থেকে আমায় বঞ্চিত ক'রো না। আর কিছু চাই না। তাঁর চরণের তলে আমায় বেঁধে রেখে দাও। আমি ভধু দেখ্ব! এখনও, দেখা শেষ হয় নি। আনায় অস্ক ক'রোনা।

কবেণী। অমুনয় কচ্ছ কার কাছে বালিকা। আমি বধির। কিছু। ণ্ডেপাছিনা। প্রস্তুত হও।

লীলা। দয়াকর।

कूदवि। मन्ना मान्ना नाहे। छत्य-[ लोहमनाका मिन्ना वानिकारक 1 369

শ্বন্ধ করিতে উদ্যত-এমন সময় বিজয় আসিয়া কহিলেন-"কাস্ত হও।" কুবেণী ক্ষাস্ত হইয়া বিজ্ঞের মূথ পানে চাহিলেন। ]

বিজয়। কে তুমি ? কুবেণী। তোমার প্রণয়িনী। লীলা। ডোমার বিবাহিত পত্নী।

### পঞ্চ দুশু।

---:\*:--

### স্থান---লন্ধা।

বিজিত। কি ! বিজয় এই দীপ পরিত্যাগ কর্বার আদেশ দয়েছে ?

আনহুরোধ। হাঁকুমার।

বিজিত। আশ্চর্যা মানুষ !

ি উক্তবেল। তাঁকে কিছু বৃষ্তে পারি না কুমার! যুদ্ধে হেন ছৰ্জ্জর বীর! বক্ষ প্রদারিত, মুথমণ্ডল দীপ্ত,চকু হর দিয়ে কুলিফ বেরোছে। কিন্তু যুদ্ধ শেব হ'লে, স্মাবার সেই দীন সন্তুচিত মূর্বি, লান মুথ, নিপ্রভ!

অন্তরোধ। শহার রাজকুমারীর সঙ্গে বিবাহের পর দিনকতক সভোগের স্রোতে গা ভাসিয়ে দিয়ে, তার পর এই কয় দিন আবার সেই ১৮৮] চিন্তাকুল, শৃত্তদৃষ্টি, যেন নিজের শরীর ছেড়ে, তার মন এ সমুদ্রের পরপারে: ভেদে গিয়েছে। ডাক্লে সাড়া পাইনে।

বিজিত। আমিও লক্ষ্য করেছি।—ঐ যে বিজয় আস্ছে। তোমক এখন যাও। ি অমুরোধ ও উরবেলের প্রস্থান ব

বিপরীত দিক হইতে বিজয়ের প্রবেশ।

বিজিত। বিজয় । তুমি নাকি এ দ্বীপ ভ্যাগ কর্ত্তে আদেশ দিয়েছ ?--বিজয় ৷---

বিজয়। কে?

বিজিত। আমি বিজিত। চিত্তেই পাছহ না! বিজয়! তুমি কেন, এমন হ'রে গেলে ?

বিভায়। কেমন १

বিজিত। তুমি নাকি দ্বীপ ত্যাগ কর্বার আদেশ দিয়েছ ?

বিজয়। হাঁ বিজিত।

বিজিত। ভূমি যে শেষে ক্ষেপে গেলে।

বিজয়। ি দান হান্ডে বিধি হয়।

বিজিত। এ লঙ্কাপুরী তোমার আর ভাল লাগে না ?

বিজয়। ভাল লাগবে। এ ভয়ানক জায়গা। এখানে ঘুম আসে, বড় যুম আসে ! এরা মন্ত্র জানে ! পালা ও--পালা ও !

বিজিত। বিজয়। তোমার মনের মধ্যে কি একটা বিরাট ছ:খ জাগছে ?

বিজয় [সহসা] এই জারগার ৷ এই জারগার ৷ [বিজিতের হস্ত লইরা নিজের বক্ষের উপর রাথিলেন ] উ:! দিবারাত্রি কর্ কর্ 'রে কাট্ছে। আমি গুস্তে পাচ্ছি। [কাণ পাতিয়া] ঐ, ঐ বেশ গুস্তে र्गिक ।

বিজিত। দেশে ফিরে চল।

বিজয়। [সহসা বিজিতের ক্ষমে করতল স্থাপন করিয়া] বিজিত।

বিজিত। [চমকিয়া] কি!

বিজয়। তুমি—তোমরা সব দেশে ফিরে যাও।

বিজিত। কেন ?

বিজয়। দেখানে ফিরে যাবার আমার অধিকার নাই। আমি যে নর্বাসিত। নিজের দেশের রাজা,—আমার দেবতা—আমার পরিত্যাগ চরেছেন।

বিজিত। পিতার উপর কি এই অভিমান সাজে ভাই। দেশে ফরে চল।

विक्रम । ना, प्रत्न यांव ना ।

বিজিত। কেন?

বিজয়। কেন এক হতভাগ্য দিখিদিক্ জ্ঞানশৃত্য উন্মাদের সঙ্গে ঘুরে 🕫 🍾 দেশে যাও, বিবাহ কর, স্থী হও।

বিক্ষিত। সে কথা ত অনেকবার বলেছ।

বিজয়। কেন এই শুক্ষ পঞ্জরখানা তোমাদের অদীম স্নেচ দিয়ে বিরে আছে ? গামে হাড় ফুট্ছে না ?—যাও।

নীরবে প্রস্থান ]

উদ্বাস্তভাবে কয়গেনের প্রবেশ।

क्यरमन। धकि!

বিজিত। কে ? জয়দেন !

জয়দেন। শীঘ্রন। শীঘ্রদ।

বিজিত। কোথায় ?

জয়দেন। আমার দঙ্গে।

বিজিত। কোথায়?

জয়সেন। ঐ বনের ভিতর। এক বিপল্লানারীকে হক্ষাকর।

বিজিত। কি হয়েছে তার ?

জয়দেন। তাকে জ্যান্ত দাহ কচ্চে।

বিজিত। কে १

জয়দেন। মহারাণী।

বিজিত। কেন १

জয়দেন। জানিনা। আগে এদো.-ভাকে বাঁচাও। ভারপ ভিজ্ঞাসাক'রো।

বিজিত। ঠিক বলেছ কুমার। নারী—বিপন্না। এই যথেষ্ট। আ [নিজ্ৰাস্ত ] জিজাসা কর্বার কিছু নাই ৷—চল !

### বিক্তর ও স্থমিত্রের প্রবেশ।

বিজয়। আশ্চর্যা। আমার প্রথমে মনে হ'ল, যে আমি স্বং দেথ ছি নাকি। এইখানে ব'দ। জিজ্ঞাসা করি। কত কথা জিজ্ঞাস कर्सात्र আছে। - वावात्र कुनन छ ! कि ! नीत्रत देत्रल त्य ? ज्यत कि পিতা ইহ জগতে নাই ৷ শীঘ বল !

স্থমিত। বাবা বেঁচে আছেন।

বিজয়। ভার পর---

স্থমিত। । তিনি রাজাচ্যুত বনবাদী।

বিজয়া সেকি ! কেন ?

স্থমিত্র। অঙ্গরাজ বঙ্গজয় করেছেন।

বিজয়। এঁয়া---

স্থমিতা। ও কি ! ও রকম ক'রে চেয়ো না-দাদা !

বিজয়। না।—তারপর!—বিমাতা?

স্থমিত্র। দাদা। তাঁকে ক্ষমা কর।

বিজয়। সাধা নাই।—বিনাতা! কোণায়?

স্মিতা। মৃত্যুর পরপারে [উর্জে দেখাইয়া] ঐথানে ! তাঁকে ক্ষমা কর দাদা!

বিজয়। বাবার শরীর হুস্থ ?

স্থমিত। স্বস্থ।—মাকে ক্ষমা কর দাদা!

বিজয়। স্থমিত্র ! ভাই ! আমি দেবতা নই, আমি মানুষ,—সামাঞ্চ মানুষ। মানুষে যা পাবে, তা আমি পারি। কিন্তু মানুষে যা পারে না, তা আমি পারি না। যে বিমাতা—না ভাই ! তোমার মনে কট দেবো না—তার পর—বাবা ? তিনি আমার নাম করেন ?

স্থমিত্র। তাঁর মুথে ক্ষার কোন কথা নেই দাদা! দিবারাত ঐ এক নাম "বিজয়---কার বিজয়!" মুমূর্যু যেমন হরিনাম করে।

বিজয়। কি বলি! এ সভা? সতা?—বল্, আর একবার বলা।

স্মিত্র। কোঁলে কোঁলে তাঁর চক্লু ছাট অর হ'লে গিলেছে। সমূদ্রের ধারে একথানি কুটার বেধে ব'লে আছেন। প্রতি সন্ধায় অন্ধনেত্রে ১৯২ সাগরতটে ব'সে দিগস্থের দিকে চেয়ে থাকেন, চেউ গ'র্জ্জে ওঠে, আর তিনি চেঁচিয়ে ওঠেন—'ঐ আমার বিজয় আস্ছে।'

বিজয়। [উন্মন্ত ভাবে]বিজিত ! বিজিত ! স্মৃমিত ! ও কি দাদা ! ধিরিলেন }

বিজয়। ছেড়েদাও !— নৌকা খুলে দাও বিজিত ৷ দেশে চল । বাবা ! আমি আস্ছি ৷ আমি আস্ছি ৷ বিজিত ৷ বিজিত ৷

[ নিজান্ত ]

# দৃশান্তর।

### বিজয়ের সঙ্গিগণের গীত !

যেদিন সুনীল জলধি হইতে উটিলে জননি ! ভারতবর্ধ ! উটিল বিধে সেকি কলরব, সেকি মা ভজি, সেকি মা হর্ষ ! সেদিন ভোমার এভার ধরার এভোত হইল গভীর রাত্তি ; বিশ্বল সবে, "জয় মা জননি ! জগভারিণি ! জগভাতি !" কোবাস )—

খত হইল ধরণী তোমার চরণ কমল করিরা "পূর্ণ;
গাইল, "জর মা জগন্মোহিনি! জগজননি! ভারতবর্ধ!"
সগঃমান-সিক্তবসনা চিত্র সিজুনীকরলিও!
লগাটে গরিবা, বিমল হাতে অমল-কমল-আনন দীও;
উপরে গগন ঘেরিয়া নৃত্য করিছে—তপন ভারকা চলা;
মন্ত্র্য, চরণে কেনিল অলধি গরকো অলম্মন্তা।

কোরান্ )—

ৰপ্ত হইল ধরণী ডোমার চরণ-কমল করিরা স্পর্ণ ; গাইল, "কর মা কণনোহিনি। জগজ্জননি। ভারতবর্ব!"

শীর্ষে ৩জ তুমারকিরীট, সাগর উর্শি বেরিলা জলা, বক্ষে ছলিছে মুকার হার—পঞ্চিত্র বনুনা গলা। কবন মা তুমি ভীষণ দীওা তপ্ত মুক্তর উবর দৃংজঃ হাদিলা কবন আমল শতে, ছড়ারে পড়িছ নিবিক বিশে।

(কোরাস্)---

ধশু হইল ধরণী তোমার চরণ কমল করিরা "পূর্ণ; সাইল, "জর মাজগুলোহিনি! জগজ্জননি! ভারতবর্ণ!"

উপরে পবন প্রবল খননে শৃক্তে গরজি' অবিপ্রান্ত, লুটারে পড়িছে পিক-কলরতে, চুম্বি' ভোমার চরণ-প্রান্ত ; উপরে, জলদ হানিয়া বজ্ঞ, করিয়া প্রলম্মনিক রষ্ট-

চরণে ভোষার, কুঞ্লকানন কুত্মগন্ধ করিছে স্টি!

( কোরান্ )—

ৼৠ ছইল ধহণী ভোমার চরণ-কমল করিয়া শপূর্ণ; পাইল, "এর মাজপুরোহিনি! অংগজ্জননি! ভারতবর্ণ!"

জননি, তোষার বক্ষে শান্তি, কঠে তোমার অভর-উক্তি, হত্তে তোমার বিভর অন্ন, চরণে তোমার বিভর মৃক্তি ;

জননি ! ভোমার সন্তান ভরে কত না বেলনা কত না হর্ব ;
ভগৎপালিনি : অগভারিণি ! অগজ্ঞানিন ! ভারতবর্ষ !

( কোয়াস্ )---

থক হইল ধরণী তোষার চরণ-কমল করিরা স্পর্ণ ; গাইল, "এর মা জগলোহিনি ৷ জগজননি ৷ ভারতবর্ণ!"

# माने पृत्रा।

#### \*\*

সমূথে প্ৰজ্বতি অগ্নি।

প্রহরিণী-বেষ্টিত রক্তাম্বরা লীলা ও সম্মুথে কুবেণী।

কুবেণী। না জুমেলিয়া! আমি কোন কথা ভন্ব না! আজ কেব সমূধে বিজয়ের প্রণয়িনীর সংকার কর্ম।

জুমেলিয়া। তাতে কি হবে মহারাণী!

কুবেণী। কিছু হবে না। আমার স্বথের সংসার পুড়ে গিয়েছে। মাল সকলের ঘর উড়িয়ে পুড়িয়ে দিয়ে চ'লে যাব। আমার সর্বনাশ ক'রে বিজয় সুণী হবে! তার স্থুণ নির্মাণ ক'রে দিই।

জুমেলিয়া। মহারাণী! এ কাজ কর্ব্নেনা, আমি বারবার বল্ছি। কুবেণী। কেন কর্বনা ? আমার আর কি বল।

জুমেলিয়া। কিন্তু এতে কি হবে?

कूरवेती। এই या द्रथ-अञ मकल द्रस्थंत्र व्यामा यथन शिखरह !

জুমেলিয়া। কিন্তু এখনও তার পথ আছে।—এতে সে পথ তোমার ন্যুথে চিরদিনের জন্ম বন্ধ হবে।

কুবেণী। যাক্, উড়ে পুড়ে সব ছারধার হ'লে যাক্! গেছে যথন, ১খন সব যাক।

জুমেলিয়া। কিন্তু লাভ কি হবে ?

কুবেণী। লোকে লাভ কি হ'বে বলে, লোকদান হিদাব ক'রে কি

াদে, কাঁদে, হিংসা করে, জুদ্ধ হর ? এই বিজয়সিংহ চ'লে যাবে—

১৯৫

যাক। কিন্তু-ওঃ! যদি তার গতি রোধ কর্ত্তে পার্তাম !-বিজয় বায় যাক, কিন্তু আমার ভোগাকে যে এ ভোগ কর্মে, তা দিব না।

জুমেলিয়া। কিন্তু এ অন্ধ প্রবৃত্তি।

কবেণী। দব প্রবৃত্তিই অন্ধ।—দব প্রস্তুত পুরোহিত ?

তাপদ। প্রস্তুত।

কুবেণী। অগ্নিকুণ্ডে নিকেপ কর। না, তার পূর্বে একবার আমার কাচে নিষে এগো।

[ তাপদ লীলাকে কুবেণীর কাছে লইয়া আদিলেন।]

কুবেণী। কি বিজয়সিংহের প্রণায়নী! ঐ অগ্নিকুত্তে তোমায় পুড়ে য়র্কে হবে।

লীলা। তাজানি মহারাণী।

কবেনী। ভয় কছে ।

লীলা। [স্বাঙ্গ হাভে]ভয়, মহারাণী ! ভয় ! হিন্দুসতী যে স্বামীর মৃতদেহ ক্রোড়ে জড়িয়ে ধ'রে হাদতে হাদতে জলন্ত চিতার ওঠে, তার এই আগুন দেখে ভয়।—তবে এ একট –একট – [ হাসিয়া ] ভাড়াভাড়ি হ'ল ৷

কুবেণী। কি। ত্যি হাদছ ?

নীলা। ওটা আমার একটু শ্বভাব। কারদা হরস্ত নয়। পাড়ার্গেরে মেয়ে। আদৰ কায়দা শিখি নি। ক্ষমা কর্বেন।—আছ্ছা মহারাণী, আমি যদি এখন একটা গান গাই, ত আপত্তি আছে ?

कुरवनी। शान-शाहरव।

লীলা। গাইলামই বা। আমার বোধ হয়, মৃত্যুদণ্ড তামিল কর্মার 1866

দময় একটা দলীতের প্রথা প্রচলিত করা মন্দ নয়। দণ্ডিত ব্যক্তি, গান গুল্ভে ওকেটু প্রথে মরে। তার আত্মা সেই গানের মূর্চ্চনার সঙ্গে আবেগে, আনন্দে, কাঁপতে কাঁপতে, ঐ নীল আকাশে মিশিয়ে যায়।

कूरवर्गी। दशकत, नित्न आमात्र याष्ट्र कर्स्त।

লীলা। কিছ কৰ্ম নাদিদি।

কুবেণী। নিয়ে যাও।

শীশা। কারো নিয়ে যেতে হবে না. স্মামি নিজেই যাছি। স্বামীকে ভালবাদার শান্তি আমি ঘাড় পেতে নিমেছি। কোন তুঃথ নাই—তথু যদি মর্কার আগে একবার তাঁর মুখথানি শেষ দেখতে পেতাম, দেখতে দেখতে চাথ বুঁজতাম-স্বর্গে যেতাম। না পাই, তাঁর ছবি এইথানে আছে। চোখ বঁজে দেখতে দেখতে মর্ক। -- দিদি--

कूदवी। ७८७ हारे ना। याह कर्द्या नित्र यां , नार कता।

লীলা। এই যাচিছ বোন্। তুমি মহারাণী হ'লেও তুমি আমার ছোট বোন। বিজয়সিংহকে যেন তুমি পাও, ভগবানের কাছে কায়মনোবাকো এই শেষ প্রার্থনা করি। যাও দিদি, স্থানী হও-মশন্বিনী হও।

[ কুবেণী পশ্চাদ্দিকে চাহিয়া রহিলেন। লালা নিভীকভাবে চিতার कारक, शिक्षा कत्र त्यारफ व्यार्थना कत्रितन ] "तर त्यां मिरमव मरात्य ! আমি কাছে থাকলে, স্বামীর কোন অমঙ্গল হবে না, এটা আমি গ্রুব জানি। কিন্তু আজু তাঁকে ছেড়ে চ'লে বাচিছ। তোমার হাতে তাঁকে সমর্পণ ক'রে চ'লে গেলাম। দেখো প্রভু।"

[ পরে দগর্কে অগ্নিকুণ্ডের উপর আরোহণ করিলেন। চারিদিকে क्यभ्ति छेठिल। कूरविन तिहे मिरक मूर्थ कित्राहेलन ଓ ठी९कात कित्रा উঠিলেন,—"রক্ষা কর—রক্ষা কর" এই সময়ে বিজিত আসিয়া থমকিয়া দাঁড়াইয়াই, চিতার মধ্য হইতে লীলাকে টানিয়া বাহির করিলেন।

কুবেণী। কে ভূমি! কার আজ্ঞার ভূমি এই নারীকে রক্ষা করেছ ? বিজিত। [বক্ষে হাত দিয়া] এর আজ্ঞার। কুবেণী। আমি ওর মৃত্যুদও দিয়েছি। আমি রাজ্ঞী। বিজিত। আমি তার চেয়েও বড়। আমি মাহব!

# সপ্তম দৃশ্য।

\*\*\*

## কুবেণী ও জুমেলিয়া।

কুবেণী। আজ আমার শেষ রাতি! বড় অন্তনয় ক'রে, ভিকা ক'রে—লফার রাজী আমি—ভিকা ক'রে—এক রাত তার কাছ থেকে চেয়ে নিয়েছি। জুমেলিয়া—এরাতি যেন রুথা না যায়।

জুমেলিয়া। হায় মহারাণী!

কুবেণী। ও রকম ক'রে আমার পানে চাদ্নে জুমেলিয়া ! ভুইও বল্—বেতে দেবো না।—বল্ তাকে ধ'রে রাখ্ব।

জুমেলিয়া। এ বিখের ভিতর কে কাকে ধরে' রাণ্তে পারে মহারাণী! কে কবে স্নেহের বশ হয়েছে 

१ সথি! প্রবৃত্তি প্রবল, স্বার্থ প্রবল, নিমতি প্রবল, ; কেবল এক স্নেহ হর্ম্বল—স্বতি হর্ম্বল!

কুবেণী। ও কথা বলিদ্না। তুমি আৰু আমার সহায় হ',—লঙাৰ অণভাণ্ডার থুলে দে! অর্ণ যা ক্রম কর্ত্তে পারে, একটা জাতি যা ত্যাগ ১৯৮] কর্ত্তে পারে, সব তার পারে ঢেলে দেবো।—সে কি মামুষ 'নয় ?—দেখি পারি কি না। সজ্জিত কক্ষে নিয়ে গিয়ে রত্ন-সিংহাসনে ভাকে বসাব। দে মাতুষ ত ?— দব প্রস্তুত ক'রে রেখে দে,—স্থুরা, দঙ্গীত, আলোক.৷ হুগন ! দেখি পারি কি না ? যা জুমেলিয়া !-- [জুমেলিয়ার প্রস্থান ]

কুবেণী। চ'লে যাবে ! আমার ছেড়ে চ'লে যাবে ! এত রূপ-এত প্রেম—এত ক্ষমতা—এত ঐশ্বর্যা—এত সম্ভোগ—ছেড়ে সে চ'লে যাবে । দেই হুর্জন্ব বীর, যে এতদিন আমার তর্জনীর সঞ্চালনে কলের পুতুলের: मक रामाइ, डिर्फाइ, त्रामाइ, (कॅरमाइ। तम किना-ना व्याक तमाना —তবে এদো আজ স্বর্গের নন্দনকানন—মর্ত্তো নেমে এদো! চন্দ্রমা ! মিশ্বতম জ্যোৎমার আকাশ ভাসিরে দাও। স্বর্ণ-লঙ্কা। আৰু ঐশ্বর্যো অ'লে। ওঠ। আর তমি লকার রাজ্ঞী—রূপের তড়িৎ খেলিয়ে দিয়ে, এর উপর দিয়ে চ'লে যাও। আর এই পুল্পহারসম ক্ষীণ বাত্বস্ত আৰু মৃত্যুর। নিগড়ের মত কঠিন হৌক। আমার যাহদণ্ড কৈ ?—আমি তাকে থেতে: দেবো না।

### লীলার প্রবেশ।

কবেণী। এই যে বালিকা। আমার বিজয় কোথায় ?

লীলা। আসছেন।

কুবেণী। তুমি এথানে কেন ?

লীলা। কেন বোন্! তোমার কাছে কি আমার আস্তে নাই ? তুমি যে আমার ছোট বোন।

কুবেণী। পিশাচী! শয়তান!—তুই আমার বিজয়সিংহকে কেড়ে নিরেছিস। ফিরিরে দে রাক্ষসী!

লীলা। আমি নিই নাই বোন। তোমার বিজয় তোমারই আচে।

কুবেণী। মিথ্যা কথা---

লীলা। সত্যবাণী। যে বিজয় বালককে ভালবাস্ত, সে বালিকাকে দ্বণা করে।--রাজী। বিজয় আমায় প্রত্যাখ্যান করেছে। কুবেণী। সত্য কথা ?

শীলা। ৩ ধু তাই নয়। আমার এই দগ্ধ গণ্ডচর্ম দেখে তিনি ভীত হ'রে স'রে গেলেন, আর আমি লজ্জার মাটির সঙ্গে মিশিরে গেলাম।

কুবেণী। সভাগ

नीना। नजा कथा महाताना। ভानहे हरव्रष्ट, आमात প্রেমে? মোহ কেটে গিয়েছে। অগ্নিপরীক্ষায় আমার মালিগু পুড়ে গিয়েছে এখন আমার যা আছে, তা শিশিরের মত পবিত্র – ঐ নক্ষত্রের মত उच्छा ।

### জুমেলিয়ার প্রবেশ।

কুবেণী। তুমি কি বলছ বালিকা !

লীলা। এতদিন আমার প্রেমে প্রতিদানেছা ছিল, রূপে? গর্ব ছিল, সুথে অতৃপ্তি ছিল। আর নাই। বিজয়দিংহ আমার অন্তরে বাছিরের বিক্রয়কে তোমায় দিলাম। আমি একবার—শেষবার—বিজয়ে नत्त्र नोकां क'रत-खत्यत्र मठ विनात्र निरत् याव-छात्रशरत प সংসারে আমারে কেউ দেখতে পাবে না। প্রস্থান

কুবেণী। জুমেলিয়া কিছু বৃষ্তে পার্লি ? জুমেলিয়া। পার্লাম।

কুবেণী। কি বুঝুলি ?

জুমেলিয়া। এ বালিকা কিপ্ত। আমি ভয়ে দ'রে যাচ্ছিল দেখছিলে না।

কুবেণী। কেন १

জুমেলিয়া। পাছে কমিড়ায়। এসো রাজী। সব প্রস্তুত। (প্রস্থান '

कुरवनी। जरव এ वानिका नग्न। श्वरम्भ जारक टिंग्स नि যাছে। তবে এ হল্ব কুবেণীতে আর এ বালিকাতে নয়। দ্ব স্থদেশে আর স্বর্গে। তবে, না--বিশ্বাস হয় না। ও ত বাতাস ন পাথর নয়, উদ্ভিদ নয়, রক্ত মাংদে গড়া মানুষ ত, নারী ত, হ'ে পারে না, দব ছল, দব প্রতারণা। আমি তোমার হাতে আমা বিজয়কে দেবো না। দেখি, কি ক'রে ছিনিয়ে নাও। আছো, এত অমুন किरमत कछ ? याक ना दिख्य। रम विख्य निर्म कि जात जा বাঁচিনা ? যাক্ই না। কি সের জন্ত আক্ষেপ ? যে জগতে বিজঃ मिःश् नाहे, मिथान कि कि उं वैक्ति ना ? याक् !— के खन्नरमन **अ**थन এল না। তাকে ডাকতে পাঠিয়েছিদ ত ?

জুমেলিয়া। ঐ আসছেন কুমার।

क्यामान्द श्रीवर्ग ।

কুবেণী। জয়দেন। তুমি আমায় ভালবাদ ? জয়সেন। জান না কি কুবেণী-কুবেণী। এত ক্ষীণস্বর। একি। তুমি যে কন্ধালসার হ'রে গিয়েছ ব্রুরেন। তুমিই আমার এই দুশা করেছ কুবেণী!

বেণী। ' অন্তার করেছি। এবার আমি হৃদরেখর কর্বা। য়সেন। ব্যঙ্গে প্রয়োজন কি কুবেণী।

বেণী। না সভা কথা জয়দেন। তোমায় যদি জনয়েশ্বর কর্তাম. ্য এক রকম সুথে কেটে যেত। এই শান্ত হ্রদের স্বচ্ছদলিল অকৃত্র সমূদ্রে আমার তরীথানি ভাসিয়ে দিলাম কেন ?

ায়দেন। আমায় ভালবাদ কুবেণী—আমি তোমার ক্রীতদাদ থাকব।

চবেণী। এই রাজত্ব ছেড়ে—পরের ছারে ভিক্ষা কর্ত্তে গিয়েছি ! ধিক য়। তোমায় ভালবাদ্ব জয়দেন। পার্কানা ৭—কেন পার্কানা १ ায়সেন। পার্কো। আমি ভোমার—শৈশবের বন্ধু, ভোমার তি---

কুবেণী। প্রেমের এ কি প্রকৃতি, যে দমতল উপতাকার বিচরণ চায় না-পর্বতের শিখর থেকে লাফিয়ে পড়তে চায়। अग्रामन। कुरवणी।

কুবেণী। পার্ব্ধ। তোমায় আমি ভালবাস্ব জয়দেন! তোমায় व निःशाना वनाव। याक, विकश्निःश मिटन किरव याक। कि র ? কোথাকার বিজয় ? কে তাকে চায় ? এদ জয়দেন ! জয়দেন। কুবেণী। তোমায় আমি বড় ভালবাদি। [চুম্বন াতে উত্তত ব

ক্রেণী। কৈ। স্বরে মাদকতা নাই ত.—ম্পর্লে রোমাঞ্চ হয় না –নিখাদে নন্দন-সৌরভ নাই ত—ঐ বিজয় আসছেন। ঐ আমার মতম আদ্ছেন, কি তীক্ষ দৃষ্টি! কি গভীর মূর্তি!

বিজয়ের প্রবেশ।

বিজয়। কোথায় কুবেণী १-

কুবেণী। কি মধুরস্বর—এই আর ঐ ় না, না, পার্ক না, পুা না। যাও জরদেন ! এই মুহুর্ত্তে—নহিলে হয়ত তোমায় ছণা কর্ষ ঐ আর এই !—এদো প্রিয়তম।

[বিজয়ের হস্ত ধরিয়া নিক্রান্ত ]

জয়দেন। এতদ্র! কুবেণী! তোমায় হত্যা কর্ব।

অষ্টম দৃশ্য।

আলোকিত সজ্জিত কক্ষ।

নৰ্ত্তকীবৃন্দ।

গীত

চালো অমিয়া চালো কিশোর স্থাকর, আকুল ত্যা অতি অধীরা; উঠুক্ শিহরিয়া তথ্য ধমনীর রক্ত চেউ—চালো মদিরা। তুলাও চামর বদন্ত সিঞ্চ সুগন্ধ চঞ্চল পবনে, বালো স্থানিত মুগল মদ্দিরা মুখলী নন্দন ভবনে; গাঁও বিকম্পিত ক্রি'দিগন্ত বিমুগ্ধ অপ্যায় মদী, নৃত্য কর মধমত, মুমুগ হৃদ্ধে বি'ধ শ্ব অম্নি।

সসহচরী কুবেণীও সসহচর বিজয়ের প্রবেশ। বিজয়। একি ! এ যে স্বর্গ! কুবেণী। 'স্বৰ্গ কখন দেখেছ কি নাথ।

বিজয়। না।

কুবেণী। আমি দেখেছি।

বিজয়। কোথায় १

কুবেণী। বিজয়কে আলিখন করিয়া বিই আমার স্থা। ওকি। । ফিরাছ কেন নাথ। ক্রমে ক্রমে নিজেকে এই ভূজপাশ থেকে নিয়ে নিচ্ছ কেন নাথ। আমি তোমায় যেতে দেবো না।

বিজয়। ঝটকার গতিকে কে রোধ কর্ত্তে পারে কুবেণী ? আজ নায় দাও কুবেণী।

কুবেণী। আশ্চর্যা পুরুষ জাতি। অনায়াদে হাস্তমুথে অনাসক্ত াবে রমণীর মৃত্যাদণ্ড উচ্চারণ কর ৷ তারপর থাভ মূথে রোচে ? দ্রাও হয় ? শ্বির কাঁপিতে লাগিল

বিজয়। কুবেণী। কুদ্ধ হ'য়োনা।

কুবেণী। না। সহচরীগণ ় তোমাদের প্রভুদেশে ফিরে যাচ্ছেন। ংসব কর---

বিজয়। কুবেণী। তুমি দেবী। তাই আজ তুমি আমার আনন্দে াগ দিতে এই মহোৎদবের আয়োজন করেছ।

কুবেণী। এ আয়োজন লঙ্কেখরের উপযুক্ত নয়। এমন আনন্দের নে— হিন্তে মুখ ঢাকিলেন }

বিজয়। ও কি কুবেণী।

কুবেণী। কিছু না-গাও, নৃত্য কর-সহচরীগণ। তোমাদের প্রভ াল তোমাদের ছেড়ে যাচ্ছেন। এজনো তাঁকে আর দেখতে পাবে .8]

না। অনেকবার তাঁর মনোরঞ্জন ক'রেচ। আজু শেষ রাতি। আ আমাদের শেষ রাতি।

বিজয়। কি । কুবেণী। কাঁদছ १

কুবেণী। না—আজ শেষ রাত্রি। আজ আমি গাইব—আমা নাচ্ব।

বিজয়। গাও, উৎসব কর---আমি কাল খদেশে ফিরে যাদ্রি এর যোগা উৎসব কর।

নুভাগীত।

কুবেণী। দেখা দেখনাথ।

সহসা নর্ত্তকীগণের সজ্জার পরিবর্তন হইল।

বিজয়। চৎকার। চৎমকার। [পান]

[নুতা চলিল ]

বিজিত। আর পান ক'রো না বন্ধ।

বিজয়। কি বল্ছ বিজিত। আজ মহোংসব, বাবা আমার ৰ কেঁদেছেন। আজ মহোৎসব, কাল প্রভাষে তরী খদেশের দিং ভাসিয়ে দেবো। নাচ গাও। পান ?

বিজিত। বিজয়ের হস্ত ধরিয়া। আর পান ক'রো না।

বিজয়। বিরক্ত কর কেন বিজিত। নাচ গাও!—

্নিতাগীত চলিল: সঙ্গে সঞ্চে কুবেণী এক অন্তত নুডা সহকারে বিজয়ের মন্তকোপরি যাত্রদণ্ড

দোলাইতে লাগিলেন।

বিজয়। কি সুকরী তুমি প্রেয়সী । এ কি মায়ার রাজা – আম

```
্র্যু আছে।] সিংহল বিজয়। ুঅতম দুভা
```

मद मण्य थ्रा नित्न समदी। अ त्य चर्त। जूमि कि हेसानी? বণী! আর না। এ মদিরাবড় মধুর, বড় তীর, আর সহু হয় না। ান করিতে উত্তত ী विकिछ। आद भान कर्छ त्रादा ना। [ इस्त ध्रितालन ] বিজয়। দুর হও বিজিত---কুবেণী। দুর ক'রে দাও প্রহরিণী। বিজিত। আমি ধাব না। কুবেণী। দূর ক'রে দাও। আমার রাজার আদেশ। [ প্রহরী বিজিতের হাত ধরিল। ] প্রহরী। রাজার আদেশ---বিজিত। অবনতশিরে বহন কছি। [ অবনতশিরে প্রস্থান ] বিশ্বয়। কুবেণী! কোথায় ভূমি ? कूरवनी। এই य नाथ ! जूर्यानम्म [ हेक्टिक कत्रिरनन । ] নির্ত্তকীগণ অন্তহিত হইল। প্রদীপ নিভিন্না গেল।] বিহ্ব। কুবেণী !---কুবেণী। নাথ! বিজয়। আমি কোথায় ? স্বর্গে না মর্ত্তো ?

क्रूरवर्गी। এ अर्थे नम्न, मर्छा अनम् - कनक कि दी निका। धाइमध इनाहरनन । ]

বিজয়। কুবেণী! প্রেয়সী! কি স্বন্ধী তুমি! ক্রেণী। নাথ! কাল দেশে ফিরে যেতে হবে মনে রেখো। বিজয়। কোণায় দেশ-

কুবেণী। যাবে নাবল। প্রতিজ্ঞাকর।

বিজয়। কুবেণী ভূমি আমার দেশ। ভূমি আমার--

কুবেণী। প্রতিজ্ঞা কর। বাঙ্গালীর প্রতিজ্ঞা ভঙ্গ হয় না

প্রতিজ্ঞা কর,—আমায় ত্যাগ কর্মে না।

বিজয়। তোমায় তাাগ কর্ম। কুবেণী। কার জন্ম ?

কুবেণী। আর দেশে ফিরে যাবে না ?

্রিক্ত জয়দেনের প্রবেশ ও বিজয়কে তীব্র ছুরিকা আঘাত করিতে

উন্নতঃ বিহাতের মত আদিয়া লীগা নিজের বক্ষে দে আঘাত লইলেন ও ভূপতিত হইলেন।]

বিজয়। কে ভূমি ?

কবেণী। এ কি কর্লে বালিকা। প্রহরী।

প্রহরিগণ প্রবেশ করিল।

कृरवर्गी। जिन्नरम्भारक (मथाहेंग्रा) वन्ही कंद--

প্রিহরিগণ জয়দেনকে বন্দী করিল। কুবেণী

বালিকার দেবা করিতে উন্নত

হইলেন। ী

বিজয়। একি। রক্তা

नीना। ना-रावाद थायाकन नाहे। এই मृजाहे स्वामि थार्थनः করেছিলাম।

বিজয়। একি। বালক না? এ বেশ!

কুবেণী। ও বালক নয়। ও তোমার স্ত্রী।

বিক্লয় উঠিয়া বজ্ঞাহতবং দাঁডাইলেন।

লীলা। 'বালক বলে' আমার ভালবাসতে। নারী বলে' আমার ণা ক'রো না প্রিয়তম।

বিজয়। একি স্বপ্ন। স্তিম্ভ ধরিয়া দাঁড়াইলেন } কুবেণী। তুমি এ কাজ কেন কর্লে ভগী?

লীলা। আমি যে ভালবাদি। নাথা চিরণ ধরিয়া বিভামার জনম াই না। তা ভূমি কুবেণীকে দাও। আমাগ ভোমার চরণ দাও।

## ন্বম দৃশ্য।

\*\*\*\*\*\*

স্থান-সমুদ্রতীর। সিংহ্বান্থ ও জুরমা।

সিংহবান্ত। কৈ ? বিজয়ত এল না ! সুরুমা। কৈ আর এলেন তিনি বাবা।

হস্ত বাড়াইলেন ] এ আমার স্থমৃত্য।

সিংহবাত। কিন্তু আদবে। আজই আদবে। স্বপ্নে দেখেছি আদবে। সে আদবেই।

স্তরমা। স্থাকখন সতাহয় ?

সিংহবাছ। কথন কথন হয়। এত দিন, এত মাদ, এত বর্ষ, এই দমুদ্রের দৈকতে ব'দে আমি তার অপেকা কর্চিছ। কোন দিন ত স্বপ্ন ুদ্ধিনি যে বিজয় এসেছে। কাল রাতে দেখুলাম কেন**়** সে बामरवरे।

স্থরমা নীরব রহিলেন। 4.5

সিংহবাছ। কি স্বপ্ন দেখ্লাম জানিস ? স্থরমা। শুনেছি।

সিংহবাত। না, আবার শোন। স্বপ্ন দেখ্লাম যে, বিজয় এসেছে 🕹 ভার সেই শতচন্দ্র নিংড়ানো হাসি হেসে, ভার সেই জলদ গড়ীর পরে ভেকে, বল্ল "বাবা এসেছি"—বলে' আমার পা জড়িয়ে ধর্ত্তে এল—ঠিক দেই দিনকার মত ক'রে স্থরমা। আমি পা চটো পিছন দিকে সরিয়ে নিয়ে হাত বাড়িয়ে তাকে ধর্তে গিয়েছি. এমন সময় পা পিছ লে উপুড হ'য়ে পড়ে' গেলাম। তার পর, বিজয় আবার ডাকল বাবা।--তার পর আর ননে নাই। আছো, পড়ে' গেলাম কেন স্থরমা। বলতে পারিস ?

মুরমা। সেত স্বপ্ন!

সিংহবাছ। স্বপ্ন কি। এত স্পষ্ট, এত প্রকৃতবং স্বপ্ন জীবনে আর কথন দেখিনি কভা। এত প্রতাক্ষ-ঐ সমুদ্র গর্জন কচ্ছে। বাতাস উঠেছে বুঝি ?

স্থরমা। হাঁ বাবা।

সিংহবান্ত। বংসে।

স্থরমা। বাবা।

সিংহবাত। তা সমুদ্র ঠিক দেই রকম নীল অফ অসীম? ঠিক **নেই রকম** ?

স্থরমা। ঠিক সেই রক্ষ।

সিংহবাত। হায়। অন্ধ আমি। অন্ধ আমি।—গিরি, নদী, বন, সমুদ্র, আকাশ, নক্ষত্র, আমার কাছে দব একাকার। অন্ধ আমি!— স্থরমা।

হুরমা । বাবা !

সিংহবাত। ওধু আজ অন্ধ নই। চিরদিন এমনি অন্ধ। চোখ ধাকতে এমনি অন্ধ। বাসনায় অন্ধ, ক্রোধে অন্ধ, মদভরে অন্ধ, আজ শাকে অন্ধ।—আমার মত হংথী কে?—কতা!—কথা কচ্ছিদ ৰা যে ?

স্থরমা। কি কথা কৈব বাবা।

সিংহবাত। আমি রাজা হারিয়েছি। তা'তে হঃথ ছিল না, যদি এই সাম্রাজ্য-আমার পুত্র-থাক্ত। কিন্তু আজ আমি পথের ভিথাতী, কৈছ নাই—কেউ নাই।

স্থরমা। এই যে আমি আছি বাবা।

সিংহবাছ। [ভাহাকে ধীরে সরাইয়া] দে আমার বীরপুত্র, আমার — ভাধ আমার মেহ চেয়েছিল— ধন নয়, রত্ন নয়, রাজ্য নয়, সিংহাসন নয়, শুধুমেছ। আমি দিই নাই। বিনিময়ে—মেছ না দিয়ে—সেট ক্লতাঞ্জলি করপুটে ভত্ম ঢেলে দিয়েছিলাম। পুত্রের সেই করুণ কাতর চরণ ধারণে পদাঘাত করেছিলাম। [ সরোদনে ] পদাঘাত করেছিলাম।

স্থরমা। এথন আর নিক্ষল বিলাপ করে' কি হবে বাবা।

সিংহবাত। সত্য কথা। তক্র মূলোচ্ছেদ করে' জলসেচন কলে আর কি হবে ? - স্থরমা !

সুর্মা। বাবা!

সিংহবান্ত। সূৰ্য্য অন্তে যায় নাই ?

প্রমা। না।

সিংহবাত। আমি রাজ্য হারিয়েছি। আমার বীর পুত্র থাক্ত, ত 230]

রাজ্য হারাতাম না।—স্বরমা। উত্তর দিচ্ছিদ্ না যে ? তুই এত কম কথা কস্প

স্থরমা। কি কথা কৈব १

সিংহবাত। আমায় সাজনা দে। আমায় সাজনা দে।

স্থরমা। বাবা। আমার প্রাণ দিলেও যদি আপনার মনে এতটক শান্তি পান, আমি এফণি এ প্রাণ দিতে রাজি আছি।—কিন্ত-কি কর্ম বাবা ৷

সিংহবান্ত। না, না, তুই বড় ভালো মেয়ে। তোকে আমি তাড়া দিয়েছি—ভর্পনাই করেছি। বিনিময়ে—তুই আমার অন্ধের যটি হ'য়ে আছিস।—স্থরমা। রাণীকে আমি অন্ধ করেছিলাম। ভগবান আমায় অন্ধ করেছেন। শোধ বোধ। কেমন--শোধ বোধ ? স্থরমা। কেমন ?

স্থরমা। আমি কি বল্ব বাবা!

সিংহবান্ত। তা বটে !—আচ্চা—তোর বোধ হয় বিজয় আদবে ?— আদবে না १—বে যে বড় স্নেহবান পুত্র। স্থমিতের মুথে শুনে, দে নিশ্চর আন্বে। সে যে আমায় বড় ভালবাদে। পৃথিবীতে এত ভাল কেউ কাউকে বাদেনি।-এমন পুত্রকে আমি পদাঘাত করেছিলাম। [ ক্রন্দন ]

সুরমা। আবার।

সিংহবাত। না, না-অনুশোচনার মত তুর্বল কিছু নয়-কি হবে ? - ও কিসের শব্দ।

হরমা। সমুদ্র গর্জন। বাবা! ঝড় উঠ্ছে।

সিংহবাত। সঙ্গে সঙ্গে আমার হৃদয়েও ঝড় উঠ্ছে।—বিজয় কথন আসবে হুরুমা।

স্থরমা। কৈ আর এলেন।

সিংহবাছ। না-সে আসবে, সে স্নেহণীল।

স্তরমা। কিন্তু বড় অভিমানী।

সিংহবাত। হাঁ বড় অভিমানী।--বিজয় এলে এখন আমি কি করি জানিস १

হুরমা। কি করেন?

সিংহবাছ। ছিঁডে থাই। না. না- তাকে এই বকে জোরে চেপে ধরি, যাতে সে নিঃখাদ আটুকে মরে যায়। বলি, "ওরে বিজয় নে কত মেহ নিবি নে"—ও:।—এত মেহ তথন কোথা লুকিয়ে ছিল স্বরমা। কোথা ছিলি ? কোথা ছিলি ? প্র-: পুর-: বক্ষে করাঘাত ]

স্থরমা। [নিবারণ করিতে চেষ্টা করিয়া] ওকি কচ্ছেন বাবা।--ওকি কচ্চেনি গ

সিংহবাত। তাইত, ও কি কৰ্চিচ।

স্থরমা। বাবা! ঝড় উঠ্ল, বাড়ী চলুন।

সিংহবান্ত। না, আমি এথানে দাঁড়িয়ে বিজয়সিংহের অপেকা কচ্ছি। স্তরমা। আর অপেক্ষাকরে' কি হবে বাবা। রাত হ'য়ে এল।

আজ দাদা আদবেন না।

সিংহবাত। আসবে। আমি স্বপ্ন দেখিছি।

স্থরমা। ঐ বজনাদ। বাড়ী চলুন।

সিংহবাছ। খালি বকে আমি বাড়ী ফিরে যাবো না। বিজয় আহক।

স্থরমা। তিনি আসবেন না।

সিংহবাছ। যদি না আসে-ত এই দৈকতে রাত্রিযাপন কর্ম। স্থরমা। গন্তীর--গন্তীরতর সমৃদ্র গর্জন।

সিংহবান্ত। গভীর সঙ্গীত।

স্ক্রমা। সিহসাী বাবা।

সিংহবাছ। কি ?

প্রমা। ঐ বুঝি আসচে।

সিংহবাছ। কৈ १

স্বরমা। ঐ ঢেউয়ের উপর একথানি তরণী দেখছি-পাল তলে দিয়ে ছুটে আস্ছে।

সিংহবান্ত। কৈ १

স্থরমা। ঐ যে—

সিংহবাছ। ভগবান! একবার—মুহুর্ত্তের মত—চক্ষুছটি ফিরে. দাও। প্রাণ ভ'রে দেখে নেই। তার পর আবার অন্ধ করে' Me 1-

স্থরমা। ও কার কণ্ঠস্বর বাবা।

সিংহবাছ। বিজয়ের। নৈলে মেঘনির্ঘোষের মত ও কণ্ঠধ্বনি আর কার হ'তে পারে ?—ঐ যে গান গাইছে—শোন !

## [দুরে গীত।]

সিংহবান্ত। ঐ যে আরও কাছে। বিজয় [নৃত্য] ঐ যে, ঐ যে আমার-বিজয়। বিজয়।-- ি সমূদ্রের দিকে ছটিয়া গেলেন ও একটি চেউ আসিয়া তাঁহাকে ভাসাইয়া লইয়া গেল**ী** 

ञ्जनमा। वावा।—वावा।—मर्जनामा। [ मूथ छाकित्मन ]—७:। বসিয়া পডিলেন ী

সদলে বিজিত, বিজয় ও স্থমিত্রের প্রবেশ।

বিজয়। চেউয়ে কি কর্মে-বিজিত। যথন সন্তান তার মায়ের বক্ষে মাঁপিয়ে পড়ে।—এই আমার জননী। সেই শান্তিময়। মা—মা।— একে। ফ্রিকাকে পরীকা।

স্থমিত। এ যে স্থরমা।---

বিজয়। সেকি ! তাইত ! মুর্জিত না মৃত ?— স্থরমা ! স্থরমা !

স্থরমা। কে १-একি।-দাদা না १

বিজয়। হাঁ, আমি দিদি।

স্থামা। ডিঠিয়া ] হাঁ, মনে পড়েছে। বাবা। বাবা।— প্রমুদ্রদিকে দৌডিলেন ী

বিজয়। ও কি স্বমা।— হিন্ত ধরিলেন।

স্থামা। দাদা। দাদা। বিজয়ের বক্ষে মুথ লুকাইলেন। এত (मद्रौ। वावा।-

বিজয়। বাবা কোথায় ?

স্থ্যা। ঐসমূদ্রের তলে। ওঃ।

ŧ

## পঞ্চম অন্ধ।

## প্রথম দুশা।

স্থান-লক্ষা। জন্মদন ও তাপদ।

জয়দেন। তবে ইন্ধন প্রস্তুত ?

তাপদ। প্রস্তত। কেরলরাজকেও এ ব্রতে দীক্ষিত করেছি।

জয়দেন। কিন্তু কেরলরাজ লঙ্কার দিংহাদনে বদবে না ?

ভাপস। না। বিদেশী কেউ এদে লক্ষার রাজা হবে না। লক্ষার

সিংহাদনে তুমি বদবে।

জয়দেন। আর আমার বাম পার্যে কুবেণী--

তাপস। যুবরাজ। কুবেণীর আশা ত্যাগ কর।

জয়দেন। তা পারি না তাপদ! আজ যে আমি কুবেণীকে সিংহাসনচ্যত কর্ত্তে বসেছি, সে ঈর্ঘায়—ক্রোধে নয়।

ভাপদ। ঈর্ধার গ

জয়দেন। ঈর্ধায়। এই কুবেণীকে আমি শৈশব থেকে ভালো বেসেছি। বিনিময়ে—তার কাছ থেকে অবজ্ঞা পেয়েছি—আর কিছু নয়। তবু তাকে ভালোবেদেছি। किন্তু দেদিন—দেই উৎসব নিশীপে—यथन म ! বিজয়সিংহকে দেখে আমায় বল্লে 'দূর হও', সেদিন আমার প্রথম মনে ह'वा—

তাপস। কি ?—থামলে যে যুবরাজ ?

জয়সেন। মনে হ'ল--আমি কি কুকুরেরও অধম। চ'লে এলাম। কিন্তু একেবারে চ'লে যেতেও পার্লাম না. না। অন্তরালে দাঁড়িয়ে বিজয়সিংহের সঙ্গে এই কুবেণীর--প্রেমালাপ দেখতে লাগলাম। হৃদয়ে দহস্র বৃশ্চিক দংশন জালা অনুভব কর্ত্তে লাগলাম। তারপরে আর থাকতে পার্লাম না। উন্মন্তবং—ছুটে গিয়ে ছুরী মার্লাম, তা ম'ল— এক নিরীহ ত্রাহ্মণ ক্যা।

তাপদ। এই বিজয়সিংহকে যেন একটা দৈবশক্তি ঘিরে রক্ষা কচ্ছে।

জন্মদন। বিজয় আমান্ন বন্দী কলে। কিন্তু সে চ'লে গেলে, এই াকুবেণী অবজ্ঞাভরে হেসে আমায় মুক্ত ক'রে দিলে—আমায় নির্কাসিত কর্লে।—তার চেয়ে আমায় বধ কর্লে না কেন ? এত অবজ্ঞা। এত।— মামি এবার তাকে সিংহাসন থেকে টেনে এনে আমার দাসী করে' বোখবো। দেখক কুবেণী যে—

### বীরবলের প্রবেশ।

তাপদ। এই কেরলরাজ।—আমরা আপনারই অপেক্ষা কর্চিলাম। এই যুবরাজ ত অধীর হ'য়ে পড়েছেন।

বীরবল। ইনি লঙ্কার যুবরাজ ?

তাপদ। ইনি যুবরাজ জয়দেন।

١

বীরবল। কোন চিন্তা নাই যুবরাজ! আমি তোমার যুবরাজ পদবী ঘোচাবো। তোমার লন্ধার রাজা কর্ম। কোন চিন্তা নাই। জন্মন। আমি রাজত্ব চাই না, কুবেণীকে চাই। वीववन। कुरवनी त्क १

### অলক্ষিতে বিশালাক্ষের প্রবেশ।

তাপদ। কুবেণীর নাম শুনেন নাই ? তিনি লঙ্কার রাজ্ঞী।

বীরবল। ও। বিজয়সিংহের—িইঞ্চিড া

তাপদ। হাঁ মহারাজ।

বীরবল। বিজয়সিংহ যে নৃতন বিবাহ করেছে।

ভাপদ। কাকে?

বীরবল। পাণ্ডারাজ কুমারীকে। ভারি ঘটা।

তাপদ। তার ত কুবেণীর প্রতি এই গভীর প্রেম।

বীরবল। সে একটা নীচ ভণ্ড।

বিশালাক। সাবধান।

বীরবর। [চমকিয়া] কে তুমি ?

বিশালাক্ষ। তবে এই শক্রর বিবর খুঁজে বের করেছি।— ষুবরাজ। এই চক্রান্তের উর্ণনাভে প'ড়ে মারা থাবে। এ কুমন্ত্রণা তোমায় কে দিলে যুবরাজ !

বীরবল। তুমি কে ?

বিশালাক্ষ। আমি বিজয়সিংহের সেনাপতি বিশালাক।

বীরবল। বন্দী কর।

বিশালাক। [ হাসিয়া ] বন্দী কর্বে!
[ তরবারি নিফাশন ] অপর সকলে পরস্পারের দিকে চাহিলেন।
বশালাক ধীরে নিজাস্ত হইলেন।]

## বিতীয় দৃশ্য।

#### \*\*\*

স্থান—বঙ্গের প্রাদাদ, অন্তঃপুর। কাল—প্রভাত। বিজয় একাকী।

বিজয়। এখনও কুবেণীর কথা মনে পড়ে। সেই অশাস্ত উদামপূর্ণ য়বতী — প্রাতঃ স্থোর মত, পূর্ণ প্রাকৃতিত হুলপদ্মের মত। আমি
তাকে ভালোবাদি ? না ভর করি ? ঠিক ব্রে উঠ্তে পারি নে।— সেই
রাজির কথা মনে পড়ে, দেই চ'লে আদ্বার আগেকার রাজি। সেই
টিজ্জন আলোকিত, রক্কারিত নৃতাগীত!— কি আন্চর্যা! আর সেই সরলা,
নুঝা, নতনেত্রী বালিকা, লজ্জাবতী লতার মত পবন হিল্লোলে স্ফুচিত।—
কি প্রভেদ! তবে—এই যে গুরুদেব।

वृक्तामरवद्र भिरम्बत्र व्यर्वम ।

শিষ্য। বিজয়সিংহ! তবে তুমি প্রস্তুত ? বিজয়। প্রস্তুত গুরুদেব।

শিয়া। যাও বিজয়সিংহ! সিংহলে এই ধর্ম প্রচার করগে যাও।
বুদ্দেব তোমায় সেই কার্যোর ভার অর্পণ করেছেন।
২১৮ ী

বিজয়। জগদ্ওরুর আজা শিরোধার্যা।

শিশ্ব। তুমি অশান্ত হৃদয়ে, উন্মন্তবৎ পৃথিবীময় ছুটে বেড়িয়েছ সাগর, কানন, নগরী, পরিভ্রমণ করে' বেড়িয়েছ, কর্ম্ম কর, শান্তি পাবে

বিজয়। শান্তি পাবো আমি ?—আমার হুঃখ আপনি জানেন ?

শিন্তা। জানি বংদা ছংথীদিগের দান্তনার জন্তই এই ধর্ম। যারা রুখী, যারা বিলাদে মজে আছে, ঐশ্বর্যো ডুবে আছে, পুত্রকন্তা দম্পদে যারা দম্পংশালী, যাদের দেহে বল, মনে তেজ, হৃদরে উল্লাদ, তারা ধর্ম চায় না। কিন্তু যারা বিপন্ন, ক্লিন, হবেলা ছমুটো যাদের আহার জোটে না, যাদের সংলারে কেউ নাই—বা যারা ছিল, তারা গিয়েছে, যারা প্রপীড়িত—নিস্তেজ, যাদের গণ্ডে ছধারে অঞ্চ ব'য়ে যাছে, তাদের দান্তনার জন্তই এই ধর্মের সৃষ্টি, তারাই ধর্মের মর্মা বোঝে।

বিজয়। সভা বলেছেন গুরুদেব।

শিয়। এই ধর্ম একদিন জগং ছেয়ে ফেল্বে। কারণ, এ জগতে অনেকেই ছঃথী—স্থা ক'জন ? স্থ ক'দিনের ? আতস বাজীর আলো নিতে যার, উৎসবের হাদি থেমে যার, উল্লাসের গান উঠেই হাহাকারে চারিদিকে ছড়িয়ে পড়ে। এ জগতে অন্ধকারের রাজত্ব শৃত্যের বিস্তার, মরণের অবসাদ ; স্তন্ধতার সামাজ্যের অন্ত নাই। তার মধ্যে এই আলোক, এই আশা, এই জীবন, কতটুকু বৎদ!

বিজয়। সতাকথা।

শিয়। যাও বংস ! ধর্ম প্রচার কর, তাই তোমার কর্ম। বঙ্গের বৃদ্দেবের মহান্ধর্মের প্রথম প্রচারক বঙ্গের বিজয়সিংহ। এর চেয়ে গৌরবের কথা আর কি আছে ?

বিজয়। যে আজা গুরুদেব প্রিণাম ]

[ শিষ্য আশীর্কাদ করিয়া গাইতে গাইতে নিজ্ঞান্ত।]

विक्रम । उद्देशक ।

স্তরমা ও বিজিতের প্রবেশ।

স্থরমা। দাদা। তুমি আবার সিংহলে ফিরে যাচ্ছ ?

বিজয়। যাচ্ছি বংদে—বুদ্ধদেবের আদেশ, জাহাজ প্রস্তত।

স্তরমা। আমাকে নিয়ে যাবে না ?

বিজয়। নিয়ে গেলেই বা পারি কৈ ? এখন কি আর আমায় ভালো লাগুবে ?--কি বল বিজিত ৷ এখন একটা নৃতন মুখ দেখতে দেখতে নিশিভোর হ'মে যাবে। এখন জগৎকে একট রঞ্জিত ভাবে, একট ঘোরালো রকম দেখবে।

স্থরমা। এখন আমি আমার শৃত্ত জীবনে একটা কর্ত্তবা খুঁছে পেলাম—একজনকে স্থী করা, একজনের পদতলে আমার ভবিষ্যৎ অবিশ্রান্তধারে ঢেলে যাওয়া---আর যদি পারি---

বিজয়। কি ভনছো বিজিত।

বিজিত। কৈ ?

বিজয়। ঐ যে। বংশীধ্বনিবৎ, কাণ উচ্চ করে' শুনছো কি।— নতন স্ত্রীর কণ্ঠস্বর বড় মিষ্ট-বিশেষতঃ, যথন দে বলে-"নাথ আমি জগতের সকলের চেয়ে তোমাকে ভালবাসি"—যদিও নাথ ছাড়া জগতে আর কাউকে দেখিনি।—এই যে ভাই—

স্থারমা। তুমি এঁকে সঙ্গে নিয়ে যাও আর না যাও, কিন্তু তাঁকে ত নিয়ে যাচ্ছ গ

বিজয়। কাকে १

স্থরমা। পাণ্ড্যরাজপুত্রীকে ?

বিজয়। না।

সুর্মা। সে কি १

বিজয়। তাকে নিয়ে গিয়ে কি হবে ?

ञ्चत्रमा। कि इत्त । नत्रना, विश्वका, किर्मात्रीत्क विवाह करत्रिहरन, এখানে ফেলে রেথে ঘাবার জন্ম ?

বিজয়। তাকে বিবাহ করেছিলাম স্থরমা, গুরুদেবের আদেশে-সিংহলে বৌদ্ধ ধর্মা প্রচারের উদ্দেশ্যে—

স্থরমা। কিরকম?

বিজয়। গুরুদেবের আদেশ, যে আমায় লঙ্কার রাজা হ'তে হবে, আর লম্বার রাজা হ'তে হলে, রাজকন্তাকে বিবাহ করা চাই।

### স্থমিত্রের প্রবেশ।

স্মিত্র। দাদা ! আমায় ডাক্ছিলে ?

বিজয়। হাঁ ভাই। তোমাকে স্ত্ৰী একটা দিয়ে যেতে পাৰ্নাম না। সেটা তুমি নিজে দেখে শুনে নিও। কিন্তু তার চেয়ে বোধ হয় বেশী नाभी क्षिनिय-त्राका निष्य श्रिनाम-या निष्य म्ह एत एन एन अपने শক্ত।—তোমাকে বঙ্গবাজার অধীশ্বর করে' গেলাম।

স্থমিত্র। তুমি আবার সিংহলেই যাক্ত ?

বিজয়। এবার যুদ্ধে দেশ জয় কর্তে যাচিছ না। স্থলয়রাজ্য জয় কর্ত্তে যাক্সি। কেডে নিতে যাক্সি না, দিতে যাক্সি।

স্থমিত্র। কি দিতে যাচ্ছ ?

বিজয়। বৌদ্ধর্ম।—স্থমিত।—এই দেশ শক্রর হাত থেকে পুনক্ষার করে', আমার মাকে তোমার কাছে রেখে গেলাম। দ্বিতীয় ইক্রের মত বিক্রমে ও রামচন্দ্রের মত লেহে তাকে শাদন ক'রো। আর-ভাই।

স্থমিত। দাদা।

বিজয়। আমরা ছ'জনেই পিতৃমাতৃহীন! আর একবার জন্মের মত, যাবার আগে, তোকে একবার বক্ষে ধরি। বংস। ভাই।

# তৃতীয় দৃশ্য।

### +>+>

श्रान--- वका। कृत्वनी अ विभानाक।

কবেণী। লকার দৈল বিদ্রোহী ? তাদের নায়ক কে ? বিশালাক। যুবরাজ জয়দেন।

কুবেণী। আর প্রজাগণ ?

বিশালাক্ষ। তারাও এই বিজোহী দৈন্তের দঙ্গে যোগ দিয়েছে: তরুণ তাপদ মকরন্দ তাদের উত্তেজিত করেছে।

কবেণী। এ যে স্বপ্নেরও অগোচর বিশালাক্ষ্ (গভীর স্বরে) অমাতাবর্গকে ডেকেছিলে গ

বিশালাক্ষ। ডেকেছিলাম। তারা এই শক্রার সঙ্গে যোগ দিয়েছে। তারা এল না।

কুবেণী। আশ্চর্যা! আমি কি এমন মহা অপরাধ করেছি २२२ ]

বিশালাক ! মহারাজ বিজয় যখন এখানে ছিলেন, আমার রূপার ঘানে ভিথারী হ'মে, গড়িয়ে, হাত পাতৃত, তারাই।—তমিও বিদ্রোহীর সঙ্গে যোগ দাওনি সেনাপতি।

विभागाक । यजिन तार একবিন রক্ত থাকে, তা রাণীর জন্ত দিব কুবেণী। সিংহলের পক্ষে কয়জন সৈত্য আছে ?

বিশালাক্ষ। শতাধিক হবে।

কুবেণী। এই এক শ দৈত্য নিম্নে বিজোহীর দঙ্গে যুদ্ধ কর্মো।

বিশালাক। কর্বা

কুবেণী। তাতে কি ফল হবে १

বিশালাক্ষ। এই একশ রাজভক্ত দৈনিকের দঙ্গে যুদ্ধে রাণীর জন্ত প্রাণভাগে কর্ম। তার চেয়ে উচ্চ আকাজ্ঞা আমার নাই।

কুবেণী। সতাবলছ সেনাপতি ?

বিশালাক। ঈশুর সাকী।

কুবেণী। বিশালাক ! বীর !—নেও এই মুক্তাহার-কুতজ রাজীর এই শেষ অভিজ্ঞান। নেও, শির অবনত করে' গ্রহণ কর—নেও বীর। লগার রাজ্ঞীর দান। ভূচ্ছ ক'রোনা [মুক্তাহার দান] তার পর, লগার স্বর্ণ ভাগুরে খলে দাও। লুট করে' তারা গৃহে চলে' যাক।

বিশালাক। সে কি রাজী ?

कूरवर्गे। हुन्, कथा कांद्रा ना-कथा कांद्रा ना। अनम (ज्ञान যাবে। যাও দেনাপতি।

বিশালাক। দেবি।

কুবেণী। [কঠোর স্বরে] যাও। এখনও আমি রাণী। আমার

মাজা পাদর্শ কর। কেন এই বুণা যুদ্ধ বীরবর! তুমি আর একশ দৈল আমার পুত্র। কেন তারা আমাকে বাঁচাতে প্রাণ দেবে ? হরত তাদের কাছে জীবন মধুর। হরত তারা আজ পত্নীর দাশ্র নেত্রপুট চুধন করে, সন্তানকে স্নেহের পীড়নে বক্ষে চেপে ধ'রে, আবেগ কম্পিত-চিতে নিক্ষণ যুদ্ধে চলেছে—আমার বাঁচাতে। যার আশা নাই, আদক্তিনাই; যার তবিশ্বং ঐ লবণাপুধির দলিলের মত শ্র্মান—উদাস, বৈচিত্রা-হাঁন; রাবণের চিতাসম শুধু এক ধৃধু শব্দ তার শোনা যায়। যাও বীর। ক্ষেরাও আমার সৈত্রে।

বিশালাক। তার পর---

🖟 কুবেণী। তার পর চুর্গের ঘার খুলে দাও। খংওে আনার মুও িকেটে, আনার সৈক্তদের উপহার দেব ।

বিশালাক। আর এ দিংহল ?—

কুবেণী। রুসাতলে যাক্!

বিশালাক। সম্রাক্তী!

কুবেণী। তুমিও আমার অবাধ্য !—বাও, আমি ঘুমোবো।

[বিশালাক্ষের প্রস্থান]

কুবেণী। [দ্রে সমুদ্রের পানে চাহিয়া রহিলেন, পরে কহিলেন]

ঐ সমুদ্রের উপরে ছ'জনার দেখা!—ঐ সমুদ্রের উপর ! না ! আবার
কেন !—সব বায় স্থৃতি বায় না কেন ! বিধাতা!—[পানচারণ] এ

কি ! ধরণী এত তার কেন ! উপরে ঐ মলিন স্থা, আর ঐ আকাশ
—একটা নীল মকভূমির মত বিস্তৃত! একদিন ছিল—আবার!—
ভূমেলিয়া!—জ্মেলিয়া—

### জুমেলিয়ার প্রবেশ।

কুবেণী। জুমেণিরা। স্থরা দে।—নর্ত্তকী নিয়ে স্বায়। কি !— হাঁ করে' বৈলি যে।

জুমেলিয়া। দে কি রাজ্ঞী। সম্পুথে যুদ্ধ। আর এই---

কুবেণী। কোথার যুক ? আমি হর্ণের হার খুলে দিতে বলেছি !
লকার নৃতন রাজা আস্ছে। আজ নব ভূপতিরে সমূচিত অভার্থনা দিব।
নিন্দা না কর্ত্তে পারে। যা জুমেলিয়া—ও কি ! মুক পাষাণমূর্ত্তির মত—
যা জুমেলিয়া ! আজ কি লকার রাজীর এক আজা হবার দিতে হবে !
যাও।
[জুমেলিয়ার প্রস্থান]

কুবেণী। তাকে ভূলবো । একবারে ভূলবো [ছুরিকা বাহির করিয়া বক্ষের উপর ধীরে স্থাপন করিয়া ] ধার আছে ? কিন্ত-এই যে !--

জুমেলিয়া মদিরাপাত লইয়া প্রবেশ করিল।

কুবেণী। দে, দে— শীঘ — [পান করিয়া] নর্ত্তকীরা ?

জুমেলিয়া। আদ্ছে।

দূতের সহিত বিশালাক্ষের প্রবেশ।

কুবেণী। কি সংবাদ বিশালাক।

বিশালাক্ষ। বিপক্ষের শিবির থেকে এই দৃত এসেছে।

কুবেণী। হুর্গদার মুক্ত করেছ ?

विभागाक । ना महाजानी ! এই मृত-

কুবেণী। দূত কিদের জন্ত ? দূতের কথা শুন্বার জন্ত আমি এথানে বদে' নাই। জয়দেনকে নিমন্ত্রণ করে' নিয়ে এদ। আমি তার স্পপেকায় বদে' আছি।

বিশাৰাক। তার আগে জয়দেনের কি বক্তব্য শুরুন না মহারাণী। कूरवनी। किছ श्राद्माञ्चन नारे। "ना. वन मृत्र। कि वनात्र हा। শীজ বল

দৃত। আমি পত্রবাহক মাত্র। পিত্রদান ?

কুবেণী। [বিশালাক্ষকে পত্র দিয়া] পড় বিশালাক্ষ। উচ্চৈঃম্বরে 75 I

বিশালাক। [পড়িতে লাগিলেন] "বিজয়ের ক্রীতদাসী। বে দম্ভার বলে আমার পিতাকে বধ করে', লঙ্কার প্রাদাদ অধিকার করেছিলে, সে দমা বিজয় এখন কোথায় ? রাজী ! পরাভব স্বীকার কর। নহিলে—

কুবেণী। আর দরকার নাই। পত্রে কার স্বাক্ষর १---

বিশালাক। "মহারাজ জয়দেন।"

কুবেণী। [বাঙ্গব্বরে] মহারাজ জয়দেন! কবে থেকে দৃত ?

দূত। আমি পত্রবাহক মাত্র।

ক্ৰেণী। তাবটে। যাও---

দুত। পত্রের উত্তর গ

কুবেণী। বিশালাক। কুপাণের ঝনৎকারে—ভেরীর নির্ঘোষে— পত্রের উত্তর দাওগে যাও। আমি আসছি।

বিশালাক্ষ। জয় লক্ষার রাজীর জয়।

[ দূতের সহিত বিশালাক্ষের প্রস্থান ]

কুবেণী। এতদুর ম্পদ্ধা। জুমেলিয়া! সেই নিরীহ মাংদপিও জয়স্বে —বে নতজাত্ম না হ'রে —আমার দঙ্গে কথা কহিত না —ঐ রণ শূঙ্গ বো উঠেছে! জুমেলিরা! আমি মর্ব্র, যুদ্ধ করে' মর্ব্র। পরাভব স্বীকার ক २२७ ]

না। ডাক, আমার সহস্র পার্শ্বরিক্ষণীদের ডাক। তারা ত আমার ত্যাগ করেনি। ছুড়ে ফেলে দাও এসব।

[মদিরাপাত্র ছুড়িয়া ফেলিয়া] জুমেলিয়া !

জ্মেলিয়া। মহারাণী-

কুবেণী। আমার বর্ম চর্ম অসি নিয়ে এস। আর শোন-জুমেলিয়া সাজো, তুমিও রণবেশে সজ্জিত হও। পার্কো? না দরকার নাই। ভূমি মর্ত্তে যাবে কেন ? ভূমি ত-

[প্রস্থান]

## চতুথ দৃশ্য।

--- 0:\*:0---

স্থান-লগা।

জন্মদেন, তাপদ, কুবেণী, উৎপলবর্ণ, বিশালাক্ষ ও জুমেলিয়া।

তাপস। ঐধীরে ধীরে জ্ঞান হচ্ছে।

কুবেণী। বিজয় ! বিজয় ! এ কি ! আমি কোথায় ?

উৎপল। আপন প্রাসাদে রাজী।

কুবেণী। একি! আমার হাত বাঁধা কেন !--জুমেলিয়া। িছিন্ত তেহী है।

জুমেলিরা। স্থির হও রাজী। আমি উঠিরে দিচ্ছি [উঠাইরা দিলেন]। কুবেণী। এরা কারা १-- এ যে জয়সেন। তুমি জয়সেন বটে ?

[२२१

বিশালাক। ধীরে ধীরে শ্বতি ফিরে আসছে। কুবেণী। একি! আমার হাত বাঁধা কেন?

জয়দেন। তমি আমার বনিনী।

ুকুবেণী। তোমার বন্দিনী আমি। কেন জয়সেন ?

বিশালাক। মহারাজ্ঞী। আমাদের যুদ্ধে পরাজয় হয়েছে।

কুবেণী। পরাজয় ? যুদ্ধে ?--কার দঙ্গে কার যুদ্ধ ?--ও! মনে পডেচে। তবে সে কি সব স্বপ্না— বিশালাক্ষকে । আমি এতক্ষণ কোথায় ছিলাম সেনাপতি ?

বিশালাক। মুর্চ্ছিত, সমরকেতে। কুবেণী। তবে কি সে সব স্বপ্ন १

উৎপল। কি স্বপ্ন মহারাণী ?

কুবেণী। আমি দেখেছিলাম যে, অন্ধকারে আমি সমুদ্রের উপর এক উত্তাল তরঙ্গের উপর বদে', তারনীচে দহস্র ফণা বিস্তার করে' রয়েছে: আর দূর থেকে এক স্বর্ণকিরণ এদে দে সমস্ত দৃখ্যকে উজ্জ্বগ করে' দিল। সমুদ্র ধামারে তাল দিয়ে বেজে উঠ্ল, উপরে কে ভূপানী রাগিণীতে গান ধরে' দিলে—সে কি সব স্বপ্ন ?

উৎপল। তার পর १

কুবেণী। তার পর স্বর্ণিরণ সেই সমুদ্রের জলে ডুবে গেল। আবার গাঢ় অন্ধকার। পিছন থেকে এক প্রকাণ্ড ঢেউ এসে আমায় ধাক। দিয়ে সমুদ্রের গর্ভে ফেলে দিল। তার পর বিজয় আমার—তুরী বাজাতে বাজাতে, পীত নিশান উভিন্নে, সেই সমুদ্রের উপর দিয়ে ভেসে এল। আমি হাত বাড়িয়ে ডাক্লাম, বিজয়!—বিজয়ও হাত বাড়াল, २२४]

ধর্ত্তে পার্ল না। আমি ডুব্লাম। জলের মধ্যে থেকে সৈই তুরীধ্বনি শুন্তে পাচ্ছিলাম। জলের মধ্যে থেকেই ডাক্লাম, বিজয়। -একটা বৃদ্ধ উঠ্ল,—সে কি দব স্থা।—ও কি। পুরোহিত। চোথ মুছছ কেন ?

উৎপল। বিজয় আসবে।

কুবেণী। [ দাঁড়াইয়া ] আস্বে ? আস্বে ? কথন আস্বে ?

উৎপল। বড বেশী দেরিতে মহারাণী।

কুবেণী। যত দেরি হয় হোক—আদ্বে ত ? আর কোন ছ:খ নাই, আমার হাত থুলে দাও, সে এলেই আমি তার পা জড়িয়ে ধর্ব।— ছাড়্ব না। হাত খুলে দাও পুরোহিত !

জয়সেন। [ সৈনিককে ] হাত খুলে দাও।

কুবেণী। তুমি এখন লঙ্কার মহারাজ ?

ভয়সেন। আমি মহারাজ।

কুবেণী। এই সিংহাদন, এ প্রাদাদ তোমার, এ দৈন্ত তোমার, এ পৌরজন তোমার, এ লঙ্কার অগাধ ধন রত্নরাজি তোমার ভূপতি ! সব নাও। বিজয় আমার থাকুক, আমি-

জয়দেন। কোথায় বিজয়দিংহ সুন্দরী—তোমার ?—যে পতি তোমারে ছদিন ভোগ করে' উচ্ছিষ্টের মত পথে পরিত্যাগ করে'—

কুবেণী। পেয়েছিলাম তারে যদি-সে বিজয় দেবতার বর; হারিয়েছি তারে যদি, সেও দেবতার বর। পূর্বাঞ্চন্মের ক্বত পুণাকশে পেয়েছিলাম, পূর্বজন্মের কৃত পাপফলে তাকে হারিয়েছি—আবার যদি সেই বীর, সেই রাজাধিরাজ, সেই দেবতা-

জন্মদেন। সেই দেশনির্কাসিত, ঝটকাতাড়িত ধুবা, সেই অধমাধম দুস্থা---

'কুবেণী। দস্থা তুমি জয়দেন! বঙ্গের বিজয়দিংহ দ্বিতীয় রাধবদম এদে এ সিংহল বিজয় করেছিলেন। আর তুমি ছলে, আমারই প্রজাদের --আমারই ভূতাদের হীন চক্রান্তের বলে লঙ্কা অধিকার করে', এই আকালন কচ্ছ দিয়া।

क्यारान। क्याना कि वन्तिनी! आधि यति देख्या कति, भूटूर्राईटे ভোমার ক্রন্ত রসনার গতি নিরুদ্ধ কর্ত্তে পারি।

কুবেণী। জানি জয়দেন। যখন সিংহ শুভালিত হেয় কুকুর এদে তাকে পদাঘাত করে' চ'লে যায়। তবু চিরদিন সিংহ--সিংহ, কুকুর--কুরুর। যথন সূর্য্য অন্তমিত, তথন শিবা উল্লাসে চীৎকার করে: মহাধ্বংদের উপর ছত্রক জন্মে। এতে গর্ব্ধ কর্বার কিছু নেই জয়সেন! জয়দেন। বল মহারাজ।

কুবেণী। মহারাজ !--আশ্চর্যা। লভার মহারাজ জয়দেন। আজ্ঞা শ্বদেন ! তুমি একবার ঐ সিংহাসনে ব'স দেখি—যে সিংহাসনে মহারাজ বিজয়সিংহ বস্ত। দেখি কি রক্ষ দেখাছ। আর এই আমার কুত্র ভতাকুল একবার চেঁচিয়ে জয়নাদ করুক—'জয় জয়দেন—নব লয়ার ভূপতি'. দেখি কি রকম শোনায়-ব'দ জয়সেন।

জয়সেন। তার জন্ম তোমার আজ্ঞার অপেকা কর্বার প্রয়োজন इत नारे कृरवनी !

কুবেণী। তোমার দকে বাক্যাশাপ কর্মার প্রবৃত্তি আমার নাই। আমি তোমার বন্দিনী, তোমার যা ইচ্ছা হয় কর।

জন্বসেন। কুবেণী ! আমি তোমায় লাগুনা কর্ববার জন্ত এথানে। আসি নাই। তুমি যে রাজী ছিলে, সেই রাজীই থাক্বে কুবেণী !

কুবেণী। জন্মসন । তোমার প্রদন্ত রাজীত্বে আমি পদাবাত করি।
জন্মসন। তুমি আমার রাজী হবে।

কুবেণী। তোমার রাজী হব! একি শুন্ছি ঠিক? তুমি কি এই কথা বল্ছ জয়েসন—বে তুমি রাজা, আর আমি রাজী ?—এ ত পরম কোতুক! ঐ কুদ্র চকু, সংকীর্ণ ললাট, ঐ বামনের পালে বস্বে—এই কুবেণী!—জয়েসন! নিজের চেহারা কথন দর্পনে দেখেছ কি ?

জন্মদেন। এত অংকার !—উত্তম ! তবে তোমার এ দস্ত চূর্ণ কর্ম। তোমায় ভোগ করে', মৌন্দর্যা নিষ্পিষ্ট করে' নিয়ে, তারপর সেই উচ্ছিষ্ট—পথের কর্দ্দমে ফেলে দেব।

কুবেণী। জন্মন । এ যুদ্ধ জন্ন করে', তোমার হেন স্পর্দ্ধা হয়েছে, যে স্বামাকে সন্মুখে দেখেও এ কথা ভাবতে পারো ?

জন্মনে। তথু ভাব্তেই পারি না কুবেণী, দেখাবো যে তা---

কুবেণী। সাবধান।

জয়দেন। কি কর্বে? যদি এইকণে—

কুবেণী। স্পর্শ কর দেখি ?

জয়সেন। কি কর্বেণ্ট বন্ধ করপুট ভাধু ভিকাকরে। কি কর্বে— যদি—

কুবেণী। জানি না কি কর্ম-জানি না কি হবে ? কিন্ত জানি, যে একটা কিছু হবে। জানি, যে এত বড় অনিয়ম, শৃত্মলার ব্যতিক্রম, কথন হয় নাই-হবে না-হ'তে পারে না। একবার স্পর্শ কর দেখি জয়সেন! জয়সেন। দেখ তবে [অগ্রসর হইলেন]

বিশালাক। [ সমুথে আসিয়া ] সাবধান মহারাজ।

জরদেন। [চমকিয়া]কে তুমি ?---

বিশালাক। লঙ্কার রাজীর গাতে কামস্পর্লে হস্তক্ষেপ কর যদি, ন্তন ধর আরম্ভ হবে।

ভয়দেন। উন্নাদ!

বিশালাক। উন্নাদ নই, আবার বল্ছি সাবধান।

জয়দেন। দূর হও [অসি নিভাশন]

বিশালাক্ষ। অন্তন্তন্ত করি না মহারাজ ! আবার বলি সাবধান।

জয়সেন। যাও, কীট বধ কর্বনা।

বিশালাক। [জামু পাতিয়া] আন্তাশক্তি, তবে আন্ধ দেই শক্তি দাও
মা, যে শক্তিবলে বন্দীর শৃত্ধল থদে পড়ে, পাংগু অত্যাচার বিকম্পিত
হয়। একবার সেই শক্তি দাও ত মা ! দেখি। [পরে জয়সেন ও
কুবেণীর মধ্যে আসিয়া] এই শেষবার বলি, সাবধান মহারাজ !

জয়দেন। তবে মর [ অংক্রাঘাত ]

বিশালাফ। তবে দেখ দৈব শক্তি মহারাজ ! [জয়দেনের গলদেশ ধরিলেন ও জয়দেনের তরবারি কাড়িরা লইলেন। পরে তরবারি উঠাইরা]দেখ দৈবশক্তি মহারাজ !

क्यरमन। रेमग्रागा प्रश्वना ।

[ দৈন্যগণ তরবারি খুলিল ]

জুমেলিয়া ৷ [সহদা অগ্রসর হইয়া] কাল্প হও দৈস্তগণ ৷ তোমাদের দেনাপতি জ্বনেন আজ লক্ষার অধিপতি, তাঁকে সিংহাসনে বসিরে তার ২৩২]